# বড় কারিকর

## শ্রীরত্বেশ্বর ঘোষ



म्ना छ्टे छाका

প্ৰকাশক :---

### बीधीदतन नाथ शनमात्र

৫৭, ডায়মণ্ড হারবার রোড, খিদিরপুর, কলিকাতা।

( শিব রাত্রি ১৩৫৫ )

[সর্ববস্থত্ব সংরক্ষিত]

STATE CENTRAL LIBRATA MEST BENGAL NO 57 6 C96

রবীন্ত প্রেস


২, আশু বাব্ লেন, খিদিরপুর হইতে শ্রীরামপদ রথ কর্ত্ব মুদ্রিত।

## উৎসর্গ

# বড় কারিকরকে দেশের কারিকরদের হাতে অর্পণ করিলাম।

রভন

'শশী-নিকেতন' খিদিরপুর।



## ভূমিকা।

সমগ্র ভারতকে একটা বিরাট শিল্প প্রতিষ্ঠানে পরিণত করার উদ্দেশ্যে, দেশ সেবকেরা যেন দেশকে প্রভাবিত করিতেছেন। ইহা অপেক্ষা উৎকৃষ্টতর উদ্দেশ্য আর কি হইতে পারে। তবে এই উদ্দেশ্যের সফলতা লাভ করিতে হইলে অনেক কিছু করিবার আছে।

ইহা দেশের লোকের সর্বক্ষণের চেষ্টা হওয়া উচিত যে কি উপায়ে ভারতে নিত্য নব কর্মী গড়িয়া উঠে। শিক্ষা পদ্ধতির বর্ত্তমানে নানা দোষ থাকায়, এরূপ উদ্দেশ্য সিদ্ধির নিমিত্ত একটা নৃতন পদ্ধতি সর্ব্বাগ্রে দাঁড় করান দরকার। এই নৃতন পদ্ধতি কি? কেইবা ইহা সৃষ্টি করিবে ? ইহা লইয়া দেশে তুমূল আন্দোলন পড়িয়া গিয়াছে।

বছ নূতন নূতন ছল, নূতন নূতন শক্তিপুঞ্জরপে দেখা দিয়াছে।
তাহাদের কম্মীদের জম্ম দরদ অতিরিক্ত বেশী। "কম্মীদের ধনীরা পিষিয়া
কেলিতেছে" এইরপ অনেক বাণী তাহাদের মুখে সর্ব্বদাই উচ্চারিত হইয়া
থাকে। এই সকল দলের পদ্ধতি অমুসারে কম্মীদের আমেরিকা, রুশীয়া,
প্রভৃতি দেশের নীতিবাদ ঘোষণা কাণে অপ্তপ্রহর প্রবিষ্ট করাইয়া, তাহাদের প্র
পয়সার দাস করিয়া কেলিতেছে। এই সকল দলের প্রধান উদ্দেশ্য কর্ম্মীদের হস্তগত করা। সে কালের বৈদেশিক শক্তিদেরই মত রাজদণ্ড ছিনাইয়া
লাইবার অধিকার স্প্রহায় তাহারা উদ্দীপিত। গ্রাম হইতে সমাগত কর্মীরা,
লোভে ও চাপে পড়িয়া, ছাগ শিশুর মতই ইহাদের আজ্ঞা বহন করে।
ইহাদের জন্ম ধনী সম্প্রদায় ত্রন্ত। তাহারা হাত গুটাইতে ব্যস্ত। রাজশব্দ্ধি
কম্পান্থিত। ইহাদের জয় ও বিকাশ অধিক সংখ্যায় কর্ম্মীদের হাতে রাখায়,
সংখ্যা গরিষ্ঠ হইয়া কর্তৃত্ব করাটাই এই সকল দলের চরম লক্ষ্য।

ইহাদের ছাই প্রভাবে প্রভাবিত হইয়া হতবৃদ্ধি, হতবীর্য্য, হতাচার হইয়া সহস্র সহস্র কর্মী পল্লীসমাজের নিয়ম উল্লেজ্যন করিয়া, নূতন নাগর সমাজ গঠন করিতেছে। তাহারা নাগর কর্মী। বৃদ্ধির সবটা বিকাশ হয় নাই। গোটা মান্ধ্যের লক্ষণ নাই। আছে সভ্যতার বৃৎপন্ন। তাহাদের দেখিয়া মনে হয়, এক বাবু কন্মীদলের সমাজ গঠিত হইতেছে। তাহারা গ্রামীন সমাজের, সংস্কার, রুচি, বৃত্তি, ধর্ম সব রসাতলে দিয়া ভোগের জীবন লাভ করার জন্ম ব্যাকুল। এই অভিনব সমাজের প্রত্যেকে কালের পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারিবে বলিয়া মনে হয় না। বরং ইহাই মনে হয় সমাজ ও স্বধর্ম বিচ্যুত হইবার দোষে নিজের নিজের চিতা নির্মাণ করিয়া তাহারা অদুর ভবিন্তাতে বিলীন হইবে।

ত্র্ভাগ্যের বিষয় ধনীরা চলিয়াছেন পাশ্চাত্যের অন্ধকুলে। অর্দ্ধ-শতাব্দী ধরিয়া পাশ্চাত্য ধনীদের পদামুসরণ করিয়া যে আলোটুকু পাইয়া-ছেন, তাহারই দীপ্তিতে উজ্জ্বলিত হইয়া, তাঁহারা পাশ্চাত্য পদ্ধতিকে অবিকৃতভাবে বজায় রাখিতে চাহেন।

ধনীদের পক্ষে ইহা স্বাভাবিক হইলেও কর্মীদের পক্ষে ইহা মারাত্মক স্পর্কার কথা। কারণ, ইংরেজদের আমলে পাশ্চাত্য পদ্ধতি কর্মীদের যে অভিজ্ঞতাটুকু লাভ হইয়াছিল তাহাতে তাহারা ছগ্ধবতী গাভীর স্থায় হইয়াছিল। ধনাগমের যন্ত্রবিশেষ হইয়া ব্যবহৃত হইত। তাহাদের প্রাণ, সমাজ ও সভ্যতাকে বিনষ্ট করিতেছিল। তাহারা কুড়ি টাকা বেতনের গোলাম হইয়া নগস্থ প্রাণীতে পরিণত হইত; ইহা কর্মীরা ভালভাবে উপলব্ধি করিতে পারিয়াছে।

অতএব ভারতের ধনীর অস্ত পথ চাই। আমাদের বিবেচনায় তাহাকে একদিন কর্মী সমস্তা মূল প্রশ্ন হিসাবে গ্রহণ করিতেই হইবে। পাশ্চাত্য পদ্ধতি সর্ববাগ্রে বিসর্জন না দিলে চলিবে না। এমন একটী পদ্ধতি আবিষ্কার করিতে হইবে, যে ধনী কর্মীকে মূলতঃ সমান জ্ঞান করে,

এবং সততাই উভয়ের জীবনের নিয়ামক হয়। কন্মীর ঐতিহ্ন ও সংজ্ঞা কি উপায়ে নিরাপদ থাকে ইহাই সর্ব্বাগ্রে দেখিতে হইবে। ইহা ধনীকে বৃক্তিতে হইবে যে সহস্র সহস্র কর্মী বিপথগামী হইলেও, কোটা কোটা ভারতায় কর্মা আছে যাহারা ধনীর পদ্ধতির প্রতিক্লগামী। ধনী ও কন্মী উভয়ের মধ্যে একটা অনিশ্চয়তা শিকড় গাড়িয়া বসিয়াছে। এই অনিশ্চয়তাই কন্মীদের মনে বিভাষিকা উৎপাদন করিতেছে।

ধনীকে ইহা উপলব্ধি করিতে হইবে যে কর্মীদের মধ্যে বছ মহিমা-ত্বিত ব্যক্তি ত,হাদের উন্নত মস্তক আজিও পর্ণক্টীরে লুক্কায়িত রাখিয়াছে। প্রসাদি ও ভোজ্যাদি দিয়া তাহাদের তৃপ্তিসাধন করাইতে কেহই পারিবে না।

তাহারা ভারতীয় কর্মী। বিরাট সেবা-আদর্শের ছায়া মাত্র।
ব্যক্তিগত স্বাধীনতা তারা চায় না। বরং চায় অধীনতা। ...লোকের
অনিত্য স্থ তাহাদের উপেক্ষনীয়। ভারতবর্ধের মাটাতে একদিন স্বয়ং নারায়ণ আবিভূতি হইয়া তাঁহার লীলার মধ্য দিয়া যে সেবার মন্ত্র প্রচার করিয়া
গিয়াছেন তাহারা তাহা বিশাস করে। তাই গীতার বাণী আজিও তাহাদের অন্প্রাণিত করিতেছে। তাহারা জীবের সেবা করিয়া কর্মযোগী
হইতে চায়। তাহারা প্রভূকে খুঁজে। প্রভূর চরণে আত্মসমর্পন করিয়া
নিজের নিজের উদ্ধারের পথ প্রশস্ত করিতে চাহে। তাহারা মোক্ষ চাহে।

কিন্তু হায়! প্রাশ্চাত্য অমুকরণ ধনীর চিত্তকে উদ্প্রান্ত করিয়া তুলিয়াছে। তাহার আমূল পরিবর্ত্তন যে প্রয়োজন ইহা তাঁহারা ব্যেন না। চিত্ত ও মনকে সুসংযত করিবার উপকরণ জাতি গঠনের প্রসঙ্গে মহাত্মাজী আমাদের সন্মুখে বিপুলভাবে ধরিয়া দিয়া গিয়াছেন। ধনী যদি আপন শিক্ষাক্রেও সংস্কারকে পরিশুদ্ধ ও পরিমার্জিত করিতে পারেন, তিনি তাঁহার, সেবার অধিকার, যেটা ভিনি প্রাশ্চাত্য পত্তির অনিবার্য্য ফল হেতু হারাইয়ালছেন, সেটা ফিরাইয়া পাইতে পারেন, এরপ পহা না অনুসরণ করিলে, সম্মুখে

যে ফেনিল বজু ঘোষী মত তরঙ্গ উঠিয়াছে, উহা বিপ্লব আনিবে। যাহার ফলে ধনীকে বিনাশ প্রাপ্ত হইতে হইবে, ইহাই আশহা হয়।

আমাদের বিশ্বাস ধনীর ফ্রদয়ে পরিবর্ত্তন লাগিয়াছে। এই সংবাদটা একবার যদি কম্মীর অন্তরে পৌছায়, ধনীর চরণে কম্মী স্মিতহাস্তে ভাহার সেবার অর্ঘা দান করিতে সমর্থ হইবে।

ইহা সত্য যে পূপিবীর দরবারে ঠাঁই পাইবার আশা আমাদের দেশের কশ্বীরা রাখে। কশ্বীরা এক রাত্রের মধ্যে উন্নতির সোপানের সকল ধাপ-গুলি অতিক্রম করিতে পারিবে না তাহাও তাহারা জ্বানে। তাহাদের ধীরে, স্বস্থে. স্থিরগতিতে অগ্রসর হইতে হইবে। হতাশ হইলে চলিবে না,। পৃথিবীর সকল কম্মীদের মধ্যে যখন একটা সাড়া পড়িয়াছে, আমাদের দেশের কর্মীরা হতাশ হইবে কেন!

মহন্ত্ৰীপ্ৰী বলিয়াছেন কৃষ্টি ও শালীনতা একদিন গ্ৰাম হইতে আসিবে। ক্ষুৎকাম তাড়িত জরাজীর্ণ কম্মী সমাজ আজিও সত্য, সততা দরলতা, বিশুদ্ধতা, সম্ভোষ, নিবৃদ্ধি প্রস্ত। ভগবানে ভক্তি, কর্ম্মে প্রযন্ত্র, সেবায় নিষ্ঠা তাহাদের উপলব্ধ। অতএব রাষ্ট্রদেহের ওভাওভ, গ্রামের ্টপরই নির্ভর করিতেছে। দেশের সকল উন্নতির খোরাক একদিন গ্রামই াগাইবে। তাহাদের পর্ণকৃটার আজও পরিশ্রম বছল কন্মীর অসাধ্য শ্রম াধনার সাধনক্ষেত্র কত শত কলার রত্মভূমি! কত দার্শনিক চিম্ভার ক্রিয়াকাণ্ড!

উল্লিখিত আলোচনা বিশদভাবে করিবার ক্ষয় এই পুস্তকের অব-রণা। যদিও গ্রন্থকার সাহিত্যিক নহেন, তাঁহার পেশা অন্স, আশা করা ায় সাহিত্য ক্ষেত্রে তাঁহার এই নূতন পদ্ধতি সম্বন্ধে আলোচনা করাটা ধনী 3 কর্মী মহলে কাজেরই হইবে। ইতি— ফাল্কন ১৩৫৫ সন।

প্ৰকাশক।

ঞ্জীধীরেন্দ্র নাথ হালদার ( শ্রমিক ) াই-ঘর है हीन कार्निচाর निः। ভায়মণ্ড হারবার রোড, কলিকাতা।

## চরিত্র পরিচয়

পুরুষ

	Ø
जनकिन-	বড় কারিকর।
ত্রৈলোক্য	के त्कार्ष ।
মাধৰ, অবিনাশ, করুণা,	
গদা সাহেব, মোবারক আলি } — গোক্র, কল্তম ইত্যাদি।	<ul> <li>অক্তান্ত কারিকর ও মজত্বগৃ </li> </ul>
গোকুর, রুক্তম ইত্যাদি।	
ভূপীন	গদা সাহেবের পুত্র।
नीयू-	চৌকিদার।
कानीनाथ	কঞ্ছিগ্টীর জন্দির।
गर्ड ७ (मर्ड	ঐ পুত্ৰহয়
অনন্ত—	ঐ ভূতা।
ঘোষাল বাবু	কেরাণী।
রায় বাহাস্থর দামোদর বাস্থ—	বাগরিষ্টার।
হাফিজ মিঞ্যা—	<b>४</b> नी ।
গ্রামবাসীগণ, দারবানগণ, পুলিশগ	ণ, উকীল, কোর্টের মুহুরী ইত্যাদি।

बी

ছোট মা—	कनार्फरनत जी।
রেবতী—	এ কন্স।
রোহিণী—	ত্রৈলোক্যের কন্সা।
সৌদামিনী—	कानीनात्थत्र श्री।
স্থা—	এ কন্স।
র্মলা—	রায় বাহাত্রের কন্সা।
করনা, অরুণা, আরতি ও পপি—	স্থার বন্ধুগণ।
গোপালের মা ও বামুণ দিদি—	প্ৰতিবেশিনীগণ।
ক্ষক পত্নী, ভাজী ললনাগণ ইত্যাদি	

# বড় কারিকর

#### প্রথম অঙ্ক।

প্রথম দৃশ্য।

कानीनारथत अद्वानिका। अभिनाती स्मरतुष्टा

কাল-প্ৰভাত।

#### [ कामोनाथ ও পাওনাদারগণ]

কাঃ। তোমরা গোল করছ কেন, আমি কি দেবনা বলেছি ?

১ম পাঃ বলাবলির ধার ধারিনা মশাই।

২য় ,, আগে বলুন, আপনার আজ দেবার কথা ছিল কিনা ?

৩য় ,, দেবার কথা আজ, কড়ার করেছেন আপনি।

৪র্থ ,, হেঁটে হেঁটে পায়ের স্থতো ছিঁড়ে গেল।

পা: গণ। বলুন কত উন্থল দেবেন, কত লিখব ? টাকাটা কত লিখব ? আমায় কত দিচ্ছেন ?

কা:। টাকাটা এখনো হাতে পাইনি যে।

১ম পাঃ দেখুন-

२य .. खरून--

৩য়্,, ধাপ্পাবাঞ্জি, কপটভার ব্যাপার নয়।

৪র্থ ,, অক্স কোন কথা চলবে না। টাকা কত ফেলব ডাই বলুন।

ু ধাপ্পাবাজি না— টাকা !

থাকলেত দেব ? নেই বলছি। কা: ৫ম পাঃ ভিক্ষে মাগতে এসেছি আপনার দরজায় গু ৬ ছ .. নেই বল্লে শুনছে কে ? ভদ্দর লোক আপনি ? আপনি ভদ্দর লোক ? 9म .. আহা অত' উত্তেজিত হচ্ছ কেন ? ইট টিপলে কি রক্ত বার হয় ? কাঃ ইস্পাতে ইট গুঁডো হয়ে যায়। ১ম পাঃ মুখে রক্ত তোলা টাকা। ২য় .. ৎয় , নিয়ে আস্থন টাকা। টাকা চাই। অনর্থক বেইক্ষত কেন হবেন ? পাঃ গণ তোমরা বাপু বড বাডাবাড়ি করে ফেলছ! কাঃ ৪র্থ পাঃ কিসের বাড়াবাড়ি ? কিসের ? কিসের ? বিশ্বাসের ওপর মাল ছেড়ে দিয়েছি, খব বাড়াবাড়ি করেছি, না ? ৫ম " ৬ষ্ঠ ,, কিসের বাড়াবাড়িটা শুনি ? যখন ঘরে টাকা ছিলনা, মালের দাম দিতে পারবেন না. জেনে শুনে মাল আনতে অর্ডার দিয়েছিলেন কেন ? আপনার মতন কপট, প্রতারক, শঠ, জুয়াচোর কে কোথায় দেখেছে ? টাকা দেবার বেলায় নেই। বাজার মেরে জমিদার হয়েছেন— ৭ম " জমিদার ৷ ঐ সব বল্লেই কি মনে করেছেন টাকা পাবেন ? কা: বলবার মতন কাজ করেছেন। ১ম পাঃ ২য় " বলব না ? **৩**য় ,, আলবাৎ বলব ! **8र्थ** " একশোবার বলব ! **€**¥ .. হাজারবার বলব ! ৬ ৯ , লিয়ে আসুন টাকা!

টাকা--- টাকা--- মশাই, টাকা

পা: গণ করকরে কোরা টাকা। নগদ টাকা, বের করুন— কোথায় ঘরে বাজার মেরে টাকা রেখেছেন। এতগুলো লোকের পেট চলে কি করে, তার বেলা টাকা বেরোয় কোথা থেকে? কেবল পাওনাদারের বেলা 'নেই' 'নেই'। লিয়ে আস্থন টাকা, লিয়ে আস্থন, বের করুন টাকা, টাকা চাই— টাকা, টাকা, টাকা।

কাঃ শকুনীর দল ছিঁড়ে খাচ্ছে! যথা সর্বস্থ নিয়ে যেতে চাও, নিয়ে যাও। আমায় বলনা কিছু! কি নেবে, নিয়ে যাও, নিয়ে দূর হও তোমরা!

[ বাহিরে জোরে ঢোল বাজিয়া উঠিল ]

১ম পাঃ এই— কি এ ?

২য় , শুনতে পাচ্ছ ?

৩য়,, ও কিছুনা।

৪র্থ ,, এনার কারসাজি।

eম ,, ঢোল পিটিয়ে বিনা টাকায় ভাগাবে।

৬ ছ ,, সে হচ্ছে না বাবু।

৭ম ,, আরে লিলেমে চড়াবে, আবার বেনামিতে কিনে নেবে।

কা: হা কপাল! হাফিজ সাহেব কোর্ট থেকে দলবল নিয়ে এসেছে

১ম পাঃ আধাআধিতে রফা করছি বাবু, আসুন।

२য় ,, या ल्या जिन, निरम हाल याई।

৩য় ,, একেবারে মেরে ফেলবেন না বাবু।

৪র্থ ,, বড় গরীব আমি।

৫ম ,, দোহাই ধর্মাবতার।

৬ ছ ,, গেল, সব গেল রে।

৭ম ,, আমায় বাঁচান।

কাঃ দাঁড়াও, আগে হাফিজ সাহেবকে সামলাই।

[পাওনাদারগণ প্রস্থান করিল ]

এই রকম করে কতদিক আর সামলাব। যা হয় একটা কিছু হ'য়ে যাক। সর্বনাশের পায়ের তলায় ত অনেক দিনই পৌছেছি, কথাটা লুকান ছিল, তাতেই এত গেল। যাক ভাল হ'য়েছে। আমার লুকান কথাটা হাফিজ সাহেব আজ ঢোল পিটিয়ে কাঁস করে দিয়েছে। হাফিজ সাহেব বন্ধুর কাজ করেছে—। এ আসছেন আবার একদল পাওনাদার। হস্তদন্ত হ'য়ে আসছেন সব।

[ সোদামিনী, সুধা, দেবেন্দ্র, মহেন্দ্র ও অনস্ত প্রবেশ করিল ]

সৌ:। হাঁগা, ও কিসের বাজনা গা ?

স্থঃ । ই্যা বাবা, ওরা কেন আমাদের দরজায় বাজাচ্ছে বাবা ?

দে:। ওদের কি right আছে বাজাবার?

ম: । কোর্টের লোক রয়েছে না সঙ্গে ?

সোঃ ও, যা ভেবেছি তাই। নিলেমের বাজনা, দেখলে ? বাড়িখানা যাবে।
খণ্ডরের এতদিনের ভিটে আর থাকবে না। যাবে, যাবে। কেউ
রক্ষে করতে পারবে ন' গো। আমাদের সব যাবে, সব যাবে।
আমাদের বাড়ি থেকে নড়া ধরে বের করে দেবে গো, ওরা বের
করে দেবে।

কা:। মন্থু, ভেতরে নিয়ে যাও।

সো:। আর ভেতরে কোথায় যাব ? গাছ তলায় স্থান করে দিয়ে ভেতরে যেতে বলছ? তোমায় কতবার বারণ করেছি, আমার কথা একটি বার শুনলে না। তখন "কারবার আমার তপস্থা" বলতে। ভগীরথ তপস্থা করে গঙ্গা এনেছিলেন, তুমি এ কি আনলে বলত? শেষে ঢোলের বান্তি আনলে!

কা:। কপালের লিখন কে খণ্ডাতে পারে বল ?

সো:। আমার যে ডাক ছেড়ে কাঁদতে ইচ্ছে করছে গো।

কা:। এখন ওসব করো না। চারিদিকে লোক— এখন ভেতরে গিয়ে চুপ করে বসগে। মন্থু, এদের নিয়ে ভেতরে যাও বাবা।

দে:। বাবা, এর remedy কি কিছু নেই ?

কাঃ। Remedyর question এখন হ'চছে না। ওরা যা করে, করুক, পরে একটা উপায় কিছু বার করতে হবে।

পে:। I see, I see.

অঃ। বাবু-

কাঃ। বুজেছি, তোমার পাওনা গণ্ডার কথা বলছ, অনন্ত! আমিত এখনি পালাচ্ছি না বাপু'!

আঃ। আমার পাওনাটা আর কি বাবু ? কর্তামশায়ের আমলের লোক আমি। এতবড় সংসারটা ডুবে যাচ্ছে, তাই বলছি।

কা:। অনস্ত, কপালের লেখা ! তুমি আমি কি করতে পারি বল।

অ:। আমি পারি বাবু।

কাঃ। "পারি"! কি পার ?

আ: । একজন লোক আছে যে পাওনাদারকে উপ্টে দেনদার করে দিতে
পারে । এমন লোকও এখানে আছে । বলোত বাবু আমি তাকে
এনে দি তোমার সামনে । দেখবে একবার তার ঠ্যালাটা । এই
পুরাণ জ্বন— দেখতে দেখতে অমনি নেই ! এই বড় পিলে,—
ফুলে ঢোল, পিলে কেটে যায় যায় অবস্থা, ব্যাস শুকিয়ে পেট্টা
এতটুকু হয়ে গেল । মকর্দমার কি বলব বাবু ! পাওনাদার ভয়ে
পালাচ্ছে । এমন একজনও আছে ।

সো:। কোখায় অনন্ত ? এ কে করছে ? কোখায় সে ?

অ:। একজন সাধু।

সো:। কোথায় তিনি থাকেন, তুমি জান ?

1

স্থ: অনস্ত, সত্যি ?

ত্মঃ দি দিমণি, গাঁয়ের পেরত্যেক লোকটাকে ডেকে জিজ্ঞাসা কর, যদি বিশ্বেস না হয়।

সুঃ সে কোথায় অনন্ত ?

অঃ ঐ বুড়ো বটতলায়।

স্থঃ ডাকলে আসবেন তিনি?

আঃ "জমিদার বাবু কয়" বল্লি বোধহয় এসতে পারে।

সৌঃ তুমি তবে একবার যাবে কি? অনস্থ, যাও তুমি। তোমার সঙ্গে এই মন্থু যাক। মন্থু, তুইও যা বাবা। হাতে পায়ে ধরে, যেমন করে পারিস আনবি। যদি হত্যে দিলে হয়, আমায় বলিস, আমি যাব, হত্যে দেব। আমি ততক্ষন প্জাের উঠানে জল নিয়ে থাকিগে, এলে পা ধােওয়াব। স্থা, তুই আয় মা, ঠাকুর দালানে আসনটা পেতে দিবি। ওগাে, তুমি আর অমন করে ফ্যাল ফ্যাল করে চেয়ে থেক না। এস, আমি যা বলি শােন। এস আমাদের সঙ্গে।

কাঃ চল না, যাচ্ছি আমরা। তুমি চল।

সোঃ না। আমার মাথা গুলিয়ে যাচ্ছে যেন। মন্তু, অনস্ত, দাঁড়িয়ে রইলে তোমরা? এখনো যাওনি? মন্তু, অনস্তর সঙ্গে তুই যা, যা। তারপর আমি কি করি তোমরা দেখ। সাধুর পায়ে গড় করে মাটি কামড়ে পড়ে থাকব যতক্ষন না সাধু উপায় করে দেন। এস, এস, আর দেরি কর না। এস গো সব। এস তোমরা।

[সৌদামিনী ছুটিয়া অন্দরের দিকে গেল ]

কাঃ ছুটছে, ধর, ধর। পড়ে যাবে, পড়ে যাবে। পাগল হল না কি? ধর ওঁকে।

#### দিতীয় দৃশ্য।

## [ কালীনাথের উদ্ভান বাটীতে পরিত্যক্ত কারখানা ] কাল—অপরাক্ত।

বিছদিন যাবৎ বন্ধ থাকায় কারখানার ধ্বংসপ্রাপ্ত আকৃতি। চারিদিক আগাছায় পরিপূর্ণ। একধারে প্রাচীরের সংলগ্ন ছাউনিতে—
চৌকিদার বাস করে। তাহারই পার্শ্বে আর একটি ছাউনি। সেইটিতে একটি দেশী ভাঁটি। তাহার ভিতরে তখন আগুন দেওয়া
হইয়াছে। জনার্দ্দন আগুনের জাঁচ লক্ষ্য করিতেছিল।

[ তৈলোক্য, দীমু, রেবতী প্রবেশ করিল ]

ত্রৈ ঐ, ঐ, কাজ হচ্ছে বাবুর।

দীঃ এইবার বসবে। ঐ থলি ঢাকা বাক্সটা— ঐটে ওনার বসার জায়গা।

ত্রৈ: এখানে সারাদিন বসে আছে।

দীঃ না তাল তাল মাটি নিয়ে মাখবে, তাল পাকাবে। চাকায় ফেলে মাল বানাবে। আগুনে চড়াবে। আঁচটার বেশ যখন তেজ হবে, তারপর মাল বের করবে।

ত্রেঃ তারপর ?

দীঃ তারপর পেছনে, ঐ যে ভাঙ্গা মালের ঢিপিটে দেখছ— ঐটাতে ফেলে দেবে। এই ওর হল পেরতি দিনের কাজ।

ব্রৈ মাটি পুড়ুনো একটা বাই দাঁড়িয়েছে— কার জন্মি এত মেহরৎ করা যে! কে দেখছে! কে চাইছে! কে বলছে!

দীঃ বল না। একবারে যেনে খেতে এসবে।

ব্রৈ: আর বলবৃইবা কেনে? বলার পেরোওজনটা কি? কদিন বাদে লিলেম আসছেত!

ъ

मीः। हा, हा, लिलम अम्हा

द्याः। निलमिंग करव जानि?

मीः। ও মাসের মাঝামাঝি।

জৈঃ। তাহ'লে আর কটা দিন বৈত নয়। ও ভূতের বাপের ছেরাদ্দ আপনি আসবে।

দীঃ। ৃতা যা বলেছ, বড় খুড়ো, লিয্যশ কথা। আপনি থামা পাবে।

ত্রৈ:। তবে কি জমিদারটা গেল? কি বল?

দী:। লেলামে সব চড়বে যেখন, জমিদারী, বাগান, ঘর বাড়ি কিছু থাকবে নি। বুঝলে খুড়ো, কিছু থাকবে নি।

ত্রৈঃ। বল কি?

দী:। লেলামে চড়া, ও কি অম্নি কথা?

জৈ:। কার বরাতে কি আছে, দেখ। অমন জমিদারী ! আমিত দেখিছি
সিপাই, পা'ক, ঘোড়া, হাতি কিছুর কম ছ্যাল না। গিল্লি মা যেখন
পান্ধি চ'ড়ে পেরথম শ্বশুর বাড়ি এ্যাসে ছ্যাল, সে কি জাঁক। গাঁয়ে
মেলা বসে গেসল যেন। কি ধুমধাম, কি বলব।

রে:। কেন জ্যাঠাবাবু, সব যাবে?

জৈ। ঋণ এমন জিনিষ! ভিটে যদি একবার বাঁধা পড়ল, ছাড়াক দিকি ?
সেটি হবেক নি! ঐ স্থদ চড়ে আসল ছাপায়। ত্যেখন ভিটে
লিলামে ওঠে। আর গেরস্থ "হা কপাল" "হা অদৃষ্ট" করে কেঁদে
কেঁদে মরে। মাধা গোঁজার একটা ঠাঁইও থাকে নি। ঋণ এমন!

রেঃ। ঋণ এমন !!

জৈঃ। হাঁা এমন! এখন যা করতে এসেছিস। তোর বাপকে ডাক। বল "খাবে নি" "ঘরে চল"।

দীঃ। ও বল্লে শুনবে কি ? তুমি পোড়া বন্ধ করতে বল। ভবে যদি উঠে আন্সে,।

- ক্রি:। আমার দায়ে কেঁদেছে। পোড়াক না। যত পারে আশ মিটিয়ে পোড়াক।
- দী:। দেখ এই কদিন যেন কাজে আরো জোর লাগিয়েছে।
- ত্রৈঃ। যা, তুই ডাকগে। আর দাঁড়াস নি।
- (तः। वावा, वावा, वावा, অ— वावा। वावा
- জঃ। "বাবা" "বাবা" করতে এলি এখানে? দেখছিস ভাঁটীতে মাল চাপিয়েছি। না "বাবা" বাবা" করছে! যা, এখন আমি যাবনি।
- রেঃ। তেল, গামছা এনেছি। একটা ডুব দিয়ে নিবে চল। খেতে হবে নি ? ভাত যে শুকিয়ে গেল। মা হেঁসেল নিয়ে কতক্ষন বদে থাকবে ?
- জঃ। থাক। খাব নি আমি। তোরা খেগে যা।
- রেঃ। নাবাবা। তাহবে নি। তোমায় খেয়ে যেতে হবে। তবে আমি খাব, মাখাবে।
- জঃ। মরগে যা; কথা শোনেনি। কথা—খ্যাচ্ডা কোথাকারের। যা বলছি। যা, যা। আমায় দিক করিস নি বলছি কাজের সময়। ভাল হবে নি।
- ত্রিঃ। জনার্দন ওকে মুখ করলে হবে কেনে ? দোষত তোমার, সেই কোন রাত থাকতে ঘর থাকে বার হয়ে এ্যাসেছ, আর এই এতটা বেলা হল এখন পর্যান্ত ঘরে কেরবার নামটি নেই। এ কি ওর দোষ, না তোমার দোষ ? জিজ্জেস করি ?
- জঃ। পোড়া দিয়েছি। কাব্ধ আছে। পরে যাব।
- ত্রিঃ। কাজ কি আর কেউ করে না, ভাই। পোড়া দিয়েছ বলছ। বেশ, পোড়া নামতে দাও। বসি না হয় আমরা ততক্ষন। নাও, তৃমি কাজ সেরে নাও।

कः। আমার দেরি আছে।

বৈ:। দেরি থাকে তবে চল ঘরকে। একটা ডুব দিয়ে নাকে মৃথে ছুটো গুঁজে এসতে আর কতক্ষন লাগে। চট করে নেবে। এসে তেখন জালের মাল নামাবে, হাঁ।? এস, উঠে এসনা। কত অস্থবিধে গিরস্তির, তাতো জান না। কাজ মিয়েই আছ। ঐ এক রিন্তি মেয়েটা এখন ওবদি খায়নি, শুকুচ্ছে। ওর মা হেঁসেল নিয়ে বসে আছে। আবার দাঁড়ালে কেন? এস না। আর না। এস। কি?

জঃ। যাব পরে।

ত্রৈঃ। জ্বনার্দ্ধন, আকাশের দিকে চেয়ে দেখ, চাকি কোন দিকে ঠ্যাল মেরেছে।

कः। माना।

ত্রৈ:। কি বলতে যাচ্ছিলে, আবার থামা দিলে কেন?

জ:। না, এই বলছিলান এই— এই—। বলছিলাম কি—

ত্রৈ:। কি বলছিলে বলনা।

জঃ। ঘর থেকে বার হবার সময় বলে বার হয়েছি, ভাল মাল আজ তুলব ভবে খাব।

ব্রৈ:। বটে। ও। তুমি বলে নেগেছ, যে কালে তোমার কাজ তুমি করবে, তুমি বৃঝবে। আমি না হয় চলে যাচ্ছি। তুমি কাজ কর, কর না। ভাল মাল যাতে ওঠে কর। সে ভাল কথা। আমি আর দাঁড়াব না। মাল ভাল হয় ভাল কথা। রেবা, রেবা, কোথা গেলিরে?

রে:। এই যে আমি।

জৈ:। আর মা, আমরা যাই। তোর বাবা পবে যাবে। বুঝলি ? পরে যাবে। तः। **এখ**न यात्र नि ?

কৈ:। না ওর যাবার যো নাই। ওকে আর ডাকিস নি। ওকে কাজ করতে দে। ওর কাজে এখন কামাই দিলে চলবে নি। বড় জেদে আছে। আয়, আয়।

দী:। ছোট খুড়োকে নে যাতি পারলে নি?

ेकः। कि जान मीसू, ज्जम लिशिष्ट। यात कि, এथन शिल ज्लात नि।

রে:। বাবা, তেল, গামছা, ঘটি নেবে ?

ত্রৈ:। "এই রইল" বলে রেখে আয়।

রে:। এই রইল বাবা। আমি যাচ্ছি।

জঃ। আচ্ছাযা।

জৈ:। আয় মা, আয়। আমরা যাই, আয়।

[ তৈলোক্য, দীমু ও রেবতীর প্রস্থান ]

ভিঁটির দ্বার উদ্যাটন করিতে, আগুনের তাপে ভিতরটা রাঙ্গা দেখাইল। জনার্দ্দন চামচ চালাইয়া দেখিল, পোড়া কয়লা জমাট বাঁধিয়া গিয়াছে। চামচটা রাখিয়া, শিকের সাহায্যে জমাট ভাঙ্গিয়া আবার চামচ চালাইল। পোড়া কয়লা বাহির হওয়ার সঙ্গে সঙ্গে পোড়া মালও কিছু পরি-মাণে বাহির হইল। ক্রমে অন্ধকার হইল ভিতরটা। জনার্দ্দন মাল পরীক্ষায় নিযুক্ত হইল।

জঃ। হ'ত। পাঁচটা একটু লরম করলেই হ'য়ে যেত। তবে মাল আগের চায়ে সরেশ। ঐ পোড়াটা বেশীর জ্বন্সি যা। আছে। এবার যাতে লরম পাঁচ থাকে তাই করতে হবে। হবে, হবে। হয়ে যাবে। মাখা মাটির তাল লইয়া জলের ছিটা দিয়া আবার মাখিতে বসিল। চাকে মাল চড়াইতে গিয়া নজর পড়িল ভাঁটিতে। হাওয়া পাইয়া অভ্যস্তরের পোড়া কয়লা জ্বলিয়া উঠিয়াছে। আবার সেই রাঙ্গা ভিতরটা জনাদ্দন নিরীকণ করিল। চামচ লইল। কয়লা ও কিছু মাল অবাশিষ্ট যাহা পভিয়াভিল বাহির করিল।

জঃ। আরে, বা রে। গরম ঠিক বিয়েছি। ওর সাঁচটা বেশি আর
মাল কয়লার কাছে ছিল কি না হৈ তাই পোড়া খেয়েছে বেশি।
এ মাল ঠিক আজে। বাঃ। কি মাল !! ঠিক আছে। বাবে
কোথা ? সবুর, সবুর। তাহ'লি ভাগটা আমার নেগেছে। ভাগটা
যেখন একবার নেগেছে, আর কি, যেতবার বল, মাল দেব। সাঁচটা
আর কি, হাতের মন্তি। এইবার এসত ! কত মাল চাই ! নিধু, নিধু,
নিধু, মাল দেখসে। মালের লক্ষণটা দেখ এ্যাসে। নিধিরাম
নিধিরাম মাল উঠেছে। ভাখসে— ভাখসে—

[ मीरूत व्यत्वम ]

দী। কে বটে তোমার নিধিরাম, শুনি আগে।

জ্ঞঃ। না, মাল। যে মাল চাইছিলাম, সেই মাল। সেই যে সেই বাবু গুদামে বন্দ করে থুয়েছে, এ সেই মালের মাল। এই দেখ।

मीः। जुि मान वर्षे।

**जः।** र्गा जू फ़ि मान।

দী:। যারে ডাকছ্যালে সেটা কে ?

জঃ। আঁচ লরম করি যদি হয় এই মনে মনে ভাবছি, আর দেখি যে লাল আলো ভাঁটির মন্তে।

দী:। তোমার মালটা ভাল; তবে—

জঃ। তবে ? মাল সরেশ লয় ?

मैश मत्त्रभ-

জঃ। ইামালটা বেখেছে।

দী:। ( নিকটে বালতিতে জল ছিল, দীমু ঢালিতে যায় আর কি )

জः। এই, इं।, इं। कत कि ? कत कि ?

मी:। जल ठालव नि?

জঃ। খামকা জল ঢালতে চাও কেনে, বলত ?

দী:। এই যে বল্লে মাথা বেধেছে?

জঃ। মাথা বেধেছে বলিছি কৈ ?

দীঃ। ঠা বলেছ।

জঃ। মাল বেধেছে বলিছি।

দীঃ। 'নিধিরাম' 'নিধিরাম' বলে হাঁক মারছ্যালে কারে বলত ?

জঃ। নিধিরাম ? ও, হাঁ। সেই যে একটা ছোক্রা আমায় যোগাড় দিত ? সে ।

দীঃ। সেটাত অনেক দিন ভেগেছে গো।

জঃ। ভুল করে তাকে ডাকছের।

দী:। আর যাই বল, আমার নাম দেছ্যাল আমার মা, দীনতারণ। সে মাও লেই আর সে ডাকও লেই। আবার পিরান আঁটো যে ? যাবে কোথা কি ? লাওয়া খাওয়া করবে নি ?

জ:। করব। আমায় পেছু ডেকনি যেন। বুঝলে?

[প্রস্থানোগ্রত]

দী:। আচ্ছা পৌট্লা লিয়ে যাও কোথা?

জঃ। এই দেখ, পেছু ডাকলে।

দী:। এই ঘোট্টো লিয়ে যাও। জ:। ওটা রাখগে তুমি।

[জনাৰ্দন প্ৰস্থান করিল ]

দী:। সেরেছে। এ চল্লো কোথায় আবার এত বেলায়?

[ দীমু প্রস্থান করিল ]

#### তৃতীয় দৃশ্য।

# [ কালীনাথের অট্টালিকা। জমিদারী সেরেস্তা] কাল—সন্ধ্যা।

[ কালীনাথ, হাফিজ মিঞা, তাহার ছটি অমুচর, জনার্দ্দন, মহেন্দ্র, দেবেন্দ্র ও অনস্ত ]

কা:। সবত ঘুরে দেখে এলেন। এ মালের মাল দিতে পারব বলে মনে হয়।

হা:। এটা আগে দিলে আর এত ফৈক্কত হ'তেন না।

কা:। এখন বিশ্বাস হয় মাল পাবেন।

হা:। কারিকর বাবুর এলেম আছে, কি বল নসীর?

১ম অ:। হঃ। তা আছে।

২য় ,,। বেশ আছে। চোক্ত মাল।

হাঃ। এ মালের মাল যেত দেন, লব আমি।

काः। विलाजि माल्तत्र वामनानी वक्क कत्रान। जा वाशनि शाद्यन।

হাঃ। ছটি মাস মাল দিন; বাজারের সব চাহিদ। যদি এই মালের উপর না বসাই, আমার নাম হাফিজ মিঞাঁ লয়।

কা:। সেত বটেই। নিলেমটাত স্থগিত করাতে হয়।

शः। इः।

কা:। কাজ পুরাদমে চালাতে হয়।

शः। शः।

काः। किंधू क्रथित्तत्र वावन्द्रा कत्त्र मिन।

হাঃ। হঃ।

কা:। তা'হলে পদ্ধতিটা কি রকম হবে বলে দিন।

হা:। টাকা শুধু হাতে মিল্বে না বাবু!

काः। তবে টাকা ना शल চলে कि करत ?

ছাঃ। এক কাজ করেন যদি, হতি পারে।

কাঃ। কি বলুন। আমিত সব করতেই প্রস্তুত। কারখানাটা চালানো উদ্দেশ্য। আপনারও তাই উদ্দেশ্য। জনার্দনেরও তাই উদ্দেশ্য। কি বল জনার্দন?

ছাঃ। এক কাজ করেন যদি, হতি পারে।

কা:। কি formula আবিষ্কার করেছেন, বলুন।

হাঃ। কারখানাটা যদি কারিকর বাব্র নামে লিখাপ। ড় করি দিতে পারেন, তাহ'লি ট্যাকার কথ' ভাবতি পারি।

কা:। তাতে আমার আপত্তি কিছু নেই। আমার দেনটি। শোধ হওয়া বিষয়। আমি রক্ষা হ'তে পারব ত পরে গ

ছা:। নসীর আলি কি বল?

ুম আ:। উকীল বাবুরে সল্লা করেন। আমি কি বলব?

২য় অ:। পরে 'না' কয়তি কতক্ষণ?

হাং। হং। সেই গুরা গাসের গল্পটা মনে আসছে না? বাবু সব বাঁধাবাঁধি করাই ফেল্ল। গুাররে গাস দিল খাছে। গাস স্যায়নাটা করলো কি, গুরারে আদরাতে ডাকি কইল "তুমি আমার প্রাণের বন্দু। তুমি আমি মরণ অবধি বন্দু রইব"। গুরা কইল "আছে। বাই, তাই। তুমি আমার আমরণ বন্দু থাকো"। তারপর গুরাটার যখন ভুক্ লাগে সামনে আছে গাস, তারে খাতে পারেনা। বন্দুরে খায় কেমন কৈরা! বাবু, শ্যাবে গুরাটা বেছারা না খায়ে শুকায়ে শ্বকায়ে মারা পড়লো।

- কাঃ। আপনি আমাকে তাই ভাবলেন? যে মাসের পর মাস খেটে খেটে উপায় উদ্ভাবন করলে, যে উপায় অবলম্বন করে' এ ছর্যোগের রাত্রিতে আমি রক্ষা পেতে পারি, তাকে আমি ফাঁকি দেব? সে না খেয়ে শুকিয়ে শুকিয়ে মরবে? এই আপনার আমার সম্বন্ধে ধারণা হল?
- হাঃ। হং বাবু ! হং হং ! এই যে দাড়ির বোঝাটা বইয়ে বেড়াই, এটা বাবু রোন্দুরে সাদা হয় লাই। অবিজ্ঞতার তাপে সাদা হইছে।
- কা:। মশাই, কি বলব ! যাক, আর কি বলব ! আমার কিছু না বলাই ভাল। শুমুন তবে, আমি আপনাকে খোলা চেক সই করে ধরে দিছি, আপনি যেমন ইচ্ছে বসাবেন।
- হাঃ। ভাঙ্গা ব্যাহের উপরে চেক কাটতে সবাই পারে বাবু।
- কাঃ। না না আপনি যেমন খুসি দলিল লিখে নিয়ে আসুন জনার্দ্ধনের interest বাঁচিয়ে, আমি একটা কথা বলবনা। সই করে দেব। আর কি চাই বলুন ?
- হাঃ। বাবু, ছনিয়াটা বড় পাঁ্যাচোয়া।
- काः। किছु मत्न कत्रत्वन ना। य यमन हत्क इनिशां एक एमर्थ।
- হাঃ। আজ চল্লাম, বাবু।
- কা:। কি ঠিক হল ? নিলেমটা এখন স্থগিত থাকবেত ?
- शः। जी, निनाम-निनाम?
- মঃ । ঐটেই আমরা জানতে চাই।
- CT: | Crux of the whole thing lies there.
- হাঃ। ' লিলামটা হইবে। স্থগিত কেনে রইবে ?
- কাঃ। এই যদি attitude আপনার, judgment debter এর বাড়িতে তবে কি এই কথা বলতে এসেছিলেন ?

- হা:। হ: বাবু। Decree Ho der কে আপনি ডাকাই আনছিলেন। আপনকার Scheme দেখাইছেন। Schemeটা মন্দ লয়, এ কথা স্বীকার করছি। ঐ কারিকর বাবুর এলেম আছে। কিন্তু **मिमाমটা স্থ**গিত হইবে কেন? কারণ কিছ থাকে বলেন।
- काः। कि वनव ? आभि न वाले छान हा।
- ছাঃ। অম্মহাতে যাতে দিব না। ঐ ঐ কারিকর বাবুর নামে নিলামে ডাকি লিব। কারিকর বাবু আমার সাথে agreement করেন যদি, তবে আপনার দেনাটার জ্বন্সি উনি দায়ী হবান।
- কা:। তা উনি করবেন । উনি দেবতা, আমার ভালর জত্যে উনি সব করবেন।
- হা:। কি কারিকর বাবু, জমিদারবাবুর কথাটা শুনেন।
- ब:। এজে, কি দোব— মাল? তা আমি দিতে পারব। গোড়ায় কাজের জোগাড়া। কবার করে নিয়ে যাতি পারলে মাল ঠিক ঠিক উঠবে। দিতে পারব।
- হা:। যেত চাই দিবেন।
- জঃ। সেটা আমি কি করে বলব।
- হাঃ। কেনে?
- জঃ। আমি ভাগটার কথা বলতে পারি। তারপর কতটা মাল মশলা, লোকজন লাগাবেন, সেই আন্দাজে মাল হবেত। গরম ঘর বাডান ठांडे।
- আসল কথা ভাগের ব্যাওরা আপন কবজার মধ্যি আছে, সেইটারই হাঃ ৷ হিসাব আপনি দিতে পারেন।
- 👺: । হাঁ ভাগটা ঠিক আছে। এ মালের মাল পাবেন।
- আপনাকে আমার ষোলআনা বিশ্বাস আছে বাবু। তারপর ? शः।

কা:। পদ্ধতিটা ঠিক করা নিয়ে কথা।

शः। शःशःशः।

জঃ। বাবু

काः। कि वल- कि वलছ वल जनार्फन।

জঃ। আমি যাই— লোক দেখিগে।

কা:। লোকের জোগাড়ে যাবে কি— জিজ্ঞাসা করছে।

হাঃ। তা যাতি পারেন।

কা:। হাঁ। ভূমি যেতে পার, জনার্দ্দন।

জঃ। পৌটুলাটা রইল, দেখবেন।

কাঃ। থাক ! আমি ভাল করে তুলে রাখব।

জঃ। পেশাম বাবু।

হা:। সেলাম কারিকর বাবু, সেলাম! আর শুনল না। পাকা ব্যবস্থা লাই, মাল তৈয়ারীর ঝোঁক! ক্ষ্যাপা যেন।

[জনার্দ্দন প্রস্থান করিল]

কা:। ও আমায় খুব ভক্তি করে কিনা।

হাঃ। ও নসীর, বাবু কি বলছেন শুনছ ?

১ম অ:। ও-- নাও?

হা:। হাঁ।—হাঁ।—হাঁ। নসীর ঠিক বলছ। বাবু দ্যাবতাটা কে ? আপনি ওনার দ্যাব্তা— কি—উনি আপনকার দ্যাব্তা—? এই নসীর পুছ করছে।

কাঃ। উভয়ই উভয়ের।

হাঃ। গাসেরে গুরা খায়। আবার— গুরারে গাসও কবি কবি খায়। সেলাম বাবু— সেলাম, সেলাম।

[ হাফিজ ও অমুচরছয় প্রস্থান করিল ]

#### **ठ**जूर्थ मृ**श्र**ा

# মন্দির। কালী প্রতিমা। কাল-প্রভাষ।

#### [ গণপতি ও নিতাই ]

গঃ। মা! যুগে যুগে তৃমি অবতার। কখন জ্ঞানে, কখন কর্ণো, কখন ভক্তির পথে তোমার আবি ভাব। কিন্তু মা, মন্দিরে যে অন্ধকার ঘনিয়ে আসছে। কালের গতি নৃতনের বেড়া ড়লে দিচ্ছে চারিধারে, স্থুল করে। সেই বেড়ার মধ্যে অবরুদ্ধ হয়ে যাচ্ছে প্রাচীন ঐতিহ্যের ঐশ্বর্য্য বত। সাধক আর আসে না মন্দিরে, তার সোনার স্বপ্ন সফল করতে। পূজা, হোম, যাগ, যজ্ঞ্য আর অমুষ্টিত হয় না তোমার ব্যাকুল সন্ধানে। শ্রেতি, স্মার্ত, উপাসনাদি ক্রিয়া আর দেয় না আধ্যাত্মিকের ছাপ কারো অন্তরে। যেথায় যাই, আন্তিক্য চলে গেছে। আছে শুধু অসুরের আদর্শ। সে আদর্শে অভিভৃত, হিংসায় বিদীর্ণ, বিদেষে পরিপূর্ণ মাহুষের মন। হায় মাছ্ষ! ভগবানের রাজ্যে এ কোন্ ভ্রাস্ত অগ্রগতির পথে ছুটেছ তুমি ? ঋষি সঞ্চিত অমূল্য জ্ঞান-ভাণ্ডারের পথ ছেড়ে, এ কোন পথে চলেছ ? মামুষকে করেছ মামুযের শক্ত। হিংসাকে করেছ বীরের অস্ত্র। অস্থায়কে মহাসত্য বোধে পালন করছ। ধর্মনীতি, ক্রীড়ানীতি। অসত্যেই সুখ। ধনতন্ত্র শ্রেষ্ঠতন্ত্র। মানবতার কোন মূল্য নাই। নীচস্বার্থ সাধনের জন্ম মস্তিক পরি-চালিত। এতে যে জগতের ধ্বংস অনিবার্য্য। রক্ষা নাই, রক্ষা নাই। নিভাই, এই হ'ল আধুনিক সভ্যতা।

- নিঃ। আদিম যুগের সঙ্গে আধুনিকের ব্যবধান তাহ'লে কওটা দাদা— সেই আদিম যুগ যখন মানুষ অরণ্যে বাস করত, আর ছর্দ্দান্ত, হিংসা পরায়ণ, কাম, ক্রোধের দাস ছিল ?
- গঃ। যা বলেছ খুব সত্য। আধুনিক সভ্যতার আবরণে মণ্ডিত, বিদেশী শিক্ষায় প্রভাবিত, বিজ্ঞানে স্থপণ্ডিত মানুষ ফিরে পেতে চায় তার অরণ্য সভ্যতা। ঠিক কথা: ঠিক কথা?
- নিঃ। রক্ষা পাবার কি কোন উপায় নাই ? জগতের ধ্বংস কি সভ্যই অনিবার্য্য ?
- গঃ। জীবের হিতার্থে যিনি মধ্যে মধ্যে ধরাধামে অবতীর্থ হন, তিনি যেন আর আসতে পারলেন না! তিনি এলেন সত্যের ভিখারী রূপে, জগৎকে শিক্ষা দিতে। ঈশ্বরাবিষ্ট, যোগীশ্রেষ্ঠ বৃদ্ধ, শহর, যীশু, গৌরাঙ্গ, পরমহংসদেব যেরূপ করেছিলেন তিনিও ঐরূপই করলেন। ব্রহ্মময়ীর স্তবের সঙ্গে একতান হ'য়ে তালে তালে পা ফেলে চল্লেন। সেই "নমস্তাস্যে নমস্তাস্যে, নমস্তাস্যে নমস্তাস্য নমস্তাস্য নমস্তাস্য
- নিঃ। দাদা, মহাপুরুষ এলেন। সকলে স্বচক্ষে দেখলুম। তবু তাঁর প্রভাব, পবিত্রতা, নিঞ্চলস্কৃতা আমাদের চরিত্রে উদ্ধৃদ্ধ হল না!
- গং। বোঝ। এত অসত্যগত মন আমাদের, মুখে যা বলি, কাজে তা একটিও করি না। এই অস্থায়টাই মানুষের চিরশক্ত। আজ তাই তাপসের তপে, মন্দিরের পূজায়, যাগ যজ্ঞাদির মন্ত্রে অসত্যের আবিলতা এসেছে। তাই সত্যের ভিখারী পথে পথে ফিরল সত্যের মর্ম্মবাণী ঘোষণা করে, জ্বগৎকে মূর্ড করে তুলতে। আহা! তার ঠিক সেই গৌরাঙ্গেরই ভাব।

"তারে কেউ চিনলি নারে, ও সে পাগলের বেশে,

#### (দীন হীন কাঙ্গালের বেশে) ফিরছে জীবের ঘরে ঘরে<sup>গু</sup>॥

ত্বজনের সেই একই ভাব।

- নি:। হাঁা দাদা। আমরা কেট তাঁকে চিনলুম না ! বল আমাদের কি কর্ত্তব্য ?
- গ:। ছনিয়ার দিকে চোখ মেলে দেখলে দেখতে পাই, প্রত্যেক জাতিই জীবনধারণের জন্মে হিংসাকে আশ্রয় করেছে। সত্যের ভিখারী ছনিয়ার চোখে ধাঁধা লাগিয়ে দিয়েছিল অহিংসার নীতি প্রকাশ করে। কে তখন ভেবেছিল, চতুর্দিকে যে ধ্বংসনীতি পৃথিবীকে গ্রাস করতে আসছে, সেইটাকে রোধ করতে যে আনবিক শক্তির প্রয়োজন, যার নাম আত্মিক শক্তি, সেটা নিহিত আছে ঐ অহিংসা নীতির মধ্যে।
  - নি:। দাদা, এই নীতি জগৎ কতদিনে উপলব্ধি করবে?
  - গ:। নিতাই, উপলব্ধির কথা বল না ; বল, কতদিনে পালন কর্বে। সেটা মানুষ করবে না। তাই তারা আপনারাও বাঁচবে না, অপরকেও বাঁচতে দেবে না।
  - নি:। সেই সভাের ভিখারী মহাত্মা গান্ধীকে আমি প্রণাম করি।
  - গঃ। সাধনার সোপানগুলি তিনি যে নিজের আচরণ দিয়ে একটি একটি করে দেখিয়ে দিয়ে গেছেন। তার কি হবে ? তাঁর অমুস্ত পথই কি আমাদের প্রত্যেকের পথ হবে না ? তাঁর কৃত কর্ম্মই কি আমাদের জীবনের কর্ত্ব্য কর্ম্ম হবে ? নিতাই, তুমি পারবে কি সেই পথ অমুসরণ করতে ?
  - নি:। कि করতে হবে, বল।

- গঃ। মন্দির ছেড়ে, মাকে ছেড়ে চলে যেতে হবে। বিশ্বাস চাই, জীবে জীবে মা আছেন। জীবের সেবাই ভগবৎ সেবা। যা সত্য তাই ধর্মা। ধর্মা বলতে অহা কিছু নেই। ভগবান সত্য দিয়ে গড়া। তাঁর অহা রূপ নাই।
- নিঃ। আমরা সামাশ্য পূজারী, ভামাদের ছারা কি এসেব প্রচার সম্ভব হবে ? শাস্ত্রের শাসন মানতে চায়না যে মানুষ, ভার মনে কি কোনদিন এই বিশ্বাস জাগবে !
- গঃ নিভাই, তিনি তর্ক করেন নি। যেখানে হিংসা, পঙ্ স্ভি, অস্থরের আদর্শ, তিনি নীরবে সেখানে দাঁড়িয়েছেন যতক্ষন না সেই মাকুষটাকে নিয়ে আসতে পেরেছেন ঐ গুলোর বাহিরে, সেখানথেকে নড়েন নি। আমাদেরও বাহিরে নিয়ে গিয়ে ইলভে হবে, ভবে মাকুষ শুনবে।
- নি:। সাধনা কি নিয়ে করব ?
- গঃ। বৈদিক কাল থেকে জলকে আমরা বহু পূজা ও মাস্ত করে আসছি। সকল জলের মধ্যে গঙ্গাই সর্ব্বাপেক্ষা পূজ্যা ও পবিত্রা। মনকে নির্মাল ও পবিত্র করতে আর একটা যন্ত্র আছে। তিনি আবিদার করলেন, গঙ্গারই মত চরকার নির্মাল ও পবিত্র করবার শক্তি আছে।
- নিঃ। চরকা ঘোরালে মন নির্মাল ও পবিত্র হয়।
- গঃ। চরকা সম্ভূত ভাবধারা বড় স্ক্রা। সেগুলি গঠনমূলক কার্য্যে অমূল্য জ্ঞানরত।
- নিঃ। চরকা ঘ্রিয়ে সাধনা করব কি করে ?
- গং। চরকা সংজ্ঞা চাই নিভাই, চরকা সংজ্ঞা চাই। যেমন করে তিনি করেছিলেন, আমরাও এরপেই করব। স্থানত পথে, ঘাটে, কুটীরে, প্রাসাদে, জ্বেলে, সভায় সর্ব্বে চরকা ঘোরাতেন তিনি। আফ্রিক

ক্রিয়ায় "গঙ্গে চ ষমুনে চৈব" ইত্যাদি বলে জ্বল শুদ্ধি করতে হয়। চরকার উপাখ্যানে আছে "রঘুপতি রাঘব বাজারাম" ইত্যাদি বলে মনশুদ্ধি করা। তুটাই ইন্দ্রিয়াতীত সুক্ষা জগতের ব্যাপার, ভাই।

- নি:। সত্যের পূজারী মন্দিরে যান নি।
- গং। নাই বা গেলেন। মা যে সর্বত্র। চরকার মন্ত্র একাগ্রভাবে জপ করলেন। তুমি কি বলতে চাও ঐ মন্ত্রের যিনি দেবতা তিনি তথায় আকৃষ্ট হন নাই? না, নিতাই, সত্যের পূজারী অসাধার্ণ যোগী পুরুষ ছিলেন। তাঁর প্রবল অধ্যবসায় ও দৃঢ়তা ছিল। তিনি মন্ত্রের মূর্ত্তিটীকে পূর্ণরূপে গড়ে তুলতে পেরেছিলেন তাঁর ঐ চরকাতে। তুমি স্থির জেন, ঐ দেবতা ঐ মূর্ত্তিতে চরকার মধ্যে অধিষ্ঠিত হ'য়েছিলেন। তাঁর কামনা পূর্ণ করেছিলেন। তাঁকে দর্শন দিয়েছিলেন।
- নি:। দাদা, চরকার এত গুণ, এত ব্যাপার ! আমি জানতেম চরকা কেবল বস্তু সমস্থা নিরাকরণের একমাত্র উপায়।
- গ: । ঐ চরকার মধ্যে তিনি একটা জগতের তথ্য আবিষ্কার করে গেছেন।
  যে অর্থ নৈতিক চিস্তা সন্তানকে পিতা থেকে, স্ত্রীকে স্বামী থেকে,
  ভাইকে ভাই থেকে, মিত্রকে মিত্র থেকে, দেশ প্রেমিককে দেশাদ্ববোধ
  থেকে বিচ্ছেদ ঘটিয়ে, জগতের স্থ্য-শাস্তিকে একটা প্রহসনে পরিণত
  করেছে, সেই গুরু সমস্যাটীর সমাধান ঐ চরকার মধ্যে বিকাশ লাভ
  করেছে।
- নিঃ। দাদা, আমি কখন ধারনা করতে পারি নি, চরকার মধ্যে এত নিগৃঢ় রহস্ত আছে। তাহ'লে বল সমস্ত জগতের দারিত সমস্তা ঐ চরকা মেটাতে পারে একদিন।
- গঃ। সাথে কি আর জাতীয় পতাকার বৃকে তার স্থান করা হয়েছে ?
- নি:। এপন তিনি পাকলে আমি তার চরণে হৃদয় লুটিয়ে দিতুম। তার

পদধূলি গ্রহণ করতুম।

গঃ। আমরা সকলেই তাই। এস আমাদের অজ্ঞতার প্রায়শ্চিত্ত করি তাঁর কাজে আত্মদান করে।

নি:। দাদা এই শিক্ষা দিতেই কি আজ আমায় প্রাভূয়ের সাক্ষাৎ করতে বলেছিলে?

গঃ। হাঁা নিতাই। সত্যের উপাসনায় আমি যাব। তুমি কি যাবে ? এই কথা জিজ্ঞাসা করবার জয়ে আমি তোমায় ডেকেছিলুম।

নিঃ। ভূমি যদি যাও, আমিও যাব।

গঃ। ভগবানের সেবা, জীবের সেবা। সেবায় সিদ্ধিলাভ করতে হ'লে জাতি, বর্ণ, আশ্রম, সম্প্রদায় সব ত্যাগ করতে হয়। গান্ধীজী তাই সব ত্যাগ করে, অস্পৃশ্য ব্রত গ্রহণ করেছিলেন। তুমি বোধ হয় জান— তিনি ভাঙ্গী হয়েছিলেন ? ভাঙ্গী মানে মেথর।

নিঃ। অস্পৃশ্য হ'তে হবে। যেকালে তুমি-

গঃ। আমি মার চরণ স্পর্শকরে ঐ ব্রত গ্রহণ করেছি ?

নিঃ। (কিঞ্চিৎ চিন্তা করিয়া) যেকালে তুমি করেছ, আমি শপথ করে ঐ ব্রত গ্রহণ করব।

গঃ। আজ এখনি।

নিঃ। প্রস্তুত আছি দাদা। পূজা কে করবে ?

গঃ। সে মা বুঝবেন। যাবার সময় নায়েব মশাইকে বলে দিলেই চলবে। তিনি কাজ চালিয়ে নিতে পারবেন।

নিঃ। দাদা কোথায় যাব ? কোথায় বাসা হবে আমাদের ?

গঃ। কেন, ভাগীরথি তীরে ভাঙ্গী পাড়া আছে। সেইখানে বঙ্গে সত্যের উপাসনা করব আমরা। সেইখানেই আমাদের বাসা হবে।

নিঃ। উপাসনায় কি মন্ত্র ?

- গঃ। মন্ত্র আছে— মন্ত্র যেমন প্রাচীন তেমনি সহজ। মন্ত্র এই—

  "সত্যকথা, অহিংসা, পরদার মাতৃসমান।

  এই সাধিলে হরি না মিলিলে গান্ধী ঝুট জবান"॥
- নিঃ। "সত্যকথা, অহিংসা, পরদার মাতৃসমান। এই সাধিলে হরি না মিলিলে গান্ধী ঝুট জবান"॥

[ চীনামাটীর কলের ভোঁ বাজিয়া উঠিল ]

- গঃ। ঐ ঐ কলের ভোঁ। আমরা কলে কাজ করব। শিল্প শিল্পীর সেবা করব। ভাঙ্গী পাড়ায় বাসা বাঁধব। ছবেলা তাদের সকলকে নিয়ে চরকা ঘুরাব।
- নিঃ। শিল্প শিল্পীর সেবা— এটাও কি সত্য উপাসনার রীতির মধ্যে গেল?
- গঃ। হাঁ— নিশ্চয়ই গেল। যে মাঠে কোদাল বসায়, সে যদি পরের জন্মে বসায়, আর সেই সঙ্গে যদি তার কর্তৃত্জান আর ফলাকান্থার তিরোধান হয়, ব্যস আর দেখতে হবে না। মোক্ষলাভ তার হয়ে গেছে।
- নিঃ। পূজা কি নিষিদ্ধ সেখানে ? মার পূজা আর করতে পাব ন গ
- গঃ। তিনি নিষেধ করেন নি। দেখ মন্দিরে বসে পূজা হোম, আরতি, শাস্ত্রপাঠ কত কি করেছি। বল নিতাই, কারু কোন উপকারে এসেছি কি কোনদিন? কেবল মম্রোচ্চারণ করেছি, চালকলা বেঁধেছি, আর দক্ষিণা কুড়িয়েছি।
- নিঃ। তা বটে! তা বটে।
- গঃ। আর সেদিন কোথাকার একটা চাষা, কলে বসে কি একটা সাধনা করলে জানি না, মার অমূল্য বরদানের মতন মন্দির কাঁপিয়ে কলের ভোঁ বেজে উঠে গ্রামকে জাগিয়ে দিলে।

নিঃ অনেক জোর বেজে উঠেছিল।

গঃ সঙ্গে সঙ্গে গ্রামে যেখানে যত ভগ্নস্ত্বপুপ পড়েছিল মৃত্যুকে বরণ করে,
তারা মৃত্যুর সব চিহ্ন ধূয়ে মুছে বার হ'ল রোজগার করে সংসার
প্রতিপালন করতে। কি অপূর্বব দৃষ্য কি বল্ব আর তোমায়।
দেখবে ? তুমি দেখবে এস।

[ মন্দিরের বারন্দায় দাঁড়াইয়া পথের দিকে নির্দেশ করিল ] ঐ দেখ

নিঃ। ওঃ পিরাণ গায়ে দিয়েছে। পায়ে জুত-জুতা, আবার মাথায় ছাতি ধরে চলেছে। উঃ, দেখ দেখ, কি জোর পা-গাড়ি চালিয়ে দিয়েছে।

গঃ। নিতাই ওরা এবার ঘর বাঁধবে, ভক্ত হবে, ছবেলা অল্ল পাবে, রোগে শুঞাষা পাবে। ধর্মাধর্ম জ্ঞান হবে ওদের। সংযম শিখবে ওরা। মানুষ হবে। ওরা মানুষ হবে! মানুষ হবে।

নিঃ। আর যদি অহ্য পথে যায় ?

গঃ। দোষ শুধু ওদের হবেনা। দোষ হবে সকলের, তোমার আমার, সমাজের রাষ্ট্রের, দেশে যত নরনারী আছে সকলে তার জয়ে দায়ী হবে।

নিঃ। শিল্পর কিছু বুঝি না আমি।

গঃ। ভাবছ কেন, শিল্প-সিন্ধুনীরে ঝাঁপ দেব চল। তার অনস্ত লীলা লহরী। সে লীলার আদি নেই, অস্ত নেই। তারই একটা লহরীর মধ্যে প্রবেশ করে, কখন কি উজ্ঞান পথে বেয়ে যেতে পারব না? আমি একা না পারি, ভাই নিতাই ভূমিত আছ, ভূমি আমায় ভূলে দিও।

নি: দাদা, শেষবারের জন্মে মাকে স্পর্শ করে শপথ গ্রাহণ করতে হবে।

গঃ। হাঁ, নিতাই।

নিঃ। শেষবারের জন্মে !!

গঃ। শেষবার বৈকি ! যতদিন না অম্পুশ্য পরিরত আমরা মন্দিরে প্রবেশ করতে পারি আবার— শেষদিন ত বটেই। তবে সে দিন আসবে— যে দিন প্রভাত সূর্য্যের কিরণচ্ছটায় অম্পুশ্য আমরা ভক্ত হৃদয় অম্পুশ্যদের সঙ্গে লয়ে, মাকে আবার দর্শন করতে পাব। পৃতদেহে গলবন্ধ হ'য়ে সেদিন মার নৈবেগ্য নিজহস্তে সাজাব। তাদের হাতে মন্দিরের শাক ঘটা কত মধুর রবে না বাজবে! ব্যাকুল অন্তঃকর্থে তারা মাকে "মা" "মা" বলে কতই না ডাকবে! স্বর্গহতে ঋষিরা দেখবে, ভারত আবার জাগ্রত দেবদেবীর আবাস স্থান হয়েছে। তারা পুষ্পার্থ করবে। এস নিতাই, মার কাছে বিদায় নিই! এস।

[ উভয়ে প্রতিমার সন্নিকটে ভূলুঠিত হইল ]

[ দৃশ্য পরিবর্তন ]

## शक्य मुख्य ।

#### চীনামাটির কার্থানা।

#### কাল-অপরাহ্ন।

[বিশাল টিনের ছাউনিগুলি একটির পর একটি করিয়া বহুদূর পর্যাস্ত বিস্তৃত। প্রত্যেকটির নীচে বহু শ্রমিক কাজ করিতেছে। এইরূপ একটি ছাউনির নীচে দেখা গেল, শ্রমিকগণ কাজে মগ্ন। কল চলিতেছে। মাল রাশি রাশি উৎপন্ন হইতেছে। হাতগাড়িতে মজুরেরা উৎপন্ন মাল বোঝাই করিয়া অহ্যত্র চলিয়া যাইতেছে। হঠাৎ কলের চাকাগুলির বন্ধ হইবার লক্ষণ দেখা গেল। সেগুলি আস্তে আস্তে ঘুরিয়া ঘুরিয়া একবারে নিশ্চল হইল।]

#### [ শ্রমিকগণ।]

১ম খ্রাঃ। কি হল রে? এযে বারটা বেজে কাঁটা নড় নড় করছে।

২য় ,, । মাঘের জাড়ে বাঘ পালায়, বুঝেছিস ? কি রকম জাড়! কাজ পালিয়েছে। এখন বসে বসে সবাই মিলে গল্প করি আয়।

৩য় ,, । ওরে নারে, তার কেটে গেছে !

8र्थ ,, । **म्मू**रत मा'त िष्ठि धरमा ए, विराय श्रव ।

শ্রঃ গণ। ইয়া চন্দুরে দা? হো হো হো: বিয়ে তোমার? হো হো হো ইয়া চন্দুরে দা। হো হো হো। ইয়া চন্দুরে দা, বল না? ৫ম খ্রঃ। যা না, বকিস কেন ?

७ ॥ कि वावा, अकला अकला विराय कत्र ?

২য় " । এই, বড় কারিকর বাবু !

৩য় ,, । দা-ঠাকুর, নিতাই দা, মাধব সর্দার সবাইরে সবাই।

১ম ,,। পথ দেনা। আসছে সবাই।

জনার্দ্দন, গণপতি, নিতাই, মাধব, অবিনাশ দীরু, ও অস্থান্য শ্রমিকগণ পশ্চাতে ভিড় করিয়া প্রবেশ করিল। ]

জঃ। নাদা-ঠাকুর।

গঃ। রং চড়ালে ?

জঃ। তাতেও হবে নি।

গঃ। গরম বেশী ক'রে দিলে ?

জঃ। পেষাইয়ের দোষ ?

গঃ। না?

জঃ। পাট হয় নি মাটির। কাঁকর গিজ্ গিজ্ করছে।

গঃ। তাছ'লে পাটের দোষ।

৮ঃ। সব মাল বাতিল যাবে।

গঃ। কাঁকর থাকলে কি হয় १

कः। यान वाप ना।

शः। दः एकाल प्रथा याता

कः। कांचे शत्त्रक तथा याता

গঃ। রংয়ের জৌলস থাকবে না।

জঃ। কাঁকর পেশাই হ'য়ে ধূলো বার ইয়। আল্ত আল্ত ঘসে দেখ রং সূব উঠে যাবে। যত ঘসবে কেবল ধূলাই বের হবে। এ মাল চলবে না। এত মাল সব ফেলা যাবে।

- গঃ। এত কাঁচা মালের দাম, মজুরীর দাম, তৈয়ারীর খরচ সব কোস্পানীর গচ্ছা যাবে।
- **ड**ः। वनज, कि ब्रवाव (प्रहे?
- গঃ। লোকেরা সবাই দায়ী। যে পাট করতে কাঁকর বাছেনি শুধু যে সেই দায়ী, তা নয়। আমরা সবাই দায়ী। মালে দোষ আছে না দেখে, তাতে কাজ করেছি। যে যে আছি, সবাই দায়ী। একজনও বাদ পড়বে না।
- জঃ। কথাটা এই, কাল যেখন বড়বাবু এসে ধরবে আমায় "নমুনা মাফিক মাল দেবার কড়ারে কাজে নেগেছ, পূরো রোজ খেয়েছ, কোথায় মাল ? লিয়ে এস"। আমি তেখন কি জবাব দেব ?
- গঃ। তাত বটেই ! বড় বাবু ও কথা খুবই বলতে পারেন।
- জঃ। আমি কি বলব ? এ কি হল ?
- গঃ। এতে বেশ প্রমাণ হ'চ্ছে, কতক গুলো কারিকর আদতে কাজে মন
  দিচ্ছে না। তাদের কাজে নিষ্ঠা নাই। নিষ্ঠাই হল সততা।
  অর্থাৎ জোচ্চুরি, শঠামি করে টাকা খাওয়াও যা, আর নিষ্ঠা
  হারিয়ে কাজ করাও তা। তুই একই পদার্থ। এর একটা উপায়
  আছে, আমর। যদি রোজটা আজ না নিই। স্বাই যদি রোজটা
  আজকের ছেড়ে দিই।
- জঃ। দা-ঠাকুর, আমরা কারখানাকে একটা রোজ গুণগার দিলেই শুধু এসে যায় না। বড় বাবু যে পাইকেরদের কাছে মাল দেবার কড়ারে দাদন নেছে। বড় বাবুকে মাল দিতে না পারলি, তাদের কাছে মাথ। হেঁট করতে হবে। পয়সার চায়ে বড় বাবুর সম্মান

যাবে, সেটা আর বড় কথা লয় ? কারখানার বদনাম হবে, সেটা যা তা কথা ? বল তুমি দা-ঠাকুর।

- গঃ। কি বলব ?
- নিঃ। আমাদের জন্মে বড় বাব্র মানের হানি হবে ? আমরা তাঁর নেমক খাই। এ বড় রকমের নেমক হারামি করা হল।
- গঃ। বড় কারিকর বাবু! কারখানায় আমরা শুধু রোজ নিয়ে কাজ করতে আসি না। আময়া কর্ম-নীতিকে সেবা করতে আসি। আজ তোমার কাছে শিখলুম কারখানাকে, কর্মনীতিকে, বড়বাবুকে সেবা করতে আমরা আসি। আমাদের কারখানার প্রতি আমুগত্য দেউলিয়া হবে যদি আমাদের জন্মে কারখানার বদনাম হয়, বড় বাবুর মাথা হেঁট হয়! আমরা ঘোরতর অন্যায় করব।
- জঃ। বল, এখন কি করি?
- গঃ। যদি সেবা করতে এসে থাকি, সেবার খাতিরে আমরা কাজ চালব— যতক্ষন কাজে ফল না পাই। যদি এখন আমরা চলে যাই, জ্ঞোচ্চুরি, শঠামি করে পিট্টান দেওয়ার মত কাজ হবে।
- জঃ। আমি কাল কারখানায় মুখ দেখাতে পারব নি।
- গঃ। ভোমরা বল, বড় বাবুকে কি উত্তর দেওয়া হবে। বল ভোমরা।
- নি:। আমরা যদি দাঁতে দাঁত দিয়ে জোরসে কাজ চালাই, এ কাজ তুলে দিতে আর কতক্ষন লাগে ?
- মা:। আয়রে সবাই, কাজে লাগবি আয়। যে শ্রালা কাজ না তুলে দে ঘরকে যায়, সে শ্রালা জোচোর। বল কে আছিস, কোন গোর-ব্যাটা আছে হিভাকে কাজ ছেড়ে ঘরে যাবে? বল কেউ আছিস ভোরা ?

.

- শ্রঃ গণ। আমরা কাজে লাগব। কাজ তুলে দে যাব! বাতিল মালের রোজ নেব নি। ভাল মাল না তুলে দে পারি, ঘর যাব নি।
- গং। আমরা সততাকে ভিত্তি করে চলতে চাই। আমরা চোর নয়, জোচ্চোর নয়, শঠ নয়, ঠক নয়। বড় কারিকর বাবুর হাতেকরে শেখানো কারিকর আমরা, শ্রমিক আমরা।
- মাঃ। আমি বড় কারিকর বাবুর মাথা হেঁট হ'তে দেব নি। তাঁর আগে আমি গলায় ছুরি দেব।
- শ্রঃ গণ। হেঁট হ'তে দেব নি। আলবৎ হেঁট হ'তে দেব নি। বড় কারিকর বাবু আমাদের বাপ মা, আমাদের মান ইজ্জৎ, আমা-দের গুরু, আমাদের ইহকাল পরকাল। ওর জন্মি আমরা আজ খেতে পরতে পারছি।
- গঃ। আর কেন মাথায় হাত দিয়ে বসে তুমি, খুড়ো ? সবাই কাজে লাগতে প্রস্তুত। যতক্ষন না কাজ শেষ হয়, ভাল মাল না ওঠে কেউ ঘর যাবে না। এখন কাজ চালু হ'ক, ছকুন দাও।
- জঃ। চলুক কাজ তবে। ছুটির ভেঁা হ'লে কেউ যেন ঘর যায় নি।
- গঃ। কেউ যাবে না। এস সবাই। এইবার ভাল করে কাজ করি, এস ভাইরা।
- মাঃ। আপনার আপনার জায়গায় দাঁড়াগে সব। কাজ ঠিক ঠিক করবি।
  নয়ত খুনোখুনি হবে বলে দিচ্ছি, হাঁ।

[ ভিড় ভাঙ্গিল। সকলে আপন আপন কাধ্যস্থলে অগ্রসর হইতে লাগিল। জনার্দ্দন প্রভৃতি প্রভ্যাবর্ত্তন করিতে লাগিল।]

# वर्छ मुखा।

## কালীনাথের অট্টালিকা।

## ভাঁড়ার ঘর। সৌদামিনী ও সুধা।

#### কাল-অপরাক্ত।

[সোলামিনী কুটনা কুটিতেছে। স্থা সেইখানে চাবির আঁচলটা ঘুরাইয়া মার সহিত কথা কহিতেছে।]

সো:। বঁটীখানা পাড়লি না? সেই অবধি এত করে বল্লম!

স্থ:। কি করব বল, আমি কুটনো কোটা ঝি হতে পারব না।

সৌ:। ঐ রকম করেই কি মাকে জবাব দিতে হয়?

সু:। আচ্ছা I beg your pardon, মা শুনেছ, দাদা যায় কারখানায়, বাবা যান না ?

त्रीः । जानि ना ।

সু:। বাবা কেন যান না; মা?

সৌ:। কি জানি। তা যাই বল তোমায় যখন ছদিন পরে, শৃশুরের ঘর করতে যেতে হবে, তখন কি করে কাজ করবে সেখানে? সংসারের কাজ বলতে কিছুই শিখলে না।

স্থা। মা আমি তোমায় বলে দিচ্ছি, দেখো, ও সব ছোট কাজে কলেজে পড়া মেয়েকে কেউ কখন নিযুক্ত করবে না। আর করে যদি ভূল করবে!

मोः। यमि कृषे कृषे नाि नाश्नी आभात मिथा मित्र, जामित शत्रदिनी

মা হয়ে তাদের মামুষ করবি কি করে ?

সু:। কেন, nurse আসবে। ভাল European nurse রেখে দেবেন বাবা।

সো:। তাহলে কিন্তু বাছা সে সব ছেলে মেয়েরা নাসে রি ছেলে মেয়ে হবে।

স্তঃ। তা হ'লেও তাদের কেউ ধারাপ বলবে না। ভালই বলবে। মা!
তোমার মতে, মেয়ে হ'য়ে জন্মেছি যখন আমার আর aim, ambition, career, এসব কিছু দরকার নেই। আসল সত্যি কথাটা
শুনবে তবে?

लोः। खनि।

সুঃ। আমি, রমলা, পপি, আরতি সকলেই ঠিক করেছি, বিয়ে করব না। সৌঃ। ওমা এমন কথাও কম্মিন কালে শুনেছে কেউ?

[ পাচক ঠাকুর প্রবেশ করিল ]

ঐ বগি থালাটায় ঝোলের আনাজ আছে। ঠাকুর, মাছগুলো ভাল করে সাঁতি লে নেবে। ঐটেই নিয়ে যাও না। আবার ডান হাতে ও থালাটা নাও কেন? সেদিনকার মতন করবে। ঝোলের আনাজ তরকারিতে আর তরকারির গুলো ঝোলে দিয়ে বসবে।

পাঃ। একদিন হ'য়েছিল মা, আবার রোজ কি হইবার আছে ?

স্থঃ। নেইত ? আচ্ছা, ডান হাতে তোমার কিসের খালা ? ঝোলের না তরকারির আনাজ আছে ?

পাং। দিদিমনি মতে পরক করিচে।

মু:। বল, তা নয়ত যেতে পাবেনা।

পাঃ। মা।

সো:। সুধা—

স্থঃ। ও বলে যাক না। ডান হাতের থালায় কিসের আনাজ আছে, ঝোলের না তরকারির ?

পাঃ। মা।

सः। रालंहे यां व ना वां पू।

পাঃ। ডানহাতে তরকারির আনাজ আছে।

স্থ:। ঠিক বলেছে। মা, তোমার বামুন বগি থালার আনাজ সব তরকা-রিতে ঢালতে যাচ্ছে।

সোঃ। এই তোমায় বল্লুম বিগি থালায় ঝোলের আনাজ।

পা:। আমি গুটা মনে করছি তাই! দিদিমনি গুলায়ে দিছে।

স্থ:। আচ্ছা আবার জিজ্ঞাসা করছি বল। বাঁহাতে কি ঝোলের না তরকারির আনাজ ?

সো:। আহা যেতে দে না। যাও তুমি ঠাকুর—

[ পাচক ঠাকুর ছইখানি থালা লইয়া প্রস্থান করিল ]

স্থঃ। যেম্নি একটু গৰ্জন করে উঠল, মা অম্নি ভয়ে আড়ষ্ট। ঐ করেইভ লোকজনেদের discipline থাকে না।

[ মহেন্দ্র প্রবেশ করিল ]

দাদা হুটো সাইন বোর্ড করে দিতে পার ?

মঃ। কি হবে ?

সু:। একটায় লেখা থাকবে ঝোলের, আর একটায় তরকারির।

মঃ। যা, বকিস নি। এমন ফকুড়ি করতে শিখেছে। বাবাকে দেখতে পাছিছ না, কোথায় গেছেন জান মা ?

সো:। না। জানিনাত'।

সুঃ। আমি বলছি। বাবার জুতোর আওয়াজ পেয়েছি। সিঁড়ি দিয়ে ছাদে যাচ্ছিলেন।

সোঃ। কি দরকার ?

মঃ। কারখানায় কি হচ্ছে সেই খবরটা বাবাকে দেব।

সো:। কি হচ্ছে ?

মঃ। মাল বাতিল হয় খারাপ মাল বলে। তারপর বড় কারিকর বাবু বাবার ভয়ে সারারাত কারখানা চালিয়ে ভাল মাল তুলে দিয়ে তবে কারুকে ঘরে যেতে দেবেন।

সোঃ। বলিস কি! সারারাত কাজ হবে। সারাদিন খাটুনির পর আবার সারারাত। পারবে অত খাটতে ?

মঃ। বড় কারিকর বাবুর হুকুম।

সোঃ। চল না, বলবি। আমিও শুনব, সুধা মা, বামুনকে একটু বলে আয় না যেন মাছ গুলোকে ঠিকমত সাঁৎলাতে নিতে ভূল না করে।

স্থঃ। ও বাবা ! এখনি ফোঁস করে উঠবে। তোমার লোকেইদর সঙ্গে কথ। কওয়া যায় ? discipline জানে না। ও আমি পারব না।

মঃ। তাদের discipline জ্ঞান নেই, আর তোমান খুব আছে।

मः। You better oil your own machine please.

[ সুধা প্রস্থান করিল ]

সোঃ। থাক মা।

মঃ। বড্ড ইংরিজি শিখেছে

ি সৌদামিনী ও মহেন্দ্র প্রস্থান করিল ]

## ज्ञा पृथा ।

জমিদার ভবন।

কাল-অপরাহ্ন।

[রোক্রে ঘর্মাক্ত কলেবর, মাথায় গামছা ঢাকা, ঝাঁটা দিয়া কালীনাথ ছাদ ঝাঁট দিতেছেন। ]

# [সোদামিনী ও মহেন্দ্র প্রবেশ করিল ]

সোঃ। ওমা! এ কি করছ তুমি।

কাঃ। এঁয় কি কোঁরছি আঁমি?

সৌ:। লোকে শুনলে কি বলবে ?

কাঃ। লোকের কথায় গেলে ভোমরা!

সো:। ঝাড় দেবে তুমি!

কাঃ। মহাভারত তবে অগুদ্ধ হয়ে গেল १

সো:। কেউ যদি ছাথে কি বলবে ?

কাঃ। কি বলবে ? লোকেরা বলে তাদের জিজ্ঞাসা কর, যখন নল বৃজে গিয়ে ছাদ দিয়ে ঘরে জল পড়বে, তখন কি তারা এসে আমার ছাদ মেরামত করে দিয়ে যাবে ?

মঃ। অনম্ভকে বল্লেই হ'ত।

কাঃ। আর কি, বল্লেইহত! তার আর কাজ নেই গু

সোঃ। আচ্ছা আমায় ঝাঁটা গাছটা দাওত।

কাঃ। তারপর ?

মঃ। নীচে চলুন কথা আছে।

কাঃ। কি কথা। কারখানার--- १

মঃ। হা।

কাঃ। আমি কারখানার কোন কথায়—

মঃ। কেন বাবা ?

কাঃ। কেন— ? ঐ জনার্দ্দনটা কত বড় shrewd, তা জান ? হাফিজবে insfluence করে নিজের নামে সব করে নিয়েছে।

মঃ। বড কারিকর বাবু !!

কাঃ। হাঁা গো হাঁা, ভোমার বড় কারিকর বাব্। Rascal কে আর ও নামে ডেক না। I object to it.

মঃ। বাবা, বড় কারিকর বাবু এই আমাকে নিজে বল্লেন "আপনি যদি কাল কারখাখায় যান, আর নমূনা মাফিক মাল চান, তখন কি দেব"। এ কথা বলবার মানে কি ?

কাঃ। মানে কি। কত বড় ভেতর বুজে, তা বোঝ। তোমাকে হাতে রাখছে। ভেতরে ভেতরে উদ্দেশ্য আছে। Dangerous লোক! Dangerous!! Dangerous!!! এদিকে কারখানাটা নিজের নামে registry করিয়ে নিয়ে তবে ছেড়েছে। বুঝলে মন্থু, ওর পেটের ভেতর ডুবুরি নাবালেও তল খুঁজে পাবে না।

সো:। তুমি কারখানাটা ওর নামে লেখাপড়া করে দিয়েছ ?

কাঃ। না দিয়ে করি কি ? নিলেমের চাপ আছে পেছনে। হাফিজ শাসাচ্ছে।

মঃ। সব মিপ্যে। বড় কারিকর বাবু মিথ্যুক, তুমি সেটা আৰু জানলে।
কাঃ। ছাফিজে আর ওতে কারখানাটা চালাবে। এ অনেকদিন বড়
করেছে।

- মঃ। এ কথাত বল্লেই পারতেন, লুকোবার কি দরকার ছিল ?
- কা:। Diplomacy। ওর ভেতর মতলব আছে।
- সো:। চুপি চুপি কারখানাটা বেহাত করলে তুমি। আমরা কেউ একবার জ্বানতেও পারলুম না। অমন কারখানাটা।
- কাঃ। জানতে পারলে কি করতে ? আচ্ছা কি করতে ?
- সো:। দিলে যদি, একবারে সবটাই কি দিতে হয় ?
- কাঃ। শোন, ভোমার মার একবার কথাটা শোন। কারখানাত আর বাগানের কলার কাঁদি নয় যে তু চার ছড়া রেখে বাকিটা দেব গ
- মঃ। তাহ'লে "আপনি আসেন না" একথা কেন বল্লেন ?
- কাঃ। এবার যদি বলে, ভুমি বলবে "বাবা কি চাকরের চাকর হতে দেওয়া চাই।
- মঃ। আমি এখনি যাচ্ছি বলতে। এখনি বলব।
- কাঃ। পেটে পেটে বৃদ্ধি! ওরা এক রকম লোক। ওদের ছুমি (इन ना।

# [ সৌদামিনী সম্মার্জনী হস্তে কাজে প্রবৃত্ত হইল।]

[ কালীনাথ ও মহেন্দ্র প্রস্থান করিল ]

# जरेग मुगा।

# চণ্ডীমণ্ডপ। কাল—সন্ধ্যা উন্তীর্ণ রেবতী ও ভূপীন।

ভূ:। তারপর জান পিসি ! বাবা ঝাঁপ ঝাঁপ ওড়ালো। আমি ভাঁড় ভাঁড় ওড়ারু। কত ভাঁড় যে রস খেরু পিসী কি বলব— গোণে শেষ হয় নি। এত ভাঁড় খেয়েছি।

রেঃ। দূর তোর ছাই কথা, শুনব নি। আমার কাজ আছে।

ভূ:। এই দেখ দেখি! আমি যে গান গাব। বড় দাদা কোথায়? হাতাকে আসবে নি ড?

রে:। পুকুর পাড়ে গেছে। এইবার এ্যাসবে।

ভূ:। বল কি এ্যাসবে— তবে শোন পিসী। গান পিসী, শুনে নাও পিসী। এমন গান আর শুনবে নি কওন। হায়, হায়!

[রেবতী হাঁচুর উপর ভর দিয়া বসিল ]

#### (গান)

পাঁচ গাছি মল পায় গো দিদি,
পাঁচ গাছি মল পায়।
স্থাকরা মেয়ে স্থায়না হ'য়ে,
মাজা ত্ইলে যায়॥

রে:। আ মোল যা! ষা: ভোকে আর গান করতে ছবেনি। ভূই ঘর যা। ঘর যা। যাবলছি। ওঠু। যা, যা, যা।

[ ছোট মা প্রবেশ করিলেন ]

ছো: মা:। कि हয়েছে রেবা ? ওকে অমন করছিস্ কেনে ?

तिः। तिथना मा, शात्नित छिति। मृत्थ छृश् शक्त, तत्न तम त्थत्य धात्मत्छ।

ভুঃ। বাপ দিলে ত ধাবু নি ? চারটে বিজি দেছাাল, তা শুদ্ধু খেয়েছি।

রে:। গান করছে অসভ্যো গান।

ভূ:। হাঁ। অসোব্যো! ভাল গান। শোন দিদি। আমি গাই—(পাঁচগাছি—

রে:। জ্যাঠাবাবু এলে বলে দেব। গাওনা। খুন করবে তোমায়।

ড়ঃ। (গানের শ্বরে) স্থাক্রা মেয়ে স্থায়না হয়ে—

त्तं:। आवात ? मूच हिस्स धत्रता।

ছু:। দেশছ? ছেড়ে দাও আমায়।

[ছোট মা টানিতে টানিতে ভূপীনকে লইয়া ভিতরে যাইতে লাগিল। ভূপীন গাহিতে গাহিতে, তালি দিতে দিতে যাইতে লাগিল। রেবতী পশ্চাবণুসরণ করিল। তৈলোক্য প্রবেশ করিল। তাহার থলিটা বিছাইয়াছে সবে, দরজ্বায় ক্যা নাড়ার শব্দ হইল।

द्याः। त्वः।

[ উত্তর আসিল "বাবু বাড়ী আছেন ?"]

খুলছি, খুলছি দাড়াও।

[ তৈলোক্য খার খুলিল। হাফিজ মিঞ্চাঁ প্রবেশ করিল ] আপনি বস। আমি এসডিছি।

> [ ত্রৈলোক্য প্রস্থান করিল এবং জ্বল, ঘটা ও গামছা লইয়া পুনঃ প্রবেশ করিল।]

হাঃ। এ জল আনতি গেলে কেনে বাবু ?

ত্রৈ:। এত রাজা হেঁটে এ্যালে তুমি, পা-টা, হাতটা, মুখটা ধোবেনি ? জল দিই, এস বাব্। হাত মুখ ধোও। হা:। হ:। জলে কৃছ কাম নেই বাবু।

তৈঃ। না, না। সে কি হয় ? হাত মুখে জল দিবে নি-কি হয় ? নেও, এস।

হা:। হ:। মিথ্যা কেনে কষ্ট করলেন ? থোড়াই হেথা নিমা**জ** পড়তে আসছি।

ত্রৈ:। এ কি ঠিক, ফিরায়ে দেবা কি ঠিক!

হাঃ। তুমি বলতি পার, বড় কারিকর বাবু কখন আসবান ?

ত্রিঃ। ঠিক বলতি পারি না। কখন দেবি কার্ন আবার একা সময় এ্যাসে। তার ঠিক নেই।

হাঃ। বড় কারিকর বাবু কে লাগে ভোমার !

ত্রৈ:। আমার ? ছোট ভাই।

হাঃ। আপন বাই?

ত্রৈ:। আপনু না ত কি ? মার প্যাটের ভাই।

হা:। সেলাম বাব্। সেলাম, সেলাম। আপুনি জল আনচেন পাঁ ধুলাই করাতে ? তোবা, তোবা। কি আপশোষ ! আমি জাতে মোছলমান !

ত্রৈ:। আমি কি জানি না, ভূমি হাকিজ সাহেব ? , কামার পাড়ায় ভোমার বড় বাড়ি, বড় নোক ভূমি ?

হা:। জেনে পানি আনছ্যালেন আপনি ? এ আপনার মোহছ।

ত্রিঃ। ভামাক ইচ্ছে করবে কি ? আনব ?

হা:। না মুশার। আমি ঠাওরাতে একটু ভুল করেছিলাম। আপনি তেনার দাদা।

ত্রৈ:। ন্যাঞ্চেত বস। না আগে বস বাবু।

হা:। মূশর একটা কাম ছ্যাল। বড় কারিকর বাবুর সাথে ক্রবার লেগে আসছেলাম। তিনি যে কারখানাটা লিলেমে মোল করেছেন, তেনার সাথে তারই সম্মূদে কথা ছ্যাল।

दिः। सान करत्रष्ट् कि ?

- হাঃ। খরিদ লেওয়া বুঝেন ? বড় ভারি কারখানা বাবু। চীনামাটীর কারখানা। বড় কারিকর বাবু খরিদ করে ভাছেন।
- क्तिः। कित्नहि श्रु क्रनात्मान ? कात्रशाना कित्नहि !!!
- হা:। হ:। বড় কারিকর বাবু মালিক। আপনারে কয়বার ফুরসদ পান নাই। কি, আপনি শুনেন নাই ?
- जः। ना। **ञा**পनि वम्, स्म धााल वल।
- হাঃ। আর বসে কি করব! তেনারত আসার কিছু ঠিক ঠিকানা লাই।
  ও কয়বান আপনি। কারখানাটা কাজে লাগাবার কি কি প্রয়োজন
  শুনবার লেগে আসছিলাম। (কুলঙ্গিতে চরকা দেখিয়া) আপনি
  চরকায় স্তা কাটেন কি ?

[ ত্রৈলোক্য ইতিমধ্যে চরকা লইয়া বসিল ]

ত্রৈ:। তা মাঝে মাঝে কাটি।

হা:। এ চরকায় সূতা কাটে কিছু লাভ হয় কি ?

- ত্রৈঃ। যে ক'গাছা স্তা পাই, তাতে আয় দেখে। স্তা যে বড় আক্রা আমাদের ছাশে।
- হাঃ। কারখানাটা চালু হইলে পর, বড় কারিকর বাবু কাম স্থক করলি পর। একবার কারখানায় আমদানিটা হ'ক, দেখবান। আর অভাব বলি কিছু রইবে না। পেরকাণ্ড কারখানা। একবার যায়-এ দেখবান বাব্। সবচায়ে বড় কারখানা। এ অঞ্চল ভোর অভবড় কারখানা আর লাই। আমি চলি বাবু।
- । যাবে আপনি? বসবে না?
- হা:। উকিল বাব্রে টাইম দেইছি। আর বসবার পারছি না। আছো।

হাঃ। পুরাপুরি দলিল দম্ভখৎ হয় নাই কিনা। সেইটার লেগে বড় কারিকর বাবু আমার গরে কাল ফজির ফজির একবার আসলি পরে, আমি সব বুঝায় দিমু।

ত্রৈ: তাকে বলব। তাকে বলব।

হাঃ। হঃ। বলবান মুশায়।

ত্রি:। আপনি এ্যাসেছালে, বলব। আর কাল সকালে তুমি ডেকেছ বলব।

হাঃ। হঃ হঃ। আমি এখন যাই বাবু। সেলাম।

ত্রিঃ। নমস্কার।

[ হাফিজ মিঞাঁ যা প্রস্থান করিলেন। পুনরায় দার অর্গলবদ্ধ করিয়া ত্রৈলোক্য চরকা চালাইতে বসিল। রেবতী প্রবেশ করিল।

রে:। জ্যাঠাবাবু, ও বুড়ো মানুষটি কে জ্যাঠাবাবু ?

ত্রিঃ। ও পাড়ায় বাড়ি। বড়নোক। কারবার করে। ওর নাম হা**ফিজ** সাহেব।

রে:। মোড়লদের গরুটা ভারি পাজী। আজ সকালে ছাই ফেলতে গেছি,
আর সেই ফাঁকে বাড়িতে চুকে পড়েছে। শ্রামলীর জাব হাঁউ হাঁউ
করে খাচ্ছে। আমি যেই মারতে তাড়া করেছি, আমায় আবার শিং
দেখাচ্ছে। তোমার সেই বড় নাটিটা নে গেমু, তখন পাইলে গেল।
[বারে কড়া নাডার শব্দ]

খুলছি বাবা।

[ ক্রত গিয়া দার খুলিয়া দেখিল— মহেন্দ্র। রেবতী ছটিয়া পলাইল। মহেন্দ্র প্রবেশ করিল। ]

মঃ। আমি এসেছি। আজ বড় কারিকর বাবুর সঙ্গে আমার দরকার।

ভিনি উপায়ক্ষম লোক। মাধা আছে, বৃদ্ধি আছে। সম্ভবতঃ আপনাদের ইতিহাস সৃষ্টি করবার ইচ্ছা তাঁর আছে। দারিজ্যের বিরুদ্ধে
ভীবন মরণ সংগ্রাম করার ইচ্ছা আপনাদের। বেশ তাই করতে
ইচ্ছা হয় করুন। কিন্তু আমি বলব, "বড় কারিকর বাবু কারখানার
একছত্র মালিক হ'য়েছেন বাবাকে কারবারে কাঁকি দিয়ে"। ভিনি
আমাদের ভ্বিয়েছেন। সব চেয়ে বড় কথা, আমার সঙ্গে প্রভারণা
করেছেন। এ কেন করলেন? এ ভিনি কেন করলেন?

তৈ:। মনু বাবু যা বল, ঐ ব্যাঞ্চিটায় বদে বল। আমি শুনছি।

ম:। আপনার সৌজস্মতার দরকার নেই। ঢের হ'য়েছে। বোঝা গেছে। পুব ভাল লোক আপনারা। বোঝা গেছে।

ত্রৈ:। তুমি আমার উপর রেগে গেছ, না?

ম:। ও সব গান্ধী-কায়দা চরকা-নিয়ে জানা আছে। গান্ধী শুধু চরকায়
শুতো কাটতেন না। তিনি সত্য আর অহিংসা খুব বেশী মানতেন।

ক্রৈ:। হাঁ মন্থ বাবু, ভোমার কথা ঠিক। আমিত কিছু জ্বানি না।

মঃ। আপনি জানেন না? তা যদি না জানতেন, হাফিজ সাহেবকে বাড়িতে পুরে তার পা ধোয়াতে যেতেন না। আপনাদের চালাকি সব জানি।

ত্রৈ:। আইন মাঞ্চিক ভোমারও "পা ধোওয়া" পাওনা, কেমন মন্ত্র বাবু?
এস পা ধোয়াই। জল আনি ?

ম:। কে বোলছে? বড় কারিকর বাবুকে যা বলবার বলে আমি চলে যাব। বিদায় হব। এ বাড়িতে আর কখন ঢুকব না।

ত্রৈ:। একদিন বলেছালে, চরকা ঘূরিয়ে স্তো কেটে দেখবে ? রাগের মাথায় সে কথাটা ভুলে যাচ্ছ মনু বাবু ?

মঃ। গঙ্গার জলে ফেলে দেব চরকা। বাড়িতে নেই জনার্দন বাবু ?

ৱৈ:। না মন্থু বাবৃ, জনার্দ্দন বাড়ি কেরেনি এখন।

```
মঃ। আমি যাচ্ছি। আবার আসব পরে। তাঁকে বলবেন।
```

[ মহেন্দ্র রোষভরে প্রস্থান করিল ও রেবভী প্রবেশ করিল ]

রে:। জ্যাঠাবাবু, দরজাটা দি ?

ि । इं विक करत म ।

[ রেবতী ছার অর্গল-বন্ধ করিল ]

রে:। ও বাবু কি বল্লে ভোমায় ?

ত্রৈ:। কড কি বল্লে। ডোর দরকার কি মা ওনে?

রে:। কথা কইছে— না, ভোমায় বাড়ি মারছে।

ত্রৈঃ। রাগ হয়েছে কি না। তাই অমন।

রে:। অত রাগ তোমার ওপর ? — কেনে ?

ত্রৈ:। ওদের মনে কি শাস্তি আছে ?

[ পুনরায় কড়া নাড়ার শব্দ হইল ]

রে:। আমি পালাই জ্যাঠাবাবু। আমি খুলব নি। তুমি খোল। তি:। তুই যা, মার কাছে কাজ করগে যা। আমি খুলছি।

[রেবডী ছুট দিল ও আবার কড়া নাড়ার শব্দ হইল ]

**(**₱ ?

- ডিন্তর আসিল "আমি দাদা" ী

খুলছি।

[ ত্রৈলোক্য দার অর্গল মৃক্ত করিল ও জনার্দ্দন গৃছে প্রবেশ করিল। ]

জ:। দাদা, আজ আমাদের মাইনে ছ্যাল।

বৈঃ। তাই বৃঝি রাত হ'ল ? তোমার আজকাল এসবার ঠিকানা থাকে না।
জঃ। (বৈলোক্য চরকার কাছে বসিলে পর) দাদা, এই মাইনেটা।
(নোটের গোছা পায়ের কাছে দিল)

ত্রৈ:। (হাতে উঠাইয়া দেখিতে দেখিতে) এতে কত টাকা আছে ?

षः। তিনশো।

ত্রৈ:। এঁ্যা— কত ! "তি—ন—শো"!

बः। हैं। नाना।

ত্রৈ:। এত ট্যাকা মাইনে হয়?

छः। ধরেছে ওরা—

खिः। क धत्रव ?

জ:। বড় বাবু আর হাফিজ সাহেব।

ত্রৈ:। তবে যে শুনছি, তুমি কারখানার মালিক?

জঃ। কে বল্লে ? ওসব বাজে কথা শোন কেন ?

ত্রৈ:। ভোমার কি বড় লোক হবার ইচ্ছে নেই ?

জঃ। বড় লোক হ'তে গেলুম কেনে !

ত্রৈ:। ভোমার জীবনে আনন্দো ভোগ করবার জন্মি।

कः। ভোমার আশীর্কাদ চাই দাদা। অমন আনন্দো চাই না।

ত্রৈ:। আমি মুক্লকু মাকুষ আমার আবার আশীর্কাদ! নাও। ট্যাকাটা তুলে রাখ, ভাল করে। খোলা যায়গায় রেখনি যেন। আবার চোর ডাকাত পড়তি পারে বাড়িতে।

জঃ। দাদা, টাকা আমি জেনে রাখব ? রোজগার করে এনে আজ বাবা থাকলি পরে, বাবার হাতে দিভোম্। বাবা নেই, তুমি আছ। ভোমার হাতে দিয়েছি। তুমি রাখবে না ?

ক্রৈ:। কেনে! কি হবে, অত ট্যাকায় আমার কি দরকার ?

🕶:। ভোমার ট্যাকা যে ?

- ত্রেঃ। না তোমার, তোমার। তুমি রেখে দেবে, খরচ খর্চা করবে। দেবে থোবে। আমোদ আহলাদ করবে। তোমার বাড় বাড়স্ত হোক। পাকা এমারত হোক। ডেপুটীর মাইনে তোমার। ডেপুটীর মতন এমারত হোক।
- জঃ। দাদা, কি বল! আর ট্যাকায় বুঝি তোমার দরকার নেই ?
- ত্রৈঃ। কি দরকার বল ?
- জঃ। এই সেবার হাটে গেলে ট্যাকায় কুলাল নি। কাপড়, গামছা কিনা হ'ল নি। সোমবচ্ছর চিঁড়া কাপড়ে, ছিঁড়া গামছায় কাটল ভোমার।
- ত্রিঃ। আর সে দিন হবে নি আমি বেঁচে থাকতি। স্তার অভাব চরকায়
  মিটোতে পেরেছি। কথা হচ্ছে তা নয়। যদি মনে কর নাই
  কুলায়, ছিঁড়া পরবু নি। তবে কৰ্জ করব।
- জঃ। কর্জ্জ বলছ ? ওবার সেই কর্জ্জ করনি ? চাল বদলাতে কর্জ্জ করে আনলে নি ?
- ত্রিঃ। কর্চ্ছ শোধ দিয়েছি। কেউ আর একটা পয়সা পায় নি।
- জ:। না বলছি, ঠ্যাকাত তোমার আছে।
- ত্রৈ:। কবে ঠ্যাকা এসবে, তার জন্মি ট্যাকা জোগাড় করে নে, বসে থাক্তি হবে ? এমন বিবিষিকের জীবন আমি করিনি।
- জঃ। ট্যাকাটা থাকলে ঘরে, ঠ্যাকায় কাজে নাগ তো।
- ত্রিঃ। তুমি কি মনে কর জনার্দন, আমার ঠ্যাকার বরাত তুমি ট্যাকার রাশ ঠেলে ফিরিয়ে দেবে ?
- **जः।** ना, जा वनिष्टि ना।
- ত্রিঃ। বরাত ফেরাতে মানুষ পারেনি। যিনি আমার ঠ্যাকায় চাইলে দেন এক শুধু তিনিই পারেন।

জঃ। দাদা তবে কি এ ট্যাকা বড় বাবুকে ফিরত দিয়ে এসব ?

ত্রৈঃ। তবে কি তুমি ধনী হবার নোব করনি ?

छः। नामाना।

ত্রৈ:। তবে কি তুমি কারখানার মালিক হও নি ?

कः। नामा।

ত্রৈ:। তুমি কি সত্যি সভ্যি বড় বাবুর কারখানার নোব করনি কোন দিন !

**ष**ः। ना मामा, कतिनि कानमिन।

ত্রৈ:। এইযে আমাকে বিশ্বেস করালে—

জঃ। কে বল্লে ?

জৈঃ। কেনে, ঐ হাফিজ সাহেব। তারপর মহু বাবু।

জ:। ওরা কি এ্যাসেছ্যাল १

देवः। हा।

জঃ। ওদের কথা ছেড়ে দাও।

ত্রৈ। ভূমি বল। আমার সাথে অসোদভাব হবে, ভয় কর নি। একবার ভূমি সভিয় কথা কি, মন খুলে বল।

জঃ। দাদা, এই আমি তোমার পা ছুঁয়ে বলছি, আমি বড় বাবুর কার-খানার নোব করিনি।

জৈঃ। যাক্, তুমি আমায় বাঁচালে। আমি ভেবেছ্যান্থ বড়া বয়সে বৃঝি ভাইটা জাত হারাল রে। বড় নোক হ'ল, আমায় তাই দেখতে হবে। ভাই বড় নোক হ'লে শাস্তি পাবে নি। ভাই ট্যাকার নোভ করলি পরে, হরিকে পাবে নি। ওঃ তাদের মনে কত অশাস্তি! তারা জানে মুকিয়ে মুকিয়ে তাদের কারখানাটী তুমি নিয়ে নেছ।

জঃ। কে বল্লে, মন্থু বাবু ? আমি যাচ্ছি।

ত্রৈ:। যেতে হবে নি। সেই আবার এসবে বলে গেছে।

জঃ। না দাদা, আমি এখনি যাব।

देवः। यादव १

জঃ। তেতক্ষণ দাদা, ট্যাকাটা রাখবে নি ভূমি ?

ত্রেঃ। তা রাখব নি কেনে, দাও। (যে থলির উপর বসিয়াছিল' তাহারই একটা পাট উঠাইয়া টাকা রাখিয়া, চাপা দিল।) একটু জিরিয়ে গেলে হ'ত নি ?

জঃ। না, আগে সেরে আসি।

ত্রৈঃ। তাদের বড় মনে অশান্তি।

[ জনার্দন দরজা খুলিল ]

জঃ। যাই দাদা।

ত্রৈঃ। তুর্গা শ্রীহরি ! তুর্গা শ্রীহরি !! তুর্গা শ্রীহরি !!!

[জনার্দন প্রস্থান করিল ]

[ দ্বার দিয়া ত্রৈলোক্য আবার

আসিয়া চরকা লইয়া বসিল ী

সবই তোমার খেলা। হরি, তুমি আমার মনের ভূল ভাঙ্গালে। মিথ্যে মিথ্যে অমন ভাই আমার, ওটারে সন্দিয় করেছি!

# [ দৃশ্য পরিবর্ত্তন ]

## नवम मृग्रा

## চীনামাটীর কারখানা।

#### ঘাট।

[ ঘাটের ধারে মালের বাক্স লাট লাগান আছে। মাঝিরা গুণ টানিয়া নৌকা ঘাটে ভিড়াইতেছে।]

#### গান

#### মাঝিগণ ৷

জল এল রে, জল এল রে।
মরা পাঙ্গের বৃক চিরে ভাই,
জল এল রে॥
শেওলা ভরা নদীর কৃলে,
দাঁড়িয়ে একা আপন ভুলে,
বেগনী রংয়ের শাড়ি পরা
পল্লী মেয়ে রে॥ (ও
কলসী-খানা ঝাঁপিয়ে উঠে,
কাঁকের পরে সোহাগ লুটে,
বেড় দিয়েছে তারি গলে,
চাঁপার কলিরে॥ (ও সেই)
দখিণ হাওয়ায় নৃত্য করে,
চুলের গোছা মুখের পরে,

বরণটি তার বলব কি ভাই, ভাষা নেইক রে॥ (ও যে ভাই) কলসী-খানা ভরে জলে, সোণার বরণ আকাশ তলে, বকুল ডালে কাল পাখী, আকুল ক'রে রে॥ (তার প্রাণ) স্থাকা বাঁকা পথ পেরিয়ে, ব্যথার কথা সব ভাসিয়ে, চল্লো ধনি ঘরকে তার, দূর গেরামে রে॥ (ও সেই)

# দ্বিতীয় অঙ্ক।

## প্রথম দুখা।

#### গঙ্গাতীর।

িমেথর পল্লার সন্ধিক: উএকটি ভাঙ্গা মন্দির। মন্দিরের
চতুর্দিকে ঘন জঙ্গল। মন্দিরের অনতি দুরে একটি কুটীর
নির্মাণ হইয়াছে। উহা পত্র ও আলিপনায় সুসজ্জিত।
পল্লীস্থ আবাল-রন্ধ-বনিতা নূতন পরিচ্ছদে সজ্জিত ও
আনন্দে বিহ্বল হইয়া যুরিয়া বেড়াইতেছে। বহু গ্রামবাসীরাও আসিয়াছে উৎসব দর্শন করিতে।

#### কাল-অপরাহ্ন।

# [ গ্রামবাদীগণ ও মেথর পল্লীবাদিগণ। ]

১ম গ্রাঃ। ঐ সেই জঙ্গলটা !! ওর মধ্যে কত কি পোঁতা আছে বাবা !

२য় " মাধব ছিল একদিন কি বলে— সন্দার।

৩য় " তিন পুরুষে সর্দার।

৪র্থ - ,, ডাকাতের সন্দার ?

১ম " ঐ ! ও কথাটা নাই উচ্চারণ করলে।

৪র্থ ,, বুঝেছি 'ডাকাতের সর্দার বলব না।

২য় ,' 'একাতের সন্দার' বলব না। দেখত।

- ৪র্থ গ্রাঃ। ভ্যাংচাবার কি আছে ? ডাকাতের সন্দারকে আবার তোমরাই বলছ তিন পুরুষে সন্দার।
- তয় ,, ও বোকা লোকটাকে বের করে দা<del>র্</del>ত।
- ৫ম " তোমরা অত ঝগড়া করছ কেন !
- ২য় ,, এদের ছদ্দোর ভেতরে দাঁড়িয়ে যেটা মনে রেখে কথা কইলে হয়, কিছুতেই তা করবে না।
- ৬ষ্ঠ ,, ক্ষেপে ওঠে যদি। চারটে দারোগার মওড়া নিত এককালে। এখন অনেক ঠাণ্ডা হয়েছে, ভয় নেই।
- ৫ম ,, দারোগারা ও ক্ষেপেছে শুনলে তেজপাতার মতন ভয়ে থর থর করে কাঁপত।
- ৬ষ্ঠ ,, তারপর টে কি ঘূরিয়ে লড়াই দেওয়া। এখন সে অনেক বদলেছে।
- ১৯ ,, ও গোলাপীর মা, তুমি যে বল্লে এখানে আজ ঠাকুর প্রতিষ্ঠা হবে ?
- ১ম মেঃ রাণী। তাইত শুনছিলাম।
- ২য় " " না বাবু, দা-ঠাকুর এসবে।
- তয় " আচ্ছা হঁ্যা গোলাপীর মা, তোমাদের কি সেইজন্মে এত সাজগোজ ? সবাই পায়ে জুতো এঁটেছ। রং বেরংয়ের কাপড়, জামা চড়িয়েছ। সব খুব সাজিয়েছ।
- ১ম " " আমাদের কি সাধ যায়না বাবু সাজতে, সাজাতে ?
- ১ম গ্রাঃ। অবশ্য অবশ্য। সাজ, সাজাও। যত পার সাজ।
- ২য় " কিছু মনে করনা। তোমাদের পূজার ব্যাপার মনে করে বলছি। কারুর হাতে শীক, কারুর হাতে ধুনো, গঙ্গাজ্বল। পায়ে জুতোটা যে খাপ খায় না।

- ১ম মেঃ রাণী। এই সব তরে তোদের বলেছিলুম জুতোটা থাক। তোর।
  কথা শুনলি না। খোল পা থাকে জুতো। খালি পা কর।
  সবায়ের জুতো খোল।
- 8র্থ গ্রা:। মদ্দগুলোর সাজ দেখেছ ? চুলের বাহার ঠিক আছে। ঐ গেঞ্জী, কেউ ফতুয়া নিয়ে মাটি করেছে। কোটের ওপর গিঞ্জী চড়িয়ে তার ওপর গামছা!
- ৫ম " কেউ আবার মালকোঁচার ওপর গামছা!
- ১ম " কি, কি, ব্যাপার কি?
- ১ম মেঃ এই এই দেখে এমু তাই বলছি।
- ২য় " কানাই, কি দেখলি রে ?
- ১ম ,, বাঁকের মূখে দেখনু, সন্দর্শির পিছনে আছে। নিতাই দা দা-ঠাকুরের সাথে সাথে আসছে।
- ২য় ,, সবাই পথ দে। সরে যা— পিছনে, পিছনে।
- ৎয় ,, আগে বাড়, ও বাগে। আগে আগে।
- ৪র্থ ,, হাট না। (ধাকা দিয় সরাইয়া)
- ওয় গ্রাঃ। এই, গণপতি আসবে তাই নিয়ে এত ঘোঁট পাগাচ্ছে কেন বলত ?
- ১ম ,, গণপতি এখন এদের বামুন, নিন্দে ফিন্দে কর না।
- ওয় ,, আচ্ছা; লোকটা কি! অমন কালী মন্দির ছেড়ে এই ভাঙ্গ। মন্দিরের পূজারী হ'তে এল ?
- ৪র্থ , কি জন্মে এল, কেন এল। কটা আম, ক হাজার ডাল, ক হাজার পাতা। তোমার অত খবরে দরকার কি বলত ? আম খেতে এসেছ আম খেয়ে যাও না বাব।।
- ১য় " ঠিক বলেছ।

- তয় গ্রাঃ। জানাইত যাচ্ছে। এদের বামুন হলে— আজকাল এদের রোজ গার ভাল হচ্ছে— পয়সা আমদানী হবে ভাল।
- সকলে। আসছে, আসছে। এই আসছে। চুপ। সরে সরে দাঁড়া। এই। চোপ। চুপ্, চুপ্।

[ গণপতি, নিতাই, মাধব, অবিনাশ, করুণা প্রভৃতি প্রবেশ করিল ]

িমেয়েরা উচ্চৈঃস্বরে উলুধ্বনি দিয়া উঠিল। শাঁক বাজিল। পায়ে জল ঢালিল। সরায় আগুন ধূপ, ধূনা আনিয়া ধরিল। আঁচলে পা মুছাইতে একদল মেয়ে অগ্রসর হইল। একজন বৃদ্ধা আপন কেশগুচ্ছ হাতে লইয়া মুছাইতে ঘাইল। গণপতি ও নিতাই আপত্তি করা সম্বেও যখন শুনিল না, তাহারা তুইজনে সাষ্টাঙ্গে প্রণমিত লোকেদের কাটাইয়া, মন্দিরের চাতালের উপর উঠিয়া বাঁচিল।

- মাঃ। দা-ঠাকুর ! একবার যে নেবে আসতে হবে। ঐ লোভুন ঘরে পেরবেশ করতি হবে।
- शः। ना वावू। এমন क्রलে পারব না। পালিয়ে যাব।
- মা:। কি, কেউ আর কিছু করে, আমি তার দায়ী থাকব'। এই, সবাই লড়বি না। যে যেথাকে খাড়া আছিস, লড়বিনি। খবরদার। এস এবার দা-ঠাকুর।

মাধব গণপতি ও নিতাইকে লইয়া নব নির্মিত কুটীরে উপস্থিত হইল।

- গঃ। আমরা আজ শেষ করছি না, তোমাদের কাছে থাকব তাই আরম্ভ করছি। তোমরা সহজ্ঞ ভাবে আমাদের নাও যদি, আমরা থাকভে পারব। আর যদি তা না পার, বিদায় চাইব।
- মা:। সহজ ভাবে নেব, দা-ঠাকুর। নেব, কেমন করে নেব বলে দাও।
  তুমি আমাদের সাথে বাস করতে এসেছ। লোডুন ঘরে পায়ের
  ধূলো দিয়েছ। আমাদের যে আনন্দে প্রাণটা ভরে যাচছে।
  গান্ধীজী! কোথায় তুমি, তুমি ছিলে তাই আমাদের বরাত আজ
  ফিরল। ওরে যোগীন, ওরে অবিনাশ, ওরে করুণা, ওরে যে যেথায়
  আছিস আয়, আয়, দেখে যা আমাদের ভাগ্যিটা। আমার যে
  মরতে ইচ্ছে করছে। এত আনন্দের মধ্যে আমার মরণ হয় না
  কেন? আহা! আজ আমাদের পল্লী শুদ্ধু হ'ল। ওরে আর কারুকে
  কাশীতে মর্ত্তে যেতে হবে নারে।
- গঃ। ভাই মাধব ! স্থির হও। শাস্ত হও। ভাই জন্ম জন্ম ধ'রে তোমাদের সেবা খেয়ে এসেছি। এবার তোমাদের অজত্র সেবা করে তোমাদের ঋণ কতকটা শোধ দিতে পারি যেন, হে গান্ধীজী এই আশীর্কাদ কর।
- নি:। ভাই অবিনাশ, স্থির হও। ভাই করুণা, শাস্ত হও।
- মা:। দা-ঠাকুর একটি বারের জন্মে, একটি বারের জন্মে ছকুম দাও, এই ধূলাতে গড়াগড়ি খাব। একটিবার।
- গঃ। শোন মাধব, ছকুম তিনি দেবেন— সবাই একসাথে গড়াগড়ি খাব। এস সবাই মিলে হরিনাম করি, রাম নাম করি; করে গড়াগড়ি খাব।
- মা:। জয় বাপুজীর জয়! জয় গান্ধীজীর জয়!! জয় মহাত্মাজীর জয়!!! বল হরিবোল, হরিবোল, হরিবোল।

निः।

"রঘুপতি রাঘব রাজারাম।
পতিত পাবন সীতারাম॥
ঈশ্বর আল্লা তেরা নাম।
সবকো সম্মতি দে ভগবান॥
যোভি আল্লা সোভি রাম।
সবকো সম্মতি দে ভগবান॥

[ মৃত্মু ত্থ হরিধানি হইতে লাগিল। রাম নাম হইতে লাগিল। গান্ধীজীর জয়ধানি হইতে লাগিল। সকলে নাচিতে নাচিতে গড়াগড়ি দিতে লাগিল]

[ দৃশ্য পরিবর্ত্তন ]

## দিতীয় দৃশ্য।

### রায়বাহাছরের গৃহ।

#### বাথক্ৰম।

[ আধুনিক বাথরুম। সেই বাথরুমের অর্দ্ধেকটুকু সাদা রংয়ের ফার্নিচারে সুসজ্জিত। বড় বড় আয়না দেওয়ালে ঘরে একটি কাঁচের দরজ। বসান আলমারিতে নানাবিধ যন্ত্র ও প্রসাধনের ত্রব্য সামগ্রীতে পরিপূর্ণ। মহিলাগণ নখ কাটিতে, চুলের প্রসাধন করিতে সকলেই ব্যস্ত ]

#### কাল-মধ্যাহ্ন।

## [রমলা, অরুনা, কল্পনা, আরতি ও সুধা।]

- স্থঃ। আজকাল আমাদের আর সেদিন নেই। সাহেব বাড়ি থেকে দেদার জিনিষ আসছে। দেদার দেদার— মার জিনিষ পর্য্যস্ত।
- আ:। বল কি আসছে, মার খড়কে কাটা, সাড়ি গামছা-সব १
- স্থঃ। ঐ সব বৃঝি বলেছি?
- আ:। আমি জানি যা দিয়ে সক্ড়ি পাড়া হয়, তাই প্যাকেট প্যাকেট আসে।
- স্থ:। না মশাই, যে হাই হিল জুতো পরা নিয়ে মা একদিন চোখের জল কেলিয়ে ছেড়েছেন। আর রুজ, পমেড, ক্রিম যেগুলো মার ছচক্ষের বিষ ছিল, যেগুলো আসছে। ছোট-দা, দাদা যে যখন কলকাতা যাচ্ছে এত এত আনছে। মা আর কথাটি বলে না।

- কঃ। তোমার মা একটি remark করেছেন সেদিন কানে এল। কে বলছিল, তিনি ব্যাগ, প্যারাসোল হাতে মেয়েরা বেরোন মোটেই like করেন না।
- রঃ। সুধা, ভূমি কিছু মনে কর না ভাই, ভোমার মা কি মনে করেন অমন করে কেউ বেরোলেই, তার দৈহিক পবিত্রতা কুল হবে !
- অঃ। প্রবীনেরা তাঁদের নোংরা অভ্যাসগুলো ছাড়তে পারেন না, তাই জগৎটাকে তাঁরা সন্দেহের চোখেই দেখে থাকেন।
- আঃ। আচ্ছা বল, সুধার মা যদি the only lady in the universe হ'তেন, আমি গ্রাহ্য করতেম না, 'যেতে দাও' বলতেম। কিন্তু স্থার মা একটা communityকৈ represent করছেন। আর সে community is still a very large community.
- কঃ। I agree with you আরতি। আমার বিশ্বাস, এখন যে পুরুষদের সম্পর্কে আধুনিক মেয়েরা shy; তাদের সঙ্গে freely মেলামেশা করতে চায় না, তার কারণ পুরুষরা যে শুধু তা নয়। স্থধার মার মতন প্রবীণারা যাঁরা এমন নবীনা মেয়ের দল তৈরী করছেন যে পুরুষ দেখলেই সঙ্কৃচিত হ'য়ে একবারে শালপাতার ঠোকা হ'য়ে যায় তাঁরাই really responsible.
- আ:। পুরুষরা স্বভাবতঃ স্থবিধে পেলেই অত্যাচারী হ'য়ে দাঁড়ায়। তারপর
  যদি আবিল-বৃদ্ধি, মূঢ়মতি প্রবীণেরা তাদের হাতে গড়া মেয়গুলোকে
  সামনে ফেলে দেন, পুরুষরা অত্যাচারী হবেইত, এ আর তাদের
  দোষ কি ? ঐ প্রবীণেরাই হলেন আমাদের সমাজের শক্ত।
  তাঁদের জয়েই female emancipation আমাদের দেশে শেকড়

- গাড়তে পারছে না। আমার বোধ হয়, তাদের পিছমোড়া করে বেঁধে সমাজ থেকে বিলায় করে দেবার ব্যবস্থা করে দেওয়া দরকার।
- রঃ। এ সব বিষয়ে আমাদের তৎপর হওয়া দরকার। আমরা যদি
  নিশ্চিম্ব হ'য়ে থাকি, দেখবে নূতন সভ্যতার উদ্বোধনের পরিবর্তে

  ঘরে ঘরে বন্দীগাল। বিস্তার লাভ করবে। পুরুষরা আবার মের্য়েদের

  দিয়ে আবার দাসীর্ত্তি করাবে। তাদের গুদমজাত করে রাখবৈ।
- আঃ। যখন আমরা জানি, এটা একটা axiomatic truth যে পুরুষরা স্থযোগ পেলেই ঠিক একপেশে চাকা ঘ্রিয়ে বসে থাকবে, তখন মেয়ে পুরুষ উভয়ে সমান দায়িই নিয়ে ব্যবস্থাপক সভায় কাজ করতে বসে যাতে, তার ব্যবস্থা মানে আইন laws frame করাবার চেষ্টা করিনা কেন।
- আং। তাহ'লে that means আমাদের একটা Campaign— a tearing campaign start করতে হবে।
- কঃ। হবে— কিন্তু সেটা কার বিরুদ্ধে করা হবে ? পুরুষদের বিরুদ্ধে,
  না প্রবীণাদের বিরুদ্ধে ?
- রঃ। আমি বলি, Calcuttaয় চল। Let us convene a big meeting, Let us agitate there, তারপর একটা Association form করতে হবে। সেই Association থেকে আমরা Governmentকে দিয়ে bill pass করাব।
- मू:। किंत्रब bill हरत, ताः त्रिण तस्त्र ना ?
- কঃ। এতক্ষনে তবু সুধা একটা কথা কয়েছে। Bill হবে female emancipation এর বিপক্ষবাদীদের দমন আর স্বপক্ষবাদীদের পালন— সেই মর্মে।

- तः। Excellent idea. But I differ with you.
- আঃ। কেন, তুমি differ করছ কেন ?
- সু:। কেন differ করছ, তা বল?
- আ:। ওসব করলে কাজ হবে। Direct action চাই। দেখছ না
  Labour direct action অর্থাৎ Strike করে করে কতদূর
  এগিয়ে যেতে পেরেছে? আমাদেরও লাগতে হবে এরকম কিছু
  ভীষণ প্রতিবাদের list িয়ে। Resolution কাগজে ছাপান is a
  tame process. প্রতিবাদের list হাতে করে প্রতীকার চাও
  দেখবে Tribunal appointed হ'য়ে যাবে। ভারপর টক্ টক্ করে
  আইন সৃষ্টি হয়ে যাবে।
- রঃ। একটা tearing campaign raise করা দরকার। স্থার মা বলে আমরা আরম্ভ করেছি discussion। কিন্তু এটা general discussion। তুমি কিছু মনে কর না ভাই।
- স্থা। মার সম্বন্ধে মিষ্টি কথার প্রত্যাশী হ'য়ে আসিনি ভাই। মা যে ছংখ যন্ত্রনা দিয়েছে আমায়, মা বলেই আমি সহা করেছি। তা ভোমরা কি জান ?
- ক:। আমি হ'লে তোমার মত অমন পড়ে পড়ে মার পেতৃম না। আমার rights I must have. My rights there will be none to dispute. মা বলেই কি পীর না কি ? I will fight like a heroine.
- আঃ। আমি চাই অসহযোগ আন্দোলন start করতে।
- কঃ। কার বিরুদ্ধে ?
- আঃ। পুরুষ, প্রবীণা সকলের বিরুদ্ধে। Direct actionএর armoury থেকে অনেক কিছু পাব।

- কঃ। তারপর ঝুতো ভিজে ঢোল, ফিরে আসতে পথ পাও না। তুমি অত কি বলছ, পুরুষরা যখন ইচ্ছা বাড়ী আসবেন। তার জন্মে মেয়েদের বাড়ী থেকে বেরবার কোন time নেই— এমন অনেক আছে।
- স্থঃ। ভাই, চায়ের টেবিলে চা খেতে দেয় না। এমন অনেক বাড়ী আছে, নেমস্তম করে floorএ বসিয়ে খাওয়ায়। এটা কি disgaceful ব্যাপার নয় ?
- আঃ। আমাদের নব সভ্যতার যুগে, নব সভ্যতা উদ্বোধন করতে আইন কান্তুন প্রয়োজন।
- कः। निक्तग्रह।
- स्रः। निक्ष्यरे।
- ष्यः। निन्ध्य, निन्ध्य।
- আঃ। মনে কর কেউ, আমি সুধার মাকে mean করছি না— কোন প্রবীণা, যদি নবীনা একটু ভাবে বিভোর হ'য়ে— এমন হয়ত হতে

পারেত — "নিমেষ তরে তাই আপন ভুলি,
ব্যাকুল ছুটে যাই ছ্য়ার খুলি।
অমনি চারিধারে, নয়ন উঁকি মারে,
শাসন ছুটে আসে ঝটিকা ভুলি॥"

এ রকম case হ'লে সেই প্রবীণাদের কি হবে ?

- রঃ। Here is a specific case। এর solutionএর ওপর অনেক কিছু
  নির্ভর করছে।
- কঃ। I fully agree with you, যদি এই সব clements সমাজে থাকে, দেখবে নবীনেরা সমাজে টিক্তে পারবে না। আগুণে পুড়ে মরা, গলায় দড়ি দেওয়া, বিষ খাওয়া, জলে ডোবা, পাড়ায় পাড়ায় daily incident হবে।
- আঃ। আচ্ছা, মেয়েদের সমাজ যা চায়, পুরুষরা দেবে না কেন ? What right the man has to interfere in the affairs of woman?
- আঃ। I differ with you গোড়ায় বলেছি। fight করতে হবে। কি করে fight করবে, তাই বল।
- কঃ। কি করে fight করবে, বলা বড় শক্ত।
- আঃ। ঐ ঐ মেয়েছেলে কিনা। fight নাম গুনে ভয়ে পালাছে। female fight— male fight ছ'রকম আছে।
- রঃ। কি রকম, specific instance দাও।
- আঃ। দিচ্ছি। Violent fight এই revolver, sten gun, Jipa চড়ে
  গিয়ে attack করা, hand bomb এই সব use করে fight করা
  হ'ল Violent fight। আর এক রকম fight আছে ভাতে এই

light লাঠী-chargeএর অবভারণা মাঝে মাঝে দরকার হ'তে পারে। খুব extreme caseএ। তাকে বলে non-violent fight,

রঃ। আমাদের কি lathi ধরতে বলছ ? কথাটা কি, খুলে বল না ভাই।

স্থ:। সে আমরা ভয় করি না! জেলে যেতে হয় তাও পারি।

আ:। কথাটা এই— ঘোরতর বিছেষবাদীদের, সে নারী হোক, আর পুরুষই হোক, never mind, তাদের পদে পদে গুর্গতি ঘটাতেই হবে।

আঃ। Ah! এইবার পথে এস। অন্দরে বসে হবে না। fight, if you have to fight and fight like a heroine। Asquith Virgin অবস্থায় Theatre Halla এক সৈনিক পুরুষকে দেখে একটু মুগ্ধ হন। Play থামতে হজনে হাত ধরাধরি করে সকলের সাম্নে দিয়ে জ্যোৎস্লা-স্লাত footpathaর উপর দিয়ে কোন্ এক অজ্ঞানা সত্যের সন্ধানে হজনে বেরিয়ে পড়ল। আমাদের সমাজে কেউ যদি তা করে, সেটা অমনি হৈঃ হৈঃ ব্যাপার হ'য়ে পড়ে কেন? Why?

কঃ। ও সব বিষয়ে যাই বল, দেশ এখন যে পরাভবের দেশ তাই আছে।

র:। ঠিক কথা। এখন উপায় কি ?

আ:। Ah! উপায় কি। উপায় খুব সহজ। একটা Consignment
Jibet খেকে ভেঁপুর আমদানী কর। খুব লম্বা লম্বা— এই আট
হাত অবধি লম্বা হয়।

সু:। কি, ভেঁপু!

আ:। ভেঁপু!!

কঃ। Jibet থেকে ভেঁপু !!!

র:। আহা বলতে দাও না। তারপর ভেঁপু নিয়ে—

- আঃ। বর্ষিয়াদের কানের গোড়ায় ধরে, খুব জ্বোরে ফুঁ দিয়ে দাও। দেখবে পাগলের মতন ছুটবেন। শ্বকালে, ছুপুরে, সন্ধ্যায় একবার ভেঁপু হাতে করে round দিতে হবে। I tell you— আস্তে আস্তে সব সোজা হয়ে যাবে।
- রঃ। এত হ'ল মেয়েদের বেলায়। আর পুরুষদের ব্যাপারে ?
- আ:। Don't worry! বর্ষিয়াদের আয়ত্ত্বের মধ্যে আনতে পারলেই পুরুষরা আপনি টিট্ হ'য়ে যাবে।
- রং। Wait। Light লাঠী-charge যেটা আগে বলেছ, ওটা আমাদের
  ঠিক suit করে না। ভেঁপুটা চলতে পারে। একটা
  medium sizeএর ভেঁপু হাতে করে বেড়ান বিশেষ Unruly
  দেখাবে না।
- আঃ। Unruly ! পুলিসের rule যেমন, ঐটে আমাদের rule। সকলকে অবলম্বন করে চলতে হবে। sign of progress— ওটা হাতে থাকা মানে—
- রঃ। O. K. তোমার এই novel discoveryর জয়ে আমি তোমায় ধ্যুবাদ দিচ্ছি।
- ष:। I congratulate you!
- कः। Congratulations— come on.
- शः। Many congratulations.

### [ সকলে আরতির করমর্দ্দন করিল।

[ बाद्य ठेक् ठेक् मक श्रेन । ]

র:। কে?

( अञ्जतान श्रेराज— "कर्फ" )

Come in, George 1

[খানসামা প্রবেশ করিল]

Russian ? তুমি ? তুমি ? তুমি ? all Russian. Russian Tea— 5 Cups.

Thank you madam.

[খানসামা প্রস্থান করিল]

র:। আজ কে গান গাইবে ?

ক:। অরুণা

অঃ। সুধা

সু:। আর্তি

র:। All success to you— আরতি। আজ আরতির— জয়। বি হবে ?

অ:। বাউল

স্থ:। অনেক দিন আরতির কীর্ত্তন শুনিনি ভাই।

ক:। আমি বলি কীর্ত্নই হোক।

র:। O.K. কীর্ত্তনই হোক। কি বল অরুণা ?

जः। O.K.

शान ।

আঃ।

"রাধে আন জন যত বলে।
সে সব বচন এ চ্য়া চল্দন
লেপন করেছি হেলে॥
তুমি মোর ধনি, নয়ন অঞ্জন—
তুমি মোর হুটি আঁখি।

যবে দিনে আধ তোমারে না দেখি মরমে মরিয়া থাকি।

শয়নে ভোজনে ভাবি মনে মনে, औখি অগোচর যাবে।

তবে কি পরাণে স্থিরতর রহে পরাণ না রহে তবে॥

দেখি আন পথ যো পথ আরোপি, সকল গোচর পায়।

নিরস্তর মন সঁপেছি চরণে,— कमल मधूर्य श्रीय ॥

গোলক বিহার পরিহরি রাধা গোকুলে গোপের ঘরে।

তুয়া সঙ্গ অঙ্গ পর্শ লাগিয়া আইমু তোমার তরে॥

তোমা হেন নিধি মোরে দিল বিধি শুনই কিশোরী গৌরী।

**ठ** छोनांत्र क्य ट्रन मत्न नय, নাহি সাঁখি আড় করি॥"

# ভৃতীয় দৃষ্য।

কালীনাথের সংস্কৃত ভবন।

শ্যুনকক ।

কাল-প্রভাষ।

কালীনাথ।

[ ডেসিং বুরোর সামনে বড় আয়না। কালীনাথ টাই বাঁধিতে ছিলেন ]

La, la, la, la, la,

Long long way to Tiperary!

The sweetest girl I ever found!

ি সোদামিনী প্রবেশ করিল।

[সোদামিনী স্বামীকে হঠাৎ গান গাহিতে শুনিয়া প্রথমে চিস্তিত হইয়াছিল। তারপর মুখে কাপড় চাপা দিয়া হাসিতে লাগিল]

কি, হাসছ কেন ? অত হাসবার কি আছে— আমি কি মানুষ নয় ? মানুষ মাত্রেই গান গায়।

সো:। ইংরিজি গেরটা গলায় বাঁধছ কিনা, তাই ইংরিজি গান গাইছ।

কা:। আমায় কি তুমি কেত্তন টেত্তন গাইতে বল না কি।

সো:। আমি তোমায় কোন গানই গাইতে বলি না। এখন যে জন্মে এসেছি, শোন।

काः। कि छ्कूम ? कत्रमार्टेख रुजूत।

त्रीः। आः! कि त्य इ'क्इ मिन मिन।

কা:। খাতির করছি, তাতেও দোষ। বেশ, তবে কিছু বলব না।

সো:। না, এই বলছি— আবার ঐ হুসেনটাকে জোটালে কেন ?

কা:। একধারে পড়ে থাকবে। ও বাডীর ভেতর না আসলেই হ'লত १

সো:। পড়ে থেকে কি করবে ? রান্নার জন্মে তবে যে শুনছি।

काः। এकট कांचेरलं मरशु मरशु थाव, हेरू आहि।

সো:। তার জন্মে লোক রাখবার কি দরকার ?

কাং। তুমি রেঁথে দিতে পার, তা জানি। তবে সেটা মনে হয় কষ্ট দেওয়া হবে— সেই জয়ে।

সোঃ। ও কি জাত ?

কা:। কে- ছসেন ? জাত খুব খাঁটি।

त्रीः। युमनमान नग्र७ १

কা:। রাম:। সে না হয়ে যাবার যো আছে কি।

मी:। जा इ'लाई इ'न।

काः। जाता

সোঃ। আচ্ছা মেয়ের কি করব? সে আমার কথা নেয় না। বারণ শোনে না।

काः। अनत्व ना त्कन ? अनत्व। এको जान कत्र व्यवह अनत्व।

সো:। বাড়ী খেকে বেরিয়ে বেরিয়ে যাওয়া একা — ঐ সুমর্থ মেয়ে; কি বঙ্গত ? ভাকে যভ বলি, সে শোনে না।

কা:। এখন কি বলতে এসেছ ? মেয়ে দেহরক্ষী সঙ্গে সঙ্গে বেরুবে এই কথা। সেটা কেউ আজকাল করে না। রেওয়াজ নেই।

সো:। মটু মটু করে কাপড় বের করছে আলমারি থেকে। সাজগোজের

শেষ নেই। ষতক্ষন বাড়ি থাকবে, ঐ আর্শির সামনে, বাথরুমে। তারপরেই ব্যাগটা, ছাতিটা নিয়ে ঠক্ ঠক্, ঠক্ ঠক্ করে জুতো ঠক্তে ঠক্তে চ'ল্লো। দেখ্তে দেখ্তে একবারে ফটক পার। দেউড়ির দরোয়ানদের বলে দাও, একজন যেন ওর সঙ্গে যায়। আর ওকে বলে দাও, বেশী না বেরোয়।

काः। আমি বল্লেই कि अनति ?

সো:। সে কি! আমি কিছু বল্লে আমায় খেতে আসে। তুমি বল্লেও শুনবে না? এত আস্পদ্ধা বেড়েছে!

কাঃ। চুপ চুপ! আস্তে। চটে উঠ না। আজকাল আগেকার মতন দিন নয়। এটা স্বাধীনতার যুগ। ছেলে মেয়েও অনেকটা স্বাধীন আজকাল। অভিভাবকদের তোয়াকা রাখে না।

সো:। তা হ'ক। একা অত বড় মেয়ে বাড়ি থেকে বেরিয়ে যাওয়া কি ?
না, বন্ধ করে দাও।

काः। ७-७ व्यात ছেলে মানুষ নয় ? বড় হয়েছে।

সো:। মেশে, আমি শুনেছি।

কা:। মিশলেই বা।

সৌ:। যার তার সঙ্গে মেশামেশি করবে ?

কা: । লেখাপড়া জানা মেয়ে, জানে কি ভাবে মিশতে হয়।

मो: । তা হ'তে পারে না। তা হয় কখন ? আশ্চর্য্য করেছে !

কা:। শোন, তুমি গোঁয়ার্ত্তমী কর না। ও ছনিয়ার বাঁধা চালেই চলছে। ওকে কেরান মানে ছনিয়ার বাঁধা চালকে ফ্লেরান। সে একটা মহা যুদ্ধের ব্যাপার। যে কেরাতে যায়, সেই আত্মঘাতী হ'রে মরে।

পৌ:। দেখ, তা হতে পারে না। হতে পারে না। হয় না।

- কাঃ। তোমাদের কালে লেখাপড়া ছিল না। ওরা পড়েছে, জানে।
  Englandএর মেয়ে কি করে একা পথে চলে? ক্যালকাটায় রাশি
  রাশি মেয়েরা ট্রামে, বাসে, ফুটবল গ্রাউণ্ডে, মার্কেটে, সিনেমাতে
  একা যাচ্ছে আসছে, কারুকে গ্রাহ্য করে না। ওদের সীমানা ওরা
  জানে।
- সো:। তা জানুক। সে হয় না। হ'তে পারে না। হবে না।
- কাঃ। জোর করলে, রাস ছিড়তেও জানে।
- সোঃ। আমি বেঁচে থাকতে ও অমন ধিক্সি মেয়ে হ'তে পারবে না। আমি আগে মরি, তারপর ও যা খুসি করবে।
- কাঃ। মরাত আর সহজ নয়। আচ্ছা আচ্ছা, আমি বলে দেব।
- সোঃ। যার তার সঙ্গে মেশা! তোমার জন্মেই মেয়ে অমন হচ্ছে।
- কাঃ। আমি এমন করে বলে দেব যে ও আর বেরবে না। রুজ পমেড যে গুলোর ওপর ভূমি হাড়ে হাড়ে চটা, সেগুলো আর মাখবে না। খালি পায়ে থাকবে। আর বলে দেব— একটু করে মৃত্তিকা মাখবে
- সোঃ। মৃত্তিকা মাখতেই যেন আমি বলছি!
- কাঃ। তুমি বলবে কেন? আমি চাই আমি বলব। ঘরের কোনটীতে বসে থাকবে, মৃত্তিকা মাখবে, আর চা পানের পরিবর্ত্তে একটু তুলসি পত্র ভক্ষণ করবে।
- সৌ:। আমি কি তাই বলেছি ? আচ্ছা তুমি বল, আমি কি কিছু অক্সায় বলেছি ? খোঁচে লেগে কাপড় ছিঁড়ে যায় না ?
- কাঃ। অত কাণ্ড না করে, তার সহজ উপায় হচ্ছে— অস্তের অসাক্ষাতে সেটাকে রিপু করে ফেলা। কেউ তোমার মতন অমন ছেঁড়াটা টেনে টেনে বাড়াবার দিকে যায় না।

मोः। कि वन त्य ?

কা: । বলি ঠিক। অসাবধানে যদি একটু স্থতোটা সরেই যায়, রিপু করে নিলেই চলবে ।

स्रोः। कि य वन ? तिशू कत्त निलिश वनात !

काः। तिशू ज्लाह।

मीः। त्रिभू ज्लाहः!

কা: । রিপু করে। ওগো তারপর যখন কালের গতি অবকাশের দিন এনে দেয়, তখন ধর্ম্মের সেলাই বাক্সটা পেড়ে নেয়; পেড়ে নিয়ে তালি লাগায়। আর তালি দিতে দিতেই পাড়ি দেয়।

সো:। অনাছিষ্টি কথা তোমার। আমায় কোথাও পাঠিয়ে দিয়ে যা খুসি কর। ঐ মেয়ে তোমার জন্মেই অমন হ'চ্ছে।

[ সৌদামিনী প্রস্থান করিল ]

কা:। Unbending attitude! বাবা! নিজেও ভেকে চুরমার হবে। আর সংসারটাকেও তাই করবে। Hopeless!! Hopeless case!!!

# **उ**जूर्य मुखा

ি চালা ঘরের মধ্যে উন্মুক্ত উঠান। একখানি করিয়া ইটি পাতিয়া তাহার উপর উপবেশন করিয়া পনের' বিশব্দন তাড়ির কলসী লইয়া তাড়ি খাইতেছে। দূরে একখানা বেঞ্চিতে চারিক্ষন ব্যক্তি, তাহার মধ্যে গদা সাহেবও আছে, বসিয়া পান করিতেছে।

## [ গদা সাহেব ও তাহার সঙ্গীরা। ]

গঃ সা:। শ্যালারা গ্রামটা উচ্ছোন্ন দিলরে। খালি করছে ঈশ্বর আল্লা। ঈশ্বর আল্লা। আমার কাছে যদি আসে, আমি তাদের শিকিয়ে দি একবার।

> "ঈশ্বর আল্লা তেরা নাম। সবকো সম্মতি দে ভগবান॥"

ঐ ! মার শ্যালাদের। আসুক একবার। এই সব ভোরা লাঠী নিবি। ইট আছে, হাতে লে। মাথা ফাটা। ছাড়িস নি।

> [ গণপতি, নিতাই, মাধব, অবিনাশ, করুণা আর আর ভিড়ের লোকের: প্রবেশ করিল।]

নিঃ। "ঈশ্বর আল্লা তেরা নাম। সবকো সম্মতি দে ভগবান॥"

গঃ সাঃ। মার শ্যুলাাদের। মার, মার। কি বাবা মাধব ! ভূমি আমার সঙ্গে চলে এস। যত ভাঁড় লাগে দেব। নিঃ। ( আবার গাহিল ভিড়ের সহিত সমস্বরে )
( আবার আবার গাহিল। গদা সাহেব ভিন্ন প্রায় সকলেই গানে
যোগদান করিল। )

গঃ সাঃ। এই পুলিস— সব লুট লিয়া। পাকাড়কে লে যাও। গণপতি বামনা দেশটাকে মজালে, আমি খাই তোর কি ?

[ নিতাই গাহিল "জয় জয় রঘুপতি রাঘব রাজারাম ইত্যাদি" ]

গঃ সাঃ। দেখ আমিও গাইতে জানি। এই আমার দল ! গা সব গা।

ইস্প্রাণটী বঁটীর বাঁট—।

চিংড়ী দিয়ে পাস্তা ভাট॥

এই শ্যালা হাসতা কাহে ? মার কে ছাত্রু কর দেগা।

মাঃ। কি?

গঃ সাঃ। তোমাকে বলিনি দাদা। তোমাকে— এই গড় করছি।

মাঃ। ঠাকুরকে গাল দিবি ?

গঃ। যেতে দাও মাধব। ওর সংশোধন নেই। পূর্বের সংস্কার নিয়ে জন্মেছে, ওকে ছেডে দাও।

নিঃ। গাহিল— "ঈশ্বর আল্লা তেরা নাম। সবকো সম্মতি দে ভগবান॥"

> [ গদা সাহেব ভিন্ন সকলেই গানের ্ সহিত প্রস্থান করিল।]

গঃ সাঃ। সব শ্রালা ভাগলো। যা শ্রালারা, যা। এত খরচ করে লেশা করলুম, লেশাটা ভেঙ্গে দিলে। লেশা কর্ববৃই।

[ যত কলসী ছিল, উণ্টাইয়া উণ্টাইয়া মুখে ঢালিতে লাগিল।]

## अक्षम मृग्रा ।

### গ্রাম্য পথ।

### কৃষক ও কৃষকপত্নী।

[ কৃষকপত্নী ছুটিতে ছুটিতে আসিতেছে আর কৃষককে ডাকিতেছে।]

কঃ প:। শোন, ওরে শোন্ না রে। ওরে শোন্ রে। আজ আমার কি
কষ্ট তোকে কি বলব রে। সারাদিন ঘুরছি, তোকে পাচ্ছি না।
ঘরে একটা কাণা-কড়ি রাখিস্ নি। চালে দেখি, বিছানার নাবোয়
দেখি, কোথাও কিছু নেই। সদা গয়লাকে বন্ধু, সে আমায় ছটো
ট্যাকা দিয়েছে। এতে কি হয় ?

কুঃ। কি হয়েছে তোর ?

কু: প:। এই ছাখ মিন্সের কথা। কেনা কাটা কর্ববুনি ? ঘাটে যে ফুল ফুটে রয়েছে। চ, চ, চ, দেখবি চ।

কঃ। কিসের কিনাকাটা ?

कः भः। किरमत १ ह, ह, ह, एनथि ह।

কঃ। এই, কাপড় ছাড়। আমার লোড়ুন কাপড়। ছিড়বি তো দেখবি। কঃ পঃ। কি, আমায় একটা ছিঁড়া কাপড় সার করে রেখে মিন্সের আবার লোড়ুন কাপড়ের জাক। ছিঁড়ব কার কাপড়!

> [ কুমক হাঁচিকা টান দিয়া টানিতে তাহার পত্নী দূরে ঠিকরাইয়া পড়িয়া গেল।]

কঃ। রাদি, রাদি, রাদি ওঠ। ওঠনারে। কঃপঃ। ভাখ, ভাখ্। কি করে দিলি, ভাখ্।

[ তাহার কপাল, হাত ছিঁ ড়িয়া গিয়াছে ]

कुः। घत्र छ।

कः भः। वनिष्ट चार्छ कृन कृर्छ तरस्र । कार्य कथा यास नि ?

কুঃ। কি ফুল ?

কুঃ পঃ। হেঁ হেঁ। হিঁ হিঁ হিঁ। তুই কেন বুঝিস্ নি বলত ? ফুল কি ? ম্যায়েরা ঘাটে ফুল হয়ে ফুটে আছে।

কঃ। আমি ভোর কথা বৃঝিনি।

কঃ প:। শোন, শোন্ তবে আবার বলি। ঘাটে ম্যায়েরা সব আসছে রে।
কলসী নে জল নেতে এস্তেত। এ তা লয়। এ কেমন কে মাগ,
তার ভাতার তাকে কত দেয়, তাই দেখুছে। আমি ত তোর বে
করা মাগ লয়। গাঙ্গের জলে ভেসে আসা মাগ!

কঃ। তোকে কি কেউ গাল দেছে ?

কৃ: প:। না রে। শোন্। এই সক্ষা জরির ফিতায় খোপ্পা নারাণীর মাধায়। মাথার কাপড় খুলে সে যায় সবাইকে দেখতে দেখাতে। সে ডাগর ডোগর, তব্ মাথাকে কাপড় দিবে না। পরাণীরে দেখে চিন্বি না রে, এমন রং ধরিয়েছে মুখে, হাতে, বুকে। ঘেঁচির সামিক্ত যদি দেখিস্, সাধ যায় কাপড় ফেল্লে সামিক্ত পরি।

कुः। जुडे चत्र यावि नि?

কৃ: প:। রেখে দে ভোর ঘর এখন। টুকীর জ্যাকোট! ও: মা! কি কইব রে। ডোরা ডোরা রং, তার ওপর আবার ফুল। তারা আছে ফুলের ধারে ধারে। হাঁা। কু:। আমার ভুক্ নেগেছে। ঘর চ।

কৃঃ পঃ। সব ম্যায়ের পায়ে জুতা। কোঁকোর মালা রং বেরংয়ের সবাই পরে। আর তোর মাগ কেন খালি পায়ে থাকবি রে? এই শোন্, আজু কেনা কাটা করে তারপর যাব, ভাত চড়াব।

কৃঃ। পয়সা পাই, মাইনাটা পাই, তোর যা মন যায় কিনাব।
কৃঃ পঃ। আমি ও কথা ভনব নি। ভনতে চাই নি। দে, ভোকে এই
সাঁজের মণ্ডি দিতে হবে, দিতে হবে, দিতে হবে।

কু:। কোথা পয়সা?

কৃ: প:। না আমার কি কি চাই বলি শোন্।

কু:। পয়সা কোথায় ?

কৃঃ পঃ। ফ্যাচ্ ফ্যাচ্ কোর নি। ভাল হবে না। আমি খুনোখুনি করব। কৃঃ। আয় বাবা। বল্, কি বলবি তুই বল্?

কৃ: প:। আমায় আগে দে— পডার দে, রুশ দে, পমটেম দে, জারি দে, জারি দে, জাকোট দে, একটা ফুলদার ভাল হেঁ হেঁ রেশমি শাড়ী দে। আর কি বাকী রইল ? হাঁা— কোঁকরালা ভাল রংয়ের জুতা দে। এ যদি না দিবি, আমি ভোর সঙ্গে ঘর করবুনি। মার কাছে চাল্যে যাব। বলে দিছি, হাঁয়।

कः। আমি দেব। মাইনে পেলে দেব। মাইনেটা পাই।

কৃ: পা:। আমার ত হাতের বাউটি আছে, চুড়ি আছে, কাণের মাকড়ি আছে, কোমরের গোঠ আছে, পায়ের মল আছে, সে বারকর। বাস্ত্রতে আছে, বার কর।

ক:। তারপর?

কৃ: পা:। রাম কিসানের দোকানে ধরলেই ট্যাকা। আর একটা বেগ চাই। লোভুন বেগ। ভিতরে থাকবে আয়না। এই যেখন ঘাটে যাব না ? বেগটা খুলে আয়নাটা লেয়ে, পডার ছিটাব, এমনি করে বাগ করে দাঁড়াব, আর এমনি এমনি এমনি করে আয়না ধরে পডার ছিটাব— পডার, পডার। আমি সব জানি। রেশমি শাড়ী, ঘ্যাগরা করে পরতে আমি জানি। মাথায় ঢাকা থাকবে নি। আর বলবু নি— মাথায় ঢাকা থাকবে নি। জুতা পরে মস্মস্ করে তোর সাথে ছবির ঘরে যাব।

ক্:। সেই ছবির ঘর? সেই যে সেই যেথাকে তোকে নে গেলাম ?
ক্: পা:। হাঁ। ইবার ছাখ্ সামনা সীটে বসবু নি। পিছনকার সীটে
বসব। পিছনকার সীটে বসে ছ'কাপ চা আনাব, আর— আর—
ছ'টা কাট্লিশ।

কুঃ। এঁ্যা---

ক্:প:। হেঁ হেঁ হেঁ। কেমন হবে ! হেঁ হেঁ হেঁ। চ আর দেরি করিন্
নি। আমার যা দিন গেছে আজ। সেই তুই গেলি কাজে, আর
আমি তেখন থেকে কেবল হকান হকান দেখে বেড়াচ্ছি। আয়
বাপ্! কি বলব তোকে রে— এই মাথায় নাই তেল প্যাটে নেই
ভাত, আর এই ঘুরুণী। চ—

[ দুর হইতে গান শ্রুত হইল ]

(গান)

"ঈশ্বর আল্লা তেরা নাম।"

रेजािन, रेजािन।

কৃ:। ঐ রে মেথর পাড়ার ভিড় আসছে। দা-ঠাকুর আসছে।
कृ: পঃ। ঠিক হবে। তুই যেমন আমায় দিস্ নি, আমি দা-ঠাকুরকে বলে
দেব। দেখিস্, ঠিক বলে দেব।

[ নিভাই, গণপতি, মাধব, অবিনাশ, করুণা ও পিছনকারের ভিড় প্রবেশ করিল।]

দা-ঠাকুর, পিয়াম। দা-ঠাকুর, দেখ আমার কি দশা করে রেখেছে। একটা ছি ড়া কাপড় সার। কি করেছে দেখ— জুতা দেয় না, জ্যাকোট দেয় না, রেশমি শাড়ি দেয় না, পড়ার না, রুশ না, পম্টেম দেয় না, কিছু দেয় না।

গঃ। সে অক্স মেয়েরা পরবে মা। ও সব পরা, ও সব আচার অমুষ্ঠানে যোগ দেওয়া কি তোমাদের সাজে ? আমাদের পোড়া মাটীর দেশ। তুমি যে মা পোড়া মাটীর দেশের পল্লী-মেয়ে। তোমার এইত ঠিক সাজ। আবার যখন ভারত স্কুজলা ক্ফলা হবে, তোমায় আমি মা ভগবতীর সাজে দেখব।

কুঃ পঃ। তবে ওরা সবাই সাজে কেন ?

গঃ। আমার মায়েরা, বোনেরা, ভায়েরা ! এ কোন ময়ুরের পাখা দেখাচছ !
বাবুরা ইংরাজের কাছ থেকে চুরি করেছে ময়ুরের পালক। ভোমরা
আবার বাবুদের ওপর বাটপাড়ি করেছ—। বাবুরা দেউলে।
ভোমরাত তা নয় !

১ম গ্রাঃ। দা-ঠাকুর, ইংরাজ দেশ ছেড়ে চলে গেছে। ভারত স্বাধীন।

- গঃ। কে বলে ইংরাজ দেশ ছেড়ে চলে গেছে ? যায়নি, ইংরাজ আছে। প্রত্যেক বাবুতে শ্রেণী ভেদের মানদণ্ড স্বরূপ তারা আজও বর্তমান।
- ২য় গ্রাঃ। আচ্ছা দা-ঠাকুর, ছধে জল দেওয়াটা চুরি হ'তে পারে। তা বলে কি বাবুদের উন্নত পদ্ম অনুসরণ করলে আমাদের চুরি করা হবে ?

গং। তা যদি কর, গান্ধীজীকে বিশ্বাস তাগ করতে হবে। সত্যের উপলিন্ধি বন্ধ হয়ে যাবে। বাবুদের কৃত অস্থায়কে যেদিন সত্য বলে
মনে হবে সেদিন তোমাদের ধর্মে বিশ্বাস ক্ষীণ হয়ে যাবে। বাবুরা
অপেক্ষাকৃত শিক্ষিত। মার্জ্জিত রুচি-সম্পন্ন, স্মুচ্তুর। কিন্তু
তাদের মধ্যে উন্নততর লোকদের মধ্যেও এমন ক্-অভ্যাস, ব্যাভিচার,
তারা এমন ভোগের কীট যে, নিজের স্বার্থ সিদ্ধির জন্ম নিজের
ইক্ষৎ, জাতির ইক্জৎ, দেশের ইজ্জৎ অম্লান বদনে পরের হাতে তুলে
দিতে দিধা করে না।

৩য় গ্রাঃ। এত নীচ, ভেতরে ভেতরে বাবুরা ?

- গঃ। ভায়েরা, মায়েরা, বোনেরা! ইংরাজের দ্বারা তাদের ধর্মাস্তরটা ঘটে নি বটে— কিন্তু আর সব হ'য়েছে। প্রত্যেক বাবু ধর্মে মিতিহীন নিছক ইংরাজ। এটা ঘটেছে। তাদের আদর্শ, অস্থরের আদর্শ। তাদের খাওয়া, পরা, আচার, ব্যবহার, হাবভাব, উপায় কৌশল এমন কি বিবাহের পদ্ধতিটা পর্যান্ত বদলে গেছে। তাদের আমি ঘৃণা করি না। তাদের ভেতর যে চোরাই মাল— ইংরাজটা আজও বর্ত্তমান, সেটাকে ঘৃণা করি। তাদের মুখে এক, কাজে আর এক— এই অসত্যগত ভাবটাকে আমি চিরশক্র জ্ঞান করি। বাবুদের অস্থরের আদর্শ। তারা প্রত্যেকে ইডেন হ'তে চায়, চার্চিল হ'তে চায়, হিটলার হ'তে চায়। আমরা চাই— গান্ধীজীকে।
- ৪র্থ গ্রা:। দা-ঠাকুর ! বাব্রা বিদ্বান, রাষ্ট্র চালান, স্কুল কলেজ চালান। তারা না হ'লে আমাদের বিভাশিক্ষা হতেই পারেনা। তারাই দেশে স্বাধীনতা এনেছেন।
- গঃ। জাতির জনক স্বাধীনতা এনেছেন। জাতির মত, জাতির চৈতগ্য তিনিই গঠন করে দিয়ে গেছেন। জাতির মত গঠিত না হ'লে

ভারতে স্বাধীনতা কোন দিনই আসত না।

- কম গ্রাঃ। বিভাশিক্ষা আমাদের চাই, তাদের আমরা কেলতে পারি কি ?
  গঃ। যতদিন বাব্রা অস্থরকে হৃদয় হ'তে না সরাচ্ছেন, যতদিন ইংরাজকে
  ভারতে বজায় রাখছেন, আমরা ততদিন তাদের কাছথেকে শত
  যোজন দূরে থাকব। আমরা রঘুপতিকে পূজা করি। ছর্য্যোধন,
  ফুশাসন, জরাসন্ধ, শিশুপাল যতই বিদ্বান হ'ক, যতই ক্ষমতাশালী
  হ'ক, তাদের প্রাণহীন উয়তির আখ্যা আমরা কানেও শুনতে চাই
  না। তোমরা তাদের দেখাদেখি যেটুকু মিখ্যা সভ্যতা গ্রহণ করেছ,
  যেটুকু সাজসজ্জায় অদল-বদল করেছ— সেটুকুকে বিষ জ্ঞানে ত্যাগ
  কর। আমরা জানি— আমরা কত হীন। সত্যকে হারিয়ে বিদ্যা
  চাই না। অস্তরের সৌন্দর্য্য হারিয়ে অর্থাৎ চরিত্র হারিয়ে বাহিরের
  সৌন্দর্য্য চাই না। আমরা অস্থরের মতন পরাক্রমশীল, দোর্দ্ধগু
  প্রতাপশালী হ'তে চাই না। আমরা চাই বিবেক, বৈরাগ্য, ত্যাগ,
  শাস্তি। বাব্রা চায় ইয়োরোপকে ভারতে বসাতে—। আমরা
  চাই সকলকে সেবা করে বেঁচে থাকতে। আমরা চাই ভারতে
  রামরাজ্য বসাতে।
- ২য় গ্রাঃ। দা-ঠাকুর, আমরা সমাজে হীন শ্রেণী। যেটুকু বিদ্যা অর্জ্জন করতে পেরেছি আজ তার জন্মেই খেতে পাচ্ছি। ঐ বাবুদের দয়াতেই বিচ্যাটুকু পেয়েছিলুম। আমাদের ছেলে 'মেয়েদের বিচ্যা না দিলে, আর যে কোন আশাই নেই। বাবুদের ছেলে মেয়েদের মতন শিক্ষা-দীক্ষা আমাদের ছেলে মেয়েদেরও চাই।
- গঃ। যে বিভায় চিত্তের পশুত্ব কাটে না, সে বিভা বিভাই নয়। তাতে
  মামুষের অস্কুরত্ব বাড়ে কেবল। ওদের শিক্ষা দীক্ষায় আমাদের
  ইষ্ট নেই— অনিষ্টই যথেষ্ট। আমাদের পাঠশালাই ভাল। সহায়

সম্পদ হারিয়ে যদি শিক্ষা দীক্ষা চালাতে হয়, সেও ভাল। গাছ-তলায়, গোয়াল-ঘরে, পোড়ো বাড়ির ভাঙ্গা ঘরে বসিয়ে যদি আমাদের ছেলেদের শিক্ষা দিতে হয়, তাই দেব— তবু বাবুদের ঐ পাকা ইমারতের স্কুল বাড়িতে তাদের কখনও যেতে দেব না। নিজেদের অর্থে, নিজেদের প্রমে, নিজেদের চেষ্টায়, নিজেদের সামর্থে যতটুকু পারি ততটুকুই ভাল। তার অধিক আমরা চাই না। আমার মায়েরা, বোনেরা, ভায়েরা। সত্যের উপাসক হও। গান্ধী-জীর শিক্ষাকে বিশ্বাস কর। অহিংসা মনে, প্রাণে, কথায়, কাজে অভ্যাস কর। আচরণের দ্বারা প্রমাণ কর তাঁর শিক্ষা। কর্ম্মে মন দৃঢ় কর। জ্ঞান আপনি একদিন উন্মেষিত হবে আমাদের कुनरा अक्षम आमता, अक्षमके शांकर। वर्ग, धर्मा, मन्त्रानारा, প্রদেশ, ভাষা, কৃষ্টি এ সব সঙ্কীর্ণতার ভেতরে কোন দিন প্রবেশ করব না। আমরা ভাব্ব জাতিশৃন্ত, ভোণীশৃন্ত, ভেদশৃন্ত সমাজকে। আমরা ভাব্ব প্রতিবেশীর সন্তাবকে। আমরা ভাব্ব গরীবের রাজা গান্ধীজীকে। তাঁরই মন্ত্র আমাদের জীবনের জপ-মালা করব।

" সত্যকথা, অহিংসা, পরদার মাতৃসমান। এততেও না মিলে হরি গান্ধী ঝুট জবান॥" বল জয় বাপুজীর জয় ! জয় গান্ধীজীর জয় !! জয় মহাত্মাজীর জয় !!!

# वर्छ मृश्रा।

চীনামাটির কারখানা।

'বড় সাহেবের কামরা।

কাল—দশটা, সাড়ে দশটা।

# [ কালীনাথ, রায় বাহাছর, মহেন্দ্র, দেবেন্দ্র ও ঘোষাল বাবু।]

ঘোঃ বাবু। তিনশ লোক মেথর পাড়া আক্রমন করলে। মেথররা ভয়ে
পালাল। পুলিশের সাহেব গিয়ে পড়ল। গণপতির ঘরটা
সাহেব আসবার আগেই পুড়িয়ে সাফ করে দিয়েছে। মাধবকে
ধরিয়ে দেওয়া হয়েছে! গণপতিটা খুব ওস্তাদ, তাদের ওপর
অত্যাচার হয়েছে এইটেই সাহেবকে বুঝিয়েছে। একজন মেথর
পালাচ্ছিল কাঁটাবন দিয়ে, সেটাকে ধরে খুব মেরেছে। পুলিশ
গিয়ে পড়ল, নয়ত তাকে সাবাড় করে দিত।

রাঃ বাঃ। মেথরদের আর অহ্য হিন্দুদের মধ্যে বিরোধটা ভা'হলে বাধল না ?

কা:। যাদের চক্রাস্ত করতে দেওয়া হ'য়েছে তারা পারলে না ?

মঃ। এটা কে করালে ? কার চক্রাস্ত ? জানেন কি ঘোষাল বাবু ?

- ঘোঃ বাবু। বর্ণ হিন্দুদের। গণপতি মেথরদের নিয়ে যা কাণ্ডটা করছে গ্রামে! গ্রামের সকলেই যে তাকে ঘুণা করবে, এর আর আশ্চর্য্য কি বলুন ?
- দে:। আমার বিশ্বাস গণপতিকে আর মেথরদের যদি তাদের ঐ জায়গাটা ছাড়িয়ে অম্বত্র না পাঠান হয়, এ গোলমাল থামবেনা।

- ম:। যখন গ্রামের বড় বড় মাতব্বরেরা আমাদের কাছে গণপতির বিরুদ্ধে complain করেছে, আমার বোধহয় গণপতিটাকে ডেকে তাকে দিয়ে apology চাওয়ান দরকার।
- দে:। আমার বোধহয় গণপতিটাকে আমাদের রাখা চলবে না। সে গ্রামের বাব্দের গালাগালি দিয়ে বেড়ায়, that reflects on us all.
- নঃ। আমার মনে হয় একটা চিঠি দেওয়া যাক। Your services are no longer required।
- রাঃ বা:। গ্রামের লোকেরা সেই ভাবের দাবীই জানিয়েছে।
- দেঃ। গণপতি এইসব করে ছোট লোকেদের কাছে খুব বাহবা পায়। আমরা তাকে চাকরিতে রেখে, তার এই labour movement এ খুব উৎসাহ দিচ্ছি। ছফুতকারীকে উৎসাহ দেওয়া হ'চ্ছে।
- কাঃ। আমার উদ্দেশ্য শুধু এমন একটা উপায় অবলম্বন করা, যে সাপও মরে আর লাঠিও না ভাঙ্গে।
- রাঃ বাঃ। আমি বুঝেছি সেটা। সেই রকমই উপায় করব। আচ্ছা তাকে ডাকা যাক। একটু probe করে দেখাই যাক না। আমি তাকে আমার ঘরে ডাকাই। একটু tackle করে দেখি।
- কাঃ। কেন, এইখানেই ডাকান না।
- রাঃ বাঃ। আচ্ছা ঘোষাল বাবু, তুমি যেওনা। Send for him, আর কারুকে দিয়ে ডাকাবে। [ ঘোষাল বাবু প্রস্থান করিল ]

মহু বাবু, দেবু বাবু, ভোমরা কেউ কিছু বল না। কাঃ। Leave it to Rai Bahadur.

## [ গণপতি প্রবেশ করিল। ]

রা: বা:। মিষ্টার Dutt এই গ্রামের একজন প্রাচীন জমিদার। গ্রামের কোথাও কিছু হ'লে, লোকে ওঁর কাছেই ছুটে আঁসে। তোমার নামে গ্রামের মাতব্বরেরা একটা খুব লম্বা অভিযোগ পাঠিয়েছেন!
মিষ্টার Duttএর বিবেচনায় তোমার লোকেরা এবং ভূমি যে উপায়
অবলম্বন করেছ তাতে গ্রামের শিক্ষা দীক্ষাকে গোপনে হত্যা করা
হচ্ছে।

- গঃ। ভদ্রলোকেদের অবলম্বিত পদ্ধতিকে আমরা দোষ দিই। আর কিছু করি নি। আমাদের যে তাঁরা রেহাই দেন না! আমরা আমাদের কাজ করতে চাই। তাঁরা বাধা প্রদান করেন। আমরা সেই বাধাকে সাহসের সহিত দূর করবার চেষ্টা করি।
- রাং বাং। তোমার বোধহয় মনে আছে, বাবুদের বিরুদ্ধে তুমি সকল সময়ে বক্তৃতা দিয়ে থাক। আর যা-তা কথা বল। এটা মনিবকেও লাগে। I mean Mr. Dutt কেও লাগে।
- গঃ। আমার যতদূর মনে পড়ে, আমার মতামত জানাতে আমি ব্যক্তিগত ভাবে বাবুদের কখন কিছু বলিনি— ধনী কিম্বা মূর্থ যে কোন বাবুই হ'ক। আর মনিবদের বিরুদ্ধে আমিত কখন কিছু বলি নি।
- রাঃ বাঃ। তুমি যে মত বিস্তৃতভাবে প্রচার করে বেড়াচ্ছ, তাতে যে বাবুরা বাদ পড়েন, একথা তুমি বলতে পার না। খোলাখুলি ভাবে না বল্লেও, মনীবদের জড়িয়ে বলা হয়েছে। আমি যে তোমায় না বলার জত্যে স্থপারিশ করছি এটা তুমি মনে কর না। তুমি চাক্রী কর। নেমক খাও। আর নেমক খার খাও, কথাটা যদি তাঁকে গিয়ে লাগে, তোমার পক্ষে খুব সামঞ্জ্য-বিহীন কাজ করা হয় না কি ?
- গঃ। আমার কথায় বাবুরা যদি দোষ নিয়ে থাকেন, আমি ক্ষমা চাইছি।
  কাঃ। দেখ গণপতি, পল্লীবাসী বালক বালিকাদের শিক্ষা সম্বন্ধে ভোমার
  প্রাচীন সভ্যতার প্রস্তাব যদি দ্বিধা বিভক্ত করা হয়, সেটা খ্ব
  স্থবিবেচনার কাজ হবে না।

- গঃ। গান্ধীজীর ব্যক্তিগত মত যা ছিল, আমি সেই মতটাই প্রকাশ করবার চেষ্টা করে থাকি। যে নীতির উপর ভিত্তি করে, আমার মতটা গঠিত হ'য়েছে, আপনারা শুনলে বোধহয় সে মন্টা নির্দ্দোষ বলেই মনে করবেন।
- রা: বা:। যাক— ও গান্ধীজীর মত কেউ কেউ ভাল বলে আবার কেউ কেউ ওটা idealistic বলে ছেঁটে বাদ দেয়। আমার বোধহয় মতামত নিয়ে তর্ক বিতর্কের এখানে কোন দরকার হচ্ছে না।
- মঃ। আমি একটা কথা বলব।

बाः वाः । वल ।

- ম:। আমাদের কারখানার লোকেদের তাতে ক্ষতি হচ্ছে কি না ?
- গঃ। সে আপনারাই জানেন। আমি তাদের সাহায্য করবার থুব চেষ্টা করি। আমার চেষ্টা সফল হ'চ্ছে কি না, সে আপনারাই বলতে পারেন।
- মঃ। আমি দেখছি, গণপতির সিদ্ধান্ত অনুসরণ করে, বড় কারিকর বাব্ বিশেষ ক্ষতিগ্রস্থ হয়েছেন।
- গং। কেন, কেন? ক্ষতিগ্রস্থ হয়েছেন কিসে বলুন?
- ম:। আপনি তাঁকে পরামর্শ দিয়েছেন, উপার্জ্জনের টাকা তাঁর ভাইকে দিয়ে দিতে।
- গঃ। আজে হাা।
- দে। তুমি Economicsএর কিছু জান !— জাননা। আমি কিছু জানি। রাঃ বাঃ। দেবেন্দ্র বাবু Economicsএ M. A. First class honours 'পেয়েছেন।
- দে:। তুমি পরামর্শ দিয়েছ, তার সমস্ত উপার্জ্জনের টাকা দাদার তহবিলে তুলে দিতে ?
- গঃ। হাঁ সভ্য, পরামর্শ দিয়েছি।

- দে:। এ কাজ করা হ'ল কেন?
- গঃ। উনি তাঁকে পিতার মত শ্রন্ধা করেন।
- দে:। সেইজন্মে স্বোপার্জিত অর্থ পরহস্তগত করতে দিতে হবে!
- গঃ। শ্রদ্ধার লক্ষণই যে তাই। মাথার ঘাম পায়ে ফেলা অর্থে, তার কোনও মমতা থাকবে না।
- দেঃ। এ theory বড় সর্বনেশে theory। পৃথিবীর বড় বড় পণ্ডিতদের
  মত হচ্ছে— প্রত্যেক মান্থবের কর্ত্তব্য এই যে, সে তার আর্থিক
  স্বার্থকে জীবন দিয়েও রক্ষা করবে। তাকে রক্ষা করা, পরিপুষ্ট
  করা, তাকে স্মৃদৃঢ় করা, আর তার প্রসার বৃদ্ধি করা তার সর্ববরকমে
  দরকার।
- গঃ। कथां । यांत्र वांका जांकि यमि वृतिरा प्रात्न, जान द्या।
- মঃ। আচ্ছা আমি আর একটা কথা জিজ্ঞাসা করি। গদা সাহেবকে কাজে নেওয়া হয় না কেন ?
- গঃ। আজ্ঞে, সে সজ্জন নয়। চরিত্র দোষ বড়ত। বড় কারিকর বাবু ও রকম লোক পছনদ করেন না।
- কাঃ। তাতে কি। Private lifeএ কে কি করে আমার দরকার কি? কাজ বজায় করে যদি সে হুগেলাস কেন, হুবোতলও খায়, তাতে আমার আপত্তি করবার কি আছে?
- দে:। আমি শুনেছি, সে নাকি কেটে জোড়া দিতে পারে, এমন কারিকর।
- মঃ। বড় বড় Engineerরা থৈ পায় না। Engine, boiler, সব কল কল্পা সে একাই ঠিক রাখতে পারে।
- দে:। সে জনার্দ্দনকে eclipse করবে এলে।
- গঃ। আজে?
- কাঃ। না, কিছু না।
- গঃ। আমি বড় কারিকর বাবুকে বলব, আপনি যা মত উল্লেখ করলেন।

আপনার যখন মত আছে, আমার স্থির বিশ্বাস, গদা সাহেবকে কাজে নিতে তিনি কখন দ্বিরুক্তি করবেন না।

কাঃ। দেখ গণপতি, আমার ইচ্ছা যে, তুমি যতদিন আমার কাছে কাজ করবে, বাব্দের সম্বন্ধে কোনও মতামত প্রকাশ করবে না।

গঃ। আমার মনে এইটে স্পষ্ট ও পরিষ্কার যে, ছোটলোকেদের ভাল পথে টেনে লওয়া, সেটা বাবুদের প্রভাবের ভিতর দিয়ে হ'লে মোটেই সম্ভব হবে না।

রাঃ বাঃ। তোমার ঠিকানা কি গণপতি ? ঘর কোথায় ?

গঃ। মেথর পাড়ায় আমার ঘর।

রা: বা:। জাতে কি তুমি ?

গঃ। জাতে মেপর।

কাঃ। আমার ইচ্ছার বিরুদ্ধে তুমি কাজ করবে, সেটা কি ভাল ?

গঃ। আমি কাজ থেকে অবসর গ্রহণ করি, আপনি আমায় অনুমতি দিন।

রা: বা:। বড় সাহেব তোমার ভালর জন্মেই বলেছেন।

কাঃ। তুমি আমার কথা বুঝতে পারনি।

গ:। আপনার কারখানার কোনও ক্ষতি হবেনা আমি গেলে।

কাঃ। ক্ষতি তুমি করবে না জানি।

গঃ। আসি তবে, নমস্কার।

[ গণপতি প্রস্থান করিল ]

কাঃ। Thank God! থ্ব অল্পেডেই একটা বড় বিষাক্ত এবং কাঁটা গাছ উপড়ে কেলা গেছে।

(সকলের হাস্ম)

### मध्य पृथा।

### গ্রাম্য পথ।

## কাল- প্রায় রাত হুইটা।

# চূড়ামণি যোগের ভিড় চলিয়াছে।

পথের তুইধারে ঘন জঙ্গল, মধ্যে মধ্যে পরিকার স্থানও আছে। মহেন্দ্র ভিডের ভিতর হুইতে বাহির হুইয়া জঙ্গলে আশ্রয় লুইল।

#### মহেন্দ্র।

মঃ। ওঃ, ছজুগ দেখতে বেরিয়ে যেন মাঝ দরিয়ায় বাণের টানে পড়ে গেলুম। পাগ্লামোর বাণ ডেকেছে। উদ্ধিশ্বাসে, প্রাণপণে চেঁচাচ্ছে— ভগবান পাছে শুনতে না পান, কাণে যদি একটু খাটো হন। আবার উলুশ্বনি, হুলুশ্বনি, হরিশ্বনি— মাথামুণ্ডু আর কত ধ্বনি যে করছে— তার ওপর আবার খোল, খরতাল, শিঙ্গে, শাক— পাকা Orchestra বসিয়েছে। প্রাণ ওষ্ঠাগত এদিকে। গণপতিটা না থাকলে এ ছজুগটা এমন বাণ ডাকার আকার ধারণ করত না। গণপতি এই গ্রামের লোকেদের ওপর, অর্থাৎ আমাদের কারখানার লোকেদের ওপর এত প্রতিপত্তি বাড়িয়ে তুলেছে, আর সহ্য করা যায় না। প্রামের ছোট বড়, এমন কি ভদ্রঘরের ছেলে মেয়েদের পর্যান্ত অলীক কাঁদে পা দিইয়েছে। সহায় সম্পন্ন মানুষ, কুঅভ্যাসের চাপে একটা অসহায় জীব হ'য়ে দাঁড়িয়েছে! তারা অব্যক্তের অমুক্লে ছুটে গেল, ব্যক্তকে পায়ে ঠেলে। গ্রামটাকে মনুষ্যান্থবিহীন ভত্তকথার বাহন করে ফেল্লে। সময় নেই, অসময় নেই যেখানে দ্রেখ

কেবল 'গান্ধী' 'গান্ধী' আর 'ভগবান' 'ভগবান' করছে। বাবা যা বলেছেন ঐ ঠিক— কারখানা এবার lead করবে গ্রামকে। সাড়ম্বরে দরবার, উৎসব, সভা এই সব করবে। যাতে এশ্বর্যা প্রকাশ হয়, সেই সব করবে। তাহ'লেই লোকের মদটা মোহিত হবে। তাদের আর গণপতিতে মন উঠবে না। পছন্দের বাহার তাদের হটিয়ে নিয়ে বেড়াবে হেথা, হোথা, সেথা। জাঁক জমক দেখাবার জন্মে প্রাণ আটু পাটু করবে, যেমন ভদ্রলোকেদের করে। তারা তখন আরাম করতে শিখবে। মামুষকে বেঁচে থাকতে হ'লে যা যা দরকার, সব শিখবে। লোকটা কি পাজী, বদমায়েস, ড্যাম, ফুল ! গরীব লোকেরা সারাদিন খেটে খুটে গায়ের ব্যথা মারবার জ্ঞতে একটু আধটু নেশা করত, সে কি না সেই নেশার দোকান গুলোকে উঠিয়ে তবে ছেড়েছে। গ্রামে একটা parallel government run করছে যেন। ওর কথাই সর্বত্র বলবৎ থাকছে। ওকে সায়েস্তা করতে হবে। গ্রাম থেকে তাড়াতে হবে। প্রয়োজন হয়— (গুলী করার চং ) আমরা থাকতে ও কিছুতেই আর এক পা এগোতে পাবে না।

> [ একজন অন্ধের গান গাহিতে গাহিতে প্রবেশ ] (গান)

অঃ।

"কেমন করে পরের ঘরে ছিলি উমা বল মা তুই।
কত লোকে কত বলে, শুনে প্রাণে মরে যাই॥
চিতাভন্ম মেথে অঙ্গে, জামাই বেড়ায় মহারঙ্গে,
তুই নাকি মা তারই সঙ্গে, সোণার অঙ্গে মাখিস ছাই॥
এত কিরে থৈগ্য ধরে, জামাই নাকি ভিক্ষা করে,
এবার নিতে এলে পরে, বলব উমা ঘরে নাই॥"

[ অন্ধ প্রস্থান করিল ]

মঃ। মর্মান্তিক অবস্থা! জামাই ভিক্ষা করে। কে অন্ধকে খবরটা দিয়েছে? অন্ধ এবার তাই উমাকে আটকাবে। শ্বশুর বাড়ি যেতে দেবে না। Most pathetic part হচ্ছে ভগবানই— ওর ছুই চক্ষ্ কাণা করেছেন! ইনি আবার কে আসছেন ফিস্ ফিস্ করতে করতে ? (টর্চচ মারিয়া দেখিল)

[ভিখারী প্রবেশ করিল ]

ভি:।

ছমেকং জগৎক্তৃপাত্ৰী প্ৰহৰ্ত্ত।

ছমেকং পরম নিশ্চলং নির্বিকল্পম।

মঃ। ছমেকং ভয়নকং বক্চং। এই শোন। Come on ।

ভিঃ।

ভয়ানম্ ভয়ং, ভীষণং ভীষণানাম্।

গতি প্রনিনাম, পাবনম্ পাবনানাম॥

মঃ। বাপু হে! ভগবান তোমার আর্ত্তি শুনে একটা prize পাঠিয়ে দিয়েছেন— দাঁডাও।

ভিঃ।

মহোচে পদানাম্ নিয়ন্ত্ ছমেকং।

পরেষাং পরং, রক্ষণম্ রক্ষণাণাম্॥

মঃ। বাঃ বাঃ। বেশ বলা হয়েছে। Delivery অতি সুন্দর। তবে রে পাজী! থামতে বল্লে থামে না। থাম বলছি।

ভিঃ। আমায় কেন অমন কর বাবু?

মঃ। কে তুই আগে বল ?

ভিঃ। ভিখিরী।

মঃ। এই গামছা কেড়ে নিলুম। ওঃ, আবার নতুন গামছা। কোথায় প্রসা পেলি ?

ভিঃ।

বয়স্তাম শ্বরামো বয়স্তাম্ভোজামো।

বয়স্তাম জগৎ সাক্ষীরপম নমাম:॥

মঃ। আরে— থামবি কি না? এত করে বলছি থাম একটু। সৌজন্য

জানিস না ? এই দেখ— ( টর্চের আলোভে ব্যাগের টাকা. নোট দেখাইল )

নিবি গ

ভিঃ। (মাথা নাড়িয়া) সদেকম নিধানম নিরালম্বমীশম্। ভবাম্বোধিপোত্ম শরণ্যম ব্রজামঃ॥

[ভিখারী ছটিয়া পলাইল ]

মঃ। আচ্ছা তোমার গামছা রইল। যাও।

ি দ্বিতীয় ভিখারী প্রবেশ করিল ]

( টর্চ মারিয়া দেখিল— জনৈক ভিখারী )

দাঁড়া একধারে— চুপ করে। যাবি নি।

२ श िः। इत्त कृषः इत्त कृषः कृषः कृषः इत्त इत्त ।

হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

মঃ। আচ্ছা, শোন। কৃষ্ণ কে তা জানিস? কৃষ্ণ হচ্ছে একজন বুন্দা-বনের লোক, গয়লানীদের হাততালিতে বাঁদর নাচ নাচত।

২য় ভি:। মথুরেশ—

भः। ग्रां - जानि प्रविकारिक कात्रांशास्त्र पर्यन्ते। फिर्य ছिल्नन। किन्छ উদ্ধারটাতো করতে পারেন নি ?

২য় ভি:। ছারকািনাথ-

মঃ। পাগুবদের সহায় ছিলেন। তাদেব ভাগ্যে কি হুর্দ্দশাই না ঘটেছে। ২য় ভি:। হৃষীকেশ, যাদবনন্দন—

ম:। চান করতে যাচ্ছিস, এই নতুন গামছটা নিবি ? না কেন ? বল, না কেন ? কি করে চলে তোর ?

২য় ভি:। ভিকে করে খাই।

ম:। এই দেশ, মণি ব্যাগ, এই দেখ গামছা—

( টর্চের আলোতে দেখাইল )

কোনটে চাই বল ?

২য় ভি:। আমায় যোগের দান নিতে নাই।

২য় ভিঃ। তুমি কি বাবু! নিতে নেই বল্লেও ছাড় না ?

মঃ। তোকে নিতে হবে।

২য় ভিঃ। মেরে ফেল্লেও নেব না।

মঃ। ভারি তোর লম্বা লম্বা কথা। জুতো মেরে বিছিয়ে দেব এখানে, জানিস ব্যাটা ?

২য় ভিঃ। মারবে, মার। এই বসছি। আমায় মেরে ফেল। একবারে মেরে ফেল বাবু। ভাল মূহুর্ত্ত, চুকে যাক্। মার- মার-

মঃ। গামছানে। টাকানে। আমি তোর ভাল করতে চাই।

২য় ভিঃ। মারবে যদি মার, আমি নেব নি। মার না।

মঃ। তবে যাঃ। ব্যাটা পাজী। বের।

২য় ভিঃ। হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ হরে হরে। ইত্যাদি—

[ভিখারী প্রস্থান করিল ]

( মহেন্দ্র অন্ধকারে গামছা হাতে দাঁড়াইয়া ভাবিতে লাগিল )

# अष्टेम मृश्रा

#### গভীর রাত্রি। গঙ্গাতীর।

### [মহেন্দ্র একটি নালার মধ্যে পড়িয়াছে ]

#### মহেন্দ্র।

মঃ। নিয়তই নেবে যাছিছ নীচে। উঠব কি অতল গর্ত্ত। গঙ্গাতীরের চোরা বালির গর্ত্ত। এ অতি সংঘাতিক গর্ত্ত। যত উঠতে যাই ততই চলে যাই নীচে। বুক পর্য্যস্ত প্রায় ডুবে গেছি। আর একটু হলে নাকের উপর জল উঠবে। এই ছুর্গন্ধময় জলে ডুবে প্রাণ হারাব। তাইত— আলাদাইত! অত্যাচারিত আর অত্যাচারীর ভেদ দেখিয়ে দিলেন হরি। ভগবান হরিকে কখন ডাকিনি, আজ তাঁকে ডাকছি। —আমার ডাক তিনি কি শুনবেন ? হে হরি! হে হরি!! হে দয়াময় হরি!!! রক্ষা কর। দয়াল হরি

[ভিখারী প্রবেশ করিল ]

ভি:। হরে কৃষ্ণ, হরে কৃষ্ণ, কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।

মঃ। কে তুমি গো—

ভি:। আমি ভিখারী গো—

মঃ। একবার দয়া করে এদিকে এস।

ভিঃ। কোনদিকে ?

ম:। আমি এইখানে গেলুম— গেলুম, ডুবে গেলুম। — চোরাবালি
— চোরাবালি, —প্রাণ যায়।

'ডি:। গ্রাভাইত! এর মধ্যে নামতে গেলে কেন ?

ম:। চোরাবালিতে পড়ে ডুবে যাচ্ছি।

ভিঃ। কি তুর্গধাং পচা পাঁকভরা নালা। বাঙ্গারের যত নোংরা জল যায়
এই পথ দিয়ে। এ তোমার চোরাবালিং তুমিইত সেই চোরাং
গামছা নিয়ে দেখাচ্ছিলেং •হরির নিন্দে করে ছিলেং বড় যে
জুতো মেরে বিছিয়ে দিচ্ছিলে। এইবার তোমায় কেমন জব্দয়
ফেলেছেন হরি— নিন্দে কর।

মঃ। মারা গেলাম। আমায় রক্ষা কর। হরি ভোমার ভাল করবেন। আমায় রক্ষা কর।

ভিঃ। তিনি মারেন যদি, আমি বাঁচাতে পারি কখন ?

মঃ। হাঁ পার।

ভিঃ। তিনি বাঁচালে বাঁচ, মারলে মর এটা মান না?

মঃ। ঠামানি :

ভিঃ। তবে ?

মঃ। এইবার মানব।

ভিঃ। মানবে ত? না তুমি বড় বেগড়ান। উঠলেই আবার ভুলে যাবে।

মঃ। না, এই গঙ্গায় দাঁড়িয়ে দিব্যি করছি।

ভিঃ। কোথায় গঙ্গা— হরিপাদাস্থল সম্ভূতা সুরধনির তীরে তুমি। কিন্তু
পাদাড়ের মধ্যে দিয়ে চল। একটা পচা পাঁকভরা নালা বেছে
নিয়ে তার মধ্যে নেমে গঙ্গায় নেমেছি মনে করছ। দেখ,
দক্ষিণ-বাহিনী গঙ্গা ঐ তার পবিত্র জলরাশি নিয়ে চলেছেন
সাগর সঙ্গমে। তুমি পবিত্র মৃষ্টর্ত্তে দেবতার নিন্দা কর— পাপী
তুমি। তোমায় স্পর্শ করতে নেই। তুমি ঐ পাঁক সলিলে তুবে
মর। তুমি গঙ্গা পাবে না। গঙ্গা তোমার পক্ষে চিরদিন
অনেক দূরে।

মঃ। আমায় রক্ষা কর। একটু এবার মার্জ্জনা কর। একটু দয়া কর। একটিবার। তোমার দয়া আমি জীবনে ভূলব না।

```
ভিঃ। বেশ-। মার্জনা করলুম বল। তবে বল-
                  মহেন্দ্র ভক্তি সহকারে মন্ত্রোচ্চারণ
                          করিতে লাগিল
```

মঃ । বলুন।

"হে কৃষ্ণ দ্বারিকানাথ! ভিঃ।

कामी यामयनन्मन॥

মথুরেশ হৃষীকেশ।

ত্ৰাতা ভব জনাৰ্দ্দন॥"

বলেছ १

হা। মঃ।

ভিঃ। আবার বল–

> " মৎসম পাতকী নাস্তি। ততসম নান্তি পাপহা॥ ইতি বিজ্ঞায় গোবিন্দ। ত্রয়িমাং মাং মধুস্থদন॥"

বলেছ?

মঃ। আছে হাঁ।

ভিঃ। তারপর বল-

"হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে। হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥" ্ একা আমি কি টেনে তুলতে পারব তোমায়! ঐ ঐ লোক একদল আসছে— দাঁডাও আমি ডাকি ওদের। [ একদল লোক মসাল হস্তে প্রবেশ করিল ]

( গান )

জ্বয় রঘুপতি রাঘব রাজা রাম। পতিত পাবন সীতারাম॥

ভিঃ। ও সাধ্রা— লোক পাঁকে পড়ে ডুবে মরছে— এদিকে এস।
এদিকে— এদিকে—। এই যে আমি এদিকে— এদিকে—। হাঁ
আসছে। এস— এস— এই নালার ধারে চলে এস। এস—

[ সাধ্রা গামছায় গামছা বাঁধিয়া এক প্রাস্ত ফেলিয়া দিল এবং সকলে মিলিয়া মহেন্দ্রকে টানিয়া তুলিল ]

১ম সাঃ। কে। (যাহার হস্তে মসাল ছিল সে অগ্রসর হইল) ২য় সাঃ। এ কি! আপনি!! মন্থ বাব্!!! মঃ। (টর্চের সাহায্যে) গণপতি!!!

# তৃতীয় অঙ্ক।

### প্রথম দৃশ্য।

চীনামাটীর কারখানা।

( নব সাজে সজ্জিত কারখানায় আজ বিরাট সভার অধিবেশন হইয়াছে )

কাল-প্রায় চারটা।

কোলেকটার সাহেব সভাপতি। মঞ্চের উপর বিশিষ্ট নরনারীর মাঝখানে তাঁহার স্থলর আসন। কালীনাথ তাঁহার এক পার্শ্বে। সভাস্থলে বহু কাষ্ঠাসন পড়িয়াছে। ভজ্ঞশৌর নরনারীগণ সেগুলিতে উপবিষ্ট। গ্রামবাসীগণ পশ্চাতে বহুদূর ব্যাপিয়া দাঁড়াইয়া। স্থানাভাবে তাহারা কেহ কেহ ক্ষুব্ধ ও বিরক্ত; সাধারণতঃ উৎসাহের অবধি নাই; [তাহারা বক্তৃতা শুনিতেছে। রায় বাহাহুর বক্তৃতা দিতেছেন]

#### রায় বাহাত্রর।

রাঃ বাঃ। প্রকাশ্য প্রথা ছিল চাক ও হাতের কায়দায় মাটির বাসন নির্মান করা। এই ভ্রমাত্মক প্রথার বিরুদ্ধে বিশেষজ্ঞদের সতর্ক করিয়া দেওয়া উচিত ছিল। দেশে সেরপ কোন ব্যবস্থা প্রচলিত না থাকায়, দেশের কৃষ্ণকার শ্রেণী এক শতাব্দী পশ্চাতে পড়িয়া ছিল। কলে তৈয়ারী আমদানী করা মৃৎ-শিল্পজাত বহু প্রকারের মাল, দেশের চাহিদা কাড়িয়া লওয়ায়, দেশের কুম্ভকার শ্রেণী বেকারগ্রস্থ হইল, দেউলিয়া হইল, এবং অবশেষে ঘরবাডি বেচিয়া অম্বত্র পলায়ন করিল। জমিদার কুল-তিলক মিষ্টার কালীনাথ ডট্ একজন জন-কল্যাণ-ব্রতী পুরুষ। তিনি প্রাণাধিক প্রতিবেশীদের তুর্বিবপাক পীড়িত অবস্থা সহ্য করিতে না পারিয়া, বিদেশী আদর্শে, বিদেশ হইতে বহু অর্থ ব্যয়ে কল কজা আনাইয়া একটি মূৎ-শিল্পের কারখানা খুলিয়া দিলেন। এইরূপে এই প্রতিষ্ঠান-Indian Potteries এর জন্ম হইল। তিনি স্বহস্থে গ্রাম বাসীদের কাজ শিখাইলেন। এবং তিনি তাঁর বৃদ্ধি দিয়ে, প্রতিভা দিয়ে, বীৰ্য্য দিয়ে, অপ্ৰতিহত অধ্যবসায় দিয়ে এবং বহুদিন-ব্যাপী সাধনা দিয়ে এরপ একটা মূল সূত্র আবিষ্কার করিলেন যাহার বলে মূৎ-শিল্প জগতে একটা তুমূল বিপ্লব ঘটিল। ভাঁহার প্রতিষ্ঠানের মালে ভারতের বাজার প্র ভা বি ত হইল। বিদেশী মাল চা হি দা হারাইল। দেশের কুম্ভকারেরা কাজ পাইল। বেকার সমস্তা এই জেলায় যাহা ভয়ঙ্কর আকার ধারণ করিয়া ছিল, তাহা অন্তর্হিত হইল। আজ কুন্তকারের। গ্রামে ফিরিয়া আসিয়াছে। তাহাদের মুখে হাসি দেখা দিয়াছে। তাহারা আবার ঘর বাঁধিতেছে। Indian Potteries আজ জগদিখাত প্রতিষ্ঠান। ভারতে যত-গুলি শ্রেষ্ঠ প্রতিষ্ঠান আছে, ইহা তাহার অক্সতম। মিষ্টার কালীনাথ ডটের কুতিত্ব দেশের যুবক-শ্রেণীকে উৎসাহ ও প্রেরণা দিতেছে। তিনি স্থনামধন্ত কৃতী পুরুষ। আমরা তাঁহার দীর্ঘ-জীবন প্রার্থনা করি। ভগবানের কাছে প্রার্থনা করি তিনি এই বিশাল প্রতিষ্ঠানটির মঙ্গল বিধান করুন।

> [ করতালি পড়িল। সঙ্গে সঙ্গে ভাবোচ্ছাস বর্দ্ধিত হইয়া এরপ অসংযত হইয়া উঠিল যে, স্বেচ্ছাসেবকগণের প্লেষ-

বাণীতে সভাস্থত মুখরিত হইয়া উঠিল। তক্মাধারী দারবানগণ বিকট বদন ব্যাদন পূর্বক বহু ক্রিয়া প্রদর্শন করিল। তথাপি গোলমালের উপশম ঘটিল না। সভাপতি মহাশয় ধৈর্যা সহকারে বহুক্ষন অপেক্ষা করিয়া অবশেষে সভা ভঙ্গ করিয়া দিলেন।

তৎপরে সেচ্ছাসেবকগণ ভিড় সরাইয়া পথ করিয়া দিল। কালীনাথ সভাপতি সমভিব্যাহারে পাশ্বের সামি-য়ানার দিকে অগ্রসর হইলেন। সভামগুলীর স্কলেই তাঁহাদের অমুবর্ত্তী হইলেন। সেচ্ছাসেবকগণও বাদ পড়িল না।

পশ্চাতে গ্রামবাসীদের জনতার মধ্যে ঠেলাঠেলির দাপট বাড়িয়া গিয়া একটা অনতিক্রমনীয় অসহায় ও নিরুপায় অবস্থার স্ত্রপাত হইয়াছে। কেহ বাহির হইয়া আসিবার চেষ্টা করিলেও পারে না। সকলেরই প্রাণ ওষ্টাগত। জনার্দ্দন একা। ভিড়ের চাপে দেহ অবসন্ধ। তাহার সঙ্গী কোথায় দূরে গিয়া পড়িয়াছে। সে তখনও আত্মহারা, মৃত্ব মৃত্ব হাসিতেছে ও করতালি দিতেছে। হঠাৎ একটা ঠেলা আসিয়া তাহাকে ধরাশায়ী করিয়া দিল। তাহার উপরে লোক, লোকের উপরে লোক, তাহাকে আচ্ছন্ন করিল। মৃত্যু অবশ্যম্ভাবী হইল।

ওদিকে তখন সামিয়ানার নীচে অপর্য্যাপ্ত আহারের পরিবেশন চলিতেছে। শেরী স্থাম্পেনের অবাধ গতি এক অভিনব দৃশ্য সৃষ্টি করিয়াছে। কালীনাথ তাঁহার মূল্যবান অতিথিকে আপ্যায়িত করিয়া নিজেকে ধশ্য জ্ঞান করিতেছেন। ঠিক সেই সময় মহেক্র ভীমবেগে ভিড়ের উপর ঝাঁপাইয়া পড়িয়া জ নার্দ্দের সমাঁপস্থ হইল ও ম মুষ্য স্থাপ সরাইয়া তাহার সংজ্ঞাহীন দেহ স্ক্রে লইয়া বাহির হইল। মঞ্চের উপর দেহখানি রক্ষা করিয়া সে বড় কারিকর বাবুকে ডাবিল। বার বার ডাবিয়া কোন উত্তর না পাইয়া বালকের স্থায় রোদন করিতে লাগিল।

[ দৃশ্য পরিবর্তন ]

# षिভীয় দৃশ্য।

### ত্রৈলোক্যের বাড়ি। চণ্ডীমণ্ডপ।

#### কাল-প্ৰভাত।

জনার্দ্দন শয্যায় শায়িত। ছই হাতে বাড় বাঁধা। শরীর ক্ষত বিক্ষত। সেগুলিতে ব্যাণ্ডেজ বাঁধা। রেবতী স্থিরভাবে বসিয়া মাথায় হাত বুলাইয়া দিতেছে। নিকটে বেঞ্চিতে গণপতি উপবিষ্ট। দূরে মাধব, নিতাই, অবিনাশ, করুণা ইত্যাদি সকলে বসিয়া কথোপকথন করিতেছিল। বাহিরে কড়া নাড়ার শব্দ হইল। উঠান হইতে ত্রৈলোক্য হাঁকিল "কে"?

(উত্তর আসিল— "মনু বাবু")

द्धिः। श्रुल मिष्टि।

[ ত্রৈলোক্য ছারোদ্যাটন করিবার সঙ্গে সঙ্গে রেবতী ভিতরে প্রস্থান করিল।]

### ( মহেন্দ্র প্রবেশ করিল )

ম:। (খাটের উপর বসিয়া) কেমন আছেন ?

জঃ। (মাথা নাড়িল।)

মঃ। ভাল। থাক্, কথা বলবার দরকার নেই। আপনি কাল কোথায় ছিলেন ?

গং। আমায় আবার 'আপনি' হচ্ছে কেন ?

ম: । আমি দেখছি নিতাই, মাধব এদেরও আমার 'আপনি' বলা উচিৎ।

গঃ। ও সব কি!

ম:। হাঁা, আপনি জানেন না আমি এডই অপদার্থ !

গঃ। নাঃ। কি বলছেন ?

মঃ। কি বলছি তবে শুকুন। আমি আর ও কারখানায় পদার্পণ করব না। কোপায় মঞ্চের ওপর তুলে সোণার মেডেল দেবে না—

নিঃ। মনুবাব বড় চটে গেছেন।

মঃ। আমি এবার থেকে ভাঙ্গী পল্লীতে যাব ঠিক করেছি। আপনারা যে বলেন, 'বাবুরা শত্রু' কথাটা ঠিক।

নিঃ। আমরা ও কথা বলি না। আমরা রলি 'বাব্রা' যে নীতি মেনে চলেন, সেই আমাদের শক্র। আমরা ততদিন তাঁদের কাছ থেকে দূরে থাকব, যতদিন তাঁরা বিদেশীয় নীতির ধ্য়ো ধরে সমাজ পুনর্গঠন করতে চাইবেন। গান্ধীজী যে আদর্শ আমাদের সামনে রেখে গেছেন, আমরা সেইগুলি দৃঢভাবে অমুসরণ করব।

মঃ। কেন, অহিংসা করছি দেখাতে হবে ?

নি:। উন্মন্ততা সকল অবস্থাতেই খারাপ।

ম:। কি বল্লে, আমি উন্মত্ত ?

নিঃ। আপনার ক্রোধ হয় নি ? ঈর্বা ও দ্বন্ধ আপনার ভেতর এত তীব্র আর এত কুৎসিত যে প্রকৃত শক্র কে, সেটা বোধ হয় আপনি ভূলে যান।

ম:। প্রকৃত শক্র ঐ রায় বাহাত্রটা। যে বলে "প্রাণাধিক প্রতিবেশীদের তুর্বিবপাক পীড়িত অবস্থা দেখে ইত্যাদি"। তারপরেইতো ওর ঐ অবস্থা করেছে।

নিঃ। আমার অনুমান, তিনিও গ্রামের লোকের উন্নতি চান। কারখানার উন্নতি চান। যেমন একটা কংগ্রেসের ভেতর কি বিভিন্ন দল থাকে না ? তাই বলে কি এক দল অস্ত দলের লোকেদের শব্দে বলে মনে করবে ?

ম: । স্বীকার করি আমি তীব্র, আমি কুৎসিত। তা নয়ত কি ও কা**জ** 

আমার দ্বারা হ'ত ?

নিঃ। কি কাজ ?

মঃ। সে একজনের গামছা কেড়ে নিয়েছিলুম। এখন তাকে খুঁজে পেলে ফিরিয়ে দিয়ে ঋণের দায় থেকে মুক্ত হই।

(সকলের হাস্ত)

গঃ। কারখানার বিলম্ব হ'য়ে যাচ্ছে। তোমরা যাও।

[ নিতাই, মাধব, করুণা, অবিনাশ প্রস্থান করিল ]

[ তৈলোক্য দরজাটা বন্ধ করিয়া দিয়া একটা বড় চুবড়িতে কাটা খড় বোঝাই করিতে লাগিল। চণ্ডীমগুপের এক-প্রোম্থে খড় কাটিয়া রাখা থাকিত। মহেন্দ্র তৈলোক্যের কাছে গিয়া বসিল।

ম:। আপনি বলুনত, আমি আর কারখানায় যাব কি ?

ত্রৈ:। কারখানা কি দোষ করেছে ?

ম:। কার কারখানা ? যার কারখানা তিনি ফিরে পান। ফিরে পেলে তখন কারখানায় যাব। এখন কি করি বলুন ?

ব্রৈ:। আমি বল্লে কি তুমি শুনবে মন্থু বাবু?

मः। अनव, अनव। वनून ना ?

ব্রিঃ। কাটনী হও। তকলী তৈয়ার কর। চরকা ধর।

ম:। যখন শুনব বলেছি, শুনব। ভাতে কি আমার মনের গোলমাল মিটবে ?

रेजः। हैं। भिष्ठत।

ম:। আছো তবে তাই। চলুম।

[মহেন্দ্র প্রস্থান করিল ]

( তৈলোক্য খড়ের ঝুড়ি হন্তে দার অর্গলবন্ধ করিতে গেল)

# তৃতীয় দৃশ্য।

### চীনামাটীর কারখানা।

#### বড় সাহেবের কামরা।

#### কাল-মধ্যাক।

# [কালীনাথ, ইঞ্জিনীয়ার ম্যাল্লিক, রায় বাহাছর, দেবেন্দ্র]

কাঃ। এখনকার বড় কারিকরকে কি রকম দেখলেন ? — গদা সাহেব।

ই:। Not a bad man at all. He knows his job.

কাঃ। Working staff আর কিছু বাড়াতে হবে ?

ই:। Lay out অনেক change দরকার।

কা:। আর?

ই:। Machinery কিছু বাড়াতে হবে।

काः। I think so.

দে:। যদি Calcutta থেকে efficient labour— I mean craftsmen import করা যায়, improvement হয় কিছু ?

guarantee 50 per cent more profit.

দে:। আর যদি Lav out যে রকম বলছেন change করা যায় ?

है:। Another 50 per cent easily.

রাঃ বাঃ। On the top of all that, যদি machinery বাড়িয়ে দেওয়া হয়?

ই:। Another 50 per cent বাঁধা।

রাঃ বাঃ। হবে कि ? Hundred and fifty per cent profit on

the present profit— হবে কি ?

- ইং। You chuck me out, যদি না হয়। Leedsএ যখন কাজ কর্ত্ম, অমনি একটা firmএ five hundred per cent profit বাড়িয়ে দিয়েছিলুম। I have got my papers.
- কাঃ। I quite belive it. You cannot imagine Rai-Bahadur what is possible and what is not possible. আমি এতদিন যে এই কাঠের বেড়ালে বাঘ শিকার করেছি। জনার্দ্ধনের মতন চাষাকে দিয়ে যদি এই turnover, আর এই profit possible হ'য়ে থাকে, real expert আর যা যা improvements ইনি বল্লেন যদি introduce করা যায়, তাতে যে hundred and fifty per cent profit বাড়াতে পারেন না, তা আমি মনে করি না।
- রা: বা:। Exactly, Exactly, Absolutely right, এখন ব্ঝতে পারচি
  আমার সন্দেহ করাটা ভূল। এই হু'মাস যে জনার্দ্দন নেই কোন
  কাজটা আটকাচ্ছে ? Turnover কি কিছু কুমেছে ?
- কা:। কিছ না।
- দে:। Turnover গদা সাহেবের হাতে improve করেছে।
- কা:। একটা Written scheme you submit and I sanction it.
  You start immediately.
- ইঃ। Calcuttaয় যেতে হবে একবার।
- का:। You can go and put up there in some Hotel.
- ইঃ। Labour leadersদের সঙ্গে দেখা করে, ভাল picked craftsmen secure করে আনতে হবে।
- There you are. That's the point. That's it. Get them
- কা:। Select your list of machinery also. কভদিনে এ সব

#### complete হবে ?

- रेः। Four weeks at the most.
- কা: 1 Splendid! Simply Splendid.
- ইঃ। Can I take your car to start for Calcutta tomorrow?
- কাঃ। Right'O. You do. Take it. I will manage. কাজ আগে— কি বলেন রায় বাহাছর?
- है:। In half an hour you get the scheme.
- काः। Thank you! Thank you.

### [ দেবেন্দ্র ও ইঞ্জিনীয়ার প্রস্থান করিল ]

- কাঃ। এ-কে কোথায় পেলেন ?
- রা: বাঃ। Dum Dum Aerodromeএ আমি খবর পেয়ে আগে থেকে হাজির ছিলুম। Air Portএ যেমনি পৌছান, একেবারে গ্রেপ্তার। একবারে engagement করে ফেলা then and there.
- কা:। এ রক্ম qualified Engineer for two thousand a month is really, very cheap, you know.
- রা: বা:। আবার foreign qualification. What you pay him, he pays you back ten times.
- 本門 | Exactly, Exactly.

### [ কতিপয় ভদ্রলোক প্রবেশ করিলেন। ]

- কাঃ। Halo! Halo!! Mr. Basu— Good morning, Good morning, Good morning.
- রাঃ বাঃ। Good morning, Good morning, Good morning.
- ক্রম ভঃ। একটা Ceramic forum। আমাদের form করা স্থির হয়েছে। আপনি হলেন pioneer in our line, আপনি আমাদের guide

করুন। আমরা আপনার পেছনেতো আছিই।

কা:। সময় কোথা? নিজের কাজ দেখবার সময় পাই না। আবার ও সব করি কখন?

২য় ভঃ। তা বল্লে হবে না। You are the leader in our line.

ভয় ভ:। Government যা-তা করছে। আমাদের বলেও না আমরা যে advice দেব। We are experts in the line. I. C. S. officers are no experts in our techniques.

কাঃ। তারা যখন বিলেড ঘুরে এসেছে —they are supposed to be jack of all trade.

১ম ভঃ। —and master of none. Ha, Ha, Ha.

২য় ভ:। They are but rolling stones.

তয় ভ:। —You mean, gathers no moss.

[রায় বাহাত্বর উঠিয়া গিয়া চাপরাশিকে কি আদেশ দিয়া আসিলেন ]

কা:। আমাদের একজন Engineer রাখতে হ'ল। Foreign qualification. Two thousand salary.

১ম ডঃ। Two thousand rupees per month.

কা:। তার কমে কোথায় পাচ্ছি ?

২য় ভ:। এতদিন কেমন করে চালিয়ে যাচ্ছিলেন ?

কা:। আমি আর Rai Bahadur —ছেলেরা ছোট। আর যত সব আছেন, তাঁরাও initiative নিজে কাজ করতে পারেন না।

রাঃ বাঃ। Prince of merchants খেতাবটা সাথে কি collector সাভেব দিয়ে ছিলেন ?

১ম জ:। Of course not. He is nothing short of genious that we all know.

# [ চাপরাশি ট্রেডে করিয়া বিয়ার ইত্যাদি আনিয়া ধরিল ]

২য় ভঃ। Oh! splendid.

রাঃ বাঃ। বড্ড গরম। শুধু জলে কি তেষ্টা মেটে!

রা: বা:। মিষ্টার বাস্থ্, মিষ্টার মজুমডার, মিষ্টার ব্যানার্জ্ঞী have you marked a strong similarity in the lower part of the jaw?

১ম ভঃ। Of Mr. Dutt.

রাঃ বাঃ। Yes — with Hitler.

২য় ভ:। Yes. A strong resemblance. Really.

ংয় ভা । I must say, it is wonderful. He is a man in India, having strong resemblance with Hitler of Germany. একবারে ঠিক মিলে যাচ্ছে।

১ম ভঃ৷ It is wonderful!

২য় ভ:। Wonderful!!

eয় ভঃ। Wonderful !!!

# **हर्ज्य** पृथा ।

#### ভাঙ্গীপল্লী।

#### কাল-সন্ধার প্রাক্তাল।

ভিঙ্গা মন্দিরের চত্র্দিকে ভিড় শাস্তভাবে বসিয়া আছে।
মন্দিরের চাতালের মধ্যস্থানে একটি চৌকি শুল্র কাপড় দিয়া
ঢাকা, তাহার উপর একখানি বড় চরকা সিন্দুর মাখান,
রক্ষিত আছে। ভাঙ্গী বালিকা, যুবতী মন্দিরের সিঁড়িতে
বসিয়াছে। গণপতি ঠাকুর আসিয়া চরকাকে প্রণাম করিয়া
পার্শ্বে উপবেশন করিল এবং পশ্চাতে মহেল্র ও নিতাই
উপবেশন করিল। ভাঙ্গীগণ ও গ্রামবাসীগণ প্রাঙ্গণের
উপরে (বাহা বছদূর পর্যান্ত কাটিয়া সাক্ষ কন্না হইয়াছে,)
বসিয়া আছে। ভাঙ্গী বালিকা, যুবতী মিলিয়া রামধূন
গাহিল। জনতা যোগদান করিল।

# গণপতি ঠাকুর।

গাং। মহেন্দ্র বাবু আমায় জিজ্ঞাসা করেছেন, আমি কেন ভাঙ্গী হ'য়েছি। গান্ধীজীর কথায় আমার বিশ্বাস আছে, আমি তাই ভাঙ্গী হয়েছি। গান্ধীজী বলেছেন "হিন্দু মাত্রেরই ইহাই পেশা হওয়া উচিত"। তিনি আরও বলেছেন "হিন্দুরা যখন অন্তরে অন্তরে ভাঙ্গী হ'য়ে উঠবে, জাতিভেদহীন মনোভাব লাভ করবে, মাত্র এই কুৎসিত অস্পৃষ্ঠ প্রথা তখনই দেশ থেকে বিলুপ্ত হবে। "অভএব ভাঙ্গী হওয়া সকলের সর্বপ্রথমে কর্ত্ব্য। ভাঙ্গী হ'তে কেবল আচরণ প্রয়োজন আর কিছুই নয়। নির্দ্ধিষ্ট দিনে আবর্জনা নিজ হাতে পরিষার করা প্রয়োজন। আর মনের ভাবের পরিবর্ত্তন হলেই হ'ল। খাদি

নীতি সম্বন্ধে তাঁর বিশ্বাস থাকা চাই। তাঁকে খাদি পাগল হ'তে হবে। তুকলী প্রেমিক হ'তে হবে। গ্রামের প্রত্যেক নরনারী খাদি উৎপন্ন কার্য্যে ভাল করে বুঝে যদি চলেন, এ গ্রামকে কাপডের জন্মে ঘোরতর ছর্কিপাকে পড়ে থাকতে হয় না। চরকা স্বাবলম্বনের অঙ্গ বলে গ্রাহণ করতে হবে। পণ্ডিত জ্বহরলাল নেহেরু বলেন ''আমাদের অনেকগুলি সমস্তার সমাধান বস্ত্র উৎপাদন বুদ্ধির উপর নির্ভর করে"। দেশবাসী প্রদত্ত করের রাশি রাশি টাকা খরচ করেও, দেশবাসীকে ঘোরতর বস্ত্র সম্বটে পড়তে হয়। সরকারের পক্ষে এটা অতি লজ্জার কথা। কাপড় নিয়ে অনেক বিশ্বাস ভঙ্গের ব্যাপারও ঘটেছে। কাপড়ের মূল্য উত্তরোত্তর বেড়েই চলেছে। এ সব ঘট্ত না যদি সরকার গান্ধীজীর কথার পরম গুরুত্ব উপলব্ধি করে চলতে পারতেন। অনেকে মনে করেন চরকা কেবল গ্রীবের সমস্তা সমাধান করবার জন্তে। কিন্তু ইহার চেয়ে অসত্য আর কিছুই হ'তে পারে না। কাপড় নিয়ে আজ পর্য্যস্ত যে সব ব্যাপার ঘটেছে, তার প্রতিকার একমাত্র চরকার দারাই সম্ভব। এখন অনেক ধাক্কা খেতে হবে সরকারকে, তারপর বোধ হয় সরকার চরকার গভীর তাৎপর্য্য বৃঝতে পারবেন। আমাদের কর্মধারা গ্রামের অনেকের মনে বিরোধ উপস্থিত করেছে। এ বিরোধিতা ভাঙ্গী-পল্লীর সবায়ের বিরুদ্ধে হ'য়ে দাঁডিয়েছে। আমরা এ বিরোধকে ভয় করব না। আমরা যদি সতাই চরকা প্রিয় কম্মী হই, আমরা আমাদের প্রভুর কথা স্মরণ করে আরও অধিক মনোনিবেশ করব, আরও অধিক আগ্রহের সহিত, দৃঢ়তার সহিত আমাদের কর্ত্তব্য পালন করব। প্রভু বলেছেন "যন্ত্রবৎ ঈশ্বর নাম না করে, আমাদের সময় সমাজের কথায়, পরস্পর সুখ শান্তির কথায়, আর সকলের আশা ও মঙ্গলের কথায় যদি আমরা মন প্রাণ দিয়ে মেতে উঠতে পারি— আমরা শান্তির পথে, পুণ্যের পথে, ভগবান লাভের পথে অগ্রসর হ'তে পারব"। বল ভাই জয় গান্ধীজীর জয়।
[সকলে জয়ধ্বনি করিয়া উঠিল]

[ নিতাই গান ধরিল ]

(গান)

সীমাকে বীচ অসীম দেশকা কোন অতিথি আয়া রে।

জ্বান পহছান ন হ্যায় তথাপি দিলমে আচ্ছা ভায়া রে॥

ক্যা য়হ হ্যায় অওধ বিহারী বৃন্দাবন কা বনচারী।

জড় বিজ্ঞান কা দর্পহারী কোন অতিথি আয়া রে॥

বেদ, বাইবেল, পুরাণ, কুরাণ, তন্ত্র ইসমে হ্যায় মৃর্ত্তীমান।

বন্ধা প্রেমসে সভীকে প্রাণ কৌন যাত্বগর আয়া রে॥

যো হো সো হো হম্ ন জানে, অগুণ কা গুণ কোন বাখানে।

কেবল য়হী দিলমে মেরা প্যারে বাপুজী আয়া রে॥

যোহী খবর নহী গ্রন্থমে<sup>\*</sup>, বাপুজী বিন কোন বতাওএ।

সচ্চিদানন্দকী কুপা ভাওএ, মেরা প্যারে বাপুন্দী আয়া রে ॥ জগমেঁ যেতে দিন রহো বাপু প্রভুকা
বাত মান লেঁয়।
সত্য কথা অহিংসাকী পৃজারী
বাপুজী আয়া রে ॥
মেরা প্যারে বাপুজী আয়া রে!
মেরা প্যারে বাপুজী আয়া রে!!
মেরা প্যারে বাপুজী আয়া রে!!!

[ চাতালের উপরে রৃত্য হইল। মহেন্দ্র তাহাতে যোগদান করিল। অস্থ্য পুরুষেরাও রৃত্য করিতে লাগিল।]

### शंकव पृत्री।

### চীনামাটীর কারখানা।

কাল-টিফিনের সময় আগত প্রায়।

[কারখানায় কাজ চলিতেছে। সকলেই কাজে ব্যস্ত। গদা সাহেব কয়েকজন নূতন কারিকর আসিয়াছে, ভাহাদের লইয়া গল্প করিতেছিল।]

গদা সাহেব, মোবারক আলি, গোফুর, আহাম্মদ মিয়া, রুস্তম ইত্যাদি।

আঃ মিঃ। ইঞ্জিনীয়ার সাহেব আতা ।

িগদা সাহেব ও অস্থান্সেরা পুরাতন কারিকরদের হাত হইতে কাজ কাড়িয়া লইয়া, যেন কতই কাজ করিতেছে ভাণ করিল । ী

(ইঞ্জিনীয়ার, দেবেন্দ্র, ঘোষাল বাবু প্রবেশ করিলেন)

[ কয়েকজন নূতন কারিকর ও গদা সাহেব হাত তুলিয়া সেলাম করিল। মোবারক মিলিটারী সেলুয়ুট জানাইল।]

ইঃ। Good morning, Go—da. Thank you, মোবারক। Good morning, Good morning

(4: 1 Good morning, Good morning

ইঃ। ক্যা খবর १

গঃ সা:। ছজুর! কামমে কুচ হ্যায় নেই সমজিয়ে। ইয়ে দেখিয়ে হামরা হাতকা বনা হুয়া কাম।

ইঃ। This is alright, Very good গো—দা।

- মো:। ইয়ে মেরে হাতকে কাম। হাম আবসে বানায়া। ইয়ে যো ছায় আহাম্মদ মিয়া বানায়া। ইয়ে রুক্তম— Sir।
- (7: | I think they are getting on quite well.
- ইং। Most decidedly. There is a kncak in their doing it, You won't find it with others,
- I must say, you have made a very good selection about new craftsmen.
- before I could select. I worked in Calcutta eighteen hours a day—working, working, working. Oh!
- ঘোঃ বাঃ। Sir, গদা সাহেবের কাজ আরু জনার্দ্দনের কাজ। এই কাজের কাছে দাঁড়াতে পারে জনার্দ্দন ? এখন চার বছর এঁর সাগরেদি করলে যদি একটু শিখতে পারে।
- গঃ সাঃ। স্থার ওদের সব got up, বুঝলেন sir, আমায় কাজ দেখাতে চাইত না। আমার কথা শুনত না। দল পাকাত। আমি এ কয়দিনে অনেকটা সোজা করে এনেছি।
- দে:। Troubles! কে এমন করছে? কে সে?
- ই:। Goda— আমি তোমায় বলে দিয়েছি, you are the বড়া কারি-কর। কারখানায় সব লোককে তোমার কথা শুনে কাজ করতে হবে। টুমি— এক নম্বর। জনার্দ্দন ? leave him out.
- মোঃ আঃ। ছজুর ! হাম ইয়ে লোককো বছৎ দফে বোলা, বোল বোলকে থক্ গিয়া। জান দেকে কাম করো, আউর নেইতো এক পয়সে কি আদ্মি তুম নেহী হো। কেৎনা ইয়ে লোককো সম্জাতা হাায়। শুনতাই নেই। ধয়ের দেখা যায়।
- দে:। যো বাৎ নেহী শুনতা, উস্কো পাকাড়কে লে আও ইঞ্জিনীয়ার

সাহেব কো পাশ। He will deal with him.

খো: বা:। Sir, sir মাপ করবেন। নুতন Canteenটা একবার দেখে যাবেন sir আপনারা। আজু থেকে Canteen চলবে।

E: | Come a long, Bara Babu's show, Let us have a look at it.

त्यः। I don't mind.

ইঃ। চলেন Bara Babu। We will see your canteen.

কিলের ভোঁ বাজিয়া উঠিল সকলের টিফিনের ছুটী হইল ]

# वर्छ मुखा

### চীনামাটীর কারখানা।

#### ক্যানটীন।

### কাল-টিফিনের সময়।

ন্তন ক্যানটান। বাহিরে amplifier কাগান, গান হইতেছে। ভিতরে পিয়ানো বাজিতেছে। কারখানার লোকেরা কেইই ভিতরে প্রবেশ করিল না। কেবল গদা সাহেবের দল, ইঞ্জিনীয়ার সাহেব ও ছোট সাহেবকে লইয়া ভিতরে প্রবেশ করিল। ঘোষাল বাবু উত্তেজিত ইইয়া ঘ্রিয়া বেড়াইতেছে। পুরাতন কারিকরগণ দূর ইইতে দেখিতে লাগিল ও আপন আপন কাপড়ে বাধা মুড়ি লইয়া মুঠা মুঠা খাইতে লাগিল। বিশিষ্টরূপে সাজান টেবিলের ধারে ভাল ভাল চেয়ার পাতা। সেই চেয়ারে ইঞ্জিনীয়ার ও দেবেক্স উপবিষ্ট ছিল। গদা, মোবারক আলি, রুভ্সম প্রতি দশজন কারিকর বেঞ্চিতে বিদিয়া কথোপকথন করিতেছিল।

# ( ঘোষাল বাবু প্রবেশ করিলেন)

খো: বা:। দেখছেন sir ছোট সাহেব আপনাকে আর কি বলব। গরীবকে
মারবার ফন্দিটা একবার দেখুন। আজ ক্যানটীন খোলা হবে।
গণপতি মেথরটা শিখিয়ে দিয়েছে স্বাইকে— ধর্মঘট্ কর। তা
নয়ত, একজন লোকও ভেতরে আসে না? আমি ওদের কত ডেকে
বল্লুম। কেউ আসতে চায় না। বলুন দেখি, আমার এত পরসা

আৰু ৰুলে গেল। এ লোকসানটা সামলাব কি করে। আমি যে মার। পড়ব, sir।

- গঃ সাঃ। সব got up, sir। বামুন বিটকেল মেথর হ'য়ে ভেতরে ২ work । করছে। আমি জানি sir, তাকে। তার সব got up! সব got up.
- ইং। টুম ইয়ে লোককো আদমী বানায় লেও। মোবারক আলি আউর টুম— স্বঠিক কর লেও। Straighten it out.
- মোঃ। ছজুর মায় জান দেনেকো তৈয়ারী হায়। ছকুম দিজিয়ে। ইয়ে লোক সব সিধা হো যায়ে গা। আব্কা ছকুম।
- দে:। গাধ্যেকো পীট্নেসে ঘোড়া নেহী বনু সেকৃতা।
- মো:। ফরমাইয়ে। মেথর পল্লীমে যা সেক্তা হায়। টেংরী পাকাড়কে উয়ো গণপৎকো নেহী আবকা পাস হাজির কর ছঁ, তো মেরা মোছ উখাড় দিজিয়ে।

হিত্যবসরে ঘোষাল বাবু একটা আলমারির পিছনে দাঁড়াইয়া, ট্রেতে কয়জনের চায়ের পিয়ালাদি ছিল, তাহাতে বোতল হইতে একটু একটু মদ লইয়া মিশাইয়া দিয়া, ট্রেখানি লইয়া গিয়া সকলকে পরিবেশন করিল।

- (4: | What is this? It smells liquor!
- No, no. This is good flavour. Fine tea. Finest I have ever drunk. Thank you, Bara Babu.
- (W: | Sure ? Taste is alright. You call it flavour?
- ইং। By all means, you take it, you will enjoy it. Comrades! টুমাদের আমি Comrades বলিব। Comrades মানে বন্ধু। বন্ধুগণ! আমি জানি আপনাদের তৃংখ। World আপনাদের কেমন treatment করে আমার জানা আছে। তারা টুমাদের অত্যন্ত Shabbily treat করে। Russiaতে

লোকেদের treatment কেত ভাল। আমি Russiaতে অনেক বৎসর ছিল। তাদের আমি জানে। সেথায় সকলে একসাথে গান করে, একসাথে খায়, একসাথে আমোদ করে। Lovely life there. হামরা ঐ life এখানে করবে। Now, there is no life here,

গঃ সাঃ। Here, sir, here, here— এক দম্সে got up.

ইঃ। সেথায় সকল লোকের মুখে এক কথা— eat, drink, be merry.

গঃ সাঃ। Sir, আমি পিপে পিপে মদ খেয়ে চা বাগানে কাজ শিখেছি।
আমি জানি না। কি জানেন sir, Engineering কাজ কি দেবেন
দিন। একটা মোটর গাড়ী পর্যান্ত বানিয়ে দিতে পারি।

মো:। উনকো বোলনে দেও ভাই।

গঃ সাঃ। কেয়্যা— হাম কুছ খারাপ বাত বোলা হায় ? Sir, excuse me.

- (7: No-Go-da! You are alright. Come on, let us drink. Goda's health.
- good fellow." Very fine song. There is another fine song— Happy birth day to you, my darling. Happy birth day to you.

### मख्य पृष्णे ।

### ত্রৈলোক্যের বাড়ির অন্দর।

#### কাল---মধ্যাহ্ন।

### **ज्**भीत्नत्र व्यातम ।

ভূ:। পিসী, পিসী। কানে শুনতে পাও নি পিসী ? ডাকছি যে!

[ রেবতী প্রবেশ করিল ]

রেঃ। কেন অমন করে ডাকছিস রে ভূপীন, আমার কি কাজ নেই ? আমায় রান্ধাঘর মুক্ত করতে হবেনি ?

ভূ:। দিদি কোথায় ?

রে:। পাৎকো তলায়। তোর হাতে কিসের ঠোকা রে ? কি আছে ওতে ?

**जृ: ।** शैं — तलत किन।

রে:। আচ্ছা না বলিস, আমায় কেন ডাকছেলি বল ?

ভূ:। পিসী বড় মজা। তোমার জন্মে আর আমার জন্মে। দিদিকে পরে দেবে।

রে:। কি আছে ওতে?

ভূ:। কারখানায় হোটেল খুলেছে। জোর গান লেগেছে। ঘোষাল বাবু আমায় ধরে নে গে দিলে। বল্লে তুই গদা সাহেবের ছেলে, তুই হেন্তাকে দাঁড়িয়ে। তারপর দিলে। এক ঠোকা দে দেলে।

तः। कि मिला? कि शावात ? कि मिथा।

ভূ:। কাট্লুস: ছ°। যেমন তেমন থাবার- একবারে কাটলুস।

রে:। কাট্লুস কি রে?

ছ্:। চোপ, চোপ। এই দেখ না— এর নাম চোপ। এর নাম কাটলুস। রে:। থাম তুই, তোর কাটলুস চোপে আর কাজ নেই। তুই এত কণ্ট করে এনেছিস। তুই খা। তাহালেই আমার খাওয়া হবে। ঐ উঠানে বসে খাবি। কেমন— ? নোক্ষি ছেলে।

ভূঃ। পিসী— আমি বলি কি এই চোপটা— খেয়ে লাও।

রে:। নারে—

ভূ:। পিসী- খাবে নি?

রেঃ। ঐখানে বসে তুই খেয়েনে। চারদিকে ছড়াস নি। আমাদের বাড়িতে ওসব ঢোকে নি।

ভূঃ। তুমি কেমন ধারা পিসী বলত। আমি নে একু এত করে, কত দূর থেকে, আর তুমি খাবে নি ?

রে:। ওতে যে পিঁয়াজের গন্ধ বইছে বাবা। আমি কি ওসব খাই।

ভূঃ। না পিসী, আমার দিব্যি একটা নেও।

রেঃ। তুর মুখপোড়া, খাবনা বলছি, নেও, নেও করছিস্। তুই খা না।

ভঃ। খাবে নি ? খাবে নি ? তুমি খাবে নি ? আছো।

রে:। আচ্ছাকি?

ভঃ। (ঠোঙ্গা শুদ্ধ ছুঁড়িয়া উঠানে ফেলিয়া দিল)

রেঃ। রাগ হ'ল। অ— ভূপীন যাস নে। আমি তোকে ভূলে এনে দিন্ছি, তুই খেয়ে যা। আমি তোকে নাড়ু দেব, মুড়ি দেব, নারকেল কুঁড় দেব—

ভূ:। (উঠানের মধ্যে দাড়াইয়া) ফ্যাচ্ফ্যাচ্করনি বলছি।

[ ভূপীন প্রস্থান করিল ]

রে:। ও বাবা! কি রাগ ছেলের।

[ দড়িতে গামছা ঝুলিতে ছিল, রেবতী উহা টানিয়া লইয় মুখ সেঁটকাইয়া বাঁ হাতে ঠোঙ্গাটা তুলিয়া লইয়া পাৎকো তলার দিকে চলিয়া গেল ]

[রেবতী প্রস্থান করিল।]

# व्यष्टेम मृग्रा

#### কালীনাথের অট্রালিকা।

#### হাল ফ্যাসনে সজ্জিত হলঘর।

#### কাল-সন্ধা।

# কালীনাথ, প্রতিবেশীগণ ও ঘোষাল বাবু ৷

ঘোঃ বাঃ। Sir-এর কাছে তোমাদের যা যা কথা আছে খোলাখুলি সব বলতে পার। Sir এরা ভয় পাছে। বল না, বল। ভয় কি! ১ম প্রঃ। স্থার গণপতি ঠাকুর সমাজের মুখে চুনকালি দিয়েছে। ২য় প্রঃ। তার দেখাদেখি নিতাই ও এমন বাড়াবাড়ি করছে যে আর টিকতে পারছে না কেউ।

থয় প্র:। ছজুর ব্রাহ্মণ আমরা। আমরা গ্রামে মুখ দেখাতে পাচ্ছি না।

৪র্থ প্র:। চতুষ্পাটী, টোল, স্কুল পাঠশালা যা গ্রামে ছিল সব উঠে গেছে।

৫ম প্র:। আমি কি বলব হুজুর। শিরোমণি ঠাকুর আমি। আমার

কত শিশ্ব বাড়ি, সব গিয়েছে। আমায় দেখলে একটা কাষ্ঠ প্রণাম

দূরে থাক্; এখন যা হ'য়েছে, তাতে আমার ওদের প্রণাম করলে

তবে ভাল হয়। কি করবে জানেন হুজুর এই নোয়াখালিতে

মুসলমানরা যা করে পাকিস্থান করলে, এরা এই গ্রামে বামুন

কায়স্থদের সঙ্গে তাই করবে। মশায়— ছুজুর বছ হুদয় বিদারক

বু তা স্তু গ্রামের ভেতর ঘঠেছে, আর রো জ ই ঘটবে, আর

বেড়ে যাবে। ষণ্ডা ষণ্ডা মে থ র গু লো, ওরাত আগে ডাকাতি

করত, মেধ ডাকাতের দল কে না জানে, সেই সেই তারাইত আপনার

কারখানার লোক। সায়েব মশায় কি বলব ব্রাহ্মণের মর্য্যাদা, মেয়েদের মর্য্যাদা কিছু আর রাখলে না। সমাজটাকে ভেঙ্কে চুরমার করেছে। বাপে ছেলেয় বনিবনা একটা পরিবারে দেখতে পাবেন না হুজুর। ধর্মাকর্ম্ম গ্রামে বিলুপ্ত করেছে। গ্রামটাকে ছারখার করে দিয়েছে

- কাঃ। গ্রামে কি এমন একটা মাস্থুব নেই, যে ঐ মেথর বামনটাকে মাথা মুড়িয়ে ঘোল ঢেলে গ্রাম থেকে বিদায় করে দিয়ে আসে।
- ২প্রঃ। আমি পারি। তারপর যদি মামলা হয় ?
- কা:। বেশ তার কাণটা কেটে আমায় এনে দাও। তারপর যা করতে হয় আমি করব। মামলা মকর্দ্দমা আমি বুঝব।
- ৩প্রঃ। হুজুর, আর একটা কথা আছে। ওদের পাঠশালায় কাজ স্থবিধে হচ্ছিল না। যে অবধি এই বড় কর্ত্তা বড় সায়েব। এই আপনার জ্যেষ্ঠ পুত্র মহেল্র— অ-অ সায়েব পরিচালনার ভার নিয়েছেন। পাঠশালায় দারুণ লোক হচ্ছে। বনিয়াদী শিক্ষা দেওয়া হয় সেখানে ভদ্রঘরের ছেলে স্থার একটা থাকছে না।
- ২প্রঃ। ইাা sir.
- eথাঃ। বড় লোকে ঝুঁকেছে। ওটা না বন্ধ করলে ছজুর কেউ কিছু করতে পারবে না।
- কাঃ। ওর আমি ব ন্দোব স্ত করছি। বন্ধ হ'বেই— আপনি হবে। আমায় কিছু বলতে হবে না ওর সম্বন্ধে। তোমরা গণপতিটাকে উত্তম মধ্যম দেওয়ার ব্যবস্থা কর। ভয় কর না।
- ৬প্রঃ। গর্হিত, গর্হিত অস্থায় করার অপরাধে জেলে পুরে রাখুন না।
- কা:। তোমরা বৃথা সময় নষ্ট করছ। আমি জানি আমি কি করব।
- ৫প্র:। আমরা থেঁটে নিয়ে আজই আক্রমণ করব। আপনি দেখবেন।
- ১প্র:। আমরা আসি তবে ?

ষো: বা:। হাঁ, হাঁ। কর কিছু। সাহেব কাজে দেখতে চান। সকলে। আছো। সেলাম হুজুর। সেলাম, সেলাম, সেলাম,

[ প্রতিবেশীগণ প্রস্থান করিল ]

### (সৌদামিনী প্রবেশ করিল)

কাঃ ! গর্ভধারিণী কি ছেলেই মানুষ করেছিলে ! গণপতিটার সঙ্গ ওর না ছাড়াতে পারলে, প্রতিবেশীরা আর আমাদের গ্রামে থাকতে দিচ্ছে না। গ্রাম থেকে বাস ওঠাতে হবে। তা বোঝ।

সো:। তাত বুঝি। এখন করি কি !

কাঃ। রমলার সঙ্গে ওর বিয়ে দি। ছেলেটাকে রাজি করতে পারবে? সে ত তোমার খুব অনুগত শুনি। বাবাকে বাদ দিয়ে মাকে পূজো করে।

সৌঃ। রমলা মেয়েটা বেশ।

কাঃ। রমলার মতন মেয়ে কি হয়। বিলেত পর্য্যস্ত ঘুরে এসেছে। ওকে ছেড়ে দিলে একা সারা পৃথিবীটা পর্য্যটন করতে পারে। মোটর চালাতে জানে। শুনেছি এইরোপ্লেন পর্য্যস্ত চালাতে দিলে ও চালাতে পারে। কি intelligent মেয়ে!

সৌ:। দেখতেও থ্ব সূঞা। আমার খ্ব নেটা পেটা: কাকিমা বলতে অজ্ঞান:

ুকাঃ। এখন ছেলেকে বশে আনতে পারবে १

সোঃ। আমার কথা মনু ভনবে না ?

কাঃ। সে মন্থ আর নেই। তুমি সুধাকে বলতে। ছ্যাঃ। মনুতে আর সুধাতে আকাশ পাতাল তফাৎ।

(जो:। ७ ७ नरव। ७ नरव,।

কাঃ। আমি তাহ'লে রায় বাহাত্ররকে বলি?

त्रीः। वलना।

কা:। আচ্ছা।

[ কালীনাথ প্রস্থান করিলেন ] ( সৌদামিনী অনুগমন করিলেন )

#### नवम पृथा।

#### ভাঙ্গী পল্লী।

#### ভাঙ্গা মন্দির।

#### কাল-প্রায় সন্ধ্যা

প্রাঙ্গণ ও চাতালে মেথর পল্লীর লোকেরা বসিয়াছিল। ভদ্র সমাজের লোকেরা আসিয়া জোর করিয়া তাহাদের স্থান অধিকার করিয়া ফেলিল। ভাঙ্গীগণ দূর হইতে দেখিতে লাগিল।

[গ্রামবাসীগণ ও ভাঙ্গীগণ ]

১ভঃ গ্রাঃ। সেচ্ছাচারিতার একটা সীমা আছে।

২ভঃ গ্রাঃ। করছেনটা কি।

৩ভঃ গ্রাঃ। অবগাহন স্নান। পূজা।

৪ভ: গ্রাঃ। পূজা !!!

৫ভ: গ্রাঃ। প্রার্থনা সভায় আসবেন না ?

২ভঃ গ্রাঃ। পা আর চলছে না।

৬ভ: গ্রাঃ। তবু ছিটে ফোঁটা কাটা নেই। সে সব পাট নেই।

২ভঃ গ্রাঃ। আচ্ছা মশায়, তিনি ডুব দিয়ে আবার উঠে ছিলেন কি
দেখেছেন ?

( সকলের উচ্চ হাস্থ )

১ভঃ গ্রাঃ। আসছে, আসছে। আস্তে, মশায়রা। আসছে দলবল নিয়ে। আসছে। শোভা যাত্রা করতে করতে আসছে।

> [ গণপতিঠাকুর, মাধব, নিতাই, বিশ্বনাথ, করুণা ও অক্যান্স সহচরগণের প্রবেশ।

[ চাতালের উপর হইতে শিরোমণি পণ্ডিত হাঁকিলেন। সেখানে অস্থান্ত পণ্ডিতেরাও ছিলেন]

৭ভঃ গ্রাঃ। গণপতি তিষ্ঠ ঐখানে। তোমার আজ বিচার হবে। আমরা সকলে তাই এসেছি। তুমি ব্রাহ্মণের সঙ্গে একাসনে বস্বার যোগ্য নও। সাংখ্যতীর্থ মহাশয় এই বসে আছেন। আগে তুমি এঁর প্রশ্নের উত্তর দাও।

গ:। আপনার আদেশ শিরোধার্য্য।

- ২প:। গণপতি তোমার পিতা স্থায়রত্ব মহাশয় আমার বাল্যবন্ধু ছিলেন।
  তুমি সেই নিষ্ঠাবান পণ্ডিতের সন্তান হ'য়ে, উহ্নবৃত্ত মেথরের পেশা
  কি করে গ্রহণ করলে ? তুমি নীচ জাতির পর্য্যায় ভুক্ত। আমি
  তোমায় জাতিচ্যুত করতে বাধ্য। তোমার কিছু বলবার আছে ?
- গঃ। জীবনের শেষদিন পর্য্যন্ত শূজজাতিকে হীন দৃষ্টিতে দেখব এই জান-তেম। শূজের সেবা গ্রহণ ব্রাহ্মণের পক্ষে অবজ্ঞার বিষয় এই মতই আমি আজন্ম পোষণ করেছি। কিন্তু আজ মনে হয় দরিজ নারায়ণ বলতে— ওরাই।

৩পঃ। তবে আর কি, ওদের গলা জড়িয়ে থাকুন আপনি।

৪পঃ। ওদের পদ সেবা করুন।

- গঃ। মনে হয়— সমাজে যত ব্রাহ্মণ আছেন তাঁদের মিলিত সেবা দ্বারা তাদের কৃতজ্ঞতা অজস্ম পরিমানে পরিশোধ করলেও, কয়টা জীবনে সে ঋণ পরিশোধ হবার নয়, এত ঋণ করেছি আমরা।
- ২পঃ। শৃত্রের সমাজভুক্ত হওয়াই তোমার অভিরুচি, সেটা স্পৃষ্ট কথায় স্বীকার করছ।
- ভেত্রলোকগণ। শোন, শোন, একবার শোন। শুনুন মহাশয়েরা। কি উদার! ভণ্ড প্রবঞ্জ।
- ৩প:। তুমি ব্রাহ্মণ সমাজের অবমাননা করেছ।

- গং। ব্রাহ্মণ সমাজকে আমি যথেষ্ট সম্মান করি।
- ২ভ: গ্রা:। মেথর ও। ওর কথা শুনবেন না। ব্রাহ্মণদের অপমান করেছে। আপনারা ওকে দণ্ড দিন্।
- ১পিঃ। তোমার মনে পড়ে, মা ৺নিস্তারিনীর মন্দিরের পূজারী ছিলে এক-দিন ? মনে পড়ে শাঁক ঘন্টা বাজিয়ে দেবীব পূজা করতে ? মনে পড়ে শাস্ত্রপাঠ ছিল তোমার ? শুচি অশুচি মানতে তুমি ?
- গঃ। মা— প্রান্ত চিত্তে কি আমার পৃজ্ঞা নিতেন ? সমাজের এই পরি স্থি তির মাঝখানে, কোন মহছ দে শা সাধিত হবে শাঁক, ঘণ্টা বা জা লে ? কি ফল লাভ হবে শুটি অশুটি নিয়ে আর্ত্ত না দ করলে ? শাস্ত্রের বচন আওড়ে তর্কজাল বিস্তার করলে কারও কোন উপকার দর্শাবে ? ক্ষুধায় অন্ন নেই, রোগে শুশ্রামা নেই, লজ্জার বস্ত্র নেই, সংযম নেই, ধর্মাধর্ম্ম জ্ঞান নেই, গভীর বিশৃত্যলে সমাজ ভূবে আছে। এখন কি ব্রহ্ম বিভা দানের সময় ? বেদ, বেদান্ত, স্মৃতি, দর্শন এসব কে শোনে— কে চায় ? চায় ছটী অন্ন। অন্নগত প্রাণ ভারতের। হা অন্ন যো অন্ধ করে মরছে ভারত।
- ২প:। গ্রামশুদ্ধ লোক তোমার বিরুদ্ধে অভিযোগ করছেন, তাঁদের বিরুদ্ধে তুমি হিংসার অভিযান চালিয়েছ। যে ঘৃণার বহ্নি জ্বলে উঠেছে ব্যক্তিতে ব্যক্তিতে, এবার ঘরে ঘরে আগুন জ্বালাবে তুমি। তুমি সমাজ ভাঙ্গতে চাও ? নীচ উচ্চ ভেদাভেদ তুলে দিতে চাও ? কায়স্থ ব্যক্ষণ নাম বিলুপ্ত করতে চাও ? ছোট লোকেদের ক্ষেপিয়ে দেওয়া খুব সহজ। ভদ্রলোকদের ফুর্জন বলে অপবাদ দিয়েছ তুমি।

স্থার চক্ষে তাদের দেশতে শিথিক্সে তুমি দ এইকারে প্রানে হীন:
্র স্থোকেদের প্রশুর অধম করেছ তুমি দ

৩প:। তুমি বল, তুমি ইতর ভজ্মান কি ?

গা:। ভাই, কে ইত্র — কে ভত্ত জানি না। এই শুধু জানি, যে অহিংসা মানে, সত্যকথা বলে, পরস্ত্রীকে মাত্সমান জ্ঞান করে সে যদি হীন বংশজাতও হয়, তবু সে ধুগু! আর যে এইগুলি মানে না সে যদি উচ্চবংশের পণ্ডিত্ত হয়, শতধিক তাকে!

৪প:। বাবুদের "হুর্জন" বল কেন— আগে এই কথাটার উত্তর দাও।

১প: । वृत्थित्य मार्थ वावृत्मत त्माय त्कानशांन ? श्राया श्रय त्मार्य नित्य नित्कतम्बद्धाः निर्देशका निर्द

৪প:। হাঁ তা করব। কেউ আপত্তি করবে না ।

১পা:। বিশ্বান বাবুদের অপবাদ দাও তুমি । কেন দাও বলতে হবে।

্ ১ভঃ গ্ৰাঃ। দেশে স্বাধীনতা আনলে কে ?

২ভঃ গ্ৰাঃ । দেশ চালাচেছ কৈ ? "

৩ভঃ গ্রাঃ। অতীতের সভ্যতা এখন চলৈ কি কখন ?

২পঃ। কারণ কি গণপতি বল। অপবাদ কেন দাও 👰

গঃ। আমি বাব্দের অপবাদ দিই নান তাঁরা যে অক্সায়টা করের, আমি সেই অক্সায়ের বিরোধিতা করি। সেই অক্সায়ের শুক্র আমি।

২প:। কি অস্থায়টা বাক্যাড়ম্বর না করে বলে ফেল ।

शः । वार्त्रा नःयम मात्नन ना ।

১প:। এ কখন হ'তে পারে বাবুরা সংযম মানেন না ?

গঃ। আমি দেখি বাবুদের বাইরে খুব পরিপাটা কিন্ত অন্তঃসার শৃষ্ম। বাবুরা পভিত, আচার শৃষ্ম, মেচ্ছ জারা। ভোগের কটি জারা। অক্সময়ামী, স্বেচ্ছাচারী, ব্যাছিচার-পরায়প তারা। তারঃ সমুদ্ধ্য ্ ভক্ষণৈ লোলুপ্রসন্ধ্যা উপরিমাহীন, সমাজের বৃকৈ বসে লাম্পট্য কর্মে: বেড়ান। তাঁদের মধ্যে কিবাহে মন্ত্র পাঠ একটা প্রাণহীন প্রস্কৃতিতে ঠেকেছে। তথি ই তাঁদের দেকদেবী— অর্থ ই পরম গডি অর্থের জন্য ভারা সব-করতে পারেন।

পে:। তোমার ভাষার সংযম আবশ্যকঃ। তুমি সলাজন হিন্দু ধর্মকে রান

গঃ। সনাতন হিন্দু ধর্মের কথা মূখে আনহবন মা। অতীতের কোন প্রেরবিষয় আদর্শটা আপনারা পালম করেন বলুন ?

৩পঃ। পুরুষরা একটু আধটু অমন হয়। সমাজে নারীরাই মানেন। বিছোৎসাহী নারীরাই সমাজ রেখেছেন।

গং। বিভোৎসাহীদের বিভোৎর্গমে পুরুষরাও হার মেনেছে—

"নারীয়ু স্ডি,কাপি পুংশ্চলি চ গ্রহে গ্রহে।

. করোতি উৰ্জ্জন্মং কান্তঃ ভূত্যেং ভলঞ্চ কম্পিতমু॥ "

নারীদের মধ্যে পাধুনিক সভ্যতার বিষ সঞ্চারিত হয়েছে। তারা এই বিষে জর্জনিত হ'য়ে সমাজের সর্বনাশ সাধন করছে।

চিতঃ গ্রাঃ। অতীতের সৌরবময় আদর্শ কি যদি বলৈন, আ প না র বির্তিতে যদি বিশ্বাস হয়, জানবেন এমন লোক সমার্জে আছে যে আপনার বির্তি নির্মেরেগ পালন করবে।

গং । অতীত দিনের কথা। সে বছ্যুগ গুর্বের কথা নয়। মুসলমান বিজয়ের প্রের কথা। সেই যে যখন ভারত ছিল যোগভূমি—ভোগ ভূমি নয়। যখন ভারত ছিল অন্ত:সৌন্দর্য্যের বিকাশ ভূমি— এখন হয়েছে কেঁরজ আভিজাত্যের বিলাস ভূমি। সেই যে যখন ভার লক্ষ্য ছিল পরিমানন্দে, উচ্ছু খল আমোদ প্রেমাদে নয়। যখন সাধনা ছিলাদ অনাম্ভিতে, ভোগের আসভিতে নয়। শিকাও শক্তি সঞ্চয়ে, অর্থ সঞ্চয়ে নয়। দীকা— নিকার কর্মে। আর্চার চিত্ত জি ও জ্ঞানে। ধর্ম— ইন্দ্রিয় সংযমে। আদর্শ— ভগবানে।

যখন সমাজ ছিল স্নেহ মাধুর্য্যপূর্ণ ধর্ম নিষ্ঠায়। সামাজিকতা— সাধু,

বৃদ্ধ ও দেবসেবায়। গৌরব— ত্যাগে। গর্বব— শাস্ত্র নির্দিষ্ট

ধর্দ্যান্থসরণে, উৎসব— যজ্ঞে, আনন্দ— আত্মদর্শনে—

- ২প°। থাম, থাম, থাম। আর বলতে হবে না। তথাপি তুমি ধর্মজোহী, সমাজজোহী। তুমি শাস্ত্র নিষিদ্ধ, নীতি বিরুদ্ধ, ধর্ম বিগর্হিত, ক্রিয়ার অফুষ্ঠান করেছ মেথরের ঘরে বাস করে, শৃজের পেশা কুলি- গিরি করে, তুমি গ্রামের সমাজ ধ্বংস করতে বসেছ। তোমায় আমি গ্রাম থেকে নির্বাসিত করলেম। তুমি গ্রাম ত্যাগ করে কালই চলে যাবে।
- গঃ। সে কথা পরে বিবেচ্য। আগে জিজ্ঞাসা করি, গোপনে পরস্ত্রী দর্শন একটা নীতিবিরুদ্ধ, ধর্মবিরুদ্ধ, শাস্ত্রনিষিদ্ধ কাজ। তথাপি এরূপ কার্ষ্যে অনুরাগ পরিলক্ষিত হয়, এরূপ ভদ্র সন্তান এই সভাস্থলে অনেকে আছেন। তাঁদের কি দণ্ডবিধান করবেন বলুন, আমি তাঁদের একে একে নাম উল্লেখ করছি।
- ৪পঃ। এ মতলব ভাল নয়। এই থেকে অনেক কিছুর অবতারণা করবে। অনেক কিছু বেরুবে।
- ৫পঃ। সেরে নাও। আর নয়। সেরে নাও। চটপট্।
- ২পঃ। আমি তোমার অপরাধের জন্ম, তোমায় নির্বাসন দণ্ড দিলাম।
- ১পঃ। দণ্ড ঠিকই হ'য়েছে। অপরাধ কি যেমন তেমন ? গুরু অপরাধ।
  [ভিডের ভিতর হইতে কয়েকজন চিৎকার করিয়া উঠিল
  - "বেরোও গণপতি। দূর হও। বেরোও। বেরোও।"]
  - পিল্লীর সকলে যেন একবাক্যে চিৎকার করিয়া উঠিল। "তোমরা বেরোও। দা-ঠাকুর আমাদের থাকবে যেথায় আছে।"]

গং। থাম। আধুনিকগণ। পালাও কোণা। দাঁড়াও। দেখছনা পরের অক্টের দীপ শিখা জলে উঠছে? আগের দীপ শিখা সব নিডে গেছে। দেখছ না যুগাবতার ভারতকে মৃত্যুর ভূমিকায় বিরাট করে প্রকাশ করবার জত্যে ঐ জাতির জনক রূপে জাতির শিয়রে জীবস্ত দাঁড়িয়ে আছেন। কুসংস্কারাচ্ছর শ্রন্ধা ত্যাগ কর। তাঁর ভাব-ধারার বাহক হও। তাঁর প্রতি শ্রন্ধা স্তঃফ র্ অভিব্যক্তিরপে তোমার আচরণের ভিতর দিয়ে ফুটিয়ে তোল। বল আমি ভারতীয়, আমি বাপুজীর অহমিকা বর্জিত, মহামন্ত্রে দীক্ষিত কর্মীদলের মধ্যে একজন। বল, বাপুজীর অহিংসার সৈনিক আমি।

পত্তিতগণ। গান্ধীজীকে আদ্ধা কে না করে ? ভারতবর্ষে এমন লোক কে আছে ? হাঁ গান্ধীজীর ভক্ত আমি— নিশ্চয় আমি গান্ধীজীর ভক্ত। গঃ। এ নহে সে দিন যে ভারতীয়কে বিজিতের দণ্ড দেবে, আর সে মাথা পেতে নেবে। এ আর এক দিন। এ দিনে ভূমি ভদ্র— যদি অভদ্রকে সমান রেখা টেনে সঙ্গে নিতে পার। তুমি উচ্চ—্যদি তুমি নীচকে সেবা করতে শিখে থাক। তুমি ধার্ম্মিক— যদি শ্রমকে সকল পূজা পদ্ধতির উপরে স্থান দাও। তুমি অনাদির দারা প্রেরিত ভারত সন্তান— যদি শ্রমিককে সাধক জ্ঞানে সমাদর কর; তাদের শ্রন্ধার সহিত সমান্তে বরণ করে, তাদের জীবন সুখী কর; তাদের উৎসাহের ইন্ধন জোগাও, তাদের অজত্র পরিমানে— সুখ স্থবিধা না দাও। তোমার স্থান ভারতের বাহিরে— যদি তুমি শ্রেণী, ভেদ, ব্যবধান চিম্তাধারার মধ্যে পোষণ কর। সবাই এক জাতি, এক সম্প্রদায়- এক ধর্ম। ভারত এক অবিভক্ত ভারত। এক ঘাটে স্নান করে— আপন <del>আপন</del> দেব-দেবীর আরাধনা রত আমরা। ভুলে যেও না— গ্রামের সবাইকে "ভাই" বলে আলিঙ্গন দিতে; গ্রামকে যথায়থ ভাবে প্রকাশ

করতে; গ্রামকে যথাযথভাবে স্থাবলম্বী করতে। ভুরুল যেও না, ভারত বলতে— গ্রাম। ভুলে যেও না, ভারত-সন্তান বলতে গ্রাম-বাসিগণ। ভুলে যেও না— তারা মহৎ— তারা আর্য্য। নিঃ। বলু জয় বাপুজীর জয়।

नकला ज्य वाश्रुकीत जय !!

গং। (স্থব পাঠ) হে পবিত্রম্ বাপুজী! হে মহাত্মাজী!!

ত্মেব শরণ্যম্, ত্মেব বরেণ্যম্

ত্মেব শান্তি স্থাপনায় সর্বর্ধশ্বরূপম্

ত্মেব জাতিত জনকম্, অবতার্ববিষ্ঠিক্
হে বাপুজী! হে গান্ধীজী!!

লহ ভারতের প্রণামজী !!!

# চতুর্থ অয়।

#### , প্রথম দুখ্য।

কালীনাথের অট্টালিকা।

কাল-প্রায় রাত্রি ৯টা।

[ অট্রালিকার অনেক পরিবর্তন হইয়াছে। নুতন হলঘর।
নুতন ধরণে সজিত। Party দেওয়া হইয়াছে। বছ
নরনারীর সমাবেশ। কালীনাথ, সোদামিনী, সুধা অতিথিদের অভ্যর্থনায় নিযুক্ত। রায় বাহাছর, ইঞ্জিনীয়ার, দেবেক্স
সকলেই উপস্থিত আছেন। কল্পনা, আর্ভি, অরুণা, পপি,
রমলা বিরাজ করিতেছে।

(গাঁন)

আরতি—

"মন্দিরে মম কে আসিল রে।
সকল ভবন আনন্দে মগন দিনিদিশি
গেল মিশি অমানিশি দুরে দুরে॥
সকল হুয়ার আগুনি খুলিল,
সকল প্রাদীপ আপনি অলিল,
সব বীগা বাজিল নর নব স্থুরে স্থুরে॥
"

🔒 (সকলে করতালি দিল।)

কা:। এইবার আমাদের শ্রেষ্ঠ অমুষ্ঠান "রাশিয়ান ব্যালেট" অভিনীত হবে। এটা একটা আনন্দের বিষয়ায়ে এন্দ্রিনীয়ার মিষ্টার ম্যালিক এবং

## শ্রীমতী রমলা বাসু ইহার রূপ দিবেন।

( আবার করতালি পড়িল। )

[ চারিদিকে উৎসাহের সাড়া পড়িল। কেহ উৎসাহভরে "Here! Here!!" দিলেন। রমলাকে তাহার বন্ধুরা উপস্থিত করার সঙ্গে সঙ্গে Engineer ম্যালিক গাতোখান করিলেন।]

#### भगानिक ७ त्रमना।

(গান)

পুঃ। ও কমরেড্ ! ও বন্ধু ! আজি এসেছ এসেছ তুমি। স্থামাখা কথা, আছে মনে গাঁথা, প্রেমের শৃষ্থালে বাঁধা মনোভূমি॥

স্ত্রীঃ। হৈ সৈনিক! হে নির্ভীক! দাও পরশ তোমার। হে চিরবহ্নিত! হে চিরবন্দিত! এস হৃদয়ে আমার, প্রেতকীর্ণ শ্বশানে, হে বীর! করিয়াছ স্বর্গ তুমি॥

পু:। এমন যামিনী, মধুর চাঁদিনী, তুমি যদি এসেছ, আকুল পিয়াসা মিটাইতে স্থি, মেপ্রালিঙ্গণ যদি দিয়েছ সাগর ছাঁচিয়া, মাণিক পেয়েছি, লয়েছি সূধা ভাগু চুমি॥

স্ত্রীঃ। প্রেম ছড়াইতে, প্রেম কুড়াইতে পথেরি মাঝারে খেলে বেড়াইতে স্ত্রোৎস্না আলোকে তোমাকে পাইতে আশা-বাঁধা চাতকিনী॥

উভয়ে। এ রাষ্ট্রের জনারণ্যে, কভু আসেমদি তমসা মরণ, গৌরব শিখরে, উঠিব গুজনে, হবে নব সংগঠন, বিজয় কেতন, তুলিব শিয়রে, কণ্ঠে মৃত্যুঞ্জয় বাণী॥

## [ দৃশ্য পরিবর্ত্তন ]

## विভীয় দুখা।

## কালীনাথের অট্টালিকা।

#### একই সময়ে, অপরাংশ।

বারান্দার ধারে একটা বাগান। বারান্দায় সারি সারি আরাম কেদারা পড়িয়াছে। মহেন্দ্র একটাতে শুইয়া গভীর চিস্তায় মগ্ন।

#### गरम् ।

(সুধা প্রবেশ করিল)

- হা:। ইস্। কি এ! গুঃ। এ কি এ! এঁটা দাদা, তোমার কি এ রকম করা সাজে ?
- মঃ। না সাজে কি ? না সাজবার মতন কি দেখলে ?
- স্থা। তোমার অপেক্ষায় ছিলুম যে। তুমি এলে না দেখে, তাইত আবার নিজেই এলুম।
- মঃ। আমায় তিনবার ঐ হুজুগে ডেকে পাঠান হ'য়েছে, যায়নি বলে বলছ?
- স্থ:। তীর্থের কাকের মত প্রতীক্ষা করে আছে অতিথিরা— কখন তুমি আসবে। আর তুমি এখানে দিব্যি সঞ্জাগ নিদ্রায় অভিভূত আরাম কেদারায়।
- মঃ। তাদের ধৈর্য্য ধারণ করতে বল।
- স্থঃ। ধৈষ্য দেখে তবু যদি ভোমার এতটুকু করুণা জাগত মনে!
- মঃ ! না যদি ধৈর্য্য ধারণ করতে পারেন তাঁরা, নিরাশ হ'য়ে ফিরে যেতে বল।
- মুঃ। বিক্রপ, ছল, আক্রোশ সব কিছুই তোমার কথায় ভেতর দিয়ে ঝরে

- পড়ছে। (অশ্রুসিক্ত কঠে) দাদা আজকে তুমি (দীর্ঘ নিঃখাস ফেলিয়া) আমায় হাসাতেও পার, আবার কাঁদাতেও পার। আমিই পার্টি দিয়েছি।
- মঃ। তোমার চোখের জল আজকাল অনেকের মত খুব সস্তা। আমার কাছে ওর কোনই মূল্য নেই।
- স্থঃ। দাদা অমুরোধ জানাতে— এসেছিলুম শুধু। এত কটু, কঠোর, স্থাদয় বিদারক কথা বলবে তুমি, আশা করিনি।
- মঃ। আচ্ছা ঝাঁ করে আসল কথাটায় এসে পড় দেখি।
- স্থা। রমলাকে তোমায় কাছে আনব কি ? আলাপ করিয়ে দেব। সেত আমদের বাড়িতে অনেকবার এসেছে। সকলের সঙ্গে আলাপ হ'য়েছে, কেবল তোমার সঙ্গে আলাপ নেই। আমি তাকে জিজ্ঞাসা করেছি, সে বলেছে "বেশ ত।"
- ম:। ঐত বোন, জটীল জাল বুনতে বসেছ।
- স্থঃ। তোমাদের ছজনের জীবনে যে একটা নূতন অধ্যায়ের সূচনা হবে।
- ম:। স্বপ্ন রাজ্যে সব কিছুই সম্ভব হ'তে পারে। বাস্তবে নয়।
- স্তঃ। (নিপালক দৃষ্টিতে তাকাইয়া রহিল) দাদা---
- মঃ। আমি কি কঠিন— এইত বলবে ? ও কথাটীতে আমি যেমন কাতর, তেমনি কঠোর। এটা বোধহয় তুমি জান না। অনেকে তা নয়। মহিলা সম্বন্ধে কুপা কটাক্ষ থাকে অনেকেরই। বিশেষতঃ তোমরা যে সব circleএ মেশ, তাদের মধ্যে ওটা একটা ভাগ্যের কথা।
- সু:। দাদা নিষ্ণুস আলাপের ছোঁয়াচটা কি মহিলা হ'লেই খ্ব দোষের ?
- ম:। জীবনকে সার্থক করতে যাদের পক্ষে মহিলা মুখের সৌন্দর্যের জৌলুস অবর্জনীয়, তাদের পক্ষে দোষের না হ'তে পারে। আমার পক্ষে ধর্মে বাধে। কারণ, আমি ছনিতির দমন চাই!
- স্থঃ। 'দাদা- কি আর বলব।

মঃ। এর ওপরও যদি কিছু বল, তোমার প্রগলভতার লক্ষণ প্রকাশ পাবে। না কিছু বলাই ভাল।

[ দেবেন্দ্র প্রবেশ করিল ]

দে:। শিল্প হিসাবে একটা জিনিষ বটে।

মঃ। কি জিনিষ? রায় বাহাত্বর যে fountain penএর setটা আনিয়ে-ছেন আজ presentation করবেন— সেটাত কম জিনিষ নয়।
মনে কর aeroplanএ এসেছে। Londonএ যে কোম্পানী ঐ
set টী তৈরী করে— তারা তুটী set মাত্র manufacture
করেছিল। একটা London এর একটা কোন Association
কিনে Princess Elizabethএর বিয়েতে present করেছে। আর
একটা ছিল, সেটা রায় বাহাত্ব তোমায় দেবার জন্তে আনিয়েছেন।
Lovely set! দেখলে মুণ্ডু ঘুরে যাবে।

মঃ। মরজগৎটা স্বর্গ হ'রে যাবে— না ?

[ সোদামিনী প্রবেশ করিল ]

সোঁঃ। তোরা কি করছিন ? আমি কোন দিক দেখব! কি করব! কিছু
ব্বতে পারছি না। সুধা তুই অমন মুখটা গোঁজ করে দাঁড়িয়ে
কেন ? আয় এদিকে। রমলা কোথায়?

সুঃ। মা জান, দাদা আজ আমার চোখের জল সন্তা বলেছে।

সো:। কথায় কথায় তোদের অমন অনেক কথা কাটাকাটি হয়, আমি জানি। এখন ওসব রাখ। যা বলি কর। রমলাকে এইখানে নিয়ে আয়। বেশ সামনে বাগান আছে। হজনে বাগানে গল্প করতে করতে বেড়াবে। মন্থু রমলাকে বাগান দেখাবে।

মঃ। মা---

সো:। কথা পাকা দেওয়া হয়ে গেছে। শুভ দৃষ্টির আগে, আজকাল ঐ যে কি নিয়ম হয়েছে— বর কনে মনের মিলটা করে নেয়— মিলনি দৃষ্টি—

- শঃ। হাঁ বুঝেছি আজকাল সে courtship করে বিয়ের নিয়ম হয়েছে— পাড়ায় পাড়ায় শোনা যায়— তারপর কি বল ?
- সো:। সব কর্দ্ধ, এই গহনার কর্দ্ধ, এই তোমার গিয়ে নমস্কারি কাপড়ের কর্দ্ধ, সব দেওয়া হয়ে গেছে—এখন কেবল বিয়ের দিনটা announce করে দেওয়া বাকি আছে।
- মঃ। তুমি আবার 'announce' কথাটাও শিখেছ।
- সো:। রমলা মেয়েটি যেমন আহা—মরি—পরি দেখতে, গুণেও তেমনি। আবার আমার খুব নেটি পেটি। কাকিমা বলতে অজ্ঞান।
- মঃ। মা—
- সো:। ?ক বলবি বল না? হাত রগড়াচ্ছিস্ কেন অমন করে ?
- মঃ। কোপা থেকে একটা বিড়াল মড়া-কালা জুড়ে দিলে।
- সো:। কৈ! কোথা!! আমিত শুনতে পাচ্চি না।
- ম:। শুনতে পাবে কি করে ? আমার অন্তরে, মনের ভেতরে ওটা হ'ছেছ যে।
- সোঃ। ওমা! এ আবার কি কথা। রায় বাহাছরের ঐ এক মেয়ে, সস্তান বলতে আরত কেউ নেই। মাসির বিষয় পাবে। অগাধ বিষয়। ভবিষ্যতে সব ঐ মেয়ের হবে। তখন তোর খুব আয় হবে।
- মঃ। বিয়ে করতেই হবে আমায়— কাণা, থোঁড়া, কাল, খাঁাদা, অজ পাড়াগেঁয়ে অনেকত ছিল।
- সো:। গ্রারে স্থা তোর দাদা কি বলে, আমি কিছু বুঝতে পারছি না।
- স্থ:। দাদা যেন এক প্রকারের লোক হ'য়েছে। কথা কইলে বুঝতে পারবে ? ও সে দাদা আর নেই।
- সো:। আমরা রায় বাহাত্রকে কথা দিয়ে ফেলেছি। তিনি সমস্ত উচ্চাগ, আয়োজন যা করবার করছেন। ছি: এখন কি অশু কথা বলভে আছে ? মাথা হেঁট হবে যে।
- चुः। छा नाना द्वारव ना।

- মঃ। না, না, বুঝতে পেরেই বলছি। শোন। রায় বাহাছরের কিছু
  ফেলা যাবে না। দেবু রয়েছে— ওর সঙ্গে বিয়েটা দিয়ে দাও।
  আমাকে অনুমতি দিতে হয়— দিচ্ছি।
- সুঃ। তা হয় কখন?
- সোঃ। তোকেই যে রায় বাহাত্বর পছন্দ করেছেন। আমরা যে তাতেই রাজি হ'য়ে পাকা কথা দিয়ে দিয়েছি।
- মঃ। বেশ ত ! আমার যে মনটা রাজি হচ্ছে না। তার জায়গায় আমি
  দেখিয়ে দিচ্ছি ভাল ভাল পাত্র। এই কাশিতে বিশ্বনাথ দেবের
  দরজায় যেমন ভিখিরীর দল বসে থাকে, দেখেছত ? সেই রকম এই
  সিনেটের দোরেও White Elephantএর দল, অনেকগুলো পাশের
  ব্যাজ গলায় পরে বসে থাকে। তাদের একটাকে— ঐ Fountain
  Pen Set, বেশী নয় শুর্থ ঐ penএর setটা দেখিয়ে 'তু' করে একবার ডাকলেই সে লাফাতে লাফাতে এসে রায় বাহাছরের পায়ের
  তলায় দাসখৎ লিখে দিয়ে যাবে। রায় বাহাছর একজন ছ'সিয়ার
  লোক হ'য়ে সব জেনে শুনে আমার মতন Vagabondএর পেছনে
  এত ঢালতে চান কেন বলত ?
- দে:। দাদা, fountain penএর কথাটা কি তুমি ঠাট্টা মনে করলে ?
- মঃ। ঠাট্টা মনে করব কেন ? তুই কি fountain penএর গায়ে এ গল্পটা লেখা আছে দেখেছিলি ?
- দে:। আমি সত্যি কথা বলছি, তোমার মৃণ্ডু ঘুরে যাবে সে setটা দেখলে।
- মঃ। Fountain penএর কারখানাটা স্থমুখে এনে ধরে দিলেও নয়। বেঁচে থাকতে আমার হাড় মাংস কারুকে কিনতে দেব না। এটা ঠিক দেনে রাখিস্।

- দে:। তোমার চেয়ে ঢের ঢের ভাল পাত্র পাবে।
- সো:। এরা কি করে গো! মন্তু, মন্তু আমি তোমাকে এই ব্যাগন্তা করছি
  বাবা। তুমি আর গোল কর না। কর না। কর না। আমি
  তাহ'লে মাথা খুঁড়ে মরব। তোমার অবাধ্য হওয়া চলবে না।
  তোমার বাবার— আমার মুখে তাহ'লে চুণ কালি পড়বে।
- ম:। বেশ, তাহ'লে অবাধ্য হব না। কি করতে হবে ? বরের টোপর
  মাথায় দিয়ে ঐ ঠাকুর দালানে দাঁড়াতে হবে কেমন ? আর তুমি কি
  বলবে সেটা একবার বল শুনি।
- সো:। বর হয়ে দাঁড়াবি যখন আমি কি বলব শুনবি ? 'আমি বলব বাবা, তুমি কোথা যাচ্ছ' তুই বলবি "মা আমি তোমার দাসী আনতে যাচ্ছি"
- মঃ। ও কথাটি আমি আমিত বলতে পারব না। নাঃ।
- সো:। তবে কি বলবি ?
- মঃ। আমি বলব, "মা তুমি— চিরদিন যার দাসী হ'য়ে থাকবে, আমি তাকে আনতে যাচ্ছি"
- সো:। আচ্ছা, আচ্ছা, তুই তাই বলিস্। আমি দাসী হব বোয়ের এইত ? পারব, পারব রে পারব।
- মঃ। মা আমার চিরদিন বোয়ের দাসী হয়ে থাকতে পারবে। কিন্তু মা তুমি পারলেও, আমি যে পারব না।
- সো:। তবে কি তুই অবাধ্য হবি তোর বাবার ?—আমার ?
- মঃ। অবাধ্য না হ'য়ে করি কি ? চিরদিন বাধ্য করাব ভোমায় একটা উৎকট কিরিদি-ভাবাপন্ন মেয়ের দাসীর্ত্তি করতে ? ছেলে হ'য়ে এতটা

গৌরবের কাজ নাই করলুম। আমায় তোমরা সভায় নিয়ে চল। আমি যাব। বাবাকে বলে রেখ— যেমনি বলব ''আমি অবাধা ছেলে। "বাবা অমনি গুণে অন্ততঃ চার ঘা পুতোর বাডি কসিয়ে দেবেন। আমি অমনি ভোমাদের পায়ের ধুলো নিয়ে, হাসি মুখে বাড়ি থেকে বিদায় হয়ে যাব। মা! আমি তোমাদের স্বস্তিত করে দিয়েছি। না ? শোন তবে ? একটা কাঙ্গালের কাছে এই শিক্ষেটা পেয়েছি যা-তা দান নিতে নেই। মা. আমি সত্যি বলছি— আমি সে কাঙ্গালের— পায়ের যুগ্যিও নয়। সে এত উচ্চ এত মহে।

সৌ:। কি বাপু! আজকালকার ছেলেদের সব আশ্চর্য্য ব্যাপার! কি হবে এখন ? কি বলবে সকলে! আমি তাদের সামনে যাই কি করে ? মুখ দেখাই কি করে ?

## তৃতীয় দুখা।

#### কালীনাথের অট্রালিকা।

#### কাল-বাত ১১টা প্রায় 1

[Partyর লোকেরা সকলেই বিশ্রামাদি করিতে বাহিরে গিয়াছে। স্থার বন্ধুরা আশা পথ চাহিয়া বসিয়া আছে ]

রমলা, কল্পনা, আরতি, অরুণা ও পপি।

কঃ। সুধার দেখা নেই।

পঃ। চা আনতে বলি।

আঃ। চায়ে আর রুচি নেই।

আঃ। আচ্ছা স্থার এত দেরী হচ্ছে কেন ?

র:। খদ্দর কি ভদ্দর হয় এ আর জান না। তাকে শিখিয়ে পড়িয়ে মামুষ করে আনছে।

> [একজন দাসী একজন বিধবাকে সঙ্গে দইয়া প্রবেশ করিল ]

भागी। हैनि यर् हाई एहन।

কঃ। কে ইনি ?

দাসী। সে অনেক কথা। এনাকে জিজ্ঞাসা করুন।

[ দাসী প্রস্থান করিল ]

বিধবা। আমি ঐ ওদিকে মন্দিরের পিছনে একটা বাড়ীতে থাকি। ভাই-পোর অস্থ দেখতে গাড়িতে যাচ্ছিলুম ঐ বাঁড়ুয্যে পাড়ায়। আর গাড়ির চাকা ভেঙ্গে পড়ল। গাড়ি উপ্টে বায় বায়। আমি গাড়ি থেকে নেবে, কোথা বাই, সামনে ছিল এই বাড়ি, ঢুকে পড়লুম।

আ:। তা বেশ করেছ। আমরা আজ এখানে "জাগিয়ে যামিনী পোহাব" মনে করেছি। তুমি পারবে ত ?

বিধবা। উপরোধ এড়াতে না পারলে, পারতে হবে।

আঃ। ছাই, ভন্ম গায়ে মাখ তা সইতে পারি। তোমার ঐ শিরে পরা খেরাটোপ ও সইতে পারি না। ওটা খুলে ফেল।

পঃ। (বোমটা খুলিয়া দিয়া) মাথায় ঘেরাটোপ আজকাল দেয় না। দিলে অসভ্য দেখায়।

कः। वा तः! त्या पिवितः पृथ्यानि ।!

অঃ। অতলম্পর্শী রূপ।

আ:। অতীতের সঙ্গে আধুনিকের ছড়া যেন মেশান রয়েছে।

বিধবা। কেউ যদি ভাই এসে পড়ে ?

কঃ। ছন্দ, রস, মাধুর্য্য যেন অ্যাচিতের দান, খেলে বেড়াচ্ছে কেমন মুখ চোখে। আমরা পাতাল খুঁড়েও জিনিস্টা পাই না।

রঃ। কিন্তু একটা tragic culture মেশান আছে। ওকে সাজিয়ে আনলে কেমন মানায়।

অ:। সাজ্কবে ? চমৎকার দেখাবে। সাজ্কবে ? সাজ্কবে ? আমি সাজিয়ে দেব নিজ হাতে।

বিধবা। কি সাজব?

আ:। রত্ন শোভার সাজ। তোমার হরিণ চক্ষু ছটী তথন পুলকিত হ'য়ে পাগলিনী দেখাবে। তুমি চলিতে চঞ্চল, খসিছে কুস্তল, অঞ্চল লুটায় ধরণীপরে হবে। কে এল, কে এল ভাব। বুঝেছ?

বিধবা। না ভাই। ছি: 'কি যে বলছ! আমায় কি ওসব করতে আছে? ক:। তোমার রূপের কাহিনী বর্ণনা করতে, ভাষা হার মেনে যায় যে। বিধবা। ভাই আমার বরাতে রূপ সইল কৈ? দেখছ না মাথার সিঁত্র

र्श्वाष्ट्र ।

পঃ: বাঃ মুখ তুলে চাও না। কেমন ভাবোক্সাসের রেখা খেলছে, দেখ দেখ। এইবার গাওত (সুর করিয়া)—

> "আমার কণ্ঠ হ'তে, গান কে নিল, দিল ভুলায়ে। কে যেন বাসা বাঁধে, নীরব মনে মনের কূলায়ে॥"

বিধবা। ছাড়, আমায় অমন কর না।

আ:। কেন ভাই ? সাজবে না ? সাজালে কি দোষ ? দয়া মায়া কি নেই তোমার প্রাণে ? একবারে পাষাণ হ'য়েছ ?

বিধবা। যে কাঁটা বি ধৈছে প্রাণে তাতে পাষাণই হয়েছি বটে।

কঃ। স্থন্দর ফুলের রীতি নীতির এমন বিধানত হয় না। সে ফুটে ওঠে পাঁচজ্বনেকে দেখিয়ে আমোদ দেবে বলে। তা সাজ্ববে না কেন ? সাজ্বতে বাধা কি ?

বিধবা। আমায় আর লজ্জা দিও না ভাই। আমার মাথা খাও, ও কথা বল না, বল না।

পঃ। আরতি আজ একে সাজাবই আমি।

বিধবা। আমার সোয়ামী নেই। আমার সাজতে নেই।

পঃ। সাজতে খ্ব আছে। কে বলে নেই ? আর ও সোয়ামী বালাই যত না থাকে, ততই ভাল।

বিধবা। সোয়ামী বালাই !! ও কথা মূখে আনলে কি করে ? তোমাদের সোয়ামী ছলে ও কথা বলতে পারতে না।

প:। (আরতিকে দেখাইয়া)কেন এর মাথায় এ কি ? তোমার চশমা দরকার ভাই।

বিধবা। দেখি: ও সিন্দুর আছে বটে। অত সরু করে সিন্দুর কাট কেন ভাই। খড়কের মতন সরু। আচ্ছা কেউ দেখতে পেলে কি তোমার যৌবনের দাম কম করে ধরবে ?

রঃ। তোমার ভাই সেকেলে নাক সেঁটকান সনাতনী চং। ও চং আর আজ-কাল চলে না। তোমার কিন্তু 'যত বড় মুখ, তত বড় কথা' হয়েছে।

কঃ। তোমাদের কি জান, সাধ আছে ধোল আনা। পার না, বাঁধা মত-ওয়ালাদের ভয়ে। সাজবে এস। পপি নিজ হাতে সাজিয়ে দেবে।

রঃ। কি ভাবছ ?

বিধবা। কি ভাবব আর।

রঃ। তবে যাও, সেজে এস। তোমার প্রথর বৃদ্ধি। সবইত বোঝ।
নিয়তির ক্রীড়নক হয়ে থাকতে যাবে কেন জগতে। ভাগ্য— সেত
নিজের হাতে। ভেবে দেখ কি বলছি। ভেবে দেখ।

বিধবা। ভেবে দেখেই বলছি। ভগবান যদি কখন দিন দেন, যদি একবার সে মুখ দেখতে পাই, তখন সাজব। আমার বাক্স ভরা গয়না আছে, আমি ঠাকুরের চরণে ধরে দেব। একটীবার, শুধু একটীবার যদি ভাঁকে দেখতে পাই। ঠাকুর বলেন সেজে গুজে ভাঁকে দেখা দিতে— ভাই দেব।

কঃ। বুড়ি ঠানদির মতন অত বচন আওড়ে অমন ঢং করা কেন ?

রঃ। ও সব ঢংয়ের বাহবা দেবার লোকত এখানে নেই।

পঃ। ওরে ভট্চায্যি মশায় টোল থেকে এসেছেন, আসনটা পেতে দিয়ে যা-রে। হাত পা ধোবে— জল আনব ?

বিধবা। ঠাট্টা করছ! কর ঠাট্টা। যা ইচ্ছে বল।

পঃ। ঠাট্টা করব না ? তোমার কি আকেল বলত ? আমরা primary বাসরঘর পেতেছি এখানে, আর তুমি এসে যত অমঙ্গলের স্থর তুলতে সুরু করে দিলে।

दिश्वा। वि--- য়ে !!

আ;, অ;, প:। হাা। সংজ্ঞা হ'ল মেয়ের এতক্ষনে।

কঃ। কার বিয়ে বল ?

বিধবা। (রমলাকে দেখাইয়া) এর ?

কঃ। কার সঙ্গে বল দেখি?

विश्वा। ঐ यात कामत शत थहे (थहे, थहे (थहे, थहे वहें करत नां हिला।

রঃ। ওকে চলে যেতে বল পপি। সৌজ্বন্যতার সীমা অতিক্রম করেছে। আমায় অপমান করেছে। চলে যেতে বল। চলে যেতে বল। যাও।

পঃ। (মাথার পিছনে ধাকা দিয়া) তুমি চলে যাও।

বিধবা। আমি কি করেছি? আমায় মারলে যে বড়?

রঃ। বেশ করেছে মেরেছে। অমন করে ভেংচে বলে ?

পঃ। খুব করেছি মেরেছি।

কঃ। উপযুক্ত টাই— হয়েছে।

আ: আ:। ঠিক হয়েছে, ঠিক হয়েছে। অসভ্যর ধাড়ি। ঠিক হয়েছে।

প:। যাও, যাও অন্ধকার থেকে এসেছ, অন্ধকারে মেশ গিয়ে। আর যদি
না যাও— তাহ'লে দেখবে কি করি।

বিধবা। আবার মারবে? মার না। মার, মার। উনি কাজে করতে পারেন। আর আমি বল্লেই যত দোষ।

প:। (মারিতে উভাত হইলে, বিধবা জোরে চিমটা কাটিল) আউ, আউ। বাবারে! বাবারে!! ইত্যাদি

আ:। তবে রে মেয়ে, দাঁড়াওত। আউ-উ-উ উহু উহু উহু। গেলুম রে, বাবারে। উ হু হু ইত্যাদি।

আ:। এই এক চড় দেব তোমায়—আ-আ-আড-উ-উ উন্থ ছ-ছ। ছলে গেল রে। বাধারে। উ-ছ-ছ-ছ ইত্যাদি।

রঃ। এই থালাটা ছুঁড়ে মারব। তোমার রগ কাণা করে দেব।

বিধবা। মার। মার না। থামলে কেন?

[মুধা প্রবেশ করিল]

কঃ। ও ভাই সুধা, কোথাকার একটা ভূতে পাওয়া ছুঁচিবেয়ে পেত্নী উড়ে

এসে জুড়ে বসেছে। ওদের মারছে। (তাহারা আউ আউ করিতে লাগিল)। যে কাছে যাচ্ছে তাকেই মারছে। যেতে বল্লে যায় না। কেবল মারতে আসে।

স্থ:। মারছে !! ই্যাগা মেয়ে তুমি আমার বন্ধুদের মারছ?

- বিধবা। ওরা মারলে আমি কি ছেড়ে দেব ? কে আগে মেরেছে জিজ্ঞাসা কর ওদের।
- রঃ। অপমান করেছে আমায়। তাইত মাথায় হাতটা দিয়ে যেতে বলা হয়েছে।
- বিধবা। উনি ধেই ধেই করে পর পুরুষের কোমর ধরে নাচতে পারেন। আয়বুড় মেয়ের লজ্জা নেই। আমি বলেছি বলে ওকে দিয়ে, ঐ উনি আমায় কিনা শেষে মার খাওয়ালে।
- সকলে। না, খাওয়াবে না। উজীরের নজীর হাতে এসেছেন উনি। ছেড়ে দেবে। যদি পরিত্রান পেতে চাও এখনও বলছি পালাও। নয়ত আমাদের হাতে আজ তোমায় ছিন্ন তিক্ষুক বিদলিত হতে হবে। বলে দিচ্ছি কিন্তু। হাঁ।
- বিধবা। (অগ্রসর হইয়া) এইভ, কি কররে কি ? মারবে ? মার—মার। সকলে। (হাভ উঠাইল মারিভে)
- সকলে। (তাঁহাদের দেখিয়া সকলে অত্যস্ত "আউ" "আউ" "উহু" "উহু" করিল। )
- বিধবা। চুপ। (সকলে চুপ করিল) আমায় কি কিছু জিজ্ঞাসা করছেন? কাঃ। (ঢোক গিলিয়া) কি হয়েছে তাই জিজ্ঞাসা করছিলাম?
- বিধবা। এদের একজন আমায় মেরেছে। আবার সবাই মিলে মারতে এসেছিল। আমি ওদের চিমটী কেটে থামিয়ে দিয়েছি।

কাঃ। কি ?

বিধবা। রাম-চিমটী।

কাঃ। ও ও। বুঝতে পেরেছি। বুঝতে পেরেছি।

বিধবা। ওঁরা নবীনা। আমি বিধরা, আমায় সাজতে নেই । এই হ'ল আমার দোষ।

কা:। ওরা ছেলে মানুষ। না বুঝে অপরাধ করে ফেলেছে।

বিধব'। এই সব করলে পরে সমাজের বিধবার। তুষ্ট হয়ে থাকে কি করে? এ কথা আপনার একবার মনে হ'ল না ? মা আপনারও মনে হ'ল না ?

সো:। আমার মাথায় বক্সাঘাত হ'ক। যম আমায় নেয় না কেন!

বিধবা। তোমারা শুনছ? মাকে দোষ দেবার কিছু নেই। এ অবস্থা ওই—ওই—ওরাই করেছে। কেমন ঠিক কি না আপনি বলুন।

কা:। আমি ওদের হ'য়ে ক্ষমা চাইছি।

বিধবা। ওরা চাইবে। আপনি কেন চাইবেন? ওদের দোষ, ক্ষমা ওরা চাইবে।

কাঃ। তোমরা ক্ষমা চাও। দেরী কর না। এস সব।

সকলে। (দীর্ঘ নিঃশ্বাস ফেলিয়া) ক্ষমা করুন।

সো:। মা, ভোমরা কি?

বিধবা। আমরা জাতে বামুন।

সৌ:। পেন্নাম কর। পায়ের ধূলো দাও মা।

বিধবা। জুত পায়ের পেল্লাম আমরা নিই না।

সকলে। (জুতা খুলিয়া ফেলিয়া) পেরাম।

বিধবা। ভগবানে মন হ'ক। আমোদ আহলাদ কর। কিন্তু মনে থাকে যেন সমাজে আমরাও আছি। নবীনাও বিধবা হয়। সাধ করে নয়। তার গের তাকে বিধবা করায়।

(সকলে প্রণাম করিতে লাগিল।)

[বিধবা প্রস্থান করিল ]

[ দৃশ্য পরিবর্তন ] "

# **ठ**जूर्थ मृश्रा।

চীনামাটীর কারখানা।

বড় সাহেবের কামরা।

কাল-১০টা বাজে

#### কালীনাথ ও চাপরাসি।

[কতকগুলি চিঠিপত্র সহি করাইয়া চাপরাসী ট্রে লইয়া প্রস্থান করিল] [জনার্দ্দন প্রবেশ করিল

কা:। কি খবর, জনার্দ্দন ?

জঃ। ভাল এজে।

কাঃ। হাতে গুটা কি ?

জঃ। ফর্দ্দ। পুরাণ লোকেদের বেতন— ঠিক করার লেগে এনেছি।

কাঃ। বাড়াতে হবে ? বুঝেছি। পুরাণদের বল গদাসাহেবের লোকদের মত তারা আগে কান্ধ দেখান, তারপর হবে। গদা সাহেবের লোকে দের হিংসা করলেই শুধু মাইনে বাড়বে না। কান্ধ চাই।

জঃ। কাজ এরা ভাল করে। এদের কাজ নিন্দের লয়

কাঃ। তা বলে ওদের কাজের সঙ্গে এদের কাজের তুলনা হয় না। কিসে
আর কিসে। ওরা নষ্ট করে কত কম। এদের কথা আর বোল না
ওরা দামী জিনিষ কেমন design করে, সুন্দর জিনিষ গড়ে দিতে
পারে। কাজে শুধু শিল্পীর পাকা হাত আছে যে তা নয়, বৃদ্ধি
আছে। আসল বৃদ্ধিরই দাম।

জ:। বৃদ্ধির কি করেছে ? আমিত কৈ দেখিনি।

কা:। ওদের মজুরদের রোজ, বেশী করে ধরা আছে। কারণ আমি দেখেছি

ভারা চটপটে। তারা কত বেশী মাল বইতে পারে। পুরাণদের একটা ওদের মতন কান্ধ দেখাতে পারবে ?

- জ্ঞঃ। আমি দেখেছি আপনারা কেউ এলি পরে ছুটোছুটী করে, মাল ধরে টানাটানি করে। আপনারা যেমন চলে যাও ওদের কারিকরদের সঙ্গে বড়রা খোস গল্প করতে বসে। ওদের কারিকরদের একটা কাজ দেখিনি আজ অবধি। তারা কাজ করবে কি! তারাই বলে মাটীর কাজ তারা জানে নি। তারা জানে লোহার কাজ। তারাই নিজেদের মধ্যে বলাবলি করে।
- কাঃ। জনার্দ্ধন, এ সব তোমার শোনা কথা।
- জঃ। না এজে, শোনা কথা নয়। আপনারা এ্যালে পুরাণদের হাত থেকে কাজ কেড়ে লিয়ে আপনাদের দেখায়, বলে "কেমন কাজ দেখুন"। আমি নিজে কাণে শুনেছি। একদিন একজন হাত থেকে কাজ ছাড়তে চায় নি, তাকে ধাকা মেরে ঠেলে ফেইলে দেছেল। ডেকে সে লোক আনতে যাজিল। মারামারি হবার জোগাড়। আমি বলতে তবে থামে।
- কা:। জনার্দন, তুমি কি বলছ, আমি জানি না। অবাঙ্গালী কারিকর
  মজুরদের সঙ্গে তোমাদের বণে না। তোমরা তাদের বিরুদ্ধে দল
  বেঁধে বসে আছ। তোমরা জান না ঐ অবাঙ্গালী কারিকর, মজুরই
  আজ বাঙ্গলার কায়-কারবার রেখেছে।
- 👺:। ওরা বড় বাবু, কাজ করে না।
- কাঃ। এ তোমার অস্থায় কথা। ওরা Calcuttয় বড় বড় কারখানায় কাজ করত, আমাদের Engineer সাহেব অনেক করে বলে কয়ে ছাড়িয়ে এনেছেন। ওরা কি Calcutta ছেড়ে আসতে চায়। অনেক করে রাজি করে তবে আনতে পেরেছেন। ওরা কি যা লোক। আমাদের কারখানার ভবিষ্যৎ নির্ভর করছে ঐ ওদের ওপর।

তোমার লোকেদের এটা একটা নিয়ম হ'য়ে দাঁড়িয়েছে, ওদের শক্তি-কে ছোট করে দেখা। এটা দোষ। তোমার লোকেদের এ রকম করতে মানা করে দিও। আর তুমিও ওদের একটু ভাল চোখে দেখ। আমার মতে ওরা এক একটা জীবস্তু গণদেবতা। অস্তৃতঃ তুমি ওদের সেই রকম মনে করবে। বুঝলে ? এতে তোমার ভাল হবে।

**জঃ। আপনি যদি বল আর কি বলি। ওরা—। আর কি বলি।** 

কাঃ। আচ্ছা তুমিই বল না। গদা সাহেবকে নিয়ে কি কেলেঙ্কারী না ঘটেছে গোড়াতে। ওকে তোমরা কাজে নিতে চাও নি। ওর মতন কারিকর বাংলায় খুব কম আছে। সব রকম কাজ জানে ও। ওর মাথাটা কি! একটা পাকা Engineerএর মাথা। গদা সাহেবকে তোমরা খারাপ বলতে। আমি—আমি বলছি তোমার লোকেরা—তুমি নয়। গদা সাহেব Engineerএর বৃদ্ধি ধরে মাথায়।

জ:। গদা সায়েবকে আপনি ভাল বলছ ?

কাঃ। ঐত নৃতন লোকেদের সব চালায়। বলব না?

জঃ। বাবু আমি বলে যাই— আমার কথাটা। আপুনি ক'ক্ষেপ এ্যাসে-ছ্যালে নাইনে বাড়াতে। আমি তেখন মানা করেছি। কারখানার দেনা না শোধ গেলে বাড়বে নি বলেছ্যামু। এখন আপুনি কি বলছ— বাড়বে ?

কা:। তুমি কি ওদের বলেছ মাইনে বাড়বে ?

জ্ঞঃ। যার যেমন বাড়ান পেরোওজোন আমি এই ফর্ন্দে ধরেছি। ওদের দেখিয়েছি।

ক:। এ ফর্দ্দ ওদের দেখিয়েছ ? তবে আর কি বাকিটা রেখেছ ?

জঃ। হাঁ্য ওরা দেখেছে। তবে সবাই জানে আপুনি যদি মঞ্র কর, তবে বাড়বে। এ আমি শুনিয়েছি ওদের।

কা:। জনার্দ্দন, তাহ'লে তুমি মাইনে বাড়াবার কর্তা হয়েছ ? তাদের যখন

একবার কাণে শুনিয়ে দিয়েছ, তারা আর আমায় গ্রাহ্ম করবে না। বেশ। ঠিক করেছ। তুমি এখন এস আমি এই চেয়ার ছেড়ে দিচ্ছি। তুমি এস বসবে। এস, বস এই চেয়ারে। আমি তোমার ছকুম তামিল করব ঐ ওদিকে এক জায়গায় বসে বসে। এস, চিয়ার নাও।

জঃ। আমি বৃঝিনি বাবু। অক্যায় করে থাকি, মাপ কর।

কাঃ। শুধু অক্সায়। ভয়ানক আস্পর্দার কাজ করেছ তুমি। ওঃ কি আস্পর্দ্ধা !!!

জঃ। বাবু! কাজ আর আমি করবুনি। আমি যাচ্ছি।

কা:। কেন বলত— এ কথা তুমি বলছ কেন ? অস্তায় করে এ কথা বলার মানে ?

জঃ। আমার মন বলছে, তুমি আর আমায় চাও নি। তুমি গদা সায়েবকে চাও। আমি থেকব নি। আমি যাব।

কাঃ। হেঁ হেঁ, কথাটা তুমি ভুল ব্ঝেছ জনার্দন। আমি তোমাকেও চাই, গদা সাহেবকেও চাই। পুরাণ লোকেদেরও চাই, নূতন লোকেদেরও চাই।

জঃ। পুরাণ লোকেরা থেকবে। তাদের সঙ্গে আমায় জড়াবে নি। আমি যাব।

काः। जूमि यात त्कन ? त्म कि इয় ? এভদিন काक कরলে।

জঃ। বাবু, মন খিঁচড়ে গেছে। যাব।

কাঃ। এখনই যাবে ?

छः। এতো নমকার!

কা:। তুমি কিছু মনে কর না। আমার ইচ্ছে নয়, তুমি বাও।

कः । এখন यहि, नमस्रोत ।

্ । জনার্দ্দন প্রস্থান করিল, এবং সেই অবস্থাতেই ফটক দিয়া বহির্গত হইয়া গেল। ]

কাঃ। (টেলিফোন তুলিয়া) Engineer। উত্তর "Mallik speaking" জনার্দ্দন যাচ্ছে। নজর রেখ কোন গোল না করে। He is leaving। উত্তর আসিল "I see. Right o Don't allow him to make any demonstration" উত্তর আসিল "O. K. Sir." টেলিফোন রাখিল। একটা অনেক দিনের বিষময় কটক আজ উৎপাটিত হ'ল। (মনে মনে খ্ব হাসি)। এ কারবারে আর ওকে রাখতে আছে ? Eclipse করবে। খ্ব সহজেই কাজ হাসিল করা গেছে।

## शक्त मुखा ।

## ত্রৈলোক্যের বাডী।

#### কাল-সকাল ৯টা।

#### **ह** धीमख्य ।

জিনার্দ্দন চরকায় সূতা কাটিতেছে। ত্রৈলোক্য একধারে
উঠানে গরুদিগকে জাব দিতেছিল। মহেন্দ্র জনার্দ্দনের
নিকট উপবিষ্ট ব

- ত্রিঃ। (কড়া নাড়ার শব্দ শুনিয়া) কে ? (উত্তর আসিল "আমি, আমি"।)

  (দরজা অর্গলমুক্ত করিতে, ভূপীন জোরে দরজায় ধারু। মারিয়া দরজা
  খূলিয়া, সটান জনার্দ্ধনের দিকে যাইল।)
- ভূ:। দাদা! তুমি কারখানাকে এসবে নি। কাজ সব তোমার নেগে এটকে আছে। আর তুমি হিভায় বেশ বসে বসে চরকায় পাক মারভিছ! তোমার কি একটু এটকেল নেই!
- বৈ:। ওরে বাপ্রে। মানোয়ারি গোরা। গ্রারে ভূপীন ভোর এ কি ঢং বলত ? দরজাটা যদি আমায় নাগ্ত ?
- ভুঃ। নাগ্ত-নাগ্ত। তুমি সরতি পার নি ?
- ব্রিঃ। বটে। মনুবাবু— দেখ দেখ। ভুপীন কি ঢং করেছে দেখ। এক হাতে পিরাণটা ঝুলছে, আর এক হাতে জুতাজোড়া।
- ভূ:। তুমি খালের খারে গিয়ে, লাঙ্গল চষগে যাও। বড় সাহেবের কি জান ?
- ত্রৈ:। তৃই বড় সায়েব দেখিছিস্?
- ভূ:। দেখিনি? —কারখানায় কত বড় বড় সায়েব আসচে না ? আমাদের

বড় সায়েব নেই ? ওনার বাবা।

জৈ:। হাঁা মহুবাবু, আজকাল বড় সায়েবরা এক হাতে পিরান, এক হাতে জুতা নেয় ?

মঃ। পিরাণটা ঠিক আছে। জুতা জোড়া ভুপীনের— মাথা থেকে বেরিয়েছে।

ত্রৈঃ। তবে রে শ্রালা। আমায় ঠকাচ্ছেলি। জুতা পায়ে চড়া, চড়া আগে।

ভুঃ। কাটে যে।

ত্রৈঃ। কাটে ? (সকলের হাস্থ) হ্যারে ভুপীন, তুই যে বড় সায়েব সেঞ্জেছিস্, হ'চারটে ইনজেরি বুলি শোনা।

ष्ट्रः। हेन्एकति वृलि। वलव १ छनत्व ? ना, वलवृ नि এथन।

ত্রৈ:। বল না। তুই তবে জানিস্না?

· ভুঃ। হাতে এস। বলি শোন, ইনজেরি বুলি ঠিক আছে। হাঁ বলি ?

ত্রৈঃ। বল।

ভুঃ। হাপান— জাপান। জাপান— হাপান। হাপান— জাপান। জাপান— হাপান।

ত্রৈঃ। এ কি ইন্জেরি বুলি ? হাঁ মন্থু বাবু ?

ভুঃ। হাঁ হাঁ আমাদের বড় সাহেব বলে।

মঃ। ও ও বুঝেছি। ইংরাজিতে কথা বলতে গেলে, নিয়ম হচ্ছে যদি কথাটা না বুঝতে পারে, সে বলে beg your pardon। ভূপীন সেইটেকে এ করেছে। জাপান হাপান, হাপান জাপান।

ত্রৈঃ। হ্যারে ভুপীন, এই তোর ইনজেরি?

ভু:। .ও ও উনি— মন্থু বাবু ইন্জেরি জানে না। বড় সায়েবদের ওনার বাপ বলে আমি শুনিছি। যারা এন্ডে না, তাদের বল আমি বলছি।

षुः। ভাল ইনজেরি। আছো। ভাল। শোন ভাল। গ্রাকটো

ম্যাকডো। গেটার পিলার— ইটো ফোন, হাগ্ডি, ম্যাগ্ডি

। হাট্, ম্যাট্, গ্যাট্। সামেনিয়া গিড্, গিড্,

জৈ:। হেই, হেই, ছোলা! চুয়ো কপাটীর বোল ধরেছ, ওর নাম ইনজিরি! এ কোন দিশী ইনজেরি রে! আমায় বোকা পেয়েছ? শুলা।

ভুঃ। ছোটদা চলনি কারখানায়। আজ তোমার late কাটবে। তখন দেখতি পাবে ঠিক হবে।

মঃ। তোর টিকিট কেনা হয়েছে ভুপীন ?

ভুঃ। আমি বাস্কয় ফ্যাইলে তবে না এ্যাসেছি।

মঃ। বটেরে পাজী, তুমি টিকিট ফেলে এখানে ওখানে করে বেড়াচ্ছু।

ष्टुः। (ছाष्ट्रमा। हन ना। (ছाष्ट्रमा, हन हन।

জঃ। আবার যাব কি ? আমি কাজ ছেড়ে দেয়েছি।

ভুঃ। কি বল্লে! চল না কাজে।

ত্রৈঃ। বুঝতে পারিন্ নি? আর কাজ করবে নি। কাজ ছেড়ে দেছে।

ভুঃ। কে— ছোড়দা ? কাজ আর করবে নি?

ত্রৈঃ। না।

- ভঃ। তবে কে যায় (জুতা, জামা ফেলিয়া দিল)।

भः। किं कत्रवि ?

ছু:। (সুর করিয়া)—

''ঈশ্বর আল্লা তেরা নাম সবকো সম্মতি দৈ ভগবান। "

[ দৃশ্য পরিবর্ত্তন ]

# ষষ্ঠ দৃশ্য।

#### ভাঙ্গী পল্লী।

# কাল—সন্ধ্যা ৫॥॰ বান্ধিয়াছে। প্রার্থনা সভা।

[ চাতালের উপরে গণপতিঠাকুর তাঁহার কর্মীদের লইয়া বসিয়া আছেন। মাঝখানে বড় চরকাটি চৌকির উপরে বসান আছে। আজ জনার্দ্দন ও ত্রৈলোক্য উপস্থিত আছে। সভাতে ভিড় আজ অস্য দিনের চেয়েও অনেক বেশী।]

(গান)

[ ভাঙ্গী বালক বালিকারা গান ধরিল। সকলে যোগদান করিল। আর করে করে তালি দিতে লাগিল।]

"বাঁচান বাঁচি মারেন মরি বল ভাই ধন্ম হরি।
ধন্ম হরি ভবের হাটে, ধন্ম হরি রাজ্য পাটে
ধন্ম হরি শাশান ঘাটে, ধন্ম হরি ধন্ম হরি ॥
সুধা দিয়ে মাতান যখন, ধন্ম হরি ধন্ম হরি।
ব্যথা দিয়ে কাঁদান যখন, ধন্ম হরি ধন্ম হরি ॥
আত্মজনের কোলে বুকে, ধন্ম হরি হাসি মুখে।
ছাই দিয়ে সব ঘরের স্থাখ ধন্ম হরি ধন্ম হরি ॥
আপনি কাছে আঙ্গেন হেঁসে, ধন্ম হরি ধন্ম হরি।
ফিরিয়ে বেড়ান দেশে দেশে ধন্ম হরি ধন্ম হরি ॥
ধন্ম হরি জলে স্থালে, ধন্ম হরি ফুলে ফলে,

্ধন্য হরি পদ্মদলে, চরণ আলোয় ধন্য করি। ধন্য হরি ধন্য হরি ধন্য হরি, ধন্য হরি॥"

গ:। চীনামাটীর কারখানার পুরাতন শ্রমিকেরা গতকাল হটাৎ কাজ ছেডে চলে এসেছে। তারা আমায় অনুরোধ করেছে ধর্মঘট সম্বন্ধে আজ কিছু বলবার জন্যে। আমি ত্র'একটা কথা বলব। আমার পার্শ্ব-বর্ত্তীরাও আশাকরি কেহ কেহ বলবেন। ধর্মঘট একটা মহাশক্তিশালী অন্ত। ছর্ভাগ্যের বিষয় আজকাল এই অন্ত্র যেখানে সেখানে, যে সে প্রয়োগ করে। কামান দাগতে শিক্ষার প্রয়োজন আছে। ধর্মঘট " অস্ত্র প্রয়োগ করতেও শিক্ষার প্রয়োজন আছে। যদি যোগ্য অধি-কারীর হাতে পরিচালনা ভার না থাকে, সে নিকুষ্টতম চাপ আনে। ধনিক মালিকের মধ্যে ঘোতর অসম্ভাব ঘটায়। হীন পশু শক্তি শ্রমিকের ভেতর মূর্ত্ত করে তুলে। লক্ষ্যের উচ্চতা নেই, প্রণালীর বিশুদ্ধতার জন্য আগ্রহ নেই। কেবল অসম্ভাবের ইন্ধন যুগিয়ে যাচ্ছে, আর মহৎ মহৎ ব্যক্তির নামে ধ্বনি দিয়ে, মনে করছে, না জানি কি মহৎ কাজই সম্পাদিত করছি। আজ শ্রমিকদের গভীর ভাবে আত্ম পরীক্ষা করে দেখা দরকার— ধর্মঘট অস্ত্র অন্তিম অস্ত্র ছিলাবে ব্যবহার হয় কি না। এটার অপব্যয় কোন মতেই হ'তে দেওয়া উচিৎ নয়। বাপুজী ধর্মঘট সম্বন্ধে আদর্শ রেখে গেছেন। তখন ট্রেড ইউনিয়নের আন্দোলন দেশে আরম্ভ হয় নি, বাপুজী আমেদাবাদে প্রমিকদের সঙ্গে ধর্মঘটে অংশ গ্রহণ করেছিলেন। সঙ্গত কারণের উপর ভিত্তি করে, ধর্মে জ্বলম্ভ বিশ্বাস রেখে, ধনিকের সঙ্গে কোন রকম অসম্ভাব না করে, তিনি শ্রমিক্সদের কর্মত্যাগ করান। এইটাই হ'ল ধর্মঘটের শ্লেষ্ঠতম রূপ। বাপুন্ধী ধনিক শ্রমিকের মধ্যে সম্ভাব বাঁচাবার জন্যে সালিসির হাতে. মামলা তুলে দিয়েছিলেন। নিজে কিছুদিন অনশনও করেছিলেন। তাঁর

সুপরিচালনার ফলে আমেদাবাদে আজও সালিসির ওপর শ্রমিকদের নির্ভর। ভারতের সব জায়গার চেয়ে শ্রমিক ধনিকের মধ্যে সন্তাব বেশী। পারিশ্রমিকও বেশী, আর শিল্পের উন্নতিও বেশী। আমি ধর্ম্মঘট অস্ত্র ব্যবহারের বিরোধী নই। আমি এই বলি যে যতদিন না সাম্যবাদী নেতা পাওয়া যায়, আর অমুকুল আবহাওয়ার অবস্থা দেখা যায়, ধর্মঘট অস্ত্র প্রয়োগ না করাই ভাল। শ্রমিক ভাইরা ধনিকের সঙ্গে যাতে এক হয়ে মিশে যেতে পারে আগে সেই চেষ্টাই কর। কারণ, তাতেই তোমাদের বিভব, তাতেই তোমাদের বিজয়। দেশ তাতেই সমৃদ্ধিশালী হবে।

সকলে। নিতাই-দা এবার, নিতাই-দা, নিতাই-দা বল।

নিঃ। গান্ধীজী আমাদের শিখিয়েছেন একমাত্র গঠনমূলক কাজেই গ্রামের লোকেদের উন্নতি সাধন হ'তে পারে। তিনি আরও শিছিয়েছেন কল্যাণ সাধিত করাই যদি উদ্দেশ্য থাকে! বিশুদ্ধ প্রনালী চাই, মানুষের অনাটন ঘুচাতে তিনি চরকা আবিকার করে গেছেন। আমাদের বার বার নিষেধ করেছেন যেন অস্থায়ের প্রতিবাদ করতে পান্টা অস্থায় নিয়োজিত না করি। তাতে ফল বিষময় হবে। হীন পশু শক্তি প্রয়োগ হিংসার পথ। এ পথ অনুসরণ করলে পরিনাম যে কি দাঁড়ায় গত ছটি মহাযুদ্ধে আমরা যদি না শিখে থাকি, ভগবানের এমন কঠিন আঘাত হানাতেও যদি আমাদের জ্ঞান না ছব্লে থাকে আমরা কবে আর শিখব?

সকলে। বড় খুড়ো, বড় খুড়ো, বড় খুড়ো।

ত্রৈ:। আহা থামা দেও না। কোখায় কবে কি শিক্ষে করন্থ যে বলব।
ভোমরা আপন আপন পেটের জন্মি ধর্মটের বারুদখানার উপরে
কারখানাটাকে তুলে দিয়ে তার সর্কনাশ করতে চাও। তাই যদি করবে
কেনে তবে বড় বাবুর নতি মেনে নেছেলে। চারটে গেরাম শুনতে

পাই, ঐ কারখানা থেকে খোর পোষ পেয়ে বেঁচে আছে। ও কারখানা যেমন আছে থাকতে দিয়ে, দা-ঠাকুর যে সালিসির কথা বলেছে, তার খোঁজ কর না। তাতে না পোষায় মালিকের সঙ্গে নড়ুই ক্রবে কেনে। আপনার পথ দেখ। ছেড়ে চলে এস।

मकरन। এইবার সর্দার-দা, সর্দার-দা বল না গো। সন্দার-দা।

- মা:। আমি জাতে মেধর। ডাকাতি আমার পেশা ছ্যালো। যে চাবে বড় কারিকর বাব্র হাতে গড়া কারখানাকে ভাঙ্গতে। তার ভাঙ্গা চলবে নি। লুট পাট করা চলবে নি। মেধ তার শত্র। আবার সে টেকি ঘুরুতে সুরু করে দেবে, তা বলে দিচ্ছি।
- সকলে। বড় কারিকর বাবু। বড় কারিকর বাব্তে বলতে হবে। বল, বল, বল।
- জঃ। মালিক যদি মন্দ হয়, তবু সে মালিক। মালিক দোষও যদি করে,
  তাকে শোধরাতে দেবে না ? এ কোন দিশি কথা। আমি কি
  কারখানা ছাড়তুন ? ছাড়তুন না। আমায় তিনি চায় নি। চায়
  গদা সায়েবকে। আমি তাই চলে এফু। এ ক' বছর কোথা দিয়ে
  সময় কেটে যেত জানতে পারতুন না। দাদার কাছে যে গদগু বসব
  স্থির হ'য়ে, তার সময় ছ্যাল নি। জোয়ারের মুখে ভাঙ্গা ডালখানার
  মতন ভেসে চলেছেয়ু, আজু বসে আছি। যেন দিন কাটে নি। কত
  নোক ডাকে। কত কথা বলে। আমি ভাবি বড় বাবু আমায় কবে
  এস্তে বলবে। আমার হাতের কাজ ফুরোয় নি। আমি কাজ
  ফ্যালে চলে এগায়েছি। কাজে যেতে মন চায়। বড় বাবু
  ডাকে, কৈ ?

সকলে। মাষ্টার বাব্ বল, মাষ্টার বাব্।
ম:। আমি বলি ভোমরা ধর্মঘট কর।
সকলে। হে হে হে হে। (হাসির ধুম পড়িয়া গেল।)

মঃ। যে রকম কারখানা নিয়ে সবাই উন্মত্ত, এতে গান্ধীজীর শিক্ষা আমাদের পালন হচ্ছে না। তিনি চারটি শিক্ষা যে আমাদের দিয়েছেন, আমরা কি পালন করছি? কোথায় করছি। অস্পৃশ্রতা বৰ্জন— হাঁ হচ্ছে। হিন্দু মুসলমান ভাই ভাই— সে তিনি জীবন দিয়ে মিটিয়ে গেছেন। আমাদের গ্রামে কোন দিনই ও রকম বিরোধ ছিল না। এখনও নেই। তারপর চরকা- মনদ ফল হচ্ছে না। কাপড়ে গ্রাম আজ স্বাবলম্বী হয়েছে। কিন্তু বিভাশিকা গ বনিয়াদী শিক্ষা যে তিনি অনেক চেষ্টা করেছিলেন চালাতে. তাঁর সে ইচ্ছা কি প্রতিপালিত করছি আমরা ? এই চারটি যদি রাম রাজ্যের তোরণ দারের স্তম্ভ হয়, আমাদের এই একটি স্তম্ভের অভাবে রামরাজ্যে প্রবেশ করা হবে না। ঐ রামরাজ্যের ছারে এসেই দাঁডিয়ে থাকতে হবে। অতএব আমি বলি ধর্মঘট কর। এস, বিভাচর্চচা করি। বনিয়াদী শিক্ষা পাকাপাকি ভাবে অভ্যাস করি। মনযোগ দেওয়া শুধু নয়, সব মনটা দেওয়া আমি চাই। এস বস্তিগুলি সাফ সুদ্রা করি। নালা নর্দ্দামা সব বন্ধ হ'য়ে গেছে জঞ্জাল হাটাই। আর জ্ঞানের চর্চচা করি। উপস্থিত কারখানার সঙ্গে ধর্মঘট কর। আর প্রতিজ্ঞা করি এস, বনিয়াদী শিক্ষায় অগ্রসর না হওয়া পর্যাম্ভ কারখানায় যাওয়া নিষিদ্ধ। অভএব আমার মতে ধর্মঘট সমীচিন।

(সকলে উচ্চ হাস্থ করিতে লাগ্নিল্ল।)

## मखम मृगा।

কাল-পূৰ্ব্বাহ্ন।

চীনামাটীর কারখানা।

বড় সাহেবের কামরা।

#### কালীনাথ।

## [ কালীনাথ খাতা পত্ৰ লইয়া ব্যস্ত ]

কাঃ। তন্ন তন্ন করে খুঁজেও খাতায় যদি একটুক্রা মাল জমা পাই।

Ware-house সব খালি। হাতে টাকা নাই। Bank overdraft দেওয়া বন্ধ করেছে। এদিকে এরা জলের মতন টাকা খরচ
করছে, কি না new construction হচ্ছে। কারখানার কাজ
বন্ধ করে, extension হচ্ছে। কি সর্বনেশে লোক এই Engineer, আর ঐ গদা সায়েবটা। আজ অবধি একটা মাল গুদামে
জমা করতে পারে নি। লম্বা লম্বা কথা কি— বলে five hundred per cent profit হচ্ছে guaranteed. এ guaranteeর
কোন মানে হয়? রায় বাহাছরও তেমনি হ'য়েছেন। আমায়
বোঝাবেন সব ঠিক হচ্ছে। যে রকম দেখছি এরা আমায় ডোবাবে।
ডোবাবে কি—আমার আর ডুবতে বাকি কি। ডুবেছি। Heavy

¹৩ loss যাচ্ছে।

[ রায় বাহাত্তর ছুটিতে ছুটিতে ছরে প্রবেশ করিলেন ]
একি ! ছুটছেন কেন ! কি হয়েছে ! বলুন না, কি হয়েছে !
কি, কি !

রাঃ বাঃ। ওরা আ-আ-আসছে। ওরা আ-আ-আর রাখবে না।
কাঃ। ওরাটা কে? (একটা ভীষণ শব্দ হইল)। ওঃ। কি ব্যাপার ?
কিসের শব্দ ?

রাঃ বাঃ। মেশিন ঘরের line shaft—

কাঃ। পড়ে গেল।

রাঃ বাঃ। ওরা ফেলে দিলে। সব মেসিন ভাঙ্গছে।

কাঃ। গদা সাহেবের লোকেরা ?

কাঃ। সাংঘাতিক ব্যাপার। (কলের ভেঁা বাজিয়া উঠিল) এ সময় ভেঁ। দিচ্ছে কেন ?

রাঃ বাঃ। strike declare হ'ল। পালাই চলুন। আর এক দণ্ড নয়। সব আসছে। আমাদের ঘিরে ফেলবে। আটকে ফেলবে। ঘর থেকে বেক্কতে দেবে না।

কাঃ। এঁ্যা---বলেন কি---এঁ্যা---

রাঃ বা:। এক সেকেণ্ড দেরি করলে ধরা পড়ে যাবেন।

কাঃ। এঁটা আমায় ধরবে !!! আমায় কি মেরে ফেলবে ?

রাঃ বাঃ। ক্ষিপ্ত হয়ে উঠেছে— ওরা সব করতে পারে।

কাঃ। পারে— তবে তবে পালাই চলুন।

ি উভয়ে এটা সেটা করিয়া অনেকগুলি জিনিস ঘাড়ে করিলেন; যেমন— এাটাচি বাস্ক, ব্যাগ, টিফিন ক্যারিয়ার, বড়
ক্লাস্ক. যখন spring door টানিয়া মাথা বাড়াইলেন, ভাঁহা
দের মস্তিক্ষ ঘুরিয়া গেল। পাগলের মত এল-মেল পাদগারণা
করিয়া সব সামগ্রী ফেলিয়া আপন আপন কাষ্ঠাসনে উপবেশন করিলেন। তাঁহারা দেখিলেন, যতদূর দৃষ্টি যায় কারখানার বাবুরা, কারিকর, মজুর, ভারবান, ডাইভার প্রভৃতি

যেখানে যেটুকু স্থান ছিল সব অধিকার করিয়া বসিয়া আছে । যাইবার পথ বন্ধ। তাঁহাদের দিকে সকলে ভীষণ দৃষ্টিতে তাকাইয়া আছে।

(বাহিরের লোকেরা ধ্বনি দিতে লাগিল)

[ইনক্লাব—জিন্দাবাদ। ইউনিয়ন—জিন্দাবাদ। মালিক রাজ—মুর্দাবাদ। কিষাণ মজত্বর—জিন্দাবাদ। মালিক রাজ—মুর্দাবাদ। কিষাণ মজত্বরের—জয়। বন্দে মাতরম্। মালিক রাজ—পুড়ে ছাই হোক। মালিকের জুলুম—চলবে না। Great Indian Potteries— ধ্বংস হোক। মালিক কে—আমরা। মালিকের স্থান কোথায়—জুতার নীচে। গান্ধী কে—দেশের শক্র। গান্ধী কি করেছে—দেশকে তুই ভাগে ভাগ করেছে। গান্ধী আর কি করেছে—দেশে অশান্তি এনেছে। দেশে শান্তি আনল কে—নাথ্যুরাম। বন্দে—মাতরম্। ইত্যাদি ইত্যাদি।

অচলানন্দ, গদা সায়েব, মোবারক আলি, ঘোষাল বাবু প্রভৃতি পাঙাগণ বড় সাহেবের কামরার নিকটে আসিয়া হাত উঠাইয়া দাঁড়াইল। সকলে স্তব্ধ হইল। সকলে থামিতে অচলানন্দ বড় সাহেবের কামরায় প্রবেশ করিল]

- আঃ। মহাশয় আমি Great Indian Labour Unionএর Secretary.
  আমার নাম শ্রীঅচলানন্দ মজুমদার। Gaeat Indianএর
  শ্রমিকরা আমার কথায় চলে। আমি বল্লে তারা কান্ধে এখনি join
  করবে। আমিও এই জাতীয় কারখানাটার বন্ধু। আপনাদের কোন
  অস্থবিধা না হয় এবং কারখানার উন্নতি হয় আমি তাই চাই।
- কাঃ। এ কথা আ-আ-আ-আপনি বলছেন, আর-আর-অর কি করছে সব দেখছেন ত ?

রাঃ বা:। আপনার কি প্রস্তাব সেটা বলুন।

কা:। হাঁ বলুন। আমায় আগে বল্লেই হ'ত।

অ:। সামাশ্য প্রস্তাব। খুব simple তিনটা condition—

প্রথমটী— হপ্তায় চারটী দিন কাজ। তিন গুণ কাজ হবে দেখবেন। আমি guarantee করছি।

দ্বিতীয়টী— বেতন বাড়িয়ে দেবেন। বেশি নয় এই চার আনা করে দ্বন্টায়। ব্যাস্।

তৃতীয়টী— কারখানার সমস্ত ভার আপনি আমায় দেবেন। আপনি production দেখে নেবেন। যা দরকার আপনি আমায় বলবেন। আর Labour যদি কিছু বলতে চায়, আমায় বলবে, আমি আপনাকে বলব।

এই আমার প্রস্তাব। আপনি রাজি থাকেন বলুন। এখনি strike call off করছি।

চাঃ। আমায় কেটে ফেল্লেও পারব না। যা ইচ্ছা করুন। ও সব conditions accept করতে পারব না।

াঃ বাঃ। নিশ্চয়ই। ও accept করতে পারা যায় না।

াঃ। আপনাদের ফিরতি প্রস্তাব থাকে, আপনারা স্থির করুন। আমি আধু ঘন্টা পরে আবার আসছি।

( অচলানন্দ প্রস্থান করিল। )

## [ দৃশ্য পরিবর্ত্তন ]

#### চীনামাটীর কারখান।।

#### কাল-অপরাহ্ন তিনটা

[ধর্ম্মঘটীদের উৎপাত, মেসিন ভাঙ্গা, খাতা চিঠিপত্রের গাদা আনিয়া গরম ঘরে পুরিতেছে। পোড়াইতেছে। কেহ কেহ দল বাঁধিয়া তর্ক জুড়িয়াছে। কেহ কেহ খবরের কাগজ পড়িয়া শুনাইতেছে। যে স্থানটীতে সকলে দাঁড়াইয়া আছে, সেটী একটু উচ্চ স্থান। সেখানে কারিকরদের যন্ত্র বাঁধা অনেক টেবিল ছিল। সে গুলোকে এখানে ওখানে ফেলিয়া দিয়া বসিবার আসর তৈরী করিয়াছে। সেই স্থানটীর চারিদিক জলে ভাসিয়া যাইতেছে। কারণ বড় পম্পের মুখ খুলিয়া দিয়াছে। দূরে ফটকটা শিকল দিয়া বন্ধ করা দেখা যাইতেছে। দারবানেরা হুইটা ঢোলক লইয়া আসিল। **मरा जानत्म नकत्न नकन्तक विज्ञा विन्न । नकत्न** বসিল। গান, বাজনা আরম্ভ হইল। একজন কারিকর প্যাণ্ট, সার্ট পরা, পায়ে জুতা, মাথায় টুপি, সে গান ধরিল। এবং একজনের পর একজন উঠিয়া, কোমরে এক হাত ও কপালে এক হাত নাচ আরম্ভ করিল।

(গান)

কারিকর।

আয়রে ভ্রমরা, আয় মনচোরা, কলিকা ফুটিল আয়।
নিলাজ পবনা, করে আনাগোনা, সরম বাঁচান দায়।
মরমে মরিতে আছে চিরদিন, সরল বালিকা হায়।

ভূবে যাবে শশী, মিশে যাবে নিশি, রপেসী ঝরিবে ভায়॥ মিলনের বৃংথা, প্রাণে আছে গাঁথা, সকলি বিফলে যায়॥

ি সকলে আমোদ করিতে উন্মন্ত। বাহবা দিতেছে, অট্টহাসি হাসিতেছে। এমন সময় একটা "ঢিপ" "ঢিপ" শব্দ হইতে লাগিল। একজন জানাইল— "শব্দ ঐ ঐ শব্দ", গান থামিল। কেহ কেহ আপত্তি করিল। গান চালাইতে বলিল। গোফুর উঠিয়া সকলকে বসাইল। হাত উঠাইয়া গোলমাল থামাইল। গোলমাল থামিতে স্পষ্ট শব্দ শোনা ঘাইল। "ঢিপ", "ঢিপ", "ঢিপ", "ঢিপ"। সকলের মনে আত্তম্ভ তথিতিত হইল।

গোঃ। হামলোক জান দে দেঞে। পুলিস হোয়, পরোয়া ক্যায়া। হাম লোক সব কোই জেল জায়েকে। মিলিটারী হোয় কহে দেকে, চলে আও। "ইয়ে ছাতি পর গোলি চালাও" কহে দেকে।

> [ গদা সায়েব ছুটিয়া আসিয়া গোফুরের পাশে দাঁড়াইল। ]

গঃ সাঃ। ভাই সব ছ্যমনরা ফটকের ধারে এসে গেছে। ফটক ভাক্সছে। তোমরা হাতিয়ার ওঠাও। আমি আছি আগে জান দেব। হাতিয়ার নাও। এগিয়ে চল।

গোঃ। হাম হাায়, হাম হাায়। জান দেনেকে লিয়ে হাম হায়। মোঃ। মার শ্রালা লোককো। মার শ্রালা লোককো।

সকলে। (যে যাহা পাইল হাতে লইয়া) মার খ্রালা লোককো। মার শ্রালা লোককো।

> [ অচলানন্দ, ঘোষাল বাবু, মোবারক আলি এবং অস্থাস্থ্য কয়জনে একটা উচ্চ স্থানে দাঁড়াইয়া চিৎকার করিডে

লাগিল। অচলানন্দ সর্ব্বোচ্চ স্থানে দাঁড়াইয়া ]

অঃ ও মোঃ ইত্যাদি সকলে একসঙ্গে— শান্ত হও। শান্ত হও।

আঃ। হাতিয়ার ফেল। সকলে গাদি মেরে দাঁড়াও। ভেতরে কারুকে প্রবেশ করতে দিও না। তোমরা মেসিন ভেঙ্গেছ, সেটা বাইরের লোককে দেখতে দেবে না। ধর্মঘটের ক্ষতি হবে। তোমরা সাহস করে, খাড়া হ'য়ে দাঁড়াবে। কেউ তোমাদের গায়ে হাত দিতে পারবে না। একটু ছুঁতে পারবে না। যে তুষমন আমাদের ছুঁতে আসবে, সে শাস্তি ভঙ্গ করার আইনে পড়বে। সে জেলে যাবে। খবরদার তোমরা আপন আপন জায়গা ছাড়বে না। আমি মিষ্টি কথায়, ওদের বশ করব। আমাদের দলে টেনে নেব। রাজি রাজিতে কাজ সারব। চল, ফটকের দিকে ধীরে ধীরে এগিয়ে যাই। কাছাকাছি, গায়ে গায়ে সেঁটে থাকবে। ঠাসা-ঠাসি হ'য়ে থাকবে। একটা ছুঁচ না গলতে পারে। ভীষণ পরীক্ষার সময় উপস্থিত। বল ভাই বন্দে—

সকলে। মাতরম্।

[ ফটক তখন নড়িয়া উঠিতেছিল। পাশের পাঁচিলে ফাট দেখা গেল। চারিদিকে সকলে অবরোধ করিয়া দাঁড়াইল। ফটক ছইধারের থানিকটা পাঁচিল সমেত ধ্বসিয়া ভিতরে পড়িল। মাধব, গণপতি, জনার্দ্দন, নিতাই, বিশ্বনাথ ও গ্রামবাসীগণ ফটকের উপরে আসিয়া দাঁড়াইল।]

জঃ। ইনক্লাব
সকলে। জিন্দাবাদ।
জঃ। ইউনিয়নের
সকলে। জয়।

আঃ। মালিকের

সকলে। জুলুম চলবে না।

আঃ। কিষাণ মজতুরদের

সকলে। জয় হোক ইত্যাদি।

আঃ। বল ভাই, ইনক্লাব—

সকলে। জিন্দাবাদ।

আঃ। মজতুর কিষাণের—

সকলে। জয় হোক।

আঃ। বল সবাই— বন্দে—

সকলে! মাতরম।

- মঃ। গণপতি দা' আপনি আমাদেরও দা-ঠাকুর। আপনার শ্রমিকদল, আমার শ্রমিকদল আস্থন দা-ঠাকুর, আজ গুজনের দল এক করে ফেলি। এক প্রাণ হয়ে যাই। এক খাতে ছই নদী প্রবাহিত হোক। দেখবেন— ভারতে আজ কিষাণ মজতুর রাজ এক কথায় প্রতিষ্ঠিত হবে।
- গঃ। শ্রমিক মাত্রেই আমার প্রাণ স্বরূপ। তবে কিছু করবার আগে, আ মার একটী অনুরোধ আছে। একবার আ মা দের পুরাণ মালিককে দর্শন করব। তারপর ভাই, তোমার কথা শুনব।
- হাঃ। ভাই, মালিক কে ? হেঁ হেঁ হেঁ কারখানার মালিকত আমরা।
  শ্রামিকই কারখানার মালিক। পুঁজিপতি হ'ল কারখানার ধনিক।
  সে contractor দের মতন টাকা সরবরাহ করে মাত্র। তাকে তার
  টাকার স্থদ হিসাব করে ফেলে দিয়ে, কারখানা পরিচালনা নিজের।
  করব।
- গঃ। তিনি যাই হ'ন। তাঁকে আমরা একবার দেখব।
- আঃ। তিনি শ্রমিকদের শোষণ করে করে, তাদের কন্ধালসার করেছেন।

আজ তিনি নরকম্বালের প্রাচীর দিয়ে ঘেরা পড়েছেন। সেখানেত ভাই, কারুর যাবার যো নেই। প্রবেশ নিষেধ।

- গঃ। তাহ'লে আপনি আমাদের আটকাচ্ছেন? যেতে দেবেন নাং একজন। শুলা পুঁজিপাতির দালাল।
- আ:। আপনি কি আমাদের সব আশা ভঙ্গ করে দিতে এসেছেন ? ধনিক অনেকটা রাজি হয়েছে। আপনি একটু ধৈর্য্য ধরুণ। ফয়েসলাটা হয়ে যাক্। যে একটু বাকি আছে, সেটুকু সম্পূর্ণ করি। ভারপর আপনাদের সঙ্গে করে তাঁর কাছে নিয়ে যাব। ব্যস্ত হবেন না।
- গঃ। আমি আপনাকে জোড়হাতে অহুরোধ করছি, একবার যেতে দিন্।
- অঃ। আপনি বলুন, আপনি কি আমাদের এত কষ্টের ধর্মঘট ভেঙ্গে দিতে চান ? আপনি কি ধনিককে কায়দায় এনে তার সঙ্গে মিটমাট করা · চান না ? বলুন, বলুন—
- গঃ। নাতা চাই না। কায়দায় এনে উপকার চাওয়া, এত নীচ কাজ। এত নীচ আমরা নই। প্রমিকের মর্য্যাদা আছে।
- তবে কি আপনি চান যে, ধনিক ধন উৎপন্ন করুগ শ্রমিকের প্রাণ শোষণ করে। সেই নরব্ধপী রাক্ষ্য অত্যাচারের গাড়ি চালিয়ে যাক অসহায় শ্রমিকদের উপর দিয়ে। তাদের পিশে ফেলুগ। শ্রমিকদের পদানত করে, তাদের রজ্বদ্ধ করে, ধনিক একা সব স্থের অধিকারী হোক। ত্রিয়ায় সেই কেবল মজা লুটুগ। আর শ্রমিকদের চারটী চারটী মুড়ি ছড়িয়ে দিক, তারা তাই খুঁটে খুঁটে থাগ, আর ফ্যাল ফ্যাল করে তার মূখের দিকে চেয়ে থাকুগ।
- গঃ। আমি আপনার কথার নাটকীয়তার তারিক করছি। গদা-সায়েব কি তাঁর এবং তাঁর লোকেদের মাইনে বরাদ্দ না করে কাজে लाशिष्टिल ? क्या क्या वात्— वनार्क शास्त्र स्म कथा ? स्म ্ অভিযোগ করা এঁর সাজে ? গদা-সায়েব আর তার লোকেরা এই

- সেদিন কাজে লেগেছে। এখন কাজ কিছু দেখাতে পারে নি। তাদের অভিযোগ করা এরই মধ্যে শোভা পায় না।
- অঃ। জনার্দন বাব্! আপনি যখন আপনার ব্যথা জানিয়ে ছিলেন ধনিককে, বলুন— ধনিক কি আপনার কথায় কাণ দিয়েছিল ? আপনি বলুন, আপনি কি ধর্মঘট চান না ? আপনার মন কি চায় ? বলুন—
- জঃ। আমি মালিকের ভৃত্য। আমি ধর্মঘট কেন করব! তিনি আমায়
  চায় না। তাই আমি কাজ ছেড়ে ইচ্ছা দিছি। গদা সায়েব
  থাকবে। আমি কেন সেখানে পড়ে থাকব।
- আঃ। এ হীন শিক্ষা আপনি কোথায় পেলেন ? ছিঃ ছিঃ এ স্বাধীনতার দিনে আপনি এ কি বলছেন ? শ্রমিক কার ভৃত্য নয়। শ্রমিক ভিন্ন কারখানা চলে না, তাই তারা অনুগ্রহ করে কারখানা চালাতে এসেছিল এই কথা বলুন। শ্রমিক মালিকের সঙ্গে সর্কার রক্ষে সমতুল্য, সর্কাদেশে সর্কালা।
- গঃ। ভাই, রুখা তর্ক করে কোন ফল হবে না।
- মঃ। তাইবলে শ্রমিক চিরদিন ধনিকের দাসত্ব করতে পারে না।
- গঃ। না পোষায় অহাত্র চলে যাবে। জগৎ খোলা আছে। এত বড় কারখানা, এত শীঘ্র গড়ে উঠেছে, শ্রামিকদের গোড়া পত্তন থেকে স্বার্থত্যাগ ছিল বলে। আমাদের বড় কারিকর বাবু কালা বাজ্ঞারের চোরা বণিকের মতন রাতারাতি উন্নতি করা চান না। কারণ সে উন্নতি স্থায়ী উন্নতি নয়। শ্রামিক সমাজের উন্নতি কিসে হবে, তিনি আপ্রাণ চেষ্টা করেন। শ্রামিক সমাজে কল্যাণ মালিককে তাড়িয়ে হবে না। দেশের কাজ, কারবার তাতে ধ্বংস হয়ে যাবে।
- অ:। আমরা শ্রমিকের জীবনে বিপ্লব ঘটাতে চাই।
- গঃ। শ্রমিকরা কত নীচে পড়ে আছে। ধ্বংসম্ভপ ছিল এতদিন। তারা মানুষ হোক আগে। তারপর বিপ্লব ফিপ্লব ঘটাবেন।
- ষঃ। আপনি কি বলছেন ? আপনি কি দেখছেন না জগভের গভি কোন-

দিকে ? দেখছেন না শ্রমিকদের মেরে ধনিকরা কত সুখ ভোগ করছে ? শ্রমিক সর্বত্র ক্ষেপে উঠেছে। ধনিক পাথর দিয়ে কড়ি মুড়ছে, শ্রমিক গর্ত্তের ভেতর পড়ে পড়ে পচে মরছে। ধনিক পালক্ষের বিচানায় ঘুমায়, ঘোড় দৌড়ে ঘোড়া রেখে বাজি খেলে, রেল গাড়ীর মতন বড় বড় মোটর চড়ে, সেরি স্থাম্পেনের পুকুর কেটে তাইতে সাঁতার দেয়। শ্রমিকদের জীবন সুখের করি আস্মন। তাতে দোষটা কি ? আপনারা আমাদের ইউনিয়নের মেম্বর হ'ন। দেখুন এক মিনিটে— এই এক মিনিটে— সব ফয়েসলা করে আপনার সামনে সাক্ষরিত কাগজ এনে ধরে দেব। আমাদের অন্তরায় হবে না। শ্রমিকদের উন্নতির পথে বাধা দেবেন না। বিল্প ঘটাবেন না।

গং। ভাই আমি একদণ্ডের জন্যে এ কথা বলছি না যে মালিক অন্থায় করে না। বলছি না যে মালিক ভাল হ'য়ে গেছে। বলছি ভোমরা বিত্ত সংগৃহ করতে কি মালিকের আসনে বসতে চাও? তার দেখাদেখি তোমরাও কি সুখী, ভোগী, আরাম-খোরের জীবন নিজের জীবন করতে চাও? মালিককে কায়দায় ফেলার পাঁচাচ তোমাদের সে আসনে কখনই নিয়ে যেতে পারবে না। ভোমরা যে পথে ছুটে চলেছ, ও ল্রান্তির পথ। ও পথ ছাড়। ভারতের শ্রামিক জাতি অযুত্তবর্ধ ধরে যে সেবার শক্তি-স্রোতকে বহিয়ে দিয়েছে, সে ভোমরা কয়জন জাতল্রপ্ত শ্রমিক থামিয়ে দিতে পারবে না। শ্রমিক জানে সে দীন দরিদ্র ঘরের ছেলে। সে সেবা করতে জম্মেছে। ধরা যদি ধর্য্য হারা হয়, অবিচারে, অত্যাচারে ধর্ম্ম যদি অবনত হয়, মর্ম্মাহত হয় পাপের ফলে; আর্জনের রোদনে যদি গগন বিদীর্ণ হয়, তথাপি শ্রমিক তার সেবা ছাড়বে না। সে নীয়বে সব সইবে, যেমন সয়ে এসেছে চিরদিন। ভারতের শ্রমিক নবয়ুগ আনবে ভারতে অক্লান্ত

সেবা দিয়ে। সেই শ্রমিক একদিন ধন্য করবে পৃণ্যভূমি ভারতকে সেবার মাহাত্ম্য জগতের দরবারে প্রচার করে। সেই শ্রমিকের কাছে জগতের শ্রমিক শিখবে, সত্যের সন্ধান পাবে, অন্ধকারে আলো পাবে তারা।

(অনেকে হো হো করিয়া উপহাস করিতে লাগিল।)
তোমরা কি সেই স্মৃতি পুঁছে ফেলেছ তোমাদের মন থেকে ইচ্ছা
করে? আমাদের বড় কারিকর বাবুর সেই স্মৃতি। যখন হাফিজ
সাহেব মালিকের ঐশ্বর্য ধরে দিয়েছিলেন তাঁর সম্মুখে, তিনি কি
সেই ঐশ্বর্য শ্রমিকের পক্ষে তুচ্ছ কলুষের দান বলে ঠেলে ফেলে
দেন নি? স্বার্থ-মুখ-আশা তাঁকে ভোলাতে পারেনি। দরিদ্র
ঘরের ছেলে তিনি, শ্রমের বিনিময়ে আপনি আসে যে পয়সা, তাই
তিনি চান। তার অধিক— কলুষের দান বলে তিনি গ্রহণ
করেন না।

একজন। অসন স্তযোগ যে হেলায় হারায় সে বোকা। অনেকে। বোকা, বোকা। ভার মত বোকা আছে।

- গঃ। হাঁ আপনারা তাঁকে বোকাত বলবেনই। আসল সুর বেজে উঠলে অমন মালিক হবার আকাঙ্খা নিম্মূল হয়ে পড়বে। আপনারা তাই এ সুর পছনদ করছেন না।
- একজন। মশায় যাই বলুন নিছক বোকাম করেছেন আপনাদের বড় কারিকর বাবু। এ আমরা সকলেই বলছি।
- গঃ। হাঁ, তাত বলবেই। বড় কারিকর বাবু বোকা। যার সাধনার, সার স্পরিচয় এই কারখানা। যে— দীনের সেবায় বিলাল আপন স্বার্থ চিরদিন। অস্তর যার পূর্ণ স্থার আধার। যে দীনবেশে তোমাদের সামনে উপস্থিত তাকে তোমরা চিনতে, পারবে না। বিবেক উজ্জ্বল ঐ ভিখারী— বিষয় বিরাগী, অমিত বীর্যা।

দৈক্তের দশা যখন বেঁধে ছিল নাগপাশে সমগ্র দেশকে, কর্ম্মের অসি
দিয়ে মুক্ত করেছিলেন চারটা গ্রামকে। তাদের মরণের সব চিহ্ন
অপসারিত করেছিলেন। দেই পৃততক্ব, অপাপ-বিদ্ধ প্রোম-সিন্ধু
কর্মযোগীকে সংশয় কর তোমরা! উপহাস কর তোমরা! মিন্দা কর
তোমরা। শ্রমিক হয়ে মহাশিল্পীকে চিনলে না। ওকে যে চিন্তে
পার না ঐটাই তোমাদের বিভ্রান্তির চূড়ান্ত পরিচয়। ভাইগণ!
জেনে রাখ ঐ মূর্ত্তিই ভারতের অন্তরাত্মার মূর্ত্তি। ঐ মূর্ত্তি নিরবতাকে সর্ববিশ্রন্ত বাণী করে, যুগ যুগান্তর ধরে, ভারতকে নির্দেশ
দিয়ে আসছে। তাই যুগাবতার মহাত্মাজী সব হুংখ ক্লেশ ভুলে,
ভিখারীর মহারাজা হ'য়েছিলেন, ব্যাকুল হ'য়ে দেশের ব্যথা মাথায়
বহন করেছিলেন।

- অনেকে। গার্মীর কথা বলবেন না। গান্ধীকে আমরা মানি না।
- গঃ। আমি নীরব হচ্ছি। ওঃ এমন লোক ভারতে এখন আছে! তা হবে। সর্বশ্রেষ্ঠ হিন্দুকে একজন হিন্দুইত নিহত করেছিল।
- গঃ সা:। চোপ ্ খালারা। Got up শ্যালারা, চোরের ওপর বাটপাড়ি দেখাতে এসেছ ?
- মা:। ওরে শ্যালার ঘরে শ্যালা গদা— পেটী মাতাল তুই দা-ঠাকুরের কথার ওপর কথা বলিস্, তেনার সামনে মুখ খারাপ করিস্ ? সাবধান গদা— ভাল হবে নি বলছি।
- গ: সা:। মেধ শ্যালা চিরকাল ডাকাতি করে আজকে দা-ঠাকুরের চেলা হয়েছে। শ্যালারা মালিকের দালাল। শ্যালারা চোর। আমাদের ধর্ম্মছট মাটী করতে চায়। মার শ্যালাদের।
- মা:। ছাাখ্ শ্যালার ঘরে শ্যালা, গদা, পেঁচী, মাতাল তুই এদের নেতা।
  যত মাতাল শ্যালারা এক কায়গায় গাদি মেরে দাঁড়িয়েছ। শ্যালার
  ঘরের শ্যালারা মেধকে চেন নি। তার টেকীর খ্যাল কানি নি।

টেকীর খ্যাল জান নি ? ওরে বিশ্বনাথ, ওরে করুণা কোথায় টকী-গাছটা ? স্থায়ায় ত একবার। দেখি শ্যালার ঘরের শ্যালাদের। দা-ঠাকুর আমি নাগি তবে ?

গঃ। তোমার ইচ্ছে আমি আর কি বলব। .

(সকলে প্রকাণ্ড ঢেঁকী স্কন্ধে করিয়া হাজির হইল। )

বিঃ ও কঃ। মনে আছে। মনে আছে—

গং সাং। ও গণপতি যেমন টক্ ঘোলতা তুমি, তেমনি ছাঁাদা মালসা মেধ জুটেছে তোমার।

১ম কারিকর। তেঁ তেঁ হেঁ মেধ আবার নিন্দা করছে গদা সায়েবের।

২য় কাঃ। রম্বন বলে কাঁচকেলা ভাই, তোর ভারি খোসা।

৩য় কাঃ। ও মেধ সর্কার। ঢেঁকী দেখাচছ কি! ঢেঁকীর ভয় আমরা করি না।

৪র্থ কাঃ। বরং আন ভোমার চুলোমূখো দা-ঠাকুরকে। আমরা তাকে বসিয়ে, পাঁশের নৈবিভিটা ধরে দি।

মাঃ। ওরে শ্যালার ঘরের শ্যালা কাকে কি বলছিস্ রে । মানুষ চিনিস্
না ? তা চিনবি কি করে। মানুষে মানুষ চেনে, আর শৃ্য়োরে
চেনে খেঁচু। তোরা খেঁচু চিন্বি। তো শ্যালার ঘরের শ্যালাদের
ছেঁড়া ছ'ট কাণ। তোদের কি আছে কোন মান !

২য় কাঃ। মরণকালে আর হরিনাম কেন বাবা! ছাড় না ওসব ধম্মকথা।
মাঃ। মরণকামড় দেব বলে। ধম্মজ্ঞান তোমাদের এসবে এবার। এই
দেখ্। (তখন একা সেই বৃহৎ ঢেঁকী কাঁধে করিয়াছে, এবং
ছন্ধার দিতে দিতে ঘুরাইতে লাগিল। সঙ্গে সঙ্গে
বিশ্বনাথ, করুণা তাহাদের দলের বছ লোকৈদের

লইয়া হ্বার দিতে দিতে এধার ওধার ছুটাছুটি করিতে করিতে অপর দলের মধ্যে প্রবেশ করিতে লাগিল। গদার দলের সকলে টেকী ঘুরান দেখিয়া স্তম্ভিত। এদিকে অচলানন্দ, ঘোষাল বাবু, গদা-সায়েব, মোবারক, আহাম্মদ এবং আরও কতকগুলি ঐ দলের পাণ্ডা মাধবের লোকের ঘারা বেষ্টিত হইয়া গেল। তাহারা চিৎকার করিতে লাগিল— "এই, এই সর-সর-সর। এই ঘিরেছে। ঘিরেছে। খিরেছে।

আং। কেউ পথ দিও না। ও দিকে যেতে না পায়। বড় সাহেবের কাম-রার দিকে না যায়। আটকাও, আটকাও।

মাঃ। সাবাস্। পঁণাচ আর কসিস্ নি। বন্ধ রাখ। খাড়া থাক। খাড়া খাড়া থাক। (এমন সময় ভূপীন একটা লোকের ঘাড়ে চড়িয়া, টেকাঁর উপরে উঠিয়া বসিল। ঘোড়ায় চড়ার মতন বেশ হু'ধারে পা ঝুলাইয়া বসিয়া ধ্বনি দিতে লাগিল।)

ভূ:। ইনক্লাব---

भकत्न। किन्नावान।

ভু:। টেকী-

সকলে। জিন্দাবাদ।

ভুঃ। মালিক-

अकरम। जिन्मावाम।

[ মহেন্দ্র পুলিসের সাহেবকে সঙ্গে করিয়া, ভাহার অনুচরবর্গ সহ সেখানে উপস্থিত হইল। ]

মঃ। Mr. Police Superintendent, এদের আপনি শান্তিভঙ্গ করার অপরাধে গ্রেপ্তার করুন।

পু: সা:। মাপ ্করবেন। আমাদের গ্রেপ্তার করার অর্ডার নেই। Under the Factory Dispute Act of 1947, যতক্ষণ breach of peace by Violence না ঘটছে, আমি এদের কারুকে arrest করতে পারব না।

মাঃ। Thank you! Thank you, Sir!! পুলিসের সাহেবের— সকলে। জয় হোক। (তিনবার ধ্বনি হইল)

স:। সামাদের অস্থায় করে যিরে রেখেছে দেখুন।

পুঃ সাঃ! আমি কিছু করতে পারব না। That is none of our business.

ভূঃ। এই টেকী আগে বাড়, আগে বাড়। কদম কদম বাড়। লাল কিল্লা দখল করবি চল। (তখন বড় সাহেবের কামরার দিকে মাধব টেকী সমেত পিছন করিয়া দাঁড়াইল। ছই তিনবার আগু-পাছু করিয়া হুড় হুড় করিয়া পিছন দিকে অগ্রসর হইতে লাগিল। আর ভূপীন উপর হইতে হাঁকিতেছে।)

এ সগ্গড় হাট যাও। হাট যাও। এই শ্রালা বিচালী ওয়ালা হাট যাও। জলদী হাট যাও। চলো দিল্লী, চলো দিল্লী। লাল কিল্লা ফতে করেগা। চলো দিল্লী। চলো দিল্লী। দিল্লী চলো—

> [ভিড আতর্ক গ্রন্থ। পথ দিতে ব্যস্ত। ক্ষণেকর ভক্ত মাধব অন্তর্হিত হইল। পরক্ষণেই দেখা গেল মাধব ঢেঁকী লইয়া ফিরিভেছে। পিছনে মহেন্দ্র, কালীনাথ, রায় বাহাত্বর অগ্রসর হইভেছে।]

কা:। Mr. Superintendent— you arrest them on charge of violent rioting. ওরা মেসিন ঘরের সমস্ত মেসিন চুরমার করেছে। You arrest them.

রাঃ বাঃ। I am a barrister, I know the law, I know what I am talking. Arrest them (রায় বাহাতুর দেখাইয়া দিলেন)
There—there the leaders of the gang standing!

পু: সা:। Right 'O', Sir, I arrest them. কড়ি লাগাও। চালাও

পুলিসের সিপাহীরা হাতে হাত কড়ি দিয়া বাঁধিল অচলা-নন্দকে এবং তাহার দলের পাণ্ডাদের।

ভূ:। (একজন সিপাহীকে টানিয়া লইয়া গিয়া আহাম্মদ মিঞাঁর পকেটে হাত দিতে বলিল। সে ইতঃস্তত করিতেছে। ভূপীন আহাম্মদের বয়লার স্ফুটের পকেটে নিজেই হাত চালাইয়া দিল। একটা নৃতন হাতৃ ড়ি বাহির করিল। তখন তুইজন পুলিসমিলিয়া তাহার তুই পকেট হইতে কত যন্ত্রপাতি, ইলেকট্রীকের সাজ-সরঞ্জাম, অনেক কেন্তা নোট এবং আরও মন্ত্রান্ত পিতল, তামা, বাহির করিয়া ফেলিল। প্রায় আধ গাড়ি মাল। ভূপীন ক্রমান্বয়ে ধ্বনি দিতেছে। হাতৃড়ি—জিন্দাবাদ। টেকী—জিন্দাবাদ। ক্লু ড্রাইভার—জিন্দাবাদ, ইত্যাদি, ইত্যাদি।

মাঃ। শুগলার ঘরের শুগলারা এইবার ধর্মঘট কর। বড় যে ধর্মঘট লাগিয়ে ছ্যালে। ঢুকভে দেবে না। এইবার ধর্মঘট কর।

ড়ঃ। ইনক্লাব---

मकत्म। জिन्मावाम।

ভূ:। শ্রালার ঘরের শ্রালারা---

मकरल। मुद्धावाम।

# পঞ্চম অঙ্ক।

#### প্রথম দৃশ্য।

# কাল-পূৰ্ব্বাহন ৯॥ বাজিয়াছে।

ত্রেলোক্যের গৃহ।

#### চণ্ডী মণ্ডপ।

[ জনান্দন, মাড়োয়ারীর বাবু ও মাড়োয়ারী বণিক। ]

মাঃ। বাবু আব এক তুসরা কারখানা খুল দিজিয়ে।

বাং। আপনি একটা আলাদা কারখানা যত শীঘ্র হয় খুলে দিন্।

মাঃ। যিসমে আবকা আউর হামরা সাজামে কাম চলে।

বাং। মদনজিৎ বাবু আর আপনি হুজন মাত্র অংশীদার থাকবেন।

মাঃ। আবকা আউর হামরা রূপেয়ামে আট আট আনা হিস্থা রহি।

বা:। আপনার আর এনার টাকায় আট আনা লাভের ভাগ বরাদ্দ থাকবে।

মা:। আপনি সব করবে। হাম রূপেয়া যেৎনা দরকার দেক্ষে। আবকো রূপেয়াকা টানাটানিমে পড়নে নেহি হোগা। আবকা হাতমে রূপেয়া ছোড় দেক্ষে। আব যিস্কো দিল চায় দে দিজিয়ে। আব আউর দেরি মাৎ করিয়ে। একঠো কারখানা খুল দিজিয়ে।

বা:। কাজ সুরু করে দিন।

মাঃ। আব এক কাম কিজিয়ে। পাঁচ হাজার রূপেয়া আবি মের। পাশ হায়। আব রাখ দিজিয়ে। ইস্মে স্থক্তের বহুৎ কাম নিকাল যায়েগা।

বাঃ। এই নিন্ ৫ হাজার টাকা রাখুন। আর দেরি করবেন না। কাজটা স্বক্ষ করে দিন।

- জঃ। টাকা আমি নিতে পারব নি। ও আপনারা রাখ।
- মাঃ। আব রাথ দিজিয়ে। রসিদ বি নেহি মাঙ্গতে হেঁ। উয়ো থোড়েই হ্যায় আব সমজিয়ে।
- জঃ। না। পারেগানেই।
- বাঃ। পরে কাজে না লাগে ফেরত দিবেন। রসিদ চাই না। রাধ্ন না?
- জঃ। না, তা'হোক, টাকাটা তুলে নাও।
- বা:। টাকাটা নিয়ে রাখতে দোষ কি?
- জঃ। ট্যাকা আমি নেব নি। তুলে নেও।
- বাঃ। রাখুন না. তাতে দোষ কি ?
- জঃ। না। আমি বলছি তুলে নাও। ট্যাকা আমি নেব নি। রাম কুমার বাবু বলে একজন এ্যাসেছ্যাল। তারও ঐ এক কথা। "ট্যাকাটা নেও, রাখ"। কি জান বাবু, আমার ওখানে ছ্যাড়া অন্তো। জায়গায় কাজ করতি মন যায় নি।
- মা:। আবকা কোইমে বিগ্ড়া বিগড়ি কা রাস্তা নেহি রয়েগা। আবকা মালিক আব আপনে হো যাইয়েগা। মালিক আব, হামকো য্যায়সা বলিয়েগা, হাম হুকম মাঞ্চিক চলেঙ্গে।
- জঃ। ট্যাকাটা তুলে নেও, বাবু। ও কাজ করনি। তুলে নাও। তুলে নাও। তুলে নেও বলছি।
- বাঃ। আপনি রাখন না।
- জঃ। না, তুলে নেও। তুমি তুলে নেও।
- মাঃ। আচ্ছা ভাই, আবি লে লেও। আব শোচকে দেখিয়েগা। বড়া চোকা proposal মায় আবকো দেভেহেঁ।
- বঃ। প্রস্তাবটা খুব ভাল ছিল। আপনি ভেবে দেখবেন।
- মাঃ। আব আগাড়ি শোচ লিজিয়ে। কুচ তাড়াতাড়ি নেহি হায়। আব শোচ লিজিয়ে। হুকম করিয়েতো আজ চলে ?

বাঃ। আজু আসি । আবার আসব।

জ:। এস। নমস্কার।

মা:। রাম রাম বাবু---

জঃ। (নমস্কার করিল)

মাড়োয়ারী ও বাবু প্রস্থান করিলেন। জনার্দ্ধন দরজা বন্ধ করিয়া, একটু বসিয়া চিম্ভা করিতেছে, এমন সময় কড়া নাড়ার শব্দ হইল।

কে ! (উত্তর আসিল—''আমি বাবৃ"।
দরজা খুলিতে হাফিজ সাহেব প্রবেশ করিলেন।]

হাঃ। সেলাম কারিকর বাবু।

জঃ। নমস্কার।

- হাং। আপনি ছ্যালেন গুরা, আর কালীনাথ বাবু ছ্যাল গাস। গাসের হাতে গুরাটা প্রাণ সঁপি দেল, পিরীতির টানে। এখন বলেন ফলটা কি হৈল ? বাবু, কহেন ?
- জঃ। আমি গোলা মানুষ। অত কথা মাথায় সেঁদয় কি বাবৃ ? আমায় কি করতে হবে বল আপনি ?
- হাঃ। গুরা গাসটায় শাইবে। ডর হয় আমায় হুকুম করেন, আমি রাস্তা করি।
- জঃ। এই শোন বলি, মন্দ কারু করতি পারব না। ভাল কিছু থাকে বল।
- হাঃ। কালীনাপ চারটা কিন্তি ফ্যাল করছে। ইবার তার আর রক্ষি নাই।
- জঃ। লিলামে চড়াবে ঘর বাড়ি? আবার সেই ওবস্তা করবে?
- হা:। শরিদ করছি না বেনামিতে ? আপনার মালুম নাই। তারপর যা লিশাপড়ি করাই দাইছি—আমি মালিক। তারে ভাড়া দেইছি। ২টা কিন্তি ফ্যাল করল যদি, দখল লিবার দাবী কোট শুনবে ?
- ছ:। সে সব আর করবে কি ?

- হাঃ। আপনি আমার চাবি কাটা বাব। মাল দেছেন আপনি যার চালানি কাজে, আমার আসল মায় মুনাফা সমেত সব টাকা ঘরে আসি গেছে। এখন বলেন কোর্ট থাকে পরোয়ানা আনি ? , আপনার লামে ট্যানেসফার করি ? আপনি যায়ে দখল লিবেন।
- জঃ আমার সঙ্গে কারু ঝগড়া নেই, অমন কথা মুখে এন নি, বাবু।
- হাঃ। ওনারে আপনি িনেন না বাবু। আমি খুব চিনি। কারখানা কি —মালের গুণে কারখানা। হাত্যশ আপনার ছ্যাল, আভ কার-খানায় তাই লাম গুণ হৈছে। গোদা সায়েব কেমন কাম সামলাইছে। আপনারা দল বেঁধে না যাইতেন যদি, আমি বলছি বাবু, সেদিন খুন থারাবি একটা করতো ওনারে লিয়ে বড বাঁচায়ে দেছেন।
- জঃ। এখন আমায় কি বলছো?
- হাঃ। কোর্ট থাকে পরোয়াণা লে আসি। আমি সব ঠিক করি দিমু। আপনি যায়ে দখল লিবেন। আপনারে মালিক বানাই দিমু। না পারি হাফিজ মিঞা আমার লাম লয়।
- যার ধন সে ভোগ করুগ, আমি চাই না। জ ।
- আপনার শরীরে কি একট রাগ নাই, বাবু ? এতবার, এত অত্যাচার হাঃ ৷ ওক্যায় করল আপনি খামকা সব সইবান কি ?
- কি করব। আপনি ও কথা ছাড়ান দেও। বোল নি। জঃ।
- আচ্ছাবাব। মুশয় গোস্থা হইবেন না। আমি যাচ্ছি। চল্লাম হাঃ। বাব। আপনি ছাবতা। ওটা শয়তান, শয়তান।
- আমায় গালি দিবার থাকে, দাও। ওনারে দিও না সায়েব। To 1
- হাঃ। সেলাম, সেলাম। বাবু সেলাম।
- নমস্কার। **57**2 |

[ হাফিজ সাহেব প্রস্থান করিলেন ]

[ ত্রৈলোক্য কয়টী গব্ধ চরাইয়া আনিয়া "হেই" "হেই"

করিতে করিতে উঠানে প্রবেশ করিল। "যা" "যা" করিয়া তাহাদের বাঁথিয়া দিল। সেগুলো খাইতে লাগিল। খাবার দেওয়া ছিল। ইতিমধ্যে কালীনাথ বাবু, দরজা খুলাই ছিল, ভিতরে প্রবেশ করিল।

- কাঃ। জনার্দ্দন, আমার ভূল আমি স্বীকার করছি। তুমি বাপু যে ফর্দ্দটা আমায় দিয়েছিলে সেটা পাচ্ছি না, আর একটা করে দিও। যা মাইনে বাড়াতে বলবে, আমি মেনে নেব। এখন তুমি চল। তুমি না গেলে কে করবে ? কারখানা যে অচল।
- জঃ। আপনি আমায় যেতে বলছ ।
- কাঃ। ই্যা বলছি। কাজে লাগ, যেমন আগে কাজ করতে, আগে কর।
  কি আর বলব। তুমি এলে তবে কল কজা ঠিক হবে। তবে
  কারখানা চলবে। তোমার লোকজনকে খবর দাও।

[ ত্রৈলোক্য চারটী কুচ খড় কাটা ছিল, ঝুড়িতে করিয়া লইয়া গেল। ]

- জঃ। কাজে নাগতে বলছ নাগব। আমার কথা আমি বলতে পারি। লোকজনের কথা আমি বলতে পারব নি।
- কাঃ। আর একটা কথা মনে হয়েছে, বলে যাই। তুমি আপত্তি কর না।
  আপত্তি করলেও আমি শুনব না। তোমার একটা মেয়ে আছে।
  তার বে-র সম্বন্ধ হয়েছে শুনছি। তার বে-তে যত টাকা লাগে আমি
  খরচ করব। তোমায় টাকা নিতে হবে। কথা দাও, নেবে। নেবেত?
- জঃ। পাত্তর ঠিক হয়েছে। তবে সব কথা এখন ঠিক হয় নি।
- কাঃ। হ'লে বলবে ত १
- জঃ। যদি পেরোওজোন হয়, বলব।
- কাঃ। বল। লুকিও না যেন। তুমি আমার এত উপকার কর, আমি কিছু করতে পারি না।

कः । ननकात वावू।

কাঃ। (কালীনাথ হাত জ্বোড় করিয়া প্রতি নমস্বার করিলেন।)

[ কালীনাথ প্রস্থান করিলেন। জনার্দ্দন দর্মজাটা বন্ধ করিয়া আসিল। ]

ত্রৈ:। (তখন আর এক ঝুড়ি কুচ খড় লইতেছে।) বড় বাবু কি বল্লে ?

জঃ। কাজে যেতে বল্লে।

ত্রৈঃ। তুমি কাজে যাচ্ছ?

कः। शा।

ত্ৰৈঃ। ভাল।

জঃ। এখন আর সে ভাবটা নেই বড় বাবুর যেন। এখন বেশ ভাল ভাব।

ত্রৈঃ। দেখ জনার্দন, কি বলে ঐ যে— ছেলে বড় না হ'য়ে মরে গেলে কি বলে যে। হাঁ।— ওকালমেন্ত্র্। বড় বাবুর ও ভাবটায় ওকালমেন্ত্র্ হবে, এটা তুমি ঠাওর করে দেখ। কাজে যাবে যেও। ভাব টাব বিশ্বেস কর নি। ওদের ওসবের কিছুর ঠিক লেই।

জঃ। হাঁা দাদা তবে মহু বাবু যেনে ওক্স কাটামোর নোক।

ত্রৈ:। মন্থু বাবু ভো—হাঁ। তার তুলোনা হয় নি। একটা নোকের মতন নোক।

# षिতীয় দৃশ্য।

#### কালীনাথের অট্টালিকা।

### কাল-বড ঘড়িতে রাত বারটা বাজিল।

[ সি<sup>\*</sup>ড়ির নিকটে মখমল মোড়া ভাল কোচের সেট, কার্পেটের উপর রাখা আছে। অনস্ত ছ<sup>\*</sup>কা লইয়া তামাক খাইতেছে।]

#### অনন্ত।

- আঃ। (খড়মের শব্দ শুনিয়া) ঐ পাপটা এত রান্তিরে আবার **আসছে।**[ দ্বারবান প্রবেশ করিল ]
- দ্বাং। এ ভাই নস্তো! তুহার হাঁ হাঁ ক্যায়া চং। কেয়া বড়িয়া গদিকো রদ্দি করকে, মঞ্জেকা যার্দ্দি উড়াতে হো ভেইয়া। উয়ো কেয়া বড়র, বড়র, বড়র বড়র করতে হে। ? ইয়ে মেরা মতিহারিকা পাত্যি যো হ্যায় না, থোড়া পিয়ো।
- অ:। থাক। না, না থাক। আমি চাই না ও পাত্যি ফাত্যি।
- দ্বাঃ। কেয়া ? মতিহারিকা পাত্যি !! বড়ে বড়ে আদমি লোক ইয়ে পাত্যিকো কেৎনা ঢুঁ ড়ং ফিরং হো। কাঁহা মিলি।
- আ:। ছঁকোয় হাত দেতা কাহে ? আগুণ পড়ে যায়েগা তখন দেখ তে পায়েগা। বাবু কেয়া করতা।
- দ্বা:। আরে নেহি ভাই। ছোড় বাবুকি বাৎ।
- আ:। না হাত দিওনি বলছি। (ক্রমে কোঁচের উপরে উঠিয়া দাঁড়াইল)। আরে আচ্ছাতো, হঁকো বাড়াবাড়ি করতে এল এত রান্তিরে।
- দ্বা:। (আর একটা কোচে উঠিয়া ছ কাটা ধরিয়াছে) আরে নেহি ভাই।

অ:। ছাড়ছি, ছাড়ছি! আগুণ পড়বে। আ: কি কর ?

- ভাঃ। (ছ কাটী লইরাছে) আরে বড়র বড়র কা ধুমদে দব ঘর মাট্রি হো
  যাতি হায়। (ভারের কোণে ছ কাটী রাখিয়া) এ যো হায় মতিহারি! পোড়া বাণায় দে। পিও। আউর বড়র বড়র ছোড়।
  এ শুন্ ভেইয়া। (হাতের চেটোয় খইনি ঘসিতে ঘসিতে) তুঝদে
  হামদে কেৎনা প্রেম ভায়িল বা। তু যো হায় মেরা মেহেরবান।
  (ত্বার তালি দিয়া) আব দিল জিসমে খুশ হো যায়। হাঁ, ইয়ো ২
  পাকাড়নে পড়ি। ইয়ো পাকাড়কে, ইয়ো ডাল দেনা। (ঠোটের
  মধ্যে দিয়া, দেখাইল। গলা খাঁকারি দিয়া) হাঁ। লে ভাই।
- ম:। (খয়নি ঠোঁটে দিতে একটু চুণ চোখে পড়িল) ও! চোখ যায়।
- দ্বাঃ। হাঁহাঁ। কৃণয়া মজেকা মতিহারি। কৃণয়া মজা ! কৃণয়া মজা !!
  নস্তোকা কৃণয়া মজা !!!
- আ:। চুণে ঠোঁট জ্বলে যাচ্ছে। চোখে পড়ে চোখ জ্বলে গেল, উনি করছেন "কেয়া মজা", "কেয়া মজা"। রক্ম দেখ না।
- ঘাঃ। দেখ তেরা তথ জানৎ মেরা ছাতি।
- আঃ। আর জানতে হবে না। যাও, যাও। দেখ ঘরের মধ্যে যদি পিচ্ ফেল, সায়েবকে কিন্তু বলে দেব।
- দ্বা:। (বাহিরে পিচ্ফেলিয়া আসিয়া) বড়া রাতিয়া হো যায়িল, দিদিমণি লোটাতে নেহি।
- আঃ। আবার ঐ সব কথা। দিদিমণি কি তোমরা ঘরকা লেড্কি হাায় ?
- দ্বাং। নেহি। উয়ো বড়া ঘরকে লিখাপড়িমে দোরস্ত, জেন্টিম্যান লেড্কি ছায়। ম্যায় য়ই বাত জাস্তেহেঁ।
- অ:। তবে ?

- षाः। ভাই নিদ আ যাতি হায়। নিদ টুট্না ফিন্, উঠ্না, ফটক খুলনা— বড়া তকলিফ।
- মঃ। বেশ তুমি ছাদ পেটাপেটি করতে থেক. আর দিদিমণি সারারাত বাইরে দাড়িয়ে থাকুগ।
- দা:। উস্কা ফিকির হাম কর লিয়া। একঠো কুত্তা পাল লিয়া। দিদিমণি আনেসে, কুতা ভুক্তা হায়। বড়া জোর ভুক্তা। হামরা নিদ টুট্ যাতা।
- সঃ। কুকুর পুষেছ ?
- খাঃ। গাঁ ভাই ক্যায়া করি। যব রোটা বানাতেহি না, উস্কোবি এক আধঠো দে দেতেগ্রেঁ।
- আ:। হাঁ-বা:। বহুৎ দান করতা হায়। এইবার ভূমি কেন্টনাম ভক্ততে শেখ।
  ভাল হবে। তোমার যখন এত দান। এইবার নাম স্কুক্ক কর দাও।
- ঘাঃ। কিষণজীকো তো ভজতেই হাায়। সীতারাম বি ভজতে হেঁ।
- আ:। আর তবে দেখতে নেই। এখন সরে পড়। আমি একটু—কি বলে চোখটা মেলতে দাও। সরে পড় না। অনেক রাত হ'ল যে।
- ৰা:। হাঁ ভাই, চলে। হামরা বি নিদ আ গেয়ি। চলে ভেইয়া।
- অ:। হাঁ যাও। পাপটা আজ তামাকটা নষ্ট করলে।
  - [ দারবান হাই তুলিতে তুলিতে প্রস্থান করিল। অনস্ত কল্কের আগুণটা নিবিয়াছে কি না পরীক্ষা করিয়া, হ'কা রাখিয়া কোচে আরাম করিয়া বসিয়া নিজা যাইল। অনস্ত নিজাগত। সুধা প্রবেশ করিল। অনস্তের মুখের দিকে তাকাইয়া হাসিল। হাতের মালা গাছটা কোঁচের নীচে

কেলিয়া দিয়া, সে ধীরে ধীরে, পা-টিপিয়া কাঠের সিঁ ড়ির উপর দিয়া উপরে উঠিয়া যাইল। একটু পরে সোদামিনী উপর হইতে ডাকিলেন "অনস্ত, অনস্ত, অ অনস্ত। অনস্ত ওঠ। অনস্ত"।

আ:। হাঁ মা। কি ! (এদিক ওদিক তাকাইয়া) দিদিমণি এখন আবে নি। সো:। এসেছে, এসেছে। তুমি বন্ধ সন্ধ করে শোওগে যাও। আলোটা নিবিয়ে দিও।

অ:। হাঁ মা, দিচ্ছি। (অনম্ভ উঠিয়া আলম্ভ ত্যাগ করিতে লাগিল।)

#### [দৃশ্য পরিবর্তন ]

# তৃতীয় দৃশ্য।

#### ত্রেলোক্যের গৃহ।

#### শয়ন কক্ষ।

#### কাল-রাত্রি ৮টা হইবে।

প্রিদীপ পিলম্বজের উপর জ্বলিতেছে। প্রদীপের আলোতে ত্রৈলোক্য নোটের কেতা গননা করিতেছে। একটা ছোট খাতায় তার হিসাব লিখিতেছে। হটাৎ দরজায় কড়া নড়িল।

বৈটা। কেরেবা? কিরে? আমায় ডাকছিস্? কি হ'ল ? (তৈলোক্য উঠিয়া দরজা খূলিল।) কি রে, কিছু কথা বলবি কি ? আয়, ভিতরে আয়। বোস না। বসে, কি বলতে চাস্বল? কি হয়েছে মা? বল্—

[রেবতী প্রবেশ করিল ]

রেঃ। কিছু হয়নি।

ত্রৈ:। আমায় লুকোস্ নি মা। বল, কি হয়েছে !

রে:। তুমি—বাড়ী বাঁধা দেবে ?

ত্রৈ:। এর জ্বস্থি। যদি দিই তাতে দোষটা কি ? মেয়ের বিয়েতে অমনত নোকে করে।

রে:। বাঁধা পড়লি ছাড়াডে পারবে নি। নেলামে উঠবে। এ কথা তোমার মুখে শুনেছি।

ব্রিঃ। কবে ভাকে আবার একথা বলভে গেছু 🕈

রে:। কেন সেই যে যখন জমিদার বাবুর বাড়ি নেলামে 🕸ঠিছ্যাল।

**একদিন বাবাকে ডাকতে যাই কারখানায়, তেখন** ডুমি বলেছ্যালে।

- ত্রৈ:। সে আজ কত বছরের কথা, ঠিক মনে আছে তোর।
- রে:। কর্জ করা হবে নি।
- ত্রৈঃ। নারে ভয় নেই। সামাগ্রি ট্যাকা কর্জ করব। ও শৌধ হয়ে যাবে।
- রেঃ। যদি স্থদে আসলে অনেক ট্যাকা হয়। যদি শোধ না যায়; বাড়ি গেলে তোমরা মাথা গুঁজে থাকবে কোথায়? দিদির, গোবিন্দের যে করে দিন কাটছে। তারা যদি এ্যাসে, বাড়ি গেলে তারা থাকবে কোথায়? না জ্যাঠা-বাবু, বাড়ি বাঁধা দেওয়া হবে নি।
- ত্রৈ:। তোকে বাড়ি বাঁধা দেবার কথা কে বল্লে বলত १
- রে:। বাবাকে তুমি বলছ্যালে, আমি শুনেছি।
- ত্রেঃ। তুই ভাবিস্ক্যানে ? আমি যা করছি ঠিক করছি। ও দিয়ে দেব, ও দিয়ে দেব রে।
- রেঃ। তোমার ঐ কথাটী শুনতে পারব নি। ঘর বাঁধা দিতে পারবে নি জ্যাঠাবার।
- তৈঃ। একপুর আগিয়ে কি 'না' করা যায়।
- রে:। যারা আমায় ঝি করতে নে যাবে, তাদের কি ভাল হবে ?
- ত্রৈঃ। ওরে থাম। থাম।
- রেঃ। না জ্যাঠাবাবু, আমি থামব নি। আগে তুমি বল বাড়ি বাঁধা দেবে
  নি। আমি ঠিক বলছি জ্যাঠাবাব্, তাদের ভাল হবেনি। বাপের
  বাড়ির সব গিলে যেখন শুণ্ডরের ঘরে গিয়ে দাঁড়াব, এই রাক্ষসীর
  জক্যে তাদেরও ভিটেয় নড়ে উঠবে। একটা ছোট মেয়ের জ্ঞি
  এত স্ববনেশে কাণ্ড করা কেনে ? অনেক মেয়েত রয়েছে গেরামে।
  তাদের বে দাও না। আমায় ছাড়ান দেও। আমি সব খুইয়ে
  সগ্যেও বেতে পারবুনি।

- জৈঃ। উপায় নেই মা, উপায় নেই। মেয়ে হ'য়ে জন্মালে শ্বন্ধর ঘর করতেই হবে।
- রে:। তবে আশীব্বাদ কর জ্যাঠা-বাব্, হরি যেন শিগ্গীর আমায় ডেকে নেয়!
- ত্তৈ:। ও তুই মনে মনে মরণের কথা ঠাওরতেছিস্ ? রেবা বিষ খাবি তুই ? আগুণে ঝাঁপ দিবি ? গলায় দড়ি দিবি ? ছি:। ছি:। আমন কাজ করিস্ নি মা,! করিস্ নি । আমন কাজ করিস্ নি । আমন কাজ করিস্ নি । আমন কাপুরুষের মরণ মরিস্ নি । আগল কুকুরে খাবে ভোকে ? মা ভোর সাধোরণ মিত্তু যদি হয়, আমি মাথায় করে নে গেয়ে পুইড়ে এসব । মনে থাকে যেন আত্মহোত্যা করা মহা পাপ । বড় নিন্দের কাজ । আমার মাথা হেঁট হবে ।
- রেঃ। জ্যাঠাবাবু তৃমি যদি আমায় নিচনে কাঁটা উপরে কাঁটা দিয়ে পুঁতে ফ্যাল, তাহলেও কি মাথা হেঁট হবে ? আমি—আমি—আমি ঠিক বলছি চোখ দে জল বেরুবে নি। সহ্যি করব।
- তৈঃ। মা, ভৃই তা পারিস্। পারিস্। সহি করতে ভূই পারিস্। আমি জানি। ভূই আগুণ-খাগীর ঝাড়ের মেয়ে। সোয়ামীর চিতায় উঠে মরণ শযায় শোবার মেয়ে ভূই। হায়রে! ভাশের আজ কি ওবস্থা। এমন মেয়েকে কেউ চায় নি। ভূই সোন্দর লয়, লাচ জানিস্নি। ভূই গান জানিস্নি। তোর সঙ্গে গয়ণা গাঁটী লেই। বিষয় আশয় লেই। তোকে কে চায়!! ক্যাঙ্গালা শ্যালাদের একটু এটকেল লেই। আগুণখাগির ঝাড় যদি ওজোড় হ'য়ে গেল, ভাশটায় আর রৈল কি! রাম-রাজ্যি করবে ভাশে! রাম-রাজ্যি! শ্যাল কুকুরের ছা দে রাম- রাজ্যি হয় বটে। সীতার মতন মা যদি ঘরে ঘরে পূজা না পেল, রাম-রাজ্যির কথা এ্যাসে কুথেকে! যেত খবরের কাগজ পড়া মাখা, গোবর পোরা, বেছঁ স্ আর কি বলব।

যা মা। আমি তোকে কথা দেনু বাড়ি বাঁধা দেব নি। তাতে যা হয় হোক।

রেঃ। জ্যাঠাবাবু, এসব কথা বাবাকে বোল নি। মা শুনলে বড় কালাকাটি করবে।

ক্রিঃ। তোর ব্যথা, মার প্রাণ, এ্যাতক্ষণ কি আর না শুনে আছেরে ? ছোট
মা ভেতরে এ্যাসতো।

[ছোটমা প্রবেশ করিল]
সব কথা গুনেছ? (মাথা নাড়িয়া ছোট মা সায় দিলেন) তাহ'লে
ও সমুন্দো হ'ল নি। তারা লগদ হাজার ট্যাকা লিবে। তারপর
সোণা আর কাপড় চোপড়ের যা ফর্দ্দ দেছে, সেও আর এক হাজার।
এসব ট্যাকা রেবার বাপের রোজগারের ট্যাকা। অনেক ট্যাকা।
জনাদ্দন যে দিব্যি কেড়ে আমার হাতে দেছে, দরিদ্দোর নারায়ণের
সেবায় খর্চা হবে। এর মধ্যি তিন হাজার নেছে, দা-ঠাকুর গেরামের
গোধন করতে নেছে। সে কত ভাল কাজ। আর এই কন্ট করে উপাজ্জোন করা ট্যাকা কোন্ ছুঁচো ব্যাটারে হাতে তুলে
দেব— এই এত ট্যাকা!!! না, না। সে ভার আমার। এ ট্যাকা
ভেঙ্গে মেয়ের বিয়েতে দেব নি। যদি বল, তবে মেয়ের বিয়ে কি
হবে নি! আমি বলব, হরি যেখন ঘর আলো করা মেয়ে দেছেন,
পার করার ভার তিনিই নেবেন। তুমি বিশ্বেস কর। যা মা। মার
কাছে যা। ছোট মা, তুমি ওকে নিয়ে যাও। ভেব নি। রেবা
তোমার নিন্দের কাজ করবে নি। সে মেয়ে ও লয়।

# ठडूर्थ मुग्रा।

#### গাডি-বারগুার নীচে।

#### কাল-সকাল সাতটা বাজে নাই।

#### দারবান ও অনম্ব।

ষাঃ। এ নম্ভো, এ নম্ভো, নম্ভো হো— তুহার—

অ:। কি? খালি নস্তো, নস্তো, নস্তো। ঢংয়ের লোক। হাঁ।

षाः। আরে ভাই যায়িল।

अः। याग्रिल! याग्रिल कि जा वलात ना। याग्रिल।

দা:। ভাগ যায়িল আউর ফিন।

অ:। কোন— তোমরা জরু ভাগ গিয়া?

ছাঃ। আরে রাম কহো। রাম কহো। মেরা জরু এসা কাম কবি না করি।

অঃ। তবে ?

দাঃ। একঠো আদমি। ইয়ে কোই বাবু নেহি। এইসা মামূলি আগড়ম বাগড়ম আদমি।

অ:। আগড়ম বাগড়ম আদমী কিদার ভাগ গিয়া ?

षाः! আন্দরমে।

আ:। আন্দারমে !! বটে।!! বেশ দরওয়ানি করছ ?

দ্বাঃ। পাকাড়লে উস্কো? দেখেত সরি। আব মিল গিয়া ভেইয়া।
মিলতো গিয়া। উয়ো গদিওয়া চৌকিওয়া হ্যায় নেই ? উসিপর
বডে বাবুয়াকা তরে বইঠ গিয়া।

অ:। পাকড়ো না আদমিকো।

ছাঃ। পাকাড়ে ক্যায়সে? দাদাবাবু বি উনকো সাথ বৈঠেঁহে। আব

হু য়া পাকাড়নে যায় কাঁহাসে ?

আঃ। কেয়া !! দেখি। ও। ও বুঝি তোমার আগড়ম বাগড়ম আদমি ? ও বড় কারিকর বাবু হ্যায়।

[নেপথ্যে সুধার গলা শোনা যাইল। "পিটার, পিটার, পিটার, পিটার— come a long, পিটার।"]

সায়েব। পালাও। পালাও।

(উভয়ে প্রস্থান করিল)

[ সুধা প্রবেশ করিল। তাহার ছোট কুকুরটীও তাহার কাছে আসিয়া ল্যান্ড নাড়িতে লাগিল। ]

স্থঃ। পিটার, পিটার। ও ডিয়ার। ও ডিয়ার। ডিয়ার, ডিয়ার।
( তাহাকে বুকে তুলিয়া লইয়া আদর করিতে করিতে অগ্রসর
হইতেছে) বাবা, বাবা—

[ কালীনাথ প্রবেশ করিল ]

কাঃ। কি বল ?

স্থা। দাদার কাগু। আপনার সায়েব বাড়ির সেই ভেলভেট সেই মোড়া কোচেকাকে বসিয়েছে দেখুন!

কাঃ। কাকে?

স্থ:। জ্বনর্দিনকে। ম্যাগে! কোচটা গেল। ঘামে তেলে জব্ জব্ করছে মিস্তিটার জামা। কোচময় স্থাবড়াচছে।

কাঃ। বলিস্ কি! এতদূর বেড়ে উঠেছে ? ঐ কোচের ওপর বসিয়েছে ?

সুঃ। হ্যাদেখন না।

কা:। ভাক ভোর দাদাকে।

[ সুধা কুকুর লইয়া প্রস্থান করিল। ]
মহেন্দ্র প্রবেশ করিল। ]

ভেলভেট-মোড়া চেয়ার না হলে আজকাল আর জনার্দ্দনকে বসান

याय ना ? Idiot! Fool!

মঃ। না।

- কাঃ। না! বসিয়েছ। একটা মিস্ত্রির বসবার জায়গা ঐটে ? ঘাম তেলের প্যাচপ্যাচানি লেগে কৌচটা যে গেল। ওটাকে বের করে ফেলে দিতে হেবে। ওর জোড়া একটা Indiaco পাবে তুমি? You know what you have done?
- ম:। কোচটা আমি ঠিক করে নেব বাবা। একটু আস্তে, যা বলবার আমায় বলুন। আমার দোষ।
- কা:। তুমি ওকে pamper কর। ছোটলোকেদের গলা জড়িয়ে থাক তুমি। আমি বাপ, আমাকে ভ্রুক্ষেপ নেই। You have antagonised me. You leave my house at once. I don't want to see your face again.
- মঃ। আমায় যেতে বলছেন— যাচ্ছি। ওঁর কোন দোষ নেই। আমি বসিয়েছি।
- কাঃ। বেরোও, বেরোও, দূর হও তুমি। আর পেরাম করতে হবে না।
  Nonsence! Idiot! Damn! Devil! Stupid! Fool!
  দূর হ'য়ে যাও। দূর হ'য়ে যাও।

[ পিছন ফিরিয়া দেখিলেন কালীনাথ বাবুর অনতিদুরে জনার্দ্ধন অগ্রসর হইতেছে। ]

কি জনার্দ্দন। খবর কি ? ভাল সব ?

[ জনার্দন উত্তর দিল না। হন্ হন্ করিয়া চলিতে লাগিল।]

ভয় পেয়ে পালাচ্ছে। পাছে ওকেও বকাবকি করি। মায়েডে আর ঐ ছেলেটাতে আমার life miserable করে দিলে।

[ দৃশ্য পরিবর্ত্তন। ]

#### अक्य मुग्रा

#### ত্রেলোক্যের গৃহ।

#### চণ্ডী-মণ্ডপ।

#### কাল-প্রায় সকাল ৭টা

[ চণ্ডীমণ্ডপের উপর একটা জনতা হইয়াছে। বাম্ন দিদি ছোট মা, রোহিণী, রেবতা এবং রেবতীর কোলে গোবিনদ।

- বাঃ দিঃ। তোমার মেয়েত বটে।
- ত্রি:। আর ছ'দিন থ্যাকে গেলে হ'ত এই বলবে ? এই ভোমাদের কথা
  —কেমন ?
- বা: দি:। ওকে তারা ছেলে যাওয়া অবধি দেখতে পারে না। ও মেয়ে তুমি বাপ। দেওরকে সঙ্গে দে পাঠিয়ে দিয়েছে যখন, তুমি ওকে রাখতে বাধ্য।
- ত্রৈ:। ভালয় দিদি, ভালয়। দেওরটা চেকাট মাড়ালে নি। বোঝাটা আমার দরজায় ফ্যালে দিয়ে, পিট্রান দেছে।
- বা: দি:। ওকে তুমি নাও। তুমি বাপ। আবার সেখানে পাঠাও কেন?
- ত্রৈঃ। ও তাদের ঘরের লক্ষ্মী। থসে পড়েছে। আমার ঘরে পড়াও যা ফাঁকায় পড়াও তা। আমি ওর মঙ্গলের তরে, তাদের মঙ্গলের তরে, আর ঐ বাছাটার মঙ্গলের তরে, ওকে নে যাবতাদের। সামিগ্গিরি তাদের ঘরে দে এসব।
- বা: দি:। মা গো মা! এমন কথাও কেউ শুনেছে! দাদা তোমার সব উপ্টো। মেয়েকে বিদেয় করে দেয় কেউ ?

- ত্রৈঃ। এই শোন তবে। তুমি ছ্যালে বড় নোকের ঘরের বৌ একদিন। আজ না হয় তু'চারটে বাগান, জমিদারী, পাকা কোটা সব গেছে। গরীবের ঘরের কথা জান নি তুমি।
- वाः निः। अत मारात नाजी एकं धा थन अ। अरक आश्रार मिरव ना १ शतीव বলে ? তু'মুঠো খেতে দিতে হবে বলে ! এই কি গরীবদের গেরস্ত-গিরি?
- ত্রৈঃ। দিদি দান যেটারে করেছি, নারায়ণ সাক্ষ্যি করে, সেটা মেয়েই হোক, আর আমার শ্রামলীর নৈ বাছুরই হোক, সেটা আর আমার লেই।
- বাঃ দিঃ। কেন? দান করেছ— করেছ। এ কথা কোন শাস্তারে আছে দেখাও যে মেয়েকে আর নিতে পার না— বে-তে দান করেছ বলে গ
- ত্রৈঃ। ও অত শাস্তর মাস্তর জানি না। এই শুধু জানি, যে মেয়েটাকে আমি আমার এতটুকু রেখে দান করি মি। সে ভদ্দর নোকেদের ঘরে হয়। আমি মনকে ফাঁকি দে ওকে ঘরে তুলে নেব, এ আমি পারব নি। মনের গোত্তর মায়ার চাপে মন ছটুপটু করে। ওর শ্বাশুড়ির অনুমতি পেলে হাঁ। ছ'দশদিন রাখতে পারি। তাদের ফেলে দেওয়া ধন, তাদেরই নেওয়াব। আমি দানের সামগিরি কেরত লিতে পারব নি।
- বাঃ দিঃ। ছোট বৌ. গুনলে ? রেবা গুনলি ? রুয়ী ভোর কি ইচ্ছে ? রো:। আমি কালই যেতে চ্যায়েছেমু।
- ছো: মা:। ঠিক কথাইত বলেছেন। বড় ঠাকুর নিজে সঙ্গে করে নে যাছে। আবার সঙ্গে ঐ অত তরকারীর মোট ঘাট। বেয়ানের ত্বখেনা কাপড়ও ওর ভেতরি আছে। খুসী হ'য়ে, তারপর এখানে

রাখতে চায়, আবার উনি নে আসবে। বাঃ দিঃ। ভোর ঐ মত! রেবা ভূই কি বলিস?

রে:। আমি কি বলব। জ্যাঠাবাবুর কথার ওপর কথা বলব আমি ।
বা: দি:। বাবা! তোমরা সব পাথরের মানুষ। এক স্থরে বাঁধা তোমরা
এক একটা। বেশ তবে যাও। যা ইচ্ছে কর। ভ্যালা সংসার।

ত্রিঃ। দিদি— বড় বড় বেগুণ, লাউ, কুমড়ো ওর মণ্ডি আছে। কি জান
শাশুড়ীগুলো ফ্রাংলা— পেলেই আবার "বৌমা" বলে কাছে ডেকে
লেবে। তৃমি দেখ ওর মণ্ডি বেশ তৃ'খানি কাপড়ও নেছি। আর
আর এই তাখ—(বড় কুই মৎস্ত দড়িতে বাঁধা দেখাইল।)

বাঃ দি:। বাঃ বেশ মাছ!

ত্রৈঃ। বলেছিত হাংলা।

বা: দি:। তোমার জিৎ হবে। রুয়ীর শাল্ভড়ীর বরাত ভাল।

ত্রৈ:। "বেশ মাছ" রুয়ীর শ্বাঞ্ডুটিও বলে তবে ত।

ৰাঃ দিঃ। তা-তা— হিঃ হিঃ হিঃ, বলবে। অমন দেওয়া থোওয়া দেখলে রাগ জল হ'য়ে যাবে।

(রেবতী মোট তুলিতে সাহায্য করিল। রোহিশী সকলকে প্রণাম করিয়া, গোবিন্দকে কোলে করিয়া দাঁড়াইল।)

শাস্তি পাও মা। মনের শাস্তিই সব। হরি তোমার মনে শাস্তি দিন্। তৈঃ। আয় মা। তৃগ্গা শ্রীহরি! তুগ্গা শ্রীহরি!! তুগ্গা শ্রীহরি!!! আয়।

> [রেবতী দরজা খূলিয়া দিল। ত্রৈলোক্য ও রোহিশী প্রস্থান করিল। দরজার্তীবনও বন্ধ , করে নাই, জনার্দ্দন প্রবেশ করিল। রেবতী দরজাটা বন্ধ করিল।

বাং দিং। এ কি! এমন মূর্ত্তি কখনত দেখিনি। তুমি যাও, যাও। কি
হয়েছে দেখ। ভেতরে যাও। রেবা, তুইও যা, তোর বাবা কি করে
এসেছে ছাখগে। হন্ হন্ করে ভেতর দিকে চলে গেল। আমি
যে একটা মনিষ্মি কাঁড়িয়ে আছি। যাও না গা। যা না রেবা।
একবার চেয়ে দেখলেও না।

[ছোট মা ও রেবতী অন্দরে প্রস্থান করিল। কিয়ৎক্ষণ পরে জনার্দ্ধন পরিচ্ছদ পরিবর্ত্তন করিয়া, প্রবেশ করিল।] জঃ। রেবা, দরজাটা দে।

> [ জনার্দ্দন প্রস্থান করিল। ছোট মা ও রেবতী প্রবেশ করিল। রেবতী দরজাটা অর্গলবদ্ধ করিল। ]

বা: দি:। কি বল্লে? কি রকম ভারি গলা। ছো: মা:। বলেনি-ত কিছু। দরজা দিতে বল্লে। বা: দি:। জিজাসা করতে পারলে নি?

ছোঃ মাঃ। ঘরে ঢুকতে সাহস হয় নি। কবে শোশুর পরতেন সাদা কামিজ, ঘাড়ে চাদর, হাতে নাটা নেতেন। যেখন আদালতে যেতেন টেতেন— পরতেন। আজ সেই তেৎদিনকার সাজ চড়িয়ে গেল। বান্ধর মন্তি থ্যাকে বার করে পরলে।

বাঃ দিঃ। তোমাদের বাছা অবাক সংসার। অবাক করেছে। তোমরা কি যে সব মামুষ! একটা মুখে রা নেই কার! মামুষ অমন করে এলই বা কেন, আর গেলই বা কেন!!

#### [ দৃশ্য পরিবর্তন ]

# वर्ष मुगा।

## কালীনাথের অট্টালিকা।

#### হলঘর।

সিঁ ড়ির ধারে—কোঁচ কেদারা সাজ্ঞান। জনার্দ্ধন, হাফ্লিজ সাহেব, উকিলম্বয়, কোর্টের পিয়াদা, পুলিসগণ ও প্রতিবেশীগণ।

> [ গাড়ি-বারান্দায় কালীনাথের গাড়ি আসিয়া দাঁড়াইল। কালীনাথ প্রবেশ করিলেন, সঙ্গে স্থা। স্থার হাতে ভাহার কুকুরটী। ]

- কাঃ। (জনার্দ্দনকে সুসজ্জিত মখমল মোড়া কোঁচে আসীন দেখিয়া) জনার্দ্দন
  তুমি-আজ-এখানে— এমন— সময়! আপনারা কি চান ?
- হা:। সেলাম জমিদার বাবু। কিন্তির টাকা কয়ক্ষেপ আপনি দেন নাই।
  শ্বরণ আছে কি ?
- काः। पिरा प्रव। शार्यन। शार्यन। शानािष्ठ ना।
- হা:। দিবান তা জ্বানি। তবে আর দিবার দরকার নাই। উকীল মুশায়! কইবেন কি, আপনি কি অর্ডার আনছেন?
- উ:। আপনার কিন্তির খেলাপের হেতু, দলীলের পঞ্চম সর্ত অমুযায়ী কোর্টে দরখান্ত করা হয় এবং হুজুর দরখান্ত মঞ্চুর করেছেন এবং দখল নেবার অর্ডার দিয়েছেন। আর এই দলীল অমুযায়ী জনার্দ্দন বাবুকে হাফিজ সাহেব সমস্ত rights দ্বিতীয়বার transfer করে দিয়েছেন। এই দেখুন। আর এই কোর্টের অর্ডার।
- কা:। জনার্দ্দন। ও:! তুমি এই ষড়যন্ত্রের ভেতরে ঢুকেছ? তুমি শুদ্ধ?

- জঃ। আমি দখল চাই। এই কোঁচ কেদারা, এই বাড়ীতে আসবাবপত্র যা আছে, এ বাড়ি, কারখানা, জমিদারী যা কিছু আছে এই দলীলের সিডিয়ল ভুক্ত আমি সব দখল নিতে চাই।
- কাঃ। জনার্দ্দন আমার সঙ্গে তোমার কোন ঝগড়া নেই। আমার বিরুদ্ধে তোমার কিছু বলবার আছে ? তুমি এ রকম কথা বল না।
- জঃ। না অন্থ কোন কথা নেই। দখল চাই। দেরী করবেন না। স্ত্রী,
  পুত্র সঙ্গে নিয়ে চলে যাও এ বাড়ী থেকে। দেরী করবেন না।
  দেরী করলে অপমানিত হবেন। আমি পজেসন চাই।
- কা:। কি বলছ— জনার্দ্দন ? তোমার মুখ দিয়ে এ সব কথা বেক্লল কি করে ? তুমিই না একদিন এ বাড়ি, বিষয় সম্পত্তি নিলামের মুখ থেকে রক্ষা করেছিলে ?
- জঃ। আমি কোন বাজে কথা শুনতে চাই না। পজেসন চাই।
- কাঃ। তৃমি এত কঠোর হ'লে আমার ওপর ? আমি যে তোমার প্রভু।
- জ্ঞ: । পজেসন! পজেসন!! আর কোনও কথা শুনতে চাই না—
  পজেসন!!! এই ঘড়ি ধরছি। পাঁচ মিনিট সময় দিচ্ছি, বাড়ি
  থেকে বেরিয়ে যাও। যদি তারপর এক মৃহর্ত্ত এ বাড়িতে থাকেন—
  এই পুলিশ আছে, বের করে দিতে বলব।
- কাঃ। আমি যদি তোমার কোন ক্ষতি করে থাকি বল? আমি জেনে কোন ক্ষতি করিনি। অজ্ঞাতসারে যদি কোন ক্ষতি করে কেলে থাকি, আমার দোষ হয়েছে। আমায় ক্ষমা কর।
- জ:। আর চার মিনিট আছে।
- কাঃ। জনার্দ্দন আমি তোমার কাছে ক্ষমা চাইছি। অক্সায় ভূলে যাও। ক্ষমা কর।
- জ:। ূআর তিন মিনিট।
- কা:। আচ্ছা আমি টাকা দিয়ে দেব। তোমার পাওনা পাবে।

🕶:। তু'মিনিট।

কা:। জনার্দ্দন আজকের মতন রাত্রিটা থাকতে দাও। কোথায় যাব এই রাভিরে ? কাল possession দেব।

জঃ। আর এক মিনিট। প জে স ন চাই। দখল নেব তবে যাব।

— এই পাঁচ মিনিট হয়ে গেছে। যাও। বেরিয়ে যাও। বেরিয়ে

যাও। যাও বলছি। পুলিস তোমরা তোমাদের কাজ কর। ওঁকে
বের করে দাও। পুতুলের মতন দাঁড়িয়ে কেন ?

পু:। স্থার—

কাঃ। আচ্ছা আমি যাচ্ছি। কাল কোর্ট খুলুগ্ তখন আমি দেখব।

সং। বাবা, এ সব কি ?

কা:। পরে বলব। আয় তুই। আচ্ছা।

[ কালীনাথ ও সুধা প্রস্থান করিল ]

[ দৃশ্য পরিবর্তন ]

#### मखम मृत्रा।

গ্রাম্য পথ।
নহবৎ বাজিতেছে।
হইজন ব্রাহ্মণ।

১বাং। কি সর্বানাশ। সর্বানাশ।
২বাং। সর্বানাশ বলে সর্বানাশ। অতৃচ্চ শিখর পে্কে ভেঞ্চে পড়লে যে
সর্বানাশ এ সেই— সেই সর্বানাশ।

১বাঃ। এ নরকে প্রবেশ করার মতন সর্বনাশ।

[ ভূপীন প্রবেশ করিল ]

কোথায় যাচ্ছিস্ রে ছোকরাটা ?

ভূঃ। তুমি কোথায় যাচ্ছ ঠাকুর মশায়টা ?

১বাঃ। আমি পূজা করতে যাচ্ছি।

ভূঃ। আর তুমি?

২বা:। আমি— আমি— বাজারে ঘি ক্রেয় করতে যাচ্ছি।

ভূ:। বাজার বটে এই মুখে। কোথায় যাচ্ছ আমি জানি। ঐ যেখানে নবৎ বাজছে সেখানে যাচছ। এই ক্নমালে কত খোসব্। একবার ভাষে দেখ।

১বাঃ। সরে যা। সরে যা। ছুঁয়ে ফেলবি।

- ভূঃ। ঠাকুর লুকোচ্ছ কেনে ? লুচি মণ্ডা মারবে আমি জানি। হাঁ। হাঁ বাবা। বড় চালাক ভোমরা। ছন্ধনে কড পেটে পুরবে ?
- ১ব্রাঃ। এই শোন হে চাটুয্যে, কি বলে একবার শোন। সনাতন হিন্দু ধর্ম জবাই হচ্ছে অসবর্ণ বিবাহ দিয়ে, তার ঠেলায় আমাদের ঘুম নাই। নিশিদিন ভাবনায় মরছি। আর এ বলে কিনা, অক্সায় করে— বলে কি না আমরা জমিদারের বাড়ি নিমন্ত্রণ রক্ষা করজে যাচ্ছি।
- ২বা:। তাইত! এক পাগলে রক্ষা নাই, সাত পাগলের মেলা। ছোঁড়াটা ভারি বদ। আজ একাদশী— উপবাস আমার।
- ভূ:। কি খোদব্, আ:। পিদী আমার ক্নমালে মাখিয়ে দেছে। পিদীর কাণে ছ'টো ঘ্র ঘ্রে, আর গলায় মতির মালা। কি বাহার খুলেছে পিদীর। আচ্ছা ঠাকুর যাও তোমরা। দেখ যেনে পথ ভূলে—
  (ভূপীন প্রস্থানের ভাগ করিয়া অন্তরালে লুকাইয়া রহিল)
- ১বাং। ছেলেটা বড় বদ্। থাম পালী ছোক্রা।

২বা:। হাঁ। ভারি বদ। ভারি— ভারি।

ভিত্যে উভয় দিকে প্রস্থান করিল। কিছুক্ষণ পরে এক-জন ফিরিল। আর কিছুক্ষণ পরে আর একজন ফিরিল। উভয়ে যাইতেছে এমন সময় ভূপীন বাহির হইল।

ভূ:। ও ঠাকুর, ও তুমি ঠাকুর। ও দিকে যে জমিদারের বাড়ি। বলি কি একাদশীর পারণ করতে চলেছ বৃঝি ঐ বাগে জমিদারের বাড়ি ?

১বাং। হাঁ—এই কি জান। জমিদারের বাড়িতে একবার না গেলে কি ভাল দেখায়?

২বাঃ। হাজার হোক্ গ্রামের শ্রেষ্ঠ। সে কথা— হাঁ হাঁ মানতেত হবেই।

১বা:। হাঁ তাত মানতে হবেই।

তৃঃ। জানি ঠাকুর, ছ চোট খেয়ে পেল্লাম আমরাও করি।

২বাঃ। বেধড়ক পাজী!

১বাং। ছেলে মানুষ অমন হয়। যেতে দাও। আমরা আমাদের কর্ত্তব্য করি। আর অসবর্ণে বিবাহ— শাস্ত্রে আছে।

ভূ:। চল এক সঙ্গেই চল। আমার ভাগ থেকে তোমাদের কিছু কিছু দেব।

ব্রা: গণ। শোন একবার। আমরা অসবর্ণের বিবাহটা মীমাংসা করতে যাচ্ছি। রেবতী মহেন্দ্রর বিবাহ, আমরা না দাঁড়ালে হয় ?

(সকলে প্রস্থান করিল)

# व्यष्टेम मृग्रा।

# কালীনাথের অট্টালিকার একাংশ। পর্ণকৃটীর। রেবতী ও কালীনাথ।

- কাঃ। আমার ইচ্ছা সংসারের কোলাহল থেকে সরে এসে, তোমার এই শান্তিময় কুটীরে আমার জীবনের অবশিষ্ট দিনগুলো কাটাই। ঐ অট্টালিকা ডোমার। তুমি অনেক দিন কুঞ্জে রইলে। অট্টালিকায় তোমার বসবাস কবে থেকে আরম্ভ হবে মা ?
- রে:। আপনি যেদিন থেকে বলবেন বাবা।
- কা:। তুমি যে বলতে ঐ ওপরের ঘরে ওলে, ভোমার রাত্রে ঘুম হয় না।
- রেঃ। মার সঙ্গে কাজ করতে বসি যখন, মা আমায় কত শেখান।
  আমি অনেক শিখেছি। এখন আমি পাতার ঘর ছেড়ে, পাকা ঘরে,
  বাস করতে পারব।

# [ সৌদামিনী ও সুধা প্রবেশ করিল ]

- স্থ:। চল না ভাই ঘরে। তোমায় ছেড়ে থাকতে আমার ভাল লাগে না। সোঃ। একান্ত মাতৃভক্ত মেয়ে তুমি। আমায় ছেডে আর এখানে কতদিন
  - থাকবে মা ?
- কাঃ। বৌমা বলেছেন, এবার উনি পাকা ঘরে বাস করতে পারবেন। ওঁর আর মন কেমন করবে না।
  - [ একখানি বড় চরকা কাঁখে করিয়া মাধব তৎসঙ্গে গণপতি, তৈলোক্য, জনার্দন, নিভাই, ভূপীন ও মাধবের দল প্রবেশ করিল। ]
- গং। গ্রামের লোকেরা ভোমায় এই চরকাখানি উপহার দিয়েছে। তুমি আর মনুবাবু তু'জনে মিলে এটার সদ্যবহার কর।

- কাঃ। এইখানে সাধু সমাগম হবে। আমি স্তা কাটা বজ্ঞ করতে এইকুটীরেই থাকব। অতিথি সৎকার করব। গান্ধীজী সম্বন্ধে আলাপ
  করব। আমার বিশ্বাস এই কুঞ্জ সর্ববদাই আনন্দময় হয়ে থাকবে।
- জৈঃ। হাাঁরে রেবা ভোকে পাতার ঘরে বাস করতে কে বল্লে? ভোর বরাত যদি পাকা ঘরেই ভোর— ঠিকানা করে দেছে, তুই সেই পাকা ঘরেই থাকবি। হেথাকে থাক্বি ক্যানে?
- কা:। মা আজ আমায় কথা দিয়েছেন পাকা ঘরে যাবেন। কথা দিয়েছেন।
- রেঃ। বাবা আপনাকেও যেতে হবে। এ পাতার ঘরে আপনার থাক। হবে না।
- জঃ। সে কি হয় ? এখানে থাকা অব্যাস্ নেই। অস্থুখ করতে পারে।
- কাঃ। জনার্দ্দন, না ভাই। ও কথা বল না। দাদা তুমি বল বৌমার কাছে যা শিখেছি, তাতে আমার পাতার ঘরই খুব ভাল লাগছে। আমি হেতায় থাকব কি না, তুমি বল দাদা?
- রে:। না জ্যাঠাবাবু, বাবার পাতার ঘরে থাকা হবে না।
- জৈ:। মেয়ে যেখন আব্দার ধরেছে, তখন কথাটা রাখলেই না হয়।
  ওদের মুখের সংসারে ব্যাঘাত ঘটান কি ভাল ? থাকলেনই পাকা
  ঘরে। মনটাই সব।
- কা:। মেনে নিলুফ্ দাদা তোমার কথা। তবে এই কুঞ্চ আমার নতুন । ় ঠাকুর ঘর। আমি এখানে রোজ ক্তা কাটতে আসব।

[ ভূপীন গান ধরিল ]

"ঈশ্বর আল্লা তেরা নাম, সবকো সম্মতি দে ভগবান"।

—যবনিকা পড়ন—

# শুদ্ধিপত্র।

পৃষ্ঠা	<b>প</b> ঙ <b>্</b> ক্তি	<b>অশুদ্ধ</b>	ওৰ
<b>b</b>	¢	আসবে	হবে
<b>?</b> ?	>	যারে	যাবে
১৬	55	গুরুরে	শুরারে
59	> .	বসাবেন	বসাবেন টাকাটা।
<b>&gt;</b>	<b>&gt;</b> ७	কবার	একবার
<b>36</b>	<b>&gt;</b> ©	যাতি	বস্তি
२०	9	শ্রেতি	শ্ৰোত
<b>42</b>	>•	আসতে	থাকতে
२२	٤٥	হবে	হবে না
২৬	>6	<b>ન</b>	না
<b>09</b>	78	সাঁৎলাতেঁ:	<b>গাঁতলে</b>



